কিয়ামতের ছোট-বড় নিদর্শনসমূহ

শাইখ মোস্তাফিজুর রহমান বিন্ আব্দুল আজিজ

ⓒ المركز التعاوني لدعوة وتوعية الجاليات بمدينة الملك خالد العسكرية، ١٤٣٤هـ

فهرسة مكتبة الملك فهد الوطنية أثناء النشر
عبدالعزيز، مستفيض الرحمن حكيم
أشراط الساعة./ مستفيض الرحمن حكيم عبدالعزيز.- حفر الباطن، ١٤٣٤هـ.
٢٣٢ ص؛ ١٤ × ٢١ سم
ردمك: ٥ – ٢٢ – ٨٠٦٦ – ٦٠٣- ٩٧٨
١- علامات القيامة ٢- السمعيات أ. العنوان
ديوي ٢٤٣ ١٤٣٤/ ٤٦٢

رقم الإيداع: ١٤٣٤/ ٤٦٢
ردمك: ٥ – ٢٢ – ٨٠٦٦ – ٦٠٣- ٩٧٨

حقوق الطبع محفوظة
إلا لمن أراد طباعته وتوزيعه مجاناً
بعد التنسيق مع المركز

الطبعة الثانية
١٤٣٤هـ ـ ٢٠١٣م

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿إِنَّ السَّاعَةَ لَآتِيَةٌ لَا رَيْبَ فِيْهَا، وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يُؤْمِنُوْنَ﴾

"কিয়ামত নিশ্চয়ই অবশ্যম্ভাবী। এতে কোন সন্দেহ নেই ; অথচ অধিকাংশ লোক তা বিশ্বাস করে না। (গাফির/মু'মিন : ৫৯)

أَشْرَاطُ السَّاعَةِ

فِيْ ضُوْءِ مَا وَرَدَ فِيْ الْكِتَابِ وَالسُّنَّةِ

কোর'আন ও বিশুদ্ধ হাদীসের আলোকে

কিয়ামতের ছোট-বড় নিদর্শনসমূহ

সংকলন :

শাইখ মোস্তাফিজুর রহমান বিন্ আব্দুল আজিজ আল-মাদানী

সম্পাদনা :

শাইখ আবদুল হামীদ ফাইযী আল-মাদানী

প্রকাশনায় :

المركز التعاوني لدعوة وتوعية الجاليات بمدينة الملك خالد العسكرية ، حفر الباطن

বাদ্শাহ্ খালিদ্ সেনানিবাস প্রবাসী ধর্মীয় নির্দেশনা কেন্দ্র

পোঃ বক্স নং ১০০২৫ ফোন: ০৩-৭৮৭২৪৯১ ফ্যাক্স: ০৩-৭৮৭৩৭২৫

কে, কে, এম, সি. হাফ্র আল্-বাতিন ৩১৯৯১

কিয়ামতের ছোট-বড় নিদর্শনসমূহ

সংকলন :
মোস্তাফিজুর রহমান বিন্ আব্দুল আজিজ আল-মাদানী
লেখক ও গবেষক, বাংলা বিভাগ
বাদ্‌শাহ্ খালিদ্ সেনানিবাস প্রবাসী ধর্মীয় নির্দেশনা কেন্দ্র
পো: বক্স নং ১০০২৫ ফোন: ০৩-৭৮৭২৪৯১ ফ্যাক্স: ০৩-৭৮৭৩৭২৫
মোবাইল: ০০৯৬৬-৫৫৭০৪৯৩৮২ ই-মেইল: Mmiangi9@gimail.com
Mrhaa_123@hotmail.com / Mrhaam_12345@yahoo.com
Mostafizur.rahman.miangi@skype.com & nimbuzz.com
www.mostafizbd.wordprees.com / mostafizmia1436@fring.com
কে, কে, এম, সি. হাফ্‌র আল্-বাতিন ৩১৯৯১

সম্পাদনা :
শাইখ আবদুল হামীদ ফাইযী আল-মাদানী

দ্বিতীয় প্রকাশ : অক্টোবর ২০১২

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা
মুখবন্ধ	১১
কিয়ামতের নামসমূহ	১৪
কিয়ামতের জ্ঞান একমাত্র আল্লাহ্ তা'আলারই নিকটে	১৮
পরকালের প্রতি দৃঢ় বিশ্বাস যে কোন মানুষকে সত্যিকারার্থেই পরকালমুখী করে তোলে	১৯
মুতাওয়াতির নয় এমন হাদীসও আক্বীদার ক্ষেত্রে গ্রহণযোগ্য	২৪
এক বা একাধিক ব্যক্তির বর্ণনা যা মুতাওয়াতিরের পর্যায়ে পৌঁছোয়নি তা যে সকল বিষয়ে মানতে হবে এর বিশেষ প্রমাণসমূহ	২৬
আরবী ভাষায় কিয়ামত তথা "আস্সা'আহ্" শব্দের বিভিন্ন ব্যবহার	৩০
কিয়ামতের নিদর্শনসমূহ এবং তার প্রকারভেদ	৩১
কিয়ামতের ছোট ছোট নিদর্শনসমূহ	৩২
১. আমাদের প্রিয় নবী মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নবু'ওয়াতপ্রাপ্তি	৩২
২. চন্দ্র দ্বিখণ্ডিত হওয়া	৩৩
৩. আমাদের প্রিয় নবী মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর মৃত্যু বরণ	৩৪
৪. বাইতুল্ মাক্বদিসের বিজয়	৩৪
৫. 'আম্ওয়াস মহামারী	৩৫
৬. ধন-সম্পদের অত্যাধিক্য	৩৫
৭. ফিতনার আবির্ভাব	৩৭
ফিতনা সাধারণত পূর্ব দিক থেকেই আসে এবং ভবিষ্যতেও সকল ফিতনা সে দিক থেকেই আসবে	৪২
'উস্মান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর হত্যা	৪৩
উষ্ট্র যুদ্ধ	৪৬
স্বিফ্ফীন যুদ্ধ	৪৯
খারিজীদের আবির্ভাব	৫১
'হার্রাহ্ যুদ্ধ	৫৪
খাল্কুল কুর'আন ফিতনা	৫৫
পূর্ববর্তীদের হুবহু অনুসরণ	৫৬
৮. নবুওয়াতের মিথ্যুক দাবিদারদের আবির্ভাব	৫৭
৯. সার্বিক নিরাপত্তা	৬১
১০. 'হিজাযের আগুন	৬২
১১. তুরকিস্তানীদের সাথে যুদ্ধ	৬৩

বিষয়	পৃষ্ঠা
১২. অনারবদের সাথে যুদ্ধ	৬৬
১৩. আমানতের খিয়ানত	৬৭
১৪. ধর্মীয় জ্ঞানের আকাল ও মূর্খতার ছড়াছড়ি	৬৮
১৫. পুলিশ প্রশাসন ও অধিক হারে যালিমদের সহযোগীর আবির্ভাব	৭২
১৬. ব্যভিচারের ছড়াছড়ি	৭৩
১৭. সুদের ছড়াছড়ি	৭৫
১৮. বাদ্যযন্ত্রের ছড়াছড়ি	৭৬
১৯. মদ্যপানের ছড়াছড়ি	৭৬
২০. মসজিদগুলোকে অত্যধিক সুসজ্জিত করণ ও তা নিয়ে পরস্পর গর্ব করা	৭৮
২১. বড়ো বড়ো অট্টালিকা নির্মাণে জোর প্রতিযোগিতা	৭৯
২২. বান্দি তার প্রভুকে জন্ম দেওয়া	৭৯
২৩. অত্যধিক হত্যাকাণ্ড	৮০
২৪. সময়ের দ্রুত গমন	৮৩
২৫. হাট-বাজার পরস্পর নিকটবর্তী হওয়া	৮৪
২৬. উম্মতে মুহাম্মদীর মাঝে শির্কের দ্রুত বিস্তার	৮৫
২৭. প্রতিবেশীর সাথে দুর্ব্যবহার, আত্মীয়তার বন্ধন ছিন্ন ও অশ্লীলতার ছড়াছড়ি	৮৮
২৮. বুড়োদের কৃত্রিমভাবে যৌবন দেখানো	৯১
২৯. অত্যধিক কার্পণ্য	৯২
৩০. অত্যধিক ব্যবসা-বাণিজ্য	৯৩
৩১. অত্যধিক ভূমিকম্প	৯৫
৩২. ভূমিধ্বস, বিকৃতি ও ক্ষেপণ	৯৬
৩৩. নেককার লোকদের দুনিয়া থেকে বিদায় নেয়া	৯৮
৩৪. সমাজে নিচু লোকদের নেতৃত্ব	৯৯
৩৫. শুধু পরিচিতজনকেই সালাম দেয়া	১০২
৩৬. অল্প জ্ঞানের লোকদের নিকট ধর্মীয় জ্ঞান অন্বেষণ করা	১০৩
৩৭. কাপড় পরিহিতা উলঙ্গিনী মহিলাদের আবির্ভাব	১০৩
৩৮. মু'মিনের স্বপ্ন সত্য হওয়া	১০৫
৩৯. লেখালেখির অধিক বিস্তার	১০৬
৪০. রাসূল (সুল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সুন্নাতের প্রতি ভীষণ অনীহা	১০৬
৪১. নতুন চাঁদ বড় আকারে দেখা দেয়া	১০৮
৪২. যত্রতত্র মিথ্যার ছড়াছড়ি এবং সংবাদ প্রচারে সত্যতা যাচাই না করা	১০৮

বিষয়	পৃষ্ঠা
৪৩. সত্য সাক্ষ্য লুকিয়ে রেখে অধিক হারে মিথ্যা সাক্ষ্য দেয়া	১১০
৪৪. পুরুষের স্বল্পতা ও মহিলাদের আধিক্য	১১১
৪৫. হঠাৎ মৃত্যুর ছড়াছড়ি	১১২
৪৬. মানুষে মানুষে শত্রুতা ও পরস্পর সম্পর্কহীনতা	১১২
৪৭. আরব ভূমি নদ-নদী ও রবিশস্যে ভরে যাওয়া	১১৩
৪৮. বেশি বৃষ্টি হওয়া সত্ত্বেও জমিনে ফলন কম হওয়া	১১৪
৪৯. ফোরাত নদীর তলদেশে স্বর্ণের পাহাড় আবির্ভূত হওয়া	১১৫
৫০. হিংস্র পশু ও জড় পদার্থের মানুষের সাথে কথা বলা	১১৬
৫১. কঠিন পরিস্থিতির দরুন নিজের মৃত্যু নিজেই কামনা করা	১১৭
৫২. রোমানদের সংখ্যা বেড়ে যাওয়া এবং মুসলমানদের সঙ্গে তাদের যুদ্ধ করা	১১৮
৫৩. কুস্তানত্বীনিয়্যাহ্ তথা ইস্তাম্বুল বিজয়	১২২
৫৪. জনৈক ক্বাহ্ত্বানীর আবির্ভাব	১২৩
৫৫. ইহুদিদের সাথে যুদ্ধ	১২৩
৫৬. মদীনার খারাপ লোকদেরকে সেখান থেকে বের করে দিয়ে তা একদা ধ্বংস হয়ে যাওয়া	১২৫
৫৭. এমন এক পবিত্র বায়ু প্রবাহিত হওয়া যার দরুন সকল মুমিন ব্যক্তি মৃত্যু বরণ করবে	১২৮
৫৮. কা'বা শরীফের অবমাননা ও উহার ধ্বংস	১৩০
কিয়ামতের বড়ো বড়ো আলামতসমূহ	১৩২
আলামতগুলোর ক্রম ধারাবাহিকতা	১৩২
কিয়ামতের বড়ো বড়ো আলামতগুলো খুব দ্রুতই সংঘটিত হবে	১৩৫
১. ইমাম মাহ্দী	১৩৬
বিশুদ্ধ হাদীস থেকে ইমাম মাহ্দীর আবির্ভাবের প্রমাণ	১৩৮
মাহ্দী সংক্রান্ত হাদীসগুলো মুতাওয়াতির	১৪২
ইমাম মাহ্দী সংক্রান্ত বিশেষ কয়েকটি কিতাব	১৪৩
মাহ্দীর হাদীস অস্বীকারকারীদের সন্দেহের উত্তর	১৪৪
"লা মাহ্দিয়্যা ইল্লা 'ঈসাব্নু মারইয়ামা" হাদীসের উত্তর	১৪৭
২. মাসীহুদ-দাজ্জাল	১৪৯
দাজ্জালের বৈশিষ্ট্যসমূহ	১৫০
দাজ্জাল কি জীবিত? দাজ্জাল কি রাসূলের যুগেও ছিলো?	১৫৪
ইব্নু স্বাইয়াদ	১৫৪
তার অবস্থা	১৫৫

বিষয়	পৃষ্ঠা
নবী (ﷺ) তাকে পরীক্ষা করেন	১৫৫
তার মৃত্যু	১৫৭
ইব্নু স্বাইয়াদ কি সেই প্রসিদ্ধ দাজ্জাল যে কিয়ামতের পূর্বক্ষণে আসবে	১৫৮
ইব্নু স্বাইয়াদ সম্পর্কে আলিমগণের উক্তিসমূহ	১৬২
দাজ্জালের আবির্ভাব কোথায়?	১৬৬
দাজ্জাল মক্কা ও মদীনায় প্রবেশ করতে পারবে না	১৬৬
দাজ্জালের অনুসারী	১৬৭
দাজ্জালের ফিতনা	১৬৮
দাজ্জালকে অস্বীকারকারীগণ	১৭০
দাজ্জালের অলৌকিক ব্যাপারগুলো সত্যিই বাস্তব	১৭১
দাজ্জাল অস্বীকারকারীদের উত্তর	১৭২
দাজ্জালের অলৌকক ক্ষমতাগুলো যে সত্য এবং বাস্তব এ সংক্রান্ত আলিমগণের কিছু কথা	১৭৩
দাজ্জালের ফিতনা থেকে রক্ষা	১৭৫
কুর'আনে দাজ্জালের উল্লেখ	১৭৭
দাজ্জালের ধ্বংস	১৮০
৩. 'ঈসা (عليه السلام) এর অবতরণ	১৮২
'ঈসা (عليه السلام) এর কিছু গুণ-বৈশিষ্ট্য	১৮২
'ঈসা (عليه السلام) যেভাবে অবতরণ করবেন	১৮৩
'ঈসা (عليه السلام) এর অবতরণের প্রমাণসমূহ	১৮৫
'ঈসা (عليه السلام) এর অবতরণের ব্যাপারে কুর'আনের প্রমাণ	১৮৫
'ঈসা (عليه السلام) এর অবতরণের ব্যাপারে হাদীসের প্রমাণ	১৮৬
'ঈসা (عليه السلام) এর অবতরণ সংক্রান্ত হাদীসগুলো সত্যিই মুতাওয়াতির	১৮৮
অন্য কেউ নন শুধুমাত্র 'ঈসা (عليه السلام) ই কিয়ামতের পূর্বে দুনিয়াতে অবতরণ করবেন এমন কেন ?	১৯১
'ঈসা (عليه السلام) কোন্ শরীয়তের আলোকে বিচার কার্য পরিচালনা করবেন ?	১৯৩
'ঈসা (عليه السلام) এর যুগে সামগ্রিক নিরাপত্তা বাস্তবায়িত হবে এবং সমূহ বরকত নাযিল হবে	১৯৩
'ঈসা (عليه السلام) এর জীবন ও মৃত্যু	১৯৪
৪. ইয়াজূজ-মা'জূজ	১৯৫
এদের মূল	১৯৫
তাদের গঠন প্রকৃতি	১৯৭

বিষয়	পৃষ্ঠা
ইয়াজূজ-মা'জূজের আবির্ভাবের প্রমাণসমূহ	১৯৭
কুর'আনের প্রমাণসমূহ	১৯৭
হাদীসের প্রমাণসমূহ	১৯৯
ইয়াজূজ-মা'জূজের প্রাচীর	২০১
৫. তিনটি ভূমিধস	২০৩
৬. ধোঁয়া	২০৪
ধোঁয়ার ব্যাপারে হাদীসের প্রমাণসমূহ	২০৬
৭. পশ্চিম দিক থেকে সূর্য উঠা	২০৭
কুর'আনের প্রমাণসমূহ	২০৭
হাদীসের প্রমাণসমূহ	২০৮
উক্ত হাদীস সম্পর্কে আল্লামাহ্ রশীদ রেযার মন্তব্য ও উহার উত্তর	২১০
পশ্চিম দিক থেকে সূর্য উঠার পর আর কারোর কোন ঈমান বা তাওবা গ্রহণ যোগ্য হবে না	২১১
৮. একটি অলৌকিক পশু	২১৫
পশুটির আবির্ভাবের প্রমাণসমূহ	২১৫
ক. কুর'আনের প্রমাণ	২১৫
খ. হাদীসের প্রমাণ	২১৬
পশুটির ধরন	২১৭
পশুটির বের হওয়ার স্থান	২১৯
পশুটি যা করবে	২২০
৯. যে আগুন মানুষকে হাশরের মাঠে একত্রিত করবে	২২০
সে আগুন বের হওয়ার স্থান	২২০
উক্ত আগুন কর্তৃক মানুষকে হাঁকিয়ে নেয়ার ধরন-প্রকৃতি	২২২
হাশরের মাঠ	২২৩
উক্ত 'হাশর দুনিয়াতেই হবে	২২৬
তাঁদের প্রমাণগুলোর উত্তর	২২৭
পরিশিষ্ট	২২৯

অভিমত

সমাজ নিয়ে যাঁরা গবেষণা করেন এবং সমাজ-জমির বুক থেকে যাঁরা আগাছা তুলে ফেলার চেষ্টা করেন, তাঁদের মধ্যে লেখক মুস্তাফিযুর রহমান মাদানী সাহেব একজন। হক জেনে ও মেনে নিয়ে তার প্রচার করার গুরুদায়িত্ব এবং তার পথে তাঁর অদম্য প্রয়াস ও প্রচেষ্টা আমাকে মুগ্ধ করেছে।

সমাজ-সংস্কারের সহায়করূপে কাজে দেবে তাঁর এ পুস্তিকাটিও। সমাজে এত পাপ ও পাপীর দাপট যে, অনেকের সাপ থেকে বাঁচা সম্ভব, কিন্তু পাপ থেকে বাঁচা সহজ নয়। বিশ্বায়নের যুগে দ্বীন-বিমুখ সমাজ বহুবিধ পাপের বন্যায় হাবুডুবু খাচ্ছে। তা দেখে-শুনে প্রত্যেক দায়িত্বশীলের যে কর্তব্য হওয়া উচিৎ, তার কিঞ্চিৎ বহিঃপ্রকাশ এই পুস্তিকার প্রণয়ন।

মহান আল্লাহ্'র কাছে আকুল মিনতি, তিনি যেন আমাদেরকে ও লেখককে কলমের জিহাদ চালিয়ে যাওয়ার তওফীক দিন। দেশে-বিদেশে ইসলামী সর্বাঙ্গ-সুন্দর পরিবেশ গড়ার মহান লক্ষ্যে পুস্তক রচনার কাজ চালিয়ে যাওয়ার তওফীক দিন এবং পাঠক-পাঠিকাকে পুস্তিকার নির্দেশানুযায়ী আমল করার প্রেরণা ও মুসলিম ঘর ও সমাজ গড়ার চেতনা দান করুন। আমীন।

বিনীত-
আব্দুল হামীদ আল-ফাইযী আল-মাদানী
আল-মাজমাআহ, সঊদী আরব

৩০/১১/১১

মুখবন্ধ

إِنَّ الْحَمْدَ لله، نَحْمَدُهُ وَنَسْتَعِيْنُهُ وَنَسْتَغْفِرُهُ، وَنَعُوْذُ بِالله مِنْ شُرُوْرِ أَنْفُسِنَا وَمِنْ سَيِّئَاتِ أَعْمَالِنَا، مَنْ يَّهْدِهِ اللهُ فَلَا مُضِلَّ لَهُ، وَمَنْ يُّضْلِلْ فَلَا هَادِيَ لَهُ، وَأَشْهَدُ أَنْ لاَّ إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ.

﴿يَاأَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا اتَّقُوْا اللهَ حَقَّ تُقَاتِهِ، وَلَا تَمُوْتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُّسْلِمُوْنَ﴾.

﴿ يَاأَيُّهَا النَّاسُ اتَّقُوْا رَبَّكُمُ الَّذِيْ خَلَقَكُمْ مِّنْ نَّفْسٍ وَّاحِدَةٍ، وَخَلَقَ مِنْهَا زَوْجَهَا وَبَثَّ مِنْهُمَا رِجَالًا كَثِيْرًا وَّنِسَاءً، وَاتَّقُوْا اللهَ الَّذِيْ تَسَاءَلُوْنَ بِهٖ وَالْأَرْحَامَ، إِنَّ اللهَ كَانَ عَلَيْكُمْ رَقِيْبًا﴾.

﴿يَاأَيُّهَا الَّذِيْنَ آمَنُوْا اتَّقُوْا اللهَ وَقُوْلُوْا قَوْلًا سَدِيْدًا، يُصْلِحْ لَكُمْ أَعْمَالَكُمْ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوْبَكُمْ، وَمَنْ يُّطِعِ اللهَ وَرَسُوْلَهُ فَقَدْ فَازَ فَوْزًا عَظِيْمًا﴾.

"আল্লাহ্ তা'আলা আমাদের প্রিয় নবী মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে এ দুনিয়াতে পাঠিয়েছেন সত্য প্রচারের জন্য। তাই তো তিনি দুনিয়ার বুকে এমন কোন কল্যাণ রেখে যাননি যা তাঁর উম্মতকে বলা হয়নি এবং এমন কোন অকল্যাণ ছেড়ে যাননি যে ব্যাপারে তাঁর উম্মতকে সতর্ক করা হয়নি"।

"যখন এ উম্মতই সর্বশেষ উম্মত এবং মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ই সর্বশেষ নবী তখন আল্লাহ্ তা'আলা স্বভাবতই এ উম্মতকে কিয়ামতের নিদর্শনসমূহ দেখাবেন। তাই তিনি বহু পূর্বেই নিজ নবীর মুখে এর বিস্তারিত বর্ণনা দিয়ে দেন। কারণ, তাঁর পরে তো আর কোন নবী আসবেন না যিনি বিশ্ববাসীকে এর বিস্তারিত বর্ণনা দিবেন"।

"মানুষের ধ্যান-ধারণা তো একেবারেই সীমাবদ্ধ। তাই সে এ জীবন ডিঙ্গিয়ে অন্য জীবনের কথা মোটেই ভাবতে চায় না। বরং সে এ দুনিয়ার ভোগবিলাস নিয়েই থাকে সর্বদা ব্যস্ত। আখিরাতের জন্য সে কোন কিছুই করতে চায় না। যেন সে আখিরাতের কথা একেবারেই ভুলে গেছে। তাই আল্লাহ্ তা'আলা কিয়ামত আসার পূর্বেই এর কিছু নিদর্শন দুনিয়াতে পাঠিয়ে দেন যাতে মানুষ এ ব্যাপারে নিশ্চিত হয় যে, কিয়ামত অবশ্যম্ভাবী এবং এরপর আরেক নতুন জীবন অবশ্যই আসবে যা শুধু ভোগ করারই জীবন।

তাতে প্রত্যেক ব্যক্তি কেবল নিজ কর্মফলই ভোগ করবে। তাই প্রত্যেককেই সময় ফুরিয়ে যাওয়ার আগে এখান থেকে সে জীবনের জন্য প্রয়োজনীয় কিছু পুঁজি আহরণ করতে হবে। নতুবা তখন আর আফসোসের কোন শেষ থাকবে না"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿أَنْ تَقُوْلَ نَفْسٌ يَّا حَسْرَتٰى عَلٰى مَا فَرَّطْتُ فِيْ جَنْبِ اللهِ وَإِنْ كُنْتُ لَمِنَ السَّاخِرِيْنَ، أَوْ تَقُوْلَ لَوْ أَنَّ اللهَ هَدَانِيْ لَكُنْتُ مِنَ الْمُتَّقِيْنَ، أَوْ تَقُوْلَ حِيْنَ تَرَى الْعَذَابَ لَوْ أَنَّ لِيْ كَرَّةً فَأَكُوْنَ مِنَ الْمُحْسِنِيْنَ﴾.

"যাতে তখন আর কাউকে এমন বলতে না হয়: হায়! আমি তো আল্লাহ্ তা'আলার শানে অনেক অবহেলাই না দেখিয়েছি। আমি তো ছিলাম ঠাট্টাকারীদের অন্তর্ভুক্ত। অথবা যেন কাউকে এমনও বলতে না হয়: আল্লাহ্ তা'আলা যদি আমাকে সঠিক পথ দেখাতেন তা হলে আমি সত্যিই মুত্তাকী হয়ে যেতাম। অথবা শাস্তি প্রত্যক্ষ করে যেন কাউকে এমনও বলতে না হয়ঃ আহ্! যদি আমি দুনিয়াতে ফিরে যেতাম তা হলে আমি সৎকর্মশীল হতাম"। (যুমার : ৫৬-৫৮)

কিয়ামত তো সত্যিই অতি সন্নিকটে। তবে কারোর জানা নেই যে, তা কখন হবে। একমাত্র আল্লাহ্ তা'আলাই সে সম্পর্কে সঠিক জ্ঞান রাখেন।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿اقْتَرَبَ لِلنَّاسِ حِسَابُهُمْ وَ هُمْ فِيْ غَفْلَةٍ مُّعْرِضُوْنَ﴾

"মানুষের হিসাব-নিকাশের সময় অত্যাসন্ন ; অথচ তারা উদাসীনতায় বিভোর হয়ে তা থেকে মুখ ফিরিয়ে নিয়েছে"। (আম্বিয়া' : ১)

আল্লাহ্ তা'আলা আরো বলেন:

﴿يَسْأَلُكَ النَّاسُ عَنِ السَّاعَةِ، قُلْ إِنَّمَا عِلْمُهَا عِنْدَ اللهِ، وَمَا يُدْرِيْكَ لَعَلَّ السَّاعَةَ تَكُوْنُ قَرِيْبًا﴾.

"লোকেরা কিয়ামত সম্পর্কে তোমাকে জিজ্ঞাসা করছে। তুমি তাদেরকে বলে দাও: কিয়ামতের জ্ঞান তো একমাত্র আল্লাহ্ তা'আলার কাছেই। তুমি কি জানো? কিয়ামত তো অতি সন্নিকটেই"। (আহ্যাব : ৬৩)

তিনি আরো বলেন:

﴿إِنَّهُمْ يَرَوْنَهُ بَعِيْدًا، وَّنَرَاهُ قَرِيْباً﴾

"তারা তো ওই দিনকে সুদূর মনে করে। আর আমি দেখছি তা অতি সন্নিকটে"। (মা'আরিজ : ৬-৭)

আল্লাহ্ তা'আলা আরো বলেন:

﴿اقْتَرَبَتِ السَّاعَةُ وَانْشَقَّ الْقَمَرُ﴾

"কিয়ামত একেবারেই অত্যাসন্ন ; চন্দ্র তো বিদীর্ণ হয়ে গেছে"।

(ক্বামার : ১)

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

بُعِثْتُ أَنَا وَالسَّاعَةُ كَهَاتَيْنِ.

"আমাকে এবং কিয়ামতকে এতো নিকটবর্তী সময়ে পাঠানো হয়েছে যে, যেমন একটি আঙ্গুল আরেকটি আঙ্গুলের একেবারেই পাশাপাশি"।

(বুখারী ৬৫০৪; মুসলিম ২৯৫১)

আবূ জুবাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

بُعِثْتُ فِيْ نَسَمِ السَّاعَةِ.

"আমাকে কিয়ামতের প্রাদুর্ভাব কালেই পাঠানো হয়েছে"।

(দূলাবী/কুনা ১/২৩ ইবনু মান্দাহ্/মা'রিফাহ্ ২/২৩৪/২)

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন:

بُعِثْتُ أَنَا وَالسَّاعَةُ جَمِيْعًا، إِنْ كَادَتْ لَتَسْبِقُنِيْ.

"আমাকে এবং কিয়ামতকে একত্রেই পাঠানো হয়েছে। এমনকি কিয়ামত আমার আগেই আসতে চাচ্ছিলো"। (আহ্মাদ ৫/৩৪৮)

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যখন সাহাবাদেরকে দাজ্জালের বর্ণনা দিলেন তখন তাঁরা দাজ্জালকে একেবারে অতি সন্নিকটেই ভাবতে লাগলেন।

নাওয়াস্ বিন্ সাম্'আন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন:

ذَكَرَ رَسُوْلُ اللهِ ﷺ الدَّجَّالَ ذَاتَ غَدَاةٍ فَخَفَّضَ فِيْهِ وَرَفَّعَ، حَتَّى ظَنَنَّاهُ فِيْ طَائِفَةِ النَّخْلِ، فَلَمَّا رُحْنَا إِلَيْهِ عَرَفَ ذَلِكَ فِيْنَا، فَقَالَ: مَا شَأْنُكُمْ؟ قُلْنَا: يَا رَسُوْلَ اللهِ! ذَكَرْتَ

الدَّجَّالَ غَدَاةً فَخَفَّضَ فِيْهِ وَرَفَّعَ، حَتَّى ظَنَنَّاهُ فِيْ طَائِفَةِ النَّخْلِ، فَقَالَ: غَيْرُ الدَّجَّالِ أَخْوَفُنِيْ عَلَيْكُمْ، إِنْ يَّخْرُجْ وَأَنَا فِيْكُمْ فَأَنَا حَجِيْجُهُ دُوْنَكُمْ، وَإِنْ يَّخْرُجْ وَلَسْتُ فِيْكُمْ فَامْرُؤٌ حَجِيْجُ نَفْسِهِ، وَاللهُ خَلِيْفَتِيْ عَلَى كُلِّ مُسْلِمٍ.

"একদা এক ভোর বেলায় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) দাজ্জাল সম্পর্কে আলোচনা করছিলেন। আলোচনাটি করেন কখনো তিনি নিচু স্বরে আবার কখনো উচ্চ স্বরে। এমনকি আমরা তখন ভাবছিলাম, হয় তো বা দাজ্জাল সামনের এ খেজুর বাগানেই। পুনরায় আমরা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট গেলে তিনি ব্যাপারটি বুঝতে পেরে আমাদেরকে বললেন: তোমাদের কি হয়েছে? আমরা বললাম: হে আল্লাহ্'র রাসূল! আপনি একদা দাজ্জাল সম্পর্কে আলোচনা করছিলেন। আলোচনাটি করেন কখনো আপনি নিচু স্বরে আবার কখনো উচ্চ স্বরে। এমনকি আমরা তখন ভাবছিলাম, হয় তো বা দাজ্জাল সামনের এ খেজুর বাগানেই। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: দাজ্জাল কেন বরং অন্য ব্যাপারই আমি তোমাদের উপর বেশি আশঙ্কা করছি। দাজ্জাল যদি আমি থাকতেই বের হয়ে যায় তা হলে আমি একাই তার জন্য যথেষ্ট। আর যদি সে আমার পরে বের হয় তা হলে প্রত্যেকেই নিজ দায়-দায়িত্ব নিজেই বহন করবে। তবে আল্লাহ্ তা'আলাই তখন প্রত্যেক মুসলমানের সহায় হবেন"। (মুসলিম ২৯৩৭)

ইতিমধ্যেই কিয়ামতের অনেকগুলো আলামত প্রকাশ পেয়েছে। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সকল কথা এখন সঠিক বলে প্রমাণিত হচ্ছে। এতে করে সত্যিকার ঈমানদারের ঈমান আরো বেড়ে যাচ্ছে এবং সঠিক ইসলামকে তাঁরা আরো ভালোভাবে আঁকড়ে ধরছে।

কিয়ামতের নামসমূহ:

কিয়ামতের অনেকগুলো নাম রয়েছে। কেউ কেউ তো তা আশি পর্যন্ত উল্লেখ করেছেন। আমি শুধু এখানে এর কয়েকটি প্রসিদ্ধ নামই উল্লেখ করছি। যা নিম্নরূপঃ

১. "আস্সা'আহ্"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿إِنَّ السَّاعَةَ لَاتِيَةٌ لَا رَيْبَ فِيْهَا﴾

"কিয়ামত নিশ্চয়ই অবশ্যম্ভাবী ; এতে কোন সন্দেহ নেই"।

(গাফির/মু'মিন : ৫৯)

২. "ইয়াওমুল বা'সি"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿لَقَدْ لَبِثْتُمْ فِيْ كِتَابِ اللهِ إِلٰى يَوْمِ الْبَعْثِ فَهٰذَا يَوْمُ الْبَعْثِ﴾

"তোমরা তো আল্লাহ্ তা'আলার লেখা অনুযায়ী পুনরুত্থান দিবস পর্যন্ত অপেক্ষা করছিলে। এই তো এসে গেলো সে দিন"। (রূম : ৫৬)

৩. "ইয়াওমুদ্দীন"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿مَالِكِ يَوْمِ الدِّيْنِ﴾

"যিনি প্রতিদান দিবসের মালিক"। (ফাতিহা : ৩)

৪. "ইয়াওমুল হাস্‌রাতি"। আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَأَنْذِرْهُمْ يَوْمَ الْحَسْرَةِ﴾

"তুমি তাদেরকে সতর্ক করো পরিতাপ দিবস সম্পর্কে"। (মারইয়াম : ৩৯)

৫. "আদ্‌দারুল আখিরাতু"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَإِنَّ الدَّارَ الْاٰخِرَةَ لَهِيَ الْحَيَوَانُ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ﴾

"পরকালের জীবনই তো প্রকৃত জীবন যদি তারা জানতো"।

('আন্‌কাবূত : ৬৪)

৬. "ইয়াওমুত তানাদি"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿إِنِّيْ أَخَافُ عَلَيْكُمْ يَوْمَ التَّنَادِ﴾

"নিশ্চয়ই আমি তোমাদের ব্যাপারে ডাকাডাকির দিনের আশঙ্কা করছি"। (গাফির/মু'মিন : ৩২)

৭. "দারুল ক্বারারি"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَإِنَّ الْاٰخِرَةَ هِيَ دَارُ الْقَرَارِ﴾

"নিশ্চয় আখিরাতই হচ্ছে চিরস্থায়ী আবাস"। (গাফির/মু'মিন : ৩৯)

৮. "ইয়াওমুল ফাস্বলি"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿هٰذَا يَوْمُ الْفَصْلِ الَّذِيْ كُنْتُمْ بِهٖ تُكَذِّبُوْنَ﴾

"এটাই তো ফায়সালার দিন যা তোমরা অস্বীকার করতে"।

(সা'ফ্ফাত : ২১)

৯. "ইয়াওমুল জাম্'য়ি"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَتُنْذِرَ يَوْمَ الْجَمْعِ لَا رَيْبَ فِيْهِ﴾

"আরো যেন তুমি সতর্ক করতে পারো একত্রিত হওয়ার দিনের"।

(শূরা : ৭)

১০. "ইয়াওমুল হিসাবি"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿هٰذَا مَا تُوْعَدُوْنَ لِيَوْمِ الْحِسَابِ﴾

"এটাই হিসাবের দিনের জন্য তোমাদেরকে দেয়া (নিশ্চিত) প্রতিশ্রুতি"। (স্বোয়াদ : ৫৩)

১১. "ইয়াওমুল ওয়া'য়ীদি"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَنُفِخَ فِيْ الصُّوْرِ ذٰلِكَ يَوْمُ الْوَعِيْدِ﴾

"শিঙায় ফুঁ দেয়া হবে। আর সে দিনই তো প্রতিশ্রুত শাস্তির দিন"।

(ক্বাফ : ২০)

১২. "ইয়ওমুল খুলূদ"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿اُدْخُلُوْهَا بِسَلَامٍ، ذٰلِكَ يَوْمُ الْخُلُوْدِ﴾

"তোমরা নিরাপত্তার সঙ্গে তাতে (জান্নাতে) প্রবেশ করো। এ দিনই তো অনন্ত জীবনের দিন"। (ক্বাফ : ২০)

১৩. "ইয়াওমুল খুরূজ"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿يَوْمَ يَسْمَعُوْنَ الصَّيْحَةَ بِالْحَقِّ، ذٰلِكَ يَوْمُ الْخُرُوْجِ﴾

"যে দিন সত্যিই মানুষ শ্রবণ করবে এক বিকট আওয়াজ। সে দিনই তো বের হওয়ার দিন"। (ক্বাফ : ৪২)

১৪. "আল-ওয়া'ক্বি'য়াহ্"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿إِذَا وَقَعَتِ الْوَاقِعَةُ﴾

"যখন কিয়ামত সংঘটিত হবে"। (ওয়াক্বি'আহ্ : ১)

১৫. "আল-'হাক্বক্বাহ্"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿الْحَآقَّةُ مَا الْحَآقَّةُ، وَمَآ أَدْرَاكَ مَا الْحَآقَّةُ﴾

"অবশ্যম্ভাবী ঘটনা। কি সেই অবশ্যম্ভাবী ঘটনা ? তুমি কি জানো, কি সেই অবশ্যম্ভাবী ঘটনা?" (আল-হাক্বক্বাহ্ : ১-৩)

১৬. "আত্ব-ত্বাম্মাতুল কুব্‌রা"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿فَإِذَا جَآءَتِ الطَّآمَّةُ الْكُبْرٰى﴾

"অতঃপর যখন মহা সঙ্কট উপস্থিত হবে"। (না'যি'আত : ৩৪)

১৭. "আস্ব-স্বাখ্‌খাহ্"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿فَإِذَا جَآءَتِ الصَّآخَّةُ﴾

"যখন ওই ধ্বংস ধ্বনি এসে পড়বে"। ('আবাসা : ৩৩)

১৮. "আ'যিফাহ্"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿أَزِفَتِ الْآزِفَةُ﴾

"আসন্ন বস্তুটি তথা কিয়ামত অত্যাসন্ন"। (নাজ্‌ম : ৫৭)

১৯. "আল-ক্বারি'আহ্"।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿الْقَارِعَةُ مَا الْقَارِعَةُ، وَمَآ أَدْرَاكَ مَا الْقَارِعَةُ﴾

"মহা প্রলয়। কি সেই মহা প্রলয় ? তুমি কি জানো, কি সেই মহা প্রলয়?" (ক্বারি'আহ্ : ১-৩)

কিয়ামতের জ্ঞান একমাত্র আল্লাহ্ তা'আলারই নিকটে:

কিয়ামতের জ্ঞান একমাত্র আল্লাহ্ তা'আলারই নিকটে। তিনি ভিন্ন অন্য কেউ এ ব্যাপারে সঠিক জ্ঞান রাখেন না।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿يَسْأَلُوْنَكَ عَنِ السَّاعَةِ أَيَّانَ مُرْسَاهَا، قُلْ إِنَّمَا عِلْمُهَا عِنْدَ رَبِّيْ، لَا يُجَلِّيْهَا لِوَقْتِهَا إِلَّا هُوَ، ثَقُلَتْ فِيْ السَّمٰوٰتِ وَالْأَرْضِ، لَا تَأْتِيْكُمْ إِلَّا بَغْتَةً، يَسْأَلُوْنَكَ كَأَنَّكَ حَفِيٌّ عَنْهَا، قُلْ إِنَّمَا عِلْمُهَا عِنْدَ اللهِ، وَلٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ﴾.

"তারা তোমাকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করছে যে, তা কখন হবে? তুমি বলে দাও: এ ব্যাপারে আমার প্রভুই একমাত্র সঠিক জ্ঞানের অধিকারী। শুধু তিনিই এর নির্ধারিত সময়ে তা প্রকাশ করবেন। তা হবে আকাশ ও পৃথিবীর জন্য এক ভয়ঙ্কর ঘটনা। আকস্মিকভাবেই তা আসবে। তাদের ধারণা মতে তুমি এ ব্যাপারে বিশেষভাবে অবগত তাই তো তারা তোমাকে এ ব্যাপারে জিজ্ঞাসাবাদ করছে। তুমি বলে দাও: এ সম্পর্কে সঠিক জ্ঞান একমাত্র আল্লাহ্ তা'আলার নিকটেই ; অথচ অধিকাংশ মানুষই তা জানে না"। (আ'রাফ : ১৮৭)

এ কারণেই জিব্রীল (عليه السلام) যখন রাসূল (ﷺ) কে এ সম্পর্কে জিজ্ঞাসা করছিলেন তখন তিনি বলেন:

مَا الْـمَسْؤُوْلُ عَنْهَا بِأَعْلَمَ مِنَ السَّائِلِ.

"যাঁকে জিজ্ঞাসা করা হচ্ছে তিনি প্রশ্নকারীর চাইতে এ ব্যাপারে বেশি কিছু জানেন না। অর্থাৎ আমরা কেউই এ ব্যাপারে জ্ঞান রাখি না"।

(মুসলিম ৮)

'ঈসা (عليه السلام) কিয়ামতের পূর্বক্ষণেই দুনিয়াতে অবতরণ করবেন ; অথচ তিনিও এ ব্যাপারে কিছুই জানেন না।

আব্দুল্লাহ্ বিন্ মাস্'ঊদ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَقِيْتُ لَيْلَةَ أُسْرِيَ بِيْ إِبْرَاهِيْمَ وَمُوْسَى وَعِيْسَى، قَالَ: فَتَذَاكَرُوْا أَمْرَ السَّاعَةِ، فَرُدُّوْا أَمْرَهُمْ إِلَى إِبْرَاهِيْمَ، فَقَالَ: لَا عِلْمَ لِيْ بِهَا، فَرُدُّوْا الْأَمْرَ إِلَى مُوْسَى، فَقَالَ: لَا عِلْمَ لِيْ بِهَا، فَرُدُّوْا الْأَمْرَ إِلَى، عِيْسَى فَقَالَ: أَمَّا وَجْبَتُهَا فَلَا يَعْلَمُهَا أَحَدٌ إِلَّا اللهُ، وَفِيْمَا عَهِدَ إِلَيَّ رَبِّيْ أَنَّ الدَّجَّالَ خَارِجٌ، قَالَ: وَمَعِيْ قَضِيْبَانِ، فَإِذَا رَآنِيْ ذَابَ كَمَا يَذُوْبُ الرَّصَاصُ، قَالَ: فَيُهْلِكُهُ اللهُ.

"ইস্‌রা (বাইতুল্ মাক্বদিসের প্রতি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর রাত্রিকালীন বিশেষ ভ্রমণ) এর রাত্রিতে ইব্রাহীম, মূসা ও 'ঈসা (আলাইহিমুস্ সালাম) এর সাথে আমার সাক্ষাৎ হয়। তখন তাঁরা পরস্পর কিয়ামত সম্পর্কেই আলোচনা করছিলেন। সবাই ব্যাপারটিকে ইব্রাহীম (আলাইহিস্ সালাম) এর প্রতিই অর্পণ করলেন। তিনি বললেন: না, এ সম্পর্কে আমি কিছুই জানি না। অতঃপর তাঁরা ব্যাপারটিকে মূসা (আলাইহিস্ সালাম) এর প্রতি অর্পণ করলেন। তিনিও বললেন: না, এ সম্পর্কে আমি কিছুই জানি না। পরিশেষে সবাই ব্যাপারটিকে 'ঈসা (আলাইহিস্ সালাম) এর প্রতি অর্পণ করলেন। তিনি বললেন: কিয়ামত সংঘটনের ব্যাপারটি তো আল্লাহ্ তা'আলা ছাড়া আর কেউই জানেন না। তবে আমার প্রভু এ সম্পর্কে যা আমাকে বলেছেন তা হলো: দাজ্জাল বেরুবে। তখন আমার হাতে দু'টি ছড়ি বা গাছের ডাল থাকবে। যখন সে আমাকে দেখবে সিসার মতো গলে যাবে। এভাবেই আল্লাহ্ তা'আলা তাকে ধ্বংস করবেন"। (আহ্‌মাদ, হাদীস ৩৫৫৬ হা'কিম ৪/৪৮৮-৪৮৯)

কারো কারোর মতে উপরোক্ত হাদীসটি দুর্বল। তবে আল্লামাহ্ আহ্‌মাদ্ শাকির হাদীসটিকে বিশুদ্ধ বলে আখ্যায়িত করেন।

পরকালের প্রতি দৃঢ় বিশ্বাস যে কোন মানুষকে সত্যিকারার্থেই পরকালমুখী করে তোলে:

আল্লাহ্ তা'আলা ও পরকালের প্রতি দৃঢ় ঈমান মানুষকে যে কোন ভালো কাজ করতে শিখায়। যা মানব রচিত কোন আইনই করতে পারে না। এ কারণেই আল্লাহ্ তা'আলা ও পরকালে বিশ্বাসী মানুষ এবং এতে অবিশ্বাসী মানুষের চিন্তা-চেতনা ও কাজেকর্মে অনেক পার্থক্য দেখা যায়। পরকালে

বিশ্বাসী মানুষ দুনিয়াকে আখিরাত সঞ্চয়ের মহান ক্ষেত্র মনে করে এবং সে সর্বদা সকল ভালো কাজে অত্যন্ত উদ্যমী হয়। তার চাল-চরিত্র অন্যদের চাইতে অনেক ভিন্ন ও উন্নত মানের হয়। সে সর্বদা থাকে ন্যায়ের উপর অটল। তার চিন্তার গণ্ডি হয় খুবই প্রশস্ত। তার ঈমানী শক্তি হয় অত্যন্ত সবল। কঠিন কাজে সে সর্বদা দৃঢ় এবং বিপদাপদে সে খুবই অনড়। কারণ, সে এ সবের মাঝে একমাত্র আল্লাহ্ তা'আলারই সন্তুষ্টি কামনা করে এবং একমাত্র তাঁর কাছেই সে পরকালের প্রতিদান চায়।

সুহাইব (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

عَجَبًا لِأَمْرِ الْمُؤْمِنِ ! إِنَّ أَمْرَهُ كُلَّهُ خَيْرٌ، وَلَيْسَ ذَاكَ لِأَحَدٍ إِلَّا لِلْمُؤْمِنِ، إِنْ أَصَابَتْهُ سَرَّاءُ شَكَرَ فَكَانَ خَيْرًا لَهُ، وَإِنْ أَصَابَتْهُ ضَرَّاءُ صَبَرَ فَكَانَ خَيْرًا لَهُ.

"মু'মিনের ব্যাপারটি সত্যিই আশ্চর্যজনক। কারণ, সর্বাবস্থায় তার লাভই লাভ। আর এটা মু'মিন ছাড়া আর কারোর পক্ষেই সম্ভবপর নয়। তার জীবনে সুখময় কিছু ঘটলে সে আল্লাহ্ তা'আলার কৃতজ্ঞতা আদায় করে যা তার জন্য কল্যাণকর। তেমনিভাবে তার জীবনে দুঃখকর কোন কিছু ঘটলে সে তাও ধৈর্যের সাথে মেনে নেয় যা তার জন্য অবশ্যই কল্যাণকর"। (মুসলিম ২৯৯৯)

একজন পরকালে বিশ্বাসী ব্যক্তি শুধু মানুষেরই কল্যাণ করে না বরং সে যে কোন পশুপাখির উপরও অত্যন্ত দয়াশীল হয়। এ জন্যই তো 'উমার ফারূক (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বলেন:

لَوْ عَثَرَتْ بَغْلَةٌ فِيْ الْعِرَاقِ لَظَنَنْتُ أَنَّ اللهَ سَيَسْأَلُنِيْ عَنْهَا : لِمَ لَمْ تُسَوِّ لَهَا الطَّرِيْقَ يَا عُمَرُ!.

"ইরাকেও যদি রাস্তায় চলতে গিয়ে কোন খচ্চরের পা পিছলে যায় সে জন্য আল্লাহ্ তা'আলা (কিয়ামতের দিন) আমাকে পশ্ন করবেনঃ কেন তুমি এর চলার জন্য রাস্তাটি সমান করে দিলে না?" ('হিল্য়াতুল আউলিয়া : ১/৫৩)

এ চেতনা এ কারণেই যে, পরকালে বিশ্বাসী প্রতিটি মুসলমান এ কথা মনে করেন যে, তিনি কিয়ামতের দিন প্রতিটি ছোট-বড় বিষয়ে আল্লাহ্ তা'আলার নিকট জিজ্ঞাসিত হবেন। ভালো হলে তো ভালোই আর মন্দ হলে তো কোন উপায় নেই।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿يَوْمَ تَجِدُ كُلُّ نَفْسٍ مَّا عَمِلَتْ مِنْ خَيْرٍ مُّحْضَرًا وَمَا عَمِلَتْ مِنْ سُوْءٍ تَوَدُّ لَوْ أَنَّ بَيْنَهَا وَبَيْنَهُ أَمَدًا بَعِيْدًا﴾.

"সে দিন প্রত্যেক ব্যক্তি নিজ সৎকর্মসমূহ সামনে উপস্থিত পাবে। মন্দ কাজসমূহ সে দিন তার সামনে উপস্থিত করা হলে সে কামনা করবে, আহ্! তার মাঝে ও তার দুষ্কর্মের মাঝে যদি সুদূর ব্যবধান হতো"।

(আলি 'ইম্‌রান : ২৯)

আল্লাহ্ তা'আলা আরো বলেন:

﴿وَوُضِعَ الْكِتَابُ، فَتَرَى الْمُجْرِمِيْنَ مُشْفِقِيْنَ مِمَّا فِيْهِ، وَيَقُوْلُوْنَ يَا وَيْلَتَنَا مَا لِهٰذَا الْكِتَابِ لَا يُغَادِرُ صَغِيْرَةً وَّلَا كَبِيْرَةً إِلَّا أَحْصَاهَا، وَوَجَدُوْا مَا عَمِلُوْا حَاضِرًا، وَلَا يَظْلِمُ رَبُّكَ أَحَدًا﴾.

"সে দিন আমলনামা উপস্থিত করা হবে। তখন তুমি অপরাধীদেরকে আমলনামায় লিখিত অপরাধ দেখে আতঙ্কগ্রস্ত হতে দেখবে। তারা তখন বলবে: হায়! দুর্ভোগ আমাদের! এটা কেমন গ্রন্থ! ছোট-বড় কিছুই তো বাদ রাখলো না বরং সবই হিসেব করেছে। তখন তারা তাদের সকল কৃতকর্ম সামনে উপস্থিত পাবে। আর তোমার প্রভু তো কারোর প্রতি কোন যুলুম করেন না"। (কাহ্‌ফ : ৪৯)

ঠিক এরই বিপরীতে যে ব্যক্তি পরকালে সত্যিকারের বিশ্বাসী নয় সে তো সর্বদা দুনিয়ার প্রতি থাকে উন্মুখ। কিভাবে কতো কামাবে তাই তার একমাত্র ধান্ধা। কাউকে সে সহজে কোন লাভ দিতে চায় না। সে দুনিয়ার সকল বিষয়কে নিজ স্বার্থের আলোকেই বিচার-বিশ্লেষণ করে। কাউকে কোন ফায়দা দেয়ার আগে সে নিজ ফায়দার কথা ভালোভাবেই ভেবে নেয়। তার দৃষ্টি শুধু এ দুনিয়ার প্রতি এবং তার এ বয়সের প্রতি। পরকালের প্রতি তার এতটুকুও চিন্তা নেই। কারণ, সে পরকালকে অনেক দূর ভাবে।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿بَلْ يُرِيْدُ الْإِنْسَانُ لِيَفْجُرَ أَمَامَهُ، يَسْأَلُ أَيَّانَ يَوْمُ الْقِيَامَةِ﴾

"বরং মানুষ তো চায় তার সম্মুখ জীবন অস্বীকার করতে। সে প্রশ্ন করে: আরে কিয়ামত আসবেই বা কখন!?" (ক্বিয়ামাহ্ : ৫-৬)

ইসলাম পূর্ব জাহিলী যুগে এ চেতনা বিরাজমান ছিলো বলেই তো তারা একে অপরের রক্তপাত করতো। অন্যের সম্পদ অন্যায়ভাবে গ্রাস করে নিতো। চুরি করতো এবং ডাকাতি করতো। কারণ, তারা পরকালে বিশ্বাসী ছিলো না।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَقَالُوْا إِنْ هِيَ إِلَّا حَيَاتُنَا الدُّنْيَا، وَمَا نَحْنُ بِمَبْعُوْثِيْنَ﴾

"তারা বলে: এ পার্থিব জীবনই প্রকৃত জীবন (এরপর আর কোন জীবন নেই) এবং আমাদেরকে আর পুনরুত্থিত করা হবে না"।

(আন'আম : ২৯)

এ কারণেই তো এরা কখনো মরতে চায় না। বরং চায় আরো হাজার বছর বেঁচে থাকতে। যাতে দুনিয়াকে আরো ভালোভাবে ভোগ করা যায়।

আল্লাহ্ তা'আলা ইহুদীদের সম্পর্কে বলেন:

﴿وَلَتَجِدَنَّهُمْ أَحْرَصَ النَّاسِ عَلٰى حَيَاةٍ، وَمِنَ الَّذِيْنَ أَشْرَكُوْا، يَوَدُّ أَحَدُهُمْ لَوْ يُعَمَّرُ أَلْفَ سَنَةٍ، وَمَا هُوَ بِمُزَحْزِحِهِ مِنَ الْعَذَابِ أَنْ يُّعَمَّرَ، وَاللهُ بَصِيْرٌ بِمَا يَعْمَلُوْنَ﴾.

"নিশ্চয়ই তুমি ওদেরকে (ইহুদীদেরকে) অন্যান্যদের তুলনায় বিশেষ করে মুশ্‌রিকদের তুলনায় আরো বেশি বেঁচে থাকতে অধিক উৎসাহী পাবে। তাদের প্রত্যেকেই কামনা করে, আহ্! সে যদি হাজার বছর বেঁচে থাকতে পারতো ; অথচ দীর্ঘায়ু কাউকে আল্লাহ্ তা'আলার শাস্তি থেকে রক্ষা করতে পারবে না। আল্লাহ্ তা'আলা তো সবার কর্মকাণ্ড দেখেই আছেন"। (বাক্বারাহ্ : ৯৬)

তাই তো এদের কেউ কেউ নিজের উপর সম্পূর্ণ আস্থাহীন হয়ে দুনিয়ার দুঃখ-কষ্ট সহ্য করতে না পেরে পরিশেষে আত্মহত্যা করে।

পরকালের প্রতি দৃঢ় বিশ্বাস মানুষকে সত্যিকারার্থে পরকালমুখী করে বলেই তো আল্লাহ্ তা'আলা তা তাবৎ বিশ্ব মানবতাকে অনেক ভাবেই বুঝাতে চেয়েছেন। এ জন্যই তো তিনি কুর'আনুল কারীমে এ সংক্রান্ত হরেক রকমের দলীল-প্রমাণ উপস্থাপন করেছেন এবং এর বিরোধীদের সকল সন্দেহ অতি সুন্দরভাবে খণ্ডন করেছেন। এমনকি তিনি রাসূল (ﷺ) কে তাঁর সত্তার কসম খেয়ে কিয়ামত যে অবশ্যম্ভাবী তা তাতে সন্দিহান সকল কাফির জনগোষ্ঠীকে সুস্পষ্টভাবে জানিয়ে দিতে আদেশ করেছেন।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿زَعَمَ الَّذِيْنَ كَفَرُوْا اَنْ لَّنْ يُّبْعَثُوْا، قُلْ بَلٰى وَرَبِّيْ لَتُبْعَثُنَّ ثُمَّ لَتُنَبَّؤُنَّ بِمَا عَمِلْتُمْ،

وَذٰلِكَ عَلَى اللهِ يَسِيْرٌ﴾.

"কাফির সম্প্রদায় ধারণা করছে যে, তাদেরকে আর কখনো পুনরুত্থিত করা হবে না। (হে নবী) তুমি বলে দাও: বরং তা অবশ্যই করা হবে। আমার প্রভুর কসম খেয়ে বলছি, অবশ্যই তোমাদেরকে পুনরুত্থিত করা হবে। অতঃপর তোমাদেরকে জানানো হবে যা তোমরা ইতিপূর্বে করেছিলে। এটি তো আল্লাহ্ তা'আলার জন্য একেবারেই সহজ"। (তাগাবুন : ৭)

কিয়ামতের নিদর্শনাবলীতে বিশ্বাস পরকালে বিশ্বাসেরই অন্তর্গত এবং তা অলক্ষ্যে বিশ্বাসেরই শামিল। তাই বলে কোন হাদীসে এ সংক্রান্ত আলোচনা দেখে এ কথা বিশ্বাস করার কোন জো নেই যে, আল্লাহ্'র রাসূল (ﷺ) গায়েব জানেন তথা তিনি স্বকীয়ভাবে ভবিষ্যত সম্পর্কে কোন কিছু বলতে পারেন। বরং এ সংক্রান্ত যা তিনি বলেছেন তা একমাত্র ওহীর মাধ্যমেই বলেছেন।

আল্লাহ্ তা'আলা নূহ্ (عليه السلام) এর উক্তি উল্লেখ করে বলেন:

﴿وَلَا أَقُوْلُ لَكُمْ عِنْدِيْ خَزَائِنُ اللهِ وَلَا أَعْلَمُ الْغَيْبَ﴾

"আমি তোমাদেরকে বলছি না যে, আমার কাছে আল্লাহ্ তা'আলার সকল ভাণ্ডার রয়েছে। আর এটাও বলছি না যে, আমি অদৃশ্যের কথা জানি"। (হূদ্ : ৩১)

আল্লাহ্ তা'আলা আমাদের রাসূল (ﷺ) কে এ কথা বলতে আদেশ করেন যে,

﴿وَلَوْ كُنْتُ أَعْلَمُ الْغَيْبَ لَاسْتَكْثَرْتُ مِنَ الْخَيْرِ، وَمَا مَسَّنِيَ السُّوْءُ، إِنْ أَنَا إِلَّا نَذِيْرٌ وَّبَشِيْرٌ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ﴾.

"আমি যদি গায়েব বা অদৃশ্য কথা জানতাম তা হলে আমি সমূহ কল্যাণই লাভ করতে পারতাম। আর কোন অনিষ্ট বা অকল্যাণ আমাকে ছুঁতেই পারতো না"। (আ'রাফ : ১৮৮)

একদা রাসূল (ﷺ) এর একটি উষ্ট্রী হারিয়ে গেলে যায়েদ বিন্ লাস্বীত্ নামক জনৈক মুনাফিক বললো: মুহাম্মাদ তো ধারণা করে যে, সে নবী। তার কাছে আকাশের সংবাদ আসে ; অথচ সে নিজ উষ্ট্রীর খবর রাখে না। তখন রাসূল (ﷺ) বললেন:

إِنَّ رَجُلًا يَقُوْلُ كَذَا وَكَذَا، وَإِنِّيْ وَاللهِ لَا أَعْلَمُ إِلَّا مَا عَلَّمَنِيَ اللهُ، وَقَدْ دَلَّنِيَ اللهُ عَلَيْهَا وَهِيَ فِيْ شِعْبِ كَذَا، قَدْ حَبَسَتْهَا شَجَرَةٌ، فَذَهَبُوْا فَجَاءُوْهُ بِهَا.

"জনৈক ব্যক্তি এমন এমন বলছে, আল্লাহ্'র কসম! আমি তাই জানি যা আল্লাহ্ তা'আলা আমাকে জানিয়ে দেন। এর বেশি আর কিছু নয়। এখন আল্লাহ্ তা'আলা আমাকে জানিয়ে দিয়েছেন, উষ্ট্রীটি অমুক গিরিপথে। একটি গাছ তাকে আটকে ফেলেছে। অতঃপর সাহাবাগণ গিয়ে তা নিয়ে আসলেন"।

(ফাত্'হুল বারী ১৩/৩৬৪ মাগাযী/ওয়াক্বিদী ২/৪২৩-৪২৫ তারীখে ত্বাবারী ৩/১০৫-১০৬ বায়হাক্বী/দালায়িলুন্নুবুওয়াহ্ ৪/৫৯-৬০, ৫/২৩১-২৩২)

ইউসুফ ও 'ঈসা (আলাইহিমাস্সালাম) যে মানুষের খাবার সম্পর্কে অগ্রিম সংবাদ দিতে পারতেন তা একমাত্র তাঁদের মু'জিযা তথা সত্যতার নিদর্শনই ছিলো।

আল্লাহ্ তা'আলা 'ঈসা (عليه السلام) এর উক্তি উল্লেখ করে বলেন:

﴿وَأُنَبِّئُكُمْ بِمَا تَأْكُلُوْنَ وَمَا تَدَّخِرُوْنَ فِيْ بُيُوْتِكُمْ، إِنَّ فِيْ ذَلِكَ لَآيَةً لَّكُمْ إِنْ كُنْتُمْ مُؤْمِنِيْنَ﴾

"তোমরা যা খাও এবং যা নিজ গৃহে সংগ্রহ করো তা সব আমি এখনই বলে দিতে পারবো। তোমরা যদি সত্যিকার ঈমানদার হয়ে থাকো তা হলে এতেই রয়েছে তোমাদের জন্য সুস্পষ্ট নিদর্শন"। (আলি 'ইমরান : ৪৯)

মুতাওয়াতির নয় এমন হাদীসও আক্বীদার ক্ষেত্রে গ্রহণযোগ্য:

মুতাওয়াতির নয় এমন হাদীসও আক্বীদার ক্ষেত্রে গ্রহণযোগ্য। মুতাওয়াতির হাদীস বলতে বর্ণনা ধারার শুরু থেকে শেষ পর্যন্ত সর্ব যুগে বর্ণনাকারীদের এমন এক জনগোষ্ঠীর বর্ণনাকেই বুঝানো হয় যাদের মিথ্যা বলা স্বভাবতই অসম্ভব। এর বিপরীতই হচ্ছে এক বা একাধিক ব্যক্তির বর্ণনা যা এমন পর্যায়ের নয়। এ সকল হাদীসও আক্বীদার ক্ষেত্রে অবশ্যই গ্রহণযোগ্য।

কারো কারোর ধারণা, একমাত্র মুতাওয়াতির হাদীসই আক্বীদার ক্ষেত্রে একমাত্র গ্রহণযোগ্য। এক বা একাধিক ব্যক্তির বর্ণনা নয় যা এখনো এমন পর্যায়ে পৌঁছুতে পারেনি। এমন ধারণা একেবারেই বাতিল। কারণ, কোন হাদীস রাসূল (ﷺ) এর পক্ষ থেকে নির্ভরযোগ্য কোন সূত্রে আমাদের নিকট পৌঁছুলে তা মানতে ও বিশ্বাস করতে আমরা অবশ্যই বাধ্য। কারণ, তা তখন রাসূল (ﷺ) এর হাদীস বলেই প্রমাণিত। অন্য কোন সাধারণ

মানুষের কথা নয়। যা মানতে হয় না।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَلَا مُؤْمِنَةٍ إِذَا قَضَى اللهُ وَرَسُوْلُهُ أَمْرًا أَنْ يَّكُوْنَ لَهُمُ الْخِيَرَةُ مِنْ أَمْرِهِمْ، وَمَنْ يَّعْصِ اللهَ وَرَسُوْلَهُ فَقَدْ ضَلَّ ضَلَالًا مُّبِيْنًا﴾.

"আল্লাহ্ তা'আলা ও তদীয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কোন কিছুর আদেশ করলে তখন আর কোন মু'মিন পুরুষ ও মহিলার জন্য অন্য কোন সিদ্ধান্ত নেয়ার অধিকার থাকে না। কেউ আল্লাহ্ তা'আলা ও তদীয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর অবাধ্য হলে সে তো স্পষ্টতই পথভ্রষ্ট"। (আহ্যাব : ৩৬)

আল্লাহ্ তা'আলা আরো বলেন:

﴿قُلْ أَطِيْعُوْا اللهَ وَالرَّسُوْلَ، فَإِنْ تَوَلَّوْا فَإِنَّ اللهَ لَا يُحِبُّ الْكَافِرِيْنَ﴾.

"তুমি বলে দাও: তোমরা আল্লাহ্ তা'আলা ও তদীয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর আনুগত্য করো। যদি তারা তা না মানে তা হলে (তারা যেন জেনে রাখে) নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা কাফিরদেরকে ভালোবাসেন না"।

(আলি-ইম্রান : ৩২)

তিনি আরো বলেন:

﴿وَمَنْ يَّعْصِ اللهَ وَرَسُوْلَهُ فَإِنَّ لَهُ نَارَ جَهَنَّمَ خَالِدِيْنَ فِيْهَا أَبَدًا﴾.

"যারা আল্লাহ্ তা'আলা ও তদীয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর অবাধ্য হবে তাদের জন্য রয়েছে জাহান্নামের আগুন। তাতে তারা চিরকাল থাকবে"।

(জিন : ২৩)

আল্লাহ্ তা'আলা আরো বলেন:

﴿فَلْيَحْذَرِ الَّذِيْنَ يُخَالِفُوْنَ عَنْ أَمْرِهِ أَنْ تُصِيْبَهُمْ فِتْنَةٌ أَوْ يُصِيْبَهُمْ عَذَابٌ أَلِيْمٌ﴾

"যারা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর আদেশ অমান্য করে তাদের সতর্ক থাকা আবশ্যক এ আশংকায় যে, তাদের উপর নেমে আসবে বিপর্যয় অথবা আপতিত হবে কঠিন শাস্তি"। (সূরা নূর : ৬৩)

উক্ত আয়াতসমূহে কোন বিষয়কে বিশেষায়িত করা হয়নি। বরং রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সকল বাণী সর্ব বিষয়ে সমভাবেই গ্রহণযোগ্য। তাতে কোন পার্থক্য সৃষ্টি করা কখনোই বৈধ নয়।

ইমাম আহ্মাদ (রাহিমাহুল্লাহ্) বলেন:

كُلُّ مَا جَاءَ عَنِ النَّبِيِّ ﷺ بِإِسْنَادٍ جَيِّدٍ أَقْرَرْنَا بِهِ، وَإِذَا لَمْ نُقِرَّ بِمَا جَاءَ بِهِ الرَّسُوْلُ، وَدَفَعْنَاهُ وَرَدَدْنَاهُ؛ رَدَدْنَا عَلَى اللهِ أَمْرَهُ؛ قَالَ اللهُ تَعَالَى: ﴿وَمَآ أَتَاكُمُ الرَّسُوْلُ فَخُذُوْهُ، وَمَا نَهَاكُمْ عَنْهُ فَانْتَهُوْا﴾.

"সঠিক বর্ণন ধারায় রাসূল (ﷺ) এর পক্ষ থেকে আমাদের নিকট যা কিছু পৌঁছেছে তা সবই আমরা মেনে নেবো। যদি আমরা তা না মানি বরং তার কিয়দংশও প্রত্যাখ্যান করি তা হলে আমরা যেন আল্লাহ্ তা'আলার আদেশই প্রত্যাখ্যান করলাম। আল্লাহ্ তা'আলা বলেন: রাসূল (ﷺ) তোমাদেরকে যা দিয়েছেন তা তোমরা সাদরে গ্রহণ করো এবং যা করতে তিনি তোমাদেরকে নিষেধ করেছেন তা হতে তোমরা বিরত থাকো"।

[সূরা আল-হাশ্র : ৭ (ইত্'হাফুল জামা'আহ্ ১/৪]

ইব্নু হাজার (রাহিমাহুল্লাহ্) বলেন:

قَدْ شَاعَ فَاشِيًا عَمَلُ الصَّحَابَةِ وَالتَّابِعِيْنَ بِخَبْرِ الْوَاحِدِ؛ مِنْ غَيْرِ نَكِيْرٍ، فَاقْتَضَى الاتِّفَاقَ مِنْهُمْ عَلَى الْقَبُوْلِ.

"এক বা একাধিক ব্যক্তির বর্ণনা যা মুতাওয়াতিরের পর্যায়ে পৌঁছোয়নি এমন হাদীসের উপর আমল করার ব্যাপারটি সাহাবায়ে কিরাম ও তাবিয়ীনদের মধ্যে ব্যাপকভাবে প্রচলিত ছিলো। এতে কখনো কেউ দ্বিমত পোষণ করেননি। সুতরাং তা সকল বিষয়ে গ্রহণযোগ্য হওয়ার ব্যাপারটি ঐকমত্যের রূপই ধারণ করে"। (ফাত্'হুল বারী ১৩/২৩৪)

ইব্নু তাইমিয়াহ্ (রাহিমাহুল্লাহ্) বলেন:

السُّنَّةُ إِذَا ثَبَتَتْ فَإِنَّ الْمُسْلِمِيْنَ كُلَّهُمْ مُتَّفِقُوْنَ عَلَى وُجُوْبِ اتِّبَاعِهَا.

"রাসূল (ﷺ) এর কোন হাদীস যখন সঠিক বলে প্রমাণিত হয়ে যায় তখন সকল মুসলমান এ ব্যাপারে একমত যে, তা মানা সকলের উপরই ওয়াজিব"। (ফাতাওয়া : ১৯/৮৫)

এক বা একাধিক ব্যক্তির বর্ণনা যা মুতাওয়াতিরের পর্যায়ে পৌঁছোয়নি তা যে সকল বিষয়ে মানতে হবে এর বিশেষ প্রমাণসমূহ:

১. আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَمَا كَانَ الْمُؤْمِنُوْنَ لِيَنْفِرُوْا كَافَّةً، فَلَوْلَا نَفَرَ مِنْ كُلِّ فِرْقَةٍ مِّنْهُمْ طَائِفَةٌ لِيَتَفَقَّهُوْا فِيْ الدِّيْنِ وَلِيُنْذِرُوْا قَوْمَهُمْ إِذَا رَجَعُوْا إِلَيْهِمْ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ﴾.

"মু'মিনদের জন্য এটা কখনো উচিৎ নয় যে, তারা সবাই একই সঙ্গে যুদ্ধের জন্য বের হয়ে পড়বে। এমন কেন হয় না যে, তাদের প্রত্যেক বড় দল থেকে একটি ছোট দল বের হবে ধর্মীয় জ্ঞান শেখার জন্য যেন তারা বাকীদেরকে ভয় দেখাতে পারে যখন তারা এলাকায় ফিরে আসবে। হয়তো বা ওরা এরই মাধ্যমে সঠিক পথে ফিরে আসবে"। (তাওবাহ্ : ১২২)

কুর'আন মাজীদের মধ্যে একজনকেও "ত্বায়িফাহ্" বলা হয়েছে।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَإِنْ طَائِفَتَانِ مِنَ الْمُؤْمِنِيْنَ اقْتَتَلُوْا فَأَصْلِحُوْا بَيْنَهُمَا﴾

"মু'মিনদের দু'টি দল দ্বন্দ্ব-বিগ্রহে লিপ্ত হলে তোমরা তাদের মধ্যে অবশ্যই মীমাংসা করে দিবে"। ('হুজুরাত : ৯)

দু'টি দল কেন শুধুমাত্র দু'জনই কখনো পরস্পর দ্বন্দ্ব-বিগ্রহে লিপ্ত হলে তাদের মধ্যে মীমাংসা করে দেয়াও উক্ত আয়াতেরই অন্তর্গত। আর তখন এদের প্রতি জনই এক একটি ত্বায়িফাহ্ বলে গণ্য হবে।

সুতরাং প্রথমোক্ত আয়াতে ধর্মীয় ব্যাপারে একজনের কথাও যে গ্রহণযোগ্য তাই প্রমাণিত হলো। চাই তা হোক আক্বীদার ক্ষেত্রে অথবা শরীয়তের যে কোন বিধানের ক্ষেত্রে।

২. আল্লাহ্ তা'আলা আরো বলেন:

﴿يَأَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْآ إِنْ جَآءَكُمْ فَاسِقٌ بِنَبَإٍ فَتَبَيَّنُوْا﴾.

"হে ঈমানদারগণ! তোমাদের নিকট যে কোন পাপাচারী কোন বার্তা নিয়ে আসলে তোমরা তা যাচাই করে দেখবে"। ('হুজুরাত : ৬)

উক্ত আয়াত এটাই প্রমাণ করে যে, সংবাদদাতা যদি সৎ ও নির্ভরযোগ্য হয় তা হলে তার সংবাদ অবশ্যই মানতে হবে। তাতে কোন দ্বিধা করতে হবে না।

৩. তিনি আরো বলেন:

﴿يَاأَيُّهَا الَّذِيْنَ آمَنُوْا أَطِيْعُوْا اللهَ وَأَطِيْعُوْا الرَّسُوْلَ وَأُوْلِيْ الْأَمْرِ مِنْكُمْ، فَإِنْ تَنَازَعْتُمْ فِيْ شَيْءٍ فَرُدُّوْهُ إِلَى اللهِ وَالرَّسُوْلِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُوْنَ بِاللهِ وَالْيَوْمِ الْآخِرِ، ذٰلِكَ خَيْرٌ وَّأَحْسَنُ تَأْوِيْلًا﴾.

"হে ঈমানদারগণ! তোমরা আল্লাহ্ তা'আলার আনুগত্য করো, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর আনুগত্য করো এবং তোমাদের উপরস্থদের। অতঃপর তোমাদের মধ্যে কোন কিছু নিয়ে মতবিরোধ ঘটলে আল্লাহ্ তা'আলা ও তদীয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তথা কুর'আন ও হাদীসের দিকে প্রত্যাবর্তন করো। যদি তোমরা আল্লাহ্ তা'আলা ও পরকালে সঠিক বিশ্বাসী হয়ে থাকো। এটাই তোমাদের জন্য অধিক কল্যাণকর ও শ্রেষ্ঠ পরিসমাপ্তি"। (নিসা' : ৫৯)

যদি রাসূল এর সকল হাদীস সকল ক্ষেত্রে গ্রহণযোগ্যই না হয়ে থাকে তা হলে সকল ক্ষেত্রে তাঁর হাদীসের প্রতি প্রত্যাবর্তনের কোন গুরুত্বই থাকে না।

৪. রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাঁর সময়কার কাফির রাষ্ট্রপতিদের প্রতি কিছু দিন পরপর তাঁর পক্ষ থেকে দূত পাঠাতেন এবং মুসলিম অধ্যুষিত প্রতিটি এলাকায় পাঠাতেন তাঁর আমীর উমারাদেরকে। তখন ওই সকল এলাকার লোকজন যে কোন বিষয়ে তাঁদেরই শরণাপন্ন হতো। চাই তা আক্বীদার বিষয়েই হোক কিংবা আমলের বিষয়ে। যদি তাঁদের একার বর্ণনা তথা প্রচার-ফায়সালা শরীয়তের যে কোন ব্যাপারে গ্রহণযোগ্যই না হতো তা হলে যে কোন ব্যাপারে তাদের শরণাপন্ন হওয়ার কোন মানেই থাকে না।

৫. 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) তাঁর জনৈক আন্সারী সঙ্গীর সাথে এ মর্মে চুক্তিবদ্ধ হন যে, তিনি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর দরবারে অনুপস্থিত থাকলে সঙ্গীটি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সকল কথা তাঁর নিকট পৌঁছাবে। আর সে অনুপস্থিত থাকলে তিনি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সকল কথা তার নিকট পৌঁছাবেন।

একক ব্যক্তির বর্ণনা যদি সকল ক্ষেত্রে গ্রহণযোগ্য না হতো তা হলে তাঁদের উক্ত চুক্তির কোন সার্থকতাই থাকে না।

৬. রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

نَضَّرَ اللهُ امْرًا سَمِعَ مِنَّا حَدِيْثًا فَحَفِظَهُ حَتَّى يُبَلِّغَهُ، فَرُبَّ مُبَلَّغٍ أَوْعَى مِنْ سَامِعٍ.

"আল্লাহ্ তা'আলা সজীব ও সতেজ করুক সে ব্যক্তিকে যে আমার কোন একটি হাদীস শুনে তা মুখস্থ করলো এবং তা অন্যের কাছে পৌঁছিয়ে

দিলো। কারণ, অনেক সময় এমনো দেখা যায় যে, যার নিকট হাদীসটি পৌঁছিয়ে দেয়া হলো সে শ্রোতার চাইতেও বেশি ধারণক্ষম"।

(আহ্‌মাদ, হাদীস ৪১৫৭)

যদি রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সকল হাদীস (চাই তা একক বর্ণনায় হোক অথবা একাধিক বর্ণনায়) সকল ক্ষেত্রে গ্রহণযোগ্য না হতো তা হলে এতো কষ্ট করে হাদীসগুলো মুখস্থ করে অন্যের কাছে পৌঁছানোর ব্যাপারটিকে রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ব্যাপকহারে উৎসাহিত করতেন না। বরং দয়ার নবী এ কথা সকলকে অবশ্যই জানিয়ে দিতেন যে, একক বর্ণনা আক্বীদার ক্ষেত্রে গ্রহণযোগ্য নয়। তাই তা নিয়ে এতো কষ্ট করার কোন কাম নেই।

মূলতঃ একক ব্যক্তির বর্ণনা যে আক্বীদার ক্ষেত্রে গ্রহণযোগ্য নয় এমন কথাটি নব আবিস্কৃত। যদি শরীয়তে এমন কিছু থেকে থাকতো তা হলে সাহাবায়ে কিরাম অবশ্যই তা জানতেন এবং পরবর্তীদেরকে সে ব্যাপারে সংকেতও দিতেন।

বরং পর্যালোচিত বিষয়টি এমন মারাত্মক যে, যদি তা মানা হয় তা হলে বিশুদ্ধ হাদীসে বর্ণিত এমন অনেকগুলো আক্বীদাকেই প্রত্যাখ্যান করতে হয় যা এমন বর্ণনায় বর্ণিত এবং যা নিম্নরূপ:

ক. আমাদের নবী হযরত মুহাম্মাদ (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সকল নবী এবং রাসূলগণের চাইতেও শ্রেষ্ঠ।

খ. রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কিয়ামতের দিন এমন একটি বড় ধরনের সুপারিশ করবেন যা অন্য কোন নবী করতে পারবেন না।

গ. নবী (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নিজ উম্মতের মধ্যকার কবীরা গুনাহ্‌গারদের জন্য কিয়ামতের দিন সুপারিশ করবেন।

ঘ. কুর'আন মাজীদ ছাড়া রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সকল মু'জিযাহ্‌ তথা অলৌকিক কর্মকাণ্ড।

ঙ. সৃষ্টির প্রারম্ভিক কথা, ফিরিশ্‌তা ও জিনের বর্ণনা এবং জান্নাত ও জাহান্নামের বিশদ বর্ণনা যা কুর'আন মাজীদে উল্লিখিত হয়নি।

চ. কবরে মুন্‌কার ও নাকীর ফিরিশ্‌তাদ্বয়ের প্রশ্নোত্তর।

ছ. মৃত ব্যক্তিকে কবরের ভয়ঙ্কর চাপ।

জ. পুল-স্বিরাত, হাউজে কাউসার ও আমলনামা মাপার বিশেষ দাঁড়িপাল্লার বিশদ বর্ণনা।

ঝ. মায়ের পেটে থাকাবস্থায় আল্লাহ্ তা'আলা প্রতিটি মানুষের রিযিক, মৃত্যু, সুভাগ্য ও দুর্ভাগ্য লিখে দিয়েছেন।

ঙ. রাসূল (ﷺ) এর অনেকগুলো বিশেষত্ব যা বিশুদ্ধ হাদীসে পাওয়া যায়। যেমন: রাসূল (ﷺ) নিজ জীবদ্দশায় জান্নাতে প্রবেশ করেছেন, সেখানে তিনি জান্নাতীদেরকে এবং জান্নাতের নিয়ামতসমূহ দেখেছেন। তাঁর সাথের জিন ইসলাম গ্রহণ করেছে। ইত্যাদি ইত্যাদি।

চ. এ কথা বিশ্বাস করা যে, রাসূল (ﷺ) তাঁর জীবদ্দশায় যাঁদেরকে জান্নাতের সুসংবাদ দিয়েছেন তাঁরা নিশ্চয়ই জান্নাতী।

ছ. কবীরা গুনাহ্গাররা চিরকাল জাহান্নামে থাকবে না। বরং প্রয়োজনীয় শাস্তি গ্রহণের পর তাদেরকে জান্নাত দেয়া হবে।

জ. কিয়ামতের বিস্তারিত বর্ণনা যা কুর'আন মাজীদে উল্লিখিত হয়নি।

ঝ. কিয়ামতের অধিকাংশ আলামতসমূহ। যেমন: মাহ্দীর বের হওয়া, ঈসা (عليه السلام) এর অবতরণ, দাজ্জাল ও আগুনের বের হওয়া, পশ্চিম আকাশে সূর্য উঠা, এক আজব পশুর বের হওয়া ইত্যাদি ইত্যাদি।

আরবী ভাষায় কিয়ামত তথা "আস্সা'আহ্" শব্দের বিভিন্ন ব্যবহার:

আরবী ভাষায় "আস্সা'আহ্" শব্দটি নিম্নোক্ত তিনটি অর্থেই ব্যবহার করা হয়:

ক. ছোট কিয়ামত তথা মানুষের মৃত্যু। সুতরাং যে ব্যক্তি মারা গেলো তার কিয়ামত কায়েম হয়ে গেলো। কারণ, সে পরকালে পাড়ি জমিয়েছে।

খ. মাঝারী কিয়ামত তথা একই শতাব্দীর সকল মানুষের মৃত্যু।

আরবের বেদুইনরা রাসূল (ﷺ) কে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি তাদের মধ্যকার অল্প বয়সের লোকটির প্রতি ইঙ্গিত করে বলতেন:

إِنْ يَعِشْ هَذَا لَمْ يُدْرِكْهُ الْهَرَمُ قَامَتْ عَلَيْكُمْ سَاعَتُكُمْ.

"এ লোকটি যদি বেঁচে থাকে এবং তাকে বার্ধক্য পেয়ে না বসে তা হলে তখনই তোমাদের কিয়ামত কায়েম হবে"। (ফাত'হুল্ বারী ১১/৩৬৩)

গ. বড় কিয়ামত তথা হিসাব-নিকাশের জন্য মানুষের পুনরুত্থান। সাধারণত "আস্সা'আহ্" বলতে বড় কিয়ামতকেই বুঝানো হয়।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿اقْتَرَبَتِ السَّاعَةُ وَانْشَقَّ الْقَمَرُ﴾

"কিয়ামত একেবারেই অত্যাসন্ন ; চন্দ্র তো বিদীর্ণ হয়ে গেছে"।

(ক্বামার : ১)

আল্লাহ্ তা'আলা ''আল্-ওয়াক্বি'আহ্" ও ''আল্-ক্বিয়ামাহ্" সূরাদ্বয়ে ছোট-বড় উভয় কিয়ামতের কথাই একই সঙ্গে উল্লেখ করেন।

কিয়ামতের নিদর্শনসমূহ এবং তার প্রকারভেদ:

কিয়ামতের নিদর্শনসমূহ সাধারণত দু'ভাগে বিভক্ত।

ক. ছোট আলামতসমূহ। যা কিয়ামতের বহু পূর্ব থেকেই দেখা যাচ্ছে এবং যা খুব স্বাভাবিক গতিতেই মানব সমাজে ঘটে যাচ্ছে। যেমন: মূর্খতার ছড়াছড়ি, মদ্যপান, ধর্মীয় জ্ঞানের বিশেষ সঙ্কট ইত্যাদি ইত্যাদি।

খ. বড় আলামতসমূহ। যা কিয়ামতের পূর্বক্ষণেই দেখা যাবে এবং যা হবে খুবই অস্বাভাবিক। যেমন: দাজ্জালের আবির্ভাব, 'ঈসা (عليه السلام) এর অবতরণ, ইয়াজূজ-মাজূজের উত্থান ইত্যাদি ইত্যাদি।

আবার কেউ কেউ আবির্ভাবের সময়কালকে বিশেষভাবে বিবেচনা করে সেগুলোকে তিন ভাগে বিভক্ত করেন। যা নিম্নরূপ:

ক. যা ইতিপূর্বে ঘটে গেছে। যেমন: নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নবু'ওয়াতপ্রাপ্তি ও তাঁর মৃত্যু, বাইতুল মাক্বদিসের বিজয়, মদীনার ঐতিহাসিক অগ্নিকাণ্ড ইত্যাদি ইত্যাদি।

খ. যা ইতিপূর্বে প্রকাশ পেয়েছে এবং তা এখনো প্রকাশ পাচ্ছে তবে আরো বেশি হারে। যেমন: ভূমিকম্প, আমানতের আত্মসাৎ, অযোগ্য লোকের ক্ষমতায়ন, জ্ঞানের বিদায়, মূর্খতার ছড়াছড়ি ইত্যাদি ইত্যাদি।

গ. যা এখনো প্রকাশ পায়নি এবং যা প্রকাশ পাবে কিয়ামতের পূর্বক্ষণেই। যেমন: দাজ্জালের আবির্ভাব, 'ঈসা (عليه السلام) এর অবতরণ, ইয়াজূজ-মাজূজের উত্থান ইত্যাদি ইত্যাদি।

কেউ কেউ আবার আবির্ভাবের স্থান বিবেচনায় সেগুলোকে দু'ভাগে বিভক্ত করেন। যা নিম্নরূপ:

ক. নভোমণ্ডলীয় নিদর্শনসমূহ। যেমন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর যুগে চন্দ্রের বিদীর্ণ হওয়া, চাঁদ উঠতেই বড় হয়ে উঠা, পশ্চিম আকাশে সূর্য উঠা ইত্যাদি ইত্যাদি।

খ. ভূমণ্ডলীয় নিদর্শনসমূহ। যেমন: দাজ্জালের আবির্ভাব, 'ঈসা (عليه السلام) এর অবতরণ, ইয়াজূজ-মাজূজের উত্থান ইত্যাদি ইত্যাদি।

কিয়ামতের ছোট ছোট নিদর্শনসমূহ

নিম্নে এমন কিছু কিয়ামতের নিদর্শনসমূহ নিয়ে আলোচনা করা হবে যা শুধু বিশুদ্ধ হাদীস কর্তৃকই প্রমাণিত। তবে নিদর্শনগুলো আলোচনার সময় নিশ্চিত ধারাবাহিকতা রক্ষা করা সম্ভব হয়নি। কারণ, এ ব্যাপারে কোন বিশুদ্ধ এক বা একাধিক হাদীস বর্ণিত হয়নি। এতদ্সত্ত্বেও সে নিদর্শনসমূহ প্রথমে উল্লেখ করা হয়েছে যা ঘটে গেছে বলে 'উলামায়ে কিরাম ধারণা করছেন। এরপর সার্বিক পরিস্থিতি বিবেচনা করে বাকিগুলোকেও আগপর করা হয়েছে।

এ কথা সবার স্মরণ রাখতে হবে যে, কিয়ামতের কিছু কিছু ছোট নিদর্শনের আবির্ভাব সাহাবাদের যুগেই ঘটে গেছে এবং তা দিন দিন আরো বেড়ে যাচ্ছে ও যাবে। এমনকি কিয়ামতের পূর্বক্ষণে তা সমাজের রন্ধ্রে রন্ধ্রে একেবারেই বদ্ধমূল হয়ে পড়বে। যেমন: জ্ঞানের বিদায় ও মূর্খতার আবির্ভাব। তা দিন দিন বেড়েই যাচ্ছে। এমনকি তা ধীরে ধীরে চরম আকারে ব্যাপক রূপ ধারণ করবে। তবে কিছু আলিম তো থেকেই যাবে। কিন্তু তারা হবে সমাজে একেবারেই অপরিচিত এবং নিগৃহীত।

কোন বস্তু বা বিষয় কিয়ামতের নিদর্শন বলে সাব্যস্ত হলে তা এটা প্রমাণ করে না যে, উক্ত বস্তু বা বিষয় হারাম ও নিন্দনীয়। যেমন: অট্টালিকা নির্মানে রাখালদের প্রতিযোগিতা, মালের আধিক্য ইত্যাদি নিশ্চয়ই হারাম ও নিন্দনীয় নয়। বরং কিছু কিছু নিদর্শন জায়িয এবং ওয়াজিবও রয়েছে।

নিম্নে কিয়ামতের ছোট নিদর্শনসমূহ প্রমাণ সহ উল্লিখিত হয়েছে:

১. আমাদের প্রিয় নবী মুহাম্মাদ (ﷺ) এর নবু'ওয়াতপ্রাপ্তি:

আমাদের প্রিয় নবী মুহাম্মাদ (ﷺ) এর নবু'ওয়াতপ্রাপ্তি কিয়ামতের একটি ছোট নিদর্শন। কারণ, তিনি সর্বশেষ নবী। তাঁর পরে আর কোন নবী আসবেন না।

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

بُعِثْتُ أَنَا وَالسَّاعَةُ كَهَاتَيْنِ.

"আমাকে এবং কিয়ামতকে এতো নিকটবর্তী সময়ে পাঠানো হয়েছে যে, যেমন একটি আঙ্গুল আরেকটি আঙ্গুলের একেবারেই পাশাপাশি"। (বুখারী ৬৫০৪; মুসলিম ২৯৫১)

আবূ জুবাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

بُعِثْتُ فِيْ نَسَمِ السَّاعَةِ.

"আমাকে কিয়ামতের প্রাদুর্ভাব কালেই পাঠানো হয়েছে"।

(দূলাবী/কুনা ১/২৩ ইবনু মান্দাহ্/মা'রিফাহ্ ২/২৩৪/২)

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন:

بُعِثْتُ أَنَا وَالسَّاعَةُ جَمِيْعًا، إِنْ كَادَتْ لَتَسْبِقُنِيْ.

"আমাকে এবং কিয়ামতকে একত্রেই পাঠানো হয়েছে। এমনকি কিয়ামত আমার আগেই আসতে চাচ্ছিলো"। (আহ্মাদ ৫/৩৪৮)

মুত্ব'ইম বিন্ 'আদি' (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

أَنَا الْحَاشِرُ الَّذِيْ يُحْشَرُ النَّاسُ عَلَى قَدَمَيَّ، وَأَنَا الْعَاقِبُ الَّذِيْ لَيْسَ بَعْدَهُ أَحَدٌ.

"আমি 'হাশির যাঁর পরপরই মানুষের হাশ্র-নশ্র হবে এবং আমি 'আক্বিব যাঁর পর আর কোন নবী আসবেন না"।

(বুখারী ৩৫৩২; মুসলিম ২৩৫৪)

২. চন্দ্র দ্বিখণ্ডিত হওয়া:

চন্দ্র দ্বিখণ্ডিত হওয়াও কিয়ামতের একটি ছোট নিদর্শন।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿اقْتَرَبَتِ السَّاعَةُ وَانْشَقَّ الْقَمَرُ﴾

"কিয়ামত একেবারেই অত্যাসন্ন ; চন্দ্র তো বিদীর্ণ হয়ে গেছে"।

(ক্বামার : ১)

আব্দুল্লাহ্ বিন্ মাস্'ঊদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন:

بَيْنَمَا نَحْنُ مَعَ رَسُوْلِ اللهِ ﷺ بِمِنًى إِذِ انْفَلَقَ الْقَمَرُ فِلْقَتَيْنِ، فَكَانَتْ فِلْقَةٌ وَرَاءَ الْجَبَلِ، وَفِلْقَةٌ دُوْنَهُ، فَقَالَ لَنَا رَسُوْلُ اللهِ ﷺ : اشْهَدُوْا.

"আমরা একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সাথে মিনায় অবস্থান করছিলাম। এমতাবস্থায় হঠাৎ চাঁদটি দু' টুকরো হয়ে গেলো। এক টুকরো পাহাড়ের পেছনে এবং আরেক টুকরো পাহাড়ের সামনে। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)

আমাদেরকে উদ্দেশ্য করে বললেন: তোমরা এ ব্যাপারে সাক্ষী থাকো"।

(মুসলিম ৪/১১৫৮)

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: "মক্কাবাসীরা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট একটি নিদর্শন কামনা করছিলো। আর তখনই তিনি তাদেরকে চন্দ্রের দ্বিখণ্ডিত হওয়া দেখালেন"। (মুসলিম ৪/১১৫৮)

৩. আমাদের প্রিয় নবী মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর মৃত্যু বরণ:

আমাদের প্রিয় নবী মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর মৃত্যু বরণও কিয়ামতের একটি ছোট নিদর্শন।

'আউফ্ বিন্ মালিক (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

أُعْدُدْ سِتًّا بَيْنَ يَدَيِ السَّاعَةِ: مَوْتِيْ، ثُمَّ فَتْحُ بَيْتِ الْمَقْدِسِ، ثُمَّ مُوْتَانٌ يَأْخُذُ فِيْكُمْ كَقُعَاصِ الْغَنَمِ، ثُمَّ اسْتِفَاضَةُ الْمَالِ حَتَّى يُعْطَى الرَّجُلُ مِئَةَ دِيْنَارٍ فَيَظَلُّ سَاخِطًا، ثُمَّ فِتْنَةٌ لَا يَبْقَى بَيْتٌ مِنَ الْعَرَبِ إِلَّا دَخَلَتْهُ، ثُمَّ هُدْنَةٌ تَكُوْنُ بَيْنَكُمْ وَبَيْنَ بَنِيْ الْأَصْفَرِ فَيَغْدِرُوْنَ، فَيَأْتُوْنَكُمْ تَحْتَ ثَمَانِيْنَ غَايَةٍ، تَحْتَ كُلِّ غَايَةٍ اثْنَا عَشَرَ أَلْفًا.

"কিয়ামতের পূর্বে ছয়টি বিষয় গুনে রাখো যা অবশ্যই ঘটবে। আমার মৃত্যু অতঃপর বাইতুল্ মাক্বদিসের বিজয়। অতঃপর তোমাদের মাঝে বিপুল হারে মৃত্যু বরণ ছাগলের "ক্ব'আস্ব" রোগের ন্যায় দেখা দিবে। যা দেখা দিলে ছাগলের নাক দিয়ে কিছু একটা বের হয়ে ছাগলটি হঠাৎ মরে যায়। অতঃপর মানুষের মাঝে ধন-সম্পদের অত্যাধিক্য দেখা দিবে। এমনকি কাউকে একশ'টি দীনার সাদাকা দিলেও সে খুশি হবে না। অতঃপর এমন ফিতনা যা আরবদের প্রতিটি ঘরে ঘরে প্রবেশ করবে। অতঃপর তোমাদের মাঝে ও রোমানদের মাঝে একটি চুক্তি সম্পাদিত হবে। কিন্তু তারা উক্ত চুক্তি ভঙ্গ করে আশিটি ঝাণ্ডার অধীনে যুদ্ধ করবে। প্রত্যেক ঝাণ্ডার অধীনে থাকবে বারো হাজার সৈন্য"। (বুখারী ৩১৭৬)

৪. বাইতুল্ মাক্বদিসের বিজয়:

বাইতুল্ মাক্বদিসের বিজয় কিয়ামতের আরেকটি নিদর্শন। যা পূর্বের হাদীসে বর্ণিত হয়েছে।

‘উমার (রাযিয়াল্লাহু তা‘আলা আনহু) এর যুগে তথা ষোল হিজরী সনে বাইতুল্ মাক্বদিসের মহা বিজয় সাধিত হয়। তখন ‘উমার (রাযিয়াল্লাহু তা‘আলা আনহু) নিজেই সেখানে গিয়েছেন এবং সেখানকার অধিবাসীদের সাথে চুক্তি করেছেন। তিনি উক্ত পবিত্র ভূমিকে ইহুদি ও খ্রিস্টানদের কব্জামুক্ত করেন। এমনকি সেখানে বাইতুল্ মাক্বদিসের কিবলামুখে একটি মসজিদও তৈরি করেন।

৫. ‘আম্ওয়াস মহামারী:

‘আম্ওয়াস অঞ্চলের ভয়াবহ মহামারী কিয়ামতের আরেকটি নিদর্শন। যা পূর্বের হাদীসে বর্ণিত হয়েছে। ‘আমওয়াস অঞ্চলটি ফিলিস্তিনের একটি শহর যা রামাল্লাহ্ শহর থেকে ছয় মাইল দূরে বাইতুল্ মাক্বদিসের পথেই অবস্থিত। ‘উমার (রাযিয়াল্লাহু তা‘আলা আনহু) এর যুগে তথা আঠারো হিজরী সনে সেখানে ভয়াবহ এক মহামারী দেখা দেয়। পরে তা আশপাশের কয়েকটি এলাকায় ছড়িয়ে পড়ে। ঐতিহাসিকদের মতে সে মহামারীতে ২৫ হাজার মুসলমান মৃত্যু বরণ করে। তাতে জান্নাতের সুসংবাদপ্রাপ্ত বিশিষ্ট সাহাবী আবূ ‘উবাইদাহ্ ‘আমির বিন্ জার্‌রাহ্ও মৃত্যু বরণ করেন।

৬. ধন-সম্পদের অত্যাধিক্য:

ধন-সম্পদের অত্যাধিক্য কিয়ামতের আরেকটি নিদর্শন। যা পূর্বের হাদীসে বর্ণিত হয়েছে।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা‘আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يَكْثُرَ فِيْكُمُ الْـمَالُ، فَيَفِيْضَ حَتَّى يُهِـمَّ رَبَّ الْـمَالِ مَـنْ يَّقْبَـلُ صَدَقَتَهُ، وَحَتَّى يَعْرِضَهُ فَيَقُوْلَ الَّذِيْ يَعْرِضُهُ عَلَيْهِ لَا أَرَبَ لِيْ.

“কিয়ামত আসবে না যতক্ষণ না তোমাদের সম্পদ বেড়ে যায়। এমনভাবে বেড়ে যাবে যে, সম্পদই সম্পদশালীর মাথা ব্যথার কারণ হবে। সে সাদাকাহ্ গ্রহণকারীর খোঁজে বের হবে। এমনকি যাকেই সে সাদাকাহ্ দিতে চাবে সে বলবে: এতে আমার কোন প্রয়োজন নেই”।

(বুখারী ১৪১২; মুসলিম ১৭৫)

আবূ মূসা (রাযিয়াল্লাহু তা‘আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَيَأْتِيَنَّ عَلَى النَّاسِ زَمَانٌ يَطُوْفُ الرَّجُلُ فِيْهِ بِالصَّدَقَةِ مِنَ الذَّهَبِ ثُمَّ لَا يَجِدُ أَحَدًا يَأْخُذُهَا مِنْهُ.

"মানুষের উপর এমন এক সময় আসবে যখন সে স্বর্ণের সাদাকা নিয়ে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াবে ; অথচ তা নেয়ার জন্য সে কাউকে খুঁজে পাবে না"। (মুসলিম ১০১২)

'আদি' বিন্ হা'তিম (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আমি নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট অবস্থান করছিলাম এমতাবস্থায় জনৈক ব্যক্তি তাঁর নিকট এসে দারিদ্রের অভিযোগ করছিলো আর অন্য জন করছিলো ডাকাতির অভিযোগ। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাকে উদ্দেশ্য করে বললেন: হে 'আদি'! তুমি কি 'হীরায় গিয়েছিলে? আমি বললাম: যাইনি। তবে 'হীরা এলাকার নাম শুনেছি। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাকে বললেন: হে 'আদি'! তুমি বেঁচে থাকলে অবশ্যই দেখবে যে, একদা জনৈকা মুসাফির মহিলা 'হীরা থেকে রওয়ানা করে মক্কায় পৌঁছে কা'বা ঘর তাওয়াফ করবে ; অথচ পথিমধ্যে সে একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া আর কাউকেই ভয় পাবে না। হযরত 'আদি' বলেন: তখন আমি মনে মনে ভাবছিলাম, আরে! ত্বায় গোত্রের ডাকাতরা তখন কোথায় থাকবে?! যারা অত্র অঞ্চলটিকে সর্বদা উত্তপ্ত করে রাখছিলো। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন: হে 'আদি'! তুমি বেঁচে থাকলে অবশ্যই দেখবে যে, একদা কিস্‌রা তথা পারস্য সম্রাটের ধনভাণ্ডার তোমাদের করায়ত্তে আসবে। তখন আমি বলছিলাম: হুরমুযের ছেলে কিস্‌রা?! তিনি বললেন: অবশ্যই। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন:

لَئِنْ طَالَتْ بِكَ حَيَاةٌ لَتَرَيَنَّ الرَّجُلَ يُخْرِجُ مِلْءَ كَفِّهِ مِنْ ذَهَبٍ أَوْ فِضَّةٍ يَطْلُبُ مَنْ يَقْبَلُهُ مِنْهُ فَلَا يَجِدُ أَحَدًا يَقْبَلُهُ مِنْهُ.

"(হে 'আদি'!) তুমি বেঁচে থাকলে অবশ্যই দেখবে যে, একদা জনৈক ব্যক্তি এক করতলভর্তি সোনা বা রুপার সাদাকা নিয়ে তা গ্রহণ করার জন্য লোক খুঁজবে ; অথচ সে এমন কাউকে পাবে না"। (বুখারী ৩৫৯৫)

ঐতিহাসিকদের মতে 'উমার বিন্ 'আব্দুল আযীযের যুগে এমনটি ঘটেছিলো। তখন সাদাকা নেয়ার কেউ ছিলো না। 'ঈসা ও মাহ্দী

(আলাইহিমাস্ সালাম) এর যুগে আবারো ধনাধিক্য দেখা দিবে। তখনো সাদাকা নেয়ার জন্য কেউ থাকবে না। জমিন তখন তার সমস্ত ধন-ভাণ্ডার উগলে দিবে।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

تَقِيْءُ الْأَرْضُ أَفْلَاذَ كَبِدِهَا، أَمْثَالَ الْأُسْطُوَانِ مِنَ الذَّهَبِ وَالْفِضَّةِ، فَيَجِيْءُ الْقَاتِلُ فَيَقُوْلُ: فِيْ هَذَا قَتَلْتُ، وَيَجِيْءُ الْقَاطِعُ فَيَقُوْلُ: فِيْ هَذَا قَطَعْتُ رَحِمِيْ، وَيَجِيْءُ السَّارِقُ فَيَقُوْلُ: فِيْ هَذَا قُطِعَتْ يَدِيْ، ثُمَّ يَدَعُوْنَهُ، فَلَا يَأْخُذُوْنَ مِنْهُ شَيْئًا.

"জমিন তখন তার সমস্ত ধন-ভাণ্ডার সোনা-রুপার খুঁটির ন্যায় উগলে দিবে। তখন হত্যাকারী তা দেখে বলবে: এ সম্পদের জন্যই তো আমি হত্যাকাণ্ড ঘটিয়েছিলাম। আত্মীয়তার বন্ধন ছিন্নকারী বলবে: এ সম্পদের জন্যই তো আমি আত্মীয়তার বন্ধন ছিন্ন করেছিলাম। চোর বলবে: এ সম্পদের জন্যই তো আমার হাত খানা কাটা হয়েছিলো। অতঃপর কেউই উক্ত সম্পদ গ্রহণ করবে না। তা যথাস্থানে রেখেই সবাই চলে যাবে"।

(মুসলিম ১০১৩)

৭. ফিতনার আবির্ভাব:

ফিতনা বলতে প্রথমত কোন না কোন বিপদাপদের মাধ্যমে কাউকে পরীক্ষা করাকেই বুঝানো হতো। পরবর্তীতে তা কর্তৃক পরীক্ষার ফল সরূপ অনভিপ্রেত যে কোন ব্যাপারকেই বুঝানো হয়ে থাকে। এমনকি পরিশেষে তা যে কোন অকল্যাণ ও গুনাহ্'র কর্মকাণ্ডেই ব্যবহৃত হয়। যেমন: কুফরি, হত্যা, অগ্নিকাণ্ড, ভ্রষ্টতা, মতানৈক্য ইত্যাদি।

কোন মহৎ উদ্দেশ্য থেকে গাফিল থাকাকেও ফিতনা বলে আখ্যায়িত করা হয়। আল্লাহ্ তা'আলা বলেন:

﴿إِنَّمَا أَمْوَالُكُمْ وَأَوْلَادُكُمْ فِتْنَةٌ، وَاللهُ عِنْدَهُ أَجْرٌ عَظِيْمٌ﴾

"নিশ্চয়ই তোমাদের ধন-সম্পদ ও ছেলে-সন্তান তোমাদের জন্য ফিতনা তথা তোমাদেরকে মূল উদ্দেশ্য থেকে গাফিল করে দেয়। তবে এর জন্য রয়েছে আল্লাহ্ তা'আলার নিকট তোমাদের জন্য মহা প্রতিদান"।

(তাগাবুন : ১৫)

কাউকে সঠিক ধর্ম বিশ্বাস ত্যাগ করতে বাধ্য করাকেও ফিতনা বলে

আখ্যায়িত করা হয়। আল্লাহ্ তা'আলা বলেন:

﴿إِنَّ الَّذِيْنَ فَتَنُوْا الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنَاتِ ثُمَّ لَمْ يَتُوْبُوْا فَلَهُمْ عَذَابُ جَهَنَّمَ وَلَهُمْ عَذَابُ الْحَرِيْقِ﴾

"নিশ্চয় যারা ঈমানদার নর-নারীদেরকে ফিতনায় ফেলেছে তথা তাদেরকে সত্য ধর্ম ত্যাগ করতে বাধ্য করেছে অতঃপর তারা উক্ত কাজ থেকে তাওবা'ও করেনি তাদের জন্য রয়েছে জাহান্নামের শাস্তি ও দহন যন্ত্রণা"। (বুরূজ : ১০)

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কিয়ামতের নিদর্শন সরূপ ফিতনার আবির্ভাবের কথা উল্লেখ করেন। তখন সত্য-মিথ্যার মাঝে কোন ব্যবধানই থাকবে না। বিশেষ করে তখন ঈমানেরই খুব দ্রুত অবনতি ঘটবে। সকালে কেউ ঈমানদার বলে বিবেচিত হলে বিকেলে হবে সে কাফির। আবার বিকেলে কেউ ঈমানদার বলে বিবেচিত হলে সকালে হবে সে কাফির। যখনই কোন ফিতনা দেখা দিবে তখনই মু'মিন ব্যক্তি ভয়ার্ত কণ্ঠে বলে উঠবে: এতেই তো আমার ধ্বংস অনিবার্য। অতঃপর তা কেটে গিয়ে আরেকটি ফিতনা দেখা দিলে সে বলবে: এটি, এটি। এমনিভাবেই ফিতনার পর ফিতনা আসতেই থাকবে কিয়ামত পর্যন্ত।

আবূ মূসা আশ্'আরী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ بَيْنَ يَدَيِ السَّاعَةِ فِتَنًا كَقِطَعِ اللَّيْلِ الْمُظْلِمِ، يُصْبِحُ الرَّجُلُ فِيْهَا مُؤْمِنًا وَيُمْسِيْ كَافِرًا، وَيُمْسِيْ مُؤْمِنًا وَ يُصْبِحُ كَافِرًا، الْقَاعِدُ فِيْهَا خَيْرٌ مِنَ الْقَائِمِ، وَالْقَائِمُ فِيْهَا خَيْرٌ مِنَ الْمَاشِيْ، وَالْمَاشِيْ فِيْهَا خَيْرٌ مِنَ السَّاعِيْ، فَكَسِّرُوْا قِسِيَّكُمْ، وَقَطِّعُوْا أَوْتَارَكُمْ، وَاضْرِبُوْا بِسُيُوْفِكُمُ الْحِجَارَةَ، فَإِنْ دُخِلَ عَلَى أَحَدِكُمْ فَلْيَكُنْ كَخَيْرِ ابْنَيْ آدَمَ.

"কিয়ামতের পূর্বক্ষণে ফিতনার পর ফিতনা দেখা দিবে যেমন আঁধার রাতের টুকরোসমূহ। কোন ব্যক্তি সকালে ঈমানদার থাকলে বিকেলে হবে কাফির এবং বিকেলে ঈমানদার থাকলে সকালে হবে কাফির। এমন পরিস্থিতিতে বসা ব্যক্তি উত্তম দাঁড়ানো ব্যক্তির চাইতে এবং দাঁড়ানো ব্যক্তি উত্তম চলন্ত ব্যক্তির চাইতে এবং চলন্ত ব্যক্তি উত্তম দৌড়ানো ব্যক্তির চাইতে। অতএব তোমরা তখন নিজ নিজ ধনুকগুলো ভেঙ্গে ফেলবে এবং

তারগুলোও ছিঁড়ে ফেলবে। তলোয়ারগুলো পাথরে মেরে ওগুলোর ধার নষ্ট করে দিবে। এরপরও কেউ জোরপূর্বক তোমাদের ঘরে ঢুকে পড়লে তার সাথে আদম সন্তান হাবিলের ন্যায় আচরণ করবে তথা তার দিকে আক্রমণের হাত বাড়াবে না"।

(আহ্মাদ ৪/৪০৮ আবূ দাউদ/'আউনুল্ মা'বূদ ১১/৩৩৭ ইব্নু মাজাহ্ ২/১৩১০ হা'কিম ৪/৪৪০ স'হীহুল্ জা'মি', হাদীস ২০৪৫)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

بَادِرُوْا بِالْأَعْمَالِ فِتَنًا كَقِطَعِ اللَّيْلِ الْمُظْلِمِ، يُصْبِحُ الرَّجُلُ مُؤْمِنًا وَيُمْسِيْ كَافِرًا، أَوْ يُمْسِيْ مُؤْمِنًا وَيُصْبِحُ كَافِرًا، يَبِيْعُ دِيْنَهُ بِعَرَضٍ مِنَ الدُّنْيَا.

"তোমরা দ্রুত আমল করো ফিতনা আসার পূর্বে যেমন: তা আঁধার রাতের টুকরোসমূহ। কোন ব্যক্তি সকালে ঈমানদার থাকলে বিকেলে হবে কাফির অথবা বিকেলে ঈমানদার থাকলে সকালে হবে কাফির। ধর্মকে সে বিক্রি করে দিবে দুনিয়ার সামান্য সম্পদের বিনিময়ে"। (মুসলিম ১১৮)

উম্মে সালামাহ্ (রাযিয়াল্লাহু আন্হা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

اسْتَيْقَظَ رَسُوْلُ اللهِ ﷺ لَيْلَةً فَزِعًا، يَقُوْلُ: سُبْحَانَ اللهِ! مَاذَا أَنْزَلَ اللهُ مِنَ الْخَزَائِنِ، وَمَاذَا أُنْزِلَ مِنَ الْفِتَنِ، مَنْ يُوْقِظُ صَوَاحِبَ الْحُجُرَاتِ - يُرِيْدُ أَزْوَاجَهُ لِكَيْ يُصَلِّيْنَ - رُبَّ كَاسِيَةٍ فِيْ الدُّنْيَا عَارِيَةٍ فِيْ الْآخِرَةِ.

"রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা রাত্রি বেলায় ভয়ে ও আতঙ্কে ঘুম থেকে জেগে গিয়ে বললেন: আশ্চর্য! কতই না ধন-ভাণ্ডার আল্লাহ্ তা'আলা নাযিল করেছেন এবং তিনি অবতীর্ণ করেছেন কতই না ফিতনা। কে আছে আমার হুজরাবাসী স্ত্রীদেরকে নামাযের জন্য জাগিয়ে দিবে। দুনিয়াতে বহু কাপড় পরিহিতা আখিরাতে উলঙ্গিনী থাকবে"। (বুখারী ৭০৬৯)

আব্দুল্লাহ্ বিন্ 'আমর বিন্ 'আস্ব (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّهُ لَمْ يَكُنْ نَبِيٌّ قَبْلِيْ إِلَّا كَانَ حَقًّا عَلَيْهِ أَنْ يَّدُلَّ أُمَّتَهُ عَلَى خَيْرِ مَا يَعْلَمُهُ لَهُمْ، وَيُنْذِرَهُمْ شَرَّ مَا يَعْلَمُهُ لَهُمْ، وَإِنَّ أُمَّتَكُمْ هَذِهِ جُعِلَ عَافِيَتُهَا فِيْ أَوَّلِهَا، وَسَيُصِيْبُ آخِرَهَا

بَلَاءٌ وَأُمُوْرٌ تُنْكِرُوْنَهَا، وَتَجِيْءُ فِتْنَةٌ فَيُرَقِّقُ بَعْضُهَا بَعْضًا، وَتَجِيْءُ الْفِتْنَةُ فَيَقُوْلُ الْـمُؤْمِنُ: هَذِهِ مُهْلِكَتِيْ، ثُمَّ تَنْكَشِفُ، وَتَجِيْءُ الْفِتْنَةُ فَيَقُوْلُ الْـمُؤْمِنُ: هَـذِهِ هَـذِهِ، فَمَنْ أَحَبَّ أَنْ يُزَحْزَحَ عَنِ النَّارِ وَيُدْخَلَ الْجَنَّةَ فَلْتَأْتِهِ مَنِيَّتُهُ وَهُوَ يُؤْمِنُ بِاللهِ وَالْيَوْمِ الْآخِرِ.

"আমার পূর্বে যত নবীই এসেছেন তাঁর উপর দায়িত্ব ছিলো এই যে, তিনি তাঁর উম্মতকে এমন সব কল্যাণ বাতলিয়ে দিবেন যা তিনি তাদের জন্য কল্যাণ মনে করেন এবং এমন সব অকল্যাণ থেকে তিনি তাদেরকে ভীতি প্রদর্শন করবেন যা তিনি তাদের জন্য অকল্যাণ মনে করেন। নিশ্চয়ই এ উম্মতের শুরু ভাগেই রয়েছে শান্তি ও নিরাপত্তা এবং তার শেষাংশের উপর অচিরেই নেমে আসবে সমূহ বিপদ ও অকল্যাণ। ফিতনার পর ফিতনা নেমে আসবে। পরের ফিতনার অতি ভয়ঙ্করতার দরুন সে আগের ফিতনাকে অনেকটা হালকা করে দিবে। কোন ফিতনা নেমে আসলে ঈমানদার ব্যক্তি বলে উঠবে: এতেই তো আমার ধ্বংস অনিবার্য। অতঃপর তা কেটে গিয়ে আরেকটি ফিতনা দেখা দিলে সে বলবে: এটি, এটি। সুতরাং যে ব্যক্তি চায় তাকে জাহান্নাম থেকে মুক্তি দেয়া হোক এবং জান্নাতে প্রবেশ করানো হোক তার মৃত্যু যেন এসে যায় আল্লাহ্ তা'আলা ও পরকালে বিশ্বাসী থাকাবস্থায়"। (মুসলিম ১৮৪৪)

ফিতনা সংক্রান্ত হাদীসের সংখ্যা অনেক বেশি। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সেগুলোর মাধ্যমে নিজ উম্মতকে ফিতনার ব্যাপারে সতর্ক এবং সে ব্যাপারে আল্লাহ্ তা'আলার আশ্রয় চাইতে নির্দেশ দিয়েছেন।

যতো দিন বাড়বে ফিতনা ততো বেশি দেখা দিবে।

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

اصْبِرُوْا، فَإِنَّهُ لَا يَأْتِيْ عَلَيْكُمْ زَمَانٌ إِلَّا الَّذِيْ بَعْدَهُ شَرٌّ مِّنْهُ حَتَّى تَلْقَوْا رَبَّكُمْ.

"তোমরা ধৈর্য ধরো। কারণ, সামনে যতো দিন আসবে তা পূর্বের চাইতেও আরো খারাপ হবে যতক্ষণ না তোমরা নিজ প্রভুর সাথে সাক্ষাৎ করবে"। (বুখারী ৭০৬৮)

ফিতনা তো আসবেই। তবে তা থেকে বাঁচার একমাত্র উপায় হচ্ছে, আল্লাহ্ তা'আলা ও পরকালে দৃঢ় বিশ্বাস, কুর'আন ও হাদীসের সত্যিকার অনুসারী আহ্লে সুন্নাত ওয়াল্ জামা'আতকে আঁকড়ে ধরা, ফিতনা থেকে দূরে থাকা ও তা থেকে আল্লাহ্ তা'আলার আশ্রয় চাওয়া।

যায়েদ বিন্ সাবিত (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

تَعَوَّذُوْا بِاللهِ مِنَ الْفِتَنِ، مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ.

"তোমরা প্রকাশ্য-অপ্রকাশ্য সকল ফিতনা থেকে আল্লাহ্ তা'আলার নিকট আশ্রয় প্রার্থনা করো"। (মুসলিম ২৮৬৭)

'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন:

كَانَ النَّاسُ يَسْأَلُوْنَ رَسُوْلَ اللهِ ﷺ عَنِ الْخَيْرِ، وَكُنْتُ أَسْأَلُهُ عَنِ الشَّرِّ مَخَافَةَ أَنْ يُّدْرِكَنِيْ، فَقُلْتُ: يَا رَسُوْلَ اللهِ! إِنَّا كُنَّا فِيْ جَاهِلِيَّةٍ وَشَرٍّ، فَجَاءَنَا اللهُ بِهَذَا الْخَيْرِ، فَهَلْ بَعْدَ هَذَا الْخَيْرِ مِنْ شَرٍّ؟ قَالَ: نَعَمْ، قُلْتُ: وَهَلْ بَعْدَ ذَلِكَ الشَّرِّ مِنْ خَيْرٍ؟ قَالَ: نَعَمْ، وَفِيْهِ دَخَنٌ، قُلْتُ: وَمَا دَخَنُهُ؟ قَالَ: قَوْمٌ يَهْدُوْنَ بِغَيْرِ هَدْيِيْ، تَعْرِفُ مِنْهُمْ وَتُنْكِرُ، قُلْتُ: فَهَلْ بَعْدَ ذَلِكَ الْخَيْرِ مِنْ شَرٍّ؟ قَالَ: نَعَمْ، دُعَاةٌ عَلَى أَبْوَابِ جَهَنَّمَ، مَنْ أَجَابَهُمْ إِلَيْهَا قَذَفُوْهُ فِيْهَا، قُلْتُ: يَا رَسُوْلَ اللهِ! صِفْهُمْ لَنَا، قَالَ: هُمْ مِنْ جِلْدَتِنَا وَيَتَكَلَّمُوْنَ بِأَلْسِنَتِنَا، قُلْتُ: فَمَا تَأْمُرُنِيْ إِنْ أَدْرَكَنِيْ ذَلِكَ؟ قَالَ: تَلْزَمُ جَمَاعَةَ الْمُسْلِمِيْنَ وَإِمَامَهُمْ، قُلْتُ: فَإِنْ لَمْ يَكُنْ لَهُمْ جَمَاعَةٌ وَلَا إِمَامٌ؟ قَالَ: فَاعْتَزِلْ تِلْكَ الْفِرَقَ كُلَّهَا، وَلَوْ أَنْ تَعَضَّ بِأَصْلِ شَجَرَةٍ حَتَّى يُدْرِكَكَ الْمَوْتُ وَأَنْتَ عَلَى ذَلِكَ.

"সবাই রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে জিজ্ঞাসা করতেন কল্যাণ সম্পর্কে। আর আমি তাঁকে জিজ্ঞাসা করতাম সকল প্রকারের অকল্যাণ। যেন আমি ভবিষ্যতে তা থেকে বেঁচে থাকতে পারি। আমি জিজ্ঞাসা করলাম: হে আল্লাহ্'র রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)! একদা তো আমরা ছিলাম জাহিলিয়্যাত তথা সকল প্রকারের অকল্যাণে আকণ্ঠ নিমজ্জিত। অতঃপর আল্লাহ্ তা'আলা আমাদেরকে দয়া করে সমূহ কল্যাণের পথে উঠিয়েছেন। অতএব এরপরও কি আরো অকল্যাণ রয়েছে? রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: হ্যাঁ। আমি বললাম: সে অকল্যাণের পরও কি আরো কল্যাণ রয়েছে? রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: হ্যাঁ। তবে তাতে রয়েছে প্রচুর ধোঁয়া বা মলিনতা। আমি বললাম: সে মলিনতা কেমন? তিনি বললেন: কিছু সংখ্যক লোক আমার আদর্শ ভিন্ন অন্য

আদর্শে আদর্শবান হবে। তাদের কিছু কর্মকাণ্ড তোমাদের নিকট সঠিক বলে মনে হবে আর কিছু অসঠিক। আমি বললামঃ সে কল্যাণের পরও কি আরো অকল্যাণ রয়েছে? তিনি বললেন: হ্যাঁ। কিছু সংখ্যক লোক জাহান্নামের দরোজায় দাঁড়িয়ে তারা সরাসরি মানুষদেরকে জাহান্নামের দিকে ডাকবে। যারা তাদের ডাকে সাড়া দিবে তাদেরকে তারা জাহান্নামে নিক্ষেপ করবে। আমি বললাম: হে আল্লাহ্'র রাসূল (ﷺ)! আমাদেরকে তাদের পরিচয় দিন। তিনি বললেন: তারা আমাদেরই জাতি। আমাদের ভাষাতেই তারা কথা বলবে। আমি বললাম: তখন আপনি আমাদেরকে কি করতে বলছেন? তিনি বললেন: মুসলমানদের জামা'আত ও তাদের ইমামকে আঁকড়ে ধরবে। আমি বললাম: যদি তাদের একক কোন জামা'আত ও ইমাম না থাকে? তিনি বললেন: তা হলে তুমি সকল দল থেকে দূরে থাকবে। এমনকি তোমাকে যদি কোন গাছের গোড়া আঁকড়ে ধরেই মরতে হয় তাও তোমার জন্য অনেক ভালো তাদের কোন এক দলের সঙ্গে জড়িত হওয়ার চাইতে"। (বুখারী ৭০৮৪; মুসলিম ১৮৪৭)

নিম্নে কিছু সংখ্যক ফিতনার বর্ণনা দেয়া হলো:

ফিতনা সাধারণত পূর্ব দিক থেকেই আসে এবং ভবিষ্যতেও সকল ফিতনা সে দিক থেকেই আসবে:

ইতিপূর্বে যত ফিতনা মুসলিম সমাজে দেখা দিয়েছে তা পূর্ব দিক থেকেই জন্ম নিয়েছে। সে দিক থেকেই শয়তানের চেলা-চামুণ্ডাদের আবির্ভাব।

আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) একদা পূর্ব দিকে ফিরে বলেন:

أَلَا إِنَّ الْفِتْنَةَ هَاهُنَا، أَلَا إِنَّ الْفِتْنَةَ هَاهُنَا، مِنْ حَيْثُ يَطْلُعُ قَرْنُ الشَّيْطَانِ، وَفِيْ رِوَايَةٍ: رَأْسُ الْكُفْرِ مِنْ هَا هُنَا، مِنْ حَيْثُ يَطْلُعُ قَرْنُ الشَّيْطَانِ يَعْنِيْ الْمَشْرِقَ.

"জেনে রাখো, ফিতনা এ দিক থেকেই আসবে। ফিতনা এ দিক থেকেই আসবে। যে দিক থেকে শয়তানের চেলা-চামুণ্ডারা মাথা ছাড়া দিয়ে উঠবে। অন্য বর্ণনায় রয়েছে, কুফরির হোতারা এ দিক থেকেই জন্ম নিবে। যে দিক থেকে শয়তানের চেলা-চামুণ্ডারা মাথা ছাড়া দিয়ে উঠবে। অর্থাৎ পূর্ব দিক থেকে"। (বুখারী ৩৫১১;; মুসলিম ২৯০৫)

আব্দুল্লাহ্ বিন্ 'আব্বাস্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) একদা নিম্নোক্ত দো'আ করেন:

اللَّهُمَّ بَارِكْ لَنَا فِيْ صَاعِنَا وَمُدِّنَا، وَبَارِكْ لَنَا فِيْ شَامِنَا وَيَمَنِنَا، فَقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ: يَا نَبِيَّ اللهِ! وَفِيْ عِرَاقِنَا، قَالَ: إِنَّ بِهَا قَرْنَ الشَّيْطَانِ، وَتَهِيْجُ الْفِتَنُ، وَإِنَّ الْجَفَاءَ بِالْمَشْرِقِ.

"হে আল্লাহ্ আপনি বরকত দিন আমাদের সা' ও মুদে এবং বরকত দিন আমাদের শাম ও ইয়েমেনে। জনৈক ব্যক্তি বললেন: হে আল্লাহ্'র নবী! আপনি বলুন: এবং বরকত দিন আমাদের ইরাকে। তখন রাসূল (ﷺ) বলেন: সেখানে শয়তানের চেলা-চামুণ্ডারা মাথা ছাড়া দিয়ে উঠবে এবং ফিতনা ছড়িয়ে পড়বে। এমনকি পূর্ব এলাকায়ই পারস্পরিক সকল সম্পর্কের অবনতি ঘটবে। কঠোরতা দেখা দিবে"।

(মুখ্তাস্বারুত্ তারগীবি ওয়াত্-তারহীব ৮৭)

ইরাক থেকেই বেরিয়েছে খারিজী, শিয়া, রাফিযী, বাত্বিনী, ক্বাদারী, জাহ্মী, মু'তাযিলী এবং বহু কুফরি কথার জন্মই তো এ পূর্ব এলাকায়। যার্দাশ্তিয়্যাহ্ ও মানাবিয়্যাহ্ তথা আলো-আঁধার থেকেই পৃথিবীর সকল বস্তুর সৃষ্টি, মুয্দাকিয়্যাহ্ তথা পৃথিবীর সকল মানুষই যে কোন মেয়ে ও যে কোন মালের সমান অংশীদার, হিন্দু ও বৌদ্ধ ধর্ম, কাদিয়ানী, বাহায়ী ইত্যাদি অত্র এলাকারই জন্ম। তাতারীদের আবির্ভাবও এ দিক থেকে। এ পর্যন্তও অত্র পূর্ব এলাকা সকল ফিতনা, অকল্যাণ, বিদ্'আত ও আল্লাহ্ বিরোধীদের ঘাঁটি হিসেবেই পরিচিত। ইয়াজূজ-মা'জূজ অচিরেই এ দিক থেকেই বেরুবে।

'উস্মান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর হত্যা:

'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর হত্যার পর থেকেই ফিতনা শুরু হয়ে যায়। তিনি জীবিত থাকাবস্থায় ফিতনা মাথা ছাড়া দিয়ে উঠার কোন সুযোগ পায়নি। কারণ, তিনি ছিলেন ফিতনার পথে একটি সুকঠিন রুদ্ধদ্বার। অতএব যাদের অন্তরে এখনো ঈমান ঠাঁই পায়নি তারা তাঁর হত্যার পর পরই মাথা ছাড়া দিয়ে উঠেছে।

'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) সাহাবাদেরকে উদ্দেশ্য করে বলেন:

أَيُّكُمْ يَحْفَظُ حَدِيْثَ رَسُوْلِ اللهِ ﷺ عَنِ الْفِتْنَةِ؟ قَالَ: قُلْتُ: أَنَا أَحْفَظُهُ كَمَا قَالَ، قَالَ: إِنَّكَ عَلَيْهِ لَجَرِيْءٌ فَكَيْفَ؟ قَالَ: قُلْتُ: فِتْنَةُ الرَّجُلِ فِيْ أَهْلِهِ وَوَلَدِهِ وَجَارِهِ تُكَفِّرُهَا الصَّلَاةُ وَالصَّدَقَةُ وَالْأَمْرُ بِالْمَعْرُوْفِ وَالنَّهْيُ عَنِ الْمُنْكَرِ، قَالَ: لَيْسَ هَذِهِ أُرِيْدُ، وَلَكِنِّيْ أُرِيْدُ الَّتِيْ تَمُوْجُ كَمَوْجِ الْبَحْرِ، قَالَ: قُلْتُ: لَيْسَ عَلَيْكَ بِهَا يَا أَمِيْرَ الْمُؤْمِنِيْنَ بَأْسٌ، بَيْنَكَ وَبَيْنَهَا بَابٌ مُغْلَقٌ، قَالَ: فَيُكْسَرُ الْبَابُ أَوْ يُفْتَحُ؟ قَالَ: قُلْتُ: لَا، بَلْ يُكْسَرُ، قَالَ: فَإِنَّهُ إِذَا كُسِرَ لَمْ يُغْلَقْ أَبَدًا، قَالَ: قُلْتُ: أَجَلْ، فَهِبْنَا أَنْ نَسْأَلَهُ مَنِ الْبَابُ؟ فَقُلْنَا لِمَسْرُوْقٍ: سَلْهُ، قَالَ: فَسَأَلَهُ، فَقَالَ: عُمَرُ، قَالَ: فَقُلْنَا: فَعَلِمَ عُمَرُ مَا تَعْنِيْ؟ قَالَ: نَعَمْ، كَمَا أَنَّ دُوْنَ غَدٍ لَيْلَةً، وَذَلِكَ أَنِّيْ حَدَّثْتُهُ حَدِيْثًا لَيْسَ بِالْأَغَالِيْطِ.

"তোমাদের কারোর মুখস্ত আছে কি রাসূল (ﷺ) এর ফিতনা সংক্রান্ত হাদীসটি? 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বললেন: হাদীসটি আমার হুবহু মুখস্ত আছে। তা শুনে 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বললেন: তুমি তো এ ব্যাপারে খুবই সাহস দেখাচ্ছো! আচ্ছা, বলো তো হাদীসটি। 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বললেন: আমি বললাম: হাদীসটি এইরূপ: কোন ব্যক্তির পরিবার-পরিজন, সন্তান-সন্ততি ও পাড়া-প্রতিবেশী সংক্রান্ত ফিতনার কাফ্ফারা হয়ে যায় নামায, সাদাকা, সৎ কাজের আদেশ ও অসৎ কাজ থেকে নিষেধের মাধ্যমে। 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বললেন: আমি তো তোমাকে এ জাতীয় ফিতনার হাদীসটি বলতে বলিনি। বরং আমি চাচ্ছি এমন ফিতনার হাদীসটি তুমি আমাকে বলবে যা আসবে সমুদ্রের বৃহৎ ঢেউয়ের ন্যায়। 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বললেন: আমি বললাম: এ ব্যাপারে আপনাকে কোন চিন্তাই করতে হবে না। তাতে আপনার কোন অসুবিধে নেই। আপনার মাঝে ও তার মাঝে রয়েছে একটি সুকঠিন রুদ্ধদ্বার। 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বললেন: সে দরোজাটি ভাঙ্গা হবে, না কি খোলা হবে? 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বললেন: আমি বললাম: না, খোলা হবে না বরং তা ভেঙ্গে ফেলা হবে। 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বললেন: ভেঙ্গে ফেলা হলে তো তা আর কখনোই বন্ধ করা যাবে না। 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বললেন: আমি বললাম: তা অবশ্যই। জনৈক বর্ণনাকারী বলেন: আমরা 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে জিজ্ঞাসা

করতে সাহস পাইনি যে, সে দরোজাটি কে? তখন আমরা মাস্‌রূক্ব (রাহিমাহুল্লাহ্) কে বললাম: আপনিই তাঁকে এ সম্পর্কে জিজ্ঞাসা করুন। তিনি তাঁকে জিজ্ঞাসা করলে বলেন: দরোজাটি হচ্ছে 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু)। আমরা বললাম: 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কি জানেন রুদ্ধ দরোজাটি বলতে আপনি তাঁকেই বুঝাচ্ছেন। তিনি বললেন: তা অবশ্যই জানেন যেমনিভাবে জানেন দিনের পর রাত্রি আসবে। কারণ, আমি তাঁকে এমন হাদীস শুনিয়েছে যা মিথ্যা নয়"। (বুখারী ৫২৫, ১৪৩৫, ১৮৯৫, ৩৫৮৬, ৭০৯৬;; মুসলিম ১৪৪)

রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যা বলেছেন তা সত্যিই ঘটেছে। 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে হত্যা করা হয়েছে। দরোজাটি ভেঙ্গে ফেলা হয়েছে। ফিতনা শুরু হয়ে গেছে। তার মধ্যে সর্ব প্রথম ফিতনাই হচ্ছে কিছু সংখ্যক অকল্যাণকামীদের হাতে 'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর হত্যা। তারা ইরাক ও মিসর থেকে এসে মদীনায় জড়ো হয়ে 'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে তাঁর ঘরে ঢুকেই হত্যা করে।

রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) 'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে এ ব্যাপারে বহু পূর্ব থেকেই ইঙ্গিত দিয়েছেন। তাই তো তিনি এ কঠিন মুহূর্তে বিপুল ধৈর্য ধরেছেন। সাহাবাদেরকে যে কোন ধরনের হত্যাকাণ্ড চালাতে তিনি নিষেধ করে দিয়েছেন। যাতে তাঁর জন্য মুসলমানদের একটুখানি রক্তও প্রবাহিত না হয়।

আবূ মূসা আশ্'আরী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা মদীনার এক বাগান বাড়িতে অবস্থান করছিলেন। তখন বাগান বাড়ির দরোজাটি ছিলো বন্ধ। দরোজায় এসে 'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) ঢুকার অনুমতি চাইলে রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আবূ মূসা আশ্'আরী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে উদ্দেশ্য করে বলেন:

ائْذَنْ لَهُ وَبَشِّرْهُ بِالْجَنَّةِ عَلَى بَلْوَى تُصِيْبُهُ.

"তাকে ঢুকার অনুমতি এবং জান্নাতের সুসংবাদ দাও। তবে তার ভাগ্যে রয়েছে অনেকগুলো বিপদ"। (বুখারী ৩৬৭৪; মুসলিম ২৪০৩)

রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) 'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর ব্যাপারে আসন্ন বিপদের কথাই উল্লেখ করেছেন ; অথচ 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর উপরও বিপদ এসেছিলো। তাঁকেও হত্যা করা হয়েছিলো। কারণ, 'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) যতটুকু বিপদের সম্মুখীন হয়েছিলেন ততটুকু বিপদের সম্মুখীন হননি 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু)। যালিমরা তাঁর উপর চড়াও হয়ে তাঁকে খিলাফত ছাড়তে কঠিনভাবে চাপ সৃষ্টি করেছে। এমনকি তারা

তাঁকে যুলুমের অপবাদও দিয়েছে।

'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর হত্যার পর মুসলমানরা দু'ভাগে বিভক্ত হয়ে গেছে। এমনকি তাদের মাঝে হত্যাকাণ্ডের মতো ঘৃণিত কাজটিও সংঘটিত হয়েছে। অতি দ্রুত আনাচে-কানাচে ফিতনা ও প্রবৃত্তি পূজা ছড়িয়ে পড়েছে। পরস্পরের মধ্যে দ্বন্দ্ব দেখা দিয়েছে। মানব সমাজে অনেক মত ও পথ জন্ম নিয়েছে। এমনকি সাহাবাদের সে স্বর্ণ যুগেও কয়েকটি কঠিন যুদ্ধ সংঘটিত হয়েছে। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এ সম্পর্কে পূর্বেই ইঙ্গিত দিয়েছেন।

উসামাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা মদীনার এক উঁচু ঘরের ছাদে উঠে সাহাবাদেরকে বলেন:

هَلْ تَرَوْنَ مَا أَرَى؟ إِنِّيْ لَأَرَى مَوَاقِعَ الْفِتَنِ خِلَالَ بُيُوْتِكُمْ كَمَوَاقِعِ الْقَطَرِ.

"তোমরা কি দেখছো আমি যা দেখছি? আমি ফিতনার স্থানগুলো দেখছি তোমাদের ঘর-বাড়ির মাঝে। যেমন: বৃষ্টির জায়গাগুলো"।

(মুসলিম ২৮৮৫)

আধিক্য এবং ব্যাপকতার দিক বিবেচনা করেই ফিতনার স্থানগুলোকে বৃষ্টির স্থানগুলোর সাথে তুলনা করা হয়েছে অর্থাৎ ফিতনা বেশি আকারে দেখা দিবে এবং সকল মানুষকে ঘিরে নিবে। এরই মাধ্যমে সাহাবাদের মধ্যকার কয়েকটি ভয়াবহ যুদ্ধের প্রতি ইঙ্গিত করা হয়েছে। যেমন: জামাল বা উষ্ট্র যুদ্ধ, স্বিফ্ফীন যুদ্ধ, হার্‌রাহ্ যুদ্ধ, 'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর হত্যা, 'হুসাইন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর হত্যা ইত্যাদি ইত্যাদি।

উষ্ট্র যুদ্ধ:

'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে হত্যা করার পর যে যুদ্ধটি সংঘটিত হয়েছিলো তা ছিলো উষ্ট্র যুদ্ধ। যুদ্ধটি সংঘটিত হয়েছিলো 'আলী এবং 'আয়িশা, ত্বাল্'হাহ্ ও যুবায়ের (রাযিয়াল্লাহু আন্হুম) এর মাঝে। যুদ্ধের প্রেক্ষাপটটি ছিলো এরূপ: যখন 'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে হত্যা করা হলো তখন হত্যাকারীরা 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর নিকট এসে বললো: আপনার হাত খানি বাড়িয়ে দিন। আমরা আপনার হাতে বায়'আত করবো। তিনি বললেন: সবাই এ ব্যাপারে প্রথমে পরামর্শ করে নিক তারপর। তখন উপস্থিত কেউ কেউ বললো: হত্যাকারীরা যখন নিজ নিজ এলাকায় ফিরে যাবে এবং এ দিকে কোন খলীফাও থাকবে না তখন পুরো জাতির মধ্যে মহা দ্বন্দ্ব ও বিশৃঙ্খলা দেখা দিবে। যা নিয়ন্ত্রণের

বাইরে চলে যাবে অবশ্যই। তাই আপনি সবাইকে বায়'আত করে নিন।

এভাবেই তারা 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে বায়'আত গ্রহণের জন্য মানসিকভাবে চাপ সৃষ্টি করছিলো। অতএব তিনি চাপের মুখে তাদেরকে এবং আরো অন্যান্যদেরকে বায়'আত করে নেন। যারা তাঁর হাতে বায়'আত করেছিলো তাদের মধ্যে ছিলেন ত্বাল্'হাহ্ ও যুবায়ের (রাযিয়াল্লাহু আন্হুমা)। বায়'আত শেষে তাঁরা 'উমরাহ্ পালনের উদ্দেশ্যে মক্কা অভিমুখে রওয়ানা করলেন। ইতিমধ্যে তাঁরা মক্কায় থাকাবস্থায় 'আয়িশা (রাযিয়াল্লাহু আন্হা) এর সাথে সাক্ষাৎ করেন। সাক্ষাতে তাঁরা 'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর হত্যার ব্যাপারে বিশদ আলোচনা পূর্বক বসরায় যাওয়ার সিদ্ধান্ত নিলেন। বসরায় গিয়ে তাঁরা 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর নিকট 'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর হত্যাকারীদেরকে তাঁদের হাতে সোপর্দ করার আবেদন করেন। 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) তাঁদের আবেদনে এতটুকুও সাড়া দেননি। বরং তিনি চাচ্ছিলেন, 'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর যে কোন ওয়ারিশ তাঁর নিকট এ ব্যাপারে আবেদন করুক। আবেদনের পরিপেক্ষিতে কারোর ব্যাপারে হত্যার বিষয়টি প্রমাণিত হলে তিনি শুধু তার থেকেই ক্বিস্বাস নিবেন। সুতরাং এ দিকে তাঁরা এ ব্যাপারে পরস্পর মতবিরোধ করছিলেন। অন্য দিকে হত্যাকারীরা ভয় পাচ্ছিলো, পরিশেষে যদি তাদের ব্যাপারে কোন সিদ্ধান্তই হয়ে যায় তা হলে তাদের আর কোন রক্ষা নেই। তাই তারা পরস্পরের মধ্যে যুদ্ধ বাধিয়ে দিলো।

খুব অচিরেই যে 'আলী ও 'আয়িশা (রাযিয়াল্লাহু আন্হুমা) এর মাঝে কিছু একটা ঘটে যাবে এ ব্যাপারে প্রথম থেকেই রাসূল (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে সঙ্কেত দিয়েছেন।

আবূ রাফি' (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে উদ্দেশ্য করে বলেন:

إِنَّهُ سَيَكُوْنَ بَيْنَكَ وَبَيْنَ عَائِشَةَ أَمْرٌ، قَالَ: أَنَا يَا رَسُوْلَ اللهِ! قَالَ: نَعَمْ، قَالَ: فَأَنَا أَشْقَاهُمْ يَا رَسُوْلَ اللهِ! قَالَ: لَا، وَلَكِنْ إِذَا كَانَ ذَلِكَ فَارْدُدْهَا إِلَى مَأْمَنِهَا.

"তোমার মাঝে ও 'আয়িশার মাঝে খুব অচিরেই কিছু একটা ঘটে যাবে। তখন 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বললেন: আমিই সেই ব্যক্তি হে আল্লাহ্'র রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)!? রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: হ্যাঁ, তুমিই। 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বললেন: তা হলে আমিই তো তখনকার সব চাইতে বড়ো দুর্ভাগা ব্যক্তি। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)

বললেন: না, তবে এমন কিছু ঘটলে তুমি তাকে তখন নিরাপদ স্থানে পৌঁছিয়ে দিবে”। (আহ্মাদ্ ৬/৩৯৩)

‘আয়িশা, ত্বাল্’হাহ্ ও যুবায়ের (রাযিয়াল্লাহু আন্হুম) কস্মিনকালেও যুদ্ধের জন্য বের হননি। তাঁরা বের হয়েছিলেন মুসলমানদের মাঝে পারস্পরিক মীমাংসা সাধন করতে।

ক্বাইস্ বিন্ আবূ ’হাযিম (রাযিয়াল্লাহু তা‘আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: ‘আয়িশা (রাযিয়াল্লাহু আন্হা) যখন বনূ ‘আমিরদের এলাকায় পৌঁছেন তখন কিছু কুকুর তাঁকে দেখে ডাক ছাড়তে শুরু করে। তখন তিনি উপস্থিত সকলকে জিজ্ঞাসা করলেন: এটি কোন এলাকা? তারা বললো: এটি ’হাউআব নামক এলাকা। যা বসরার অতি নিকটবর্তী। তখন তিনি বললেন: তা হলে আমি আর যাচ্ছি না। তখন যুবায়ের (রাযিয়াল্লাহু তা‘আলা আনহু) বললেন: না, আপনার এখন আর পেছনে যাওয়া হচ্ছে না। আপনি আরো সামনে চলুন। তখন লোকেরা আপনাকে দেখবে। হয়তো বা আপনার মাধ্যমেই আল্লাহ্ তা‘আলা মুসলমানদের মাঝে মীমাংসা সাধন করবেন। তবুও ‘আয়িশা (রাযিয়াল্লাহু আন্হা) বললেন: না, আমি আর যাচ্ছি না। আমি রাসূল (ﷺ) কে বলতে শুনেছি তিনি বলেন:

كَيْفَ بِإِحْدَاكُنَّ إِذَا نَبَحَتْهَا كِلَابُ الْحَوْأَبِ.

“তোমাদের কোন এক জনের তখন কি অবস্থা হবে যখন তাকে দেখে ’হাউআবের কুকুরগুলো ঘেউ ঘেউ করবে”। (’হাকিম ৩/১২০)

‘আব্দুল্লাহ্ বিন্ ‘আব্বাস্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: একদা নবী (ﷺ) নিজ স্ত্রীদেরকে বলেন:

أَيَّتُكُنَّ صَاحِبَةُ الْجَمَلِ الْأَدْبَبِ، تَخْرُجُ حَتَّى تَنْبَحَهَا كِلَابُ الْحَوْأَبِ، يُقْتَلُ عَنْ يَمِيْنِهَا وَعَنْ شِمَالِهَا قَتْلَى كَثِيْرَةٌ، وَتَنْجُوْ مِنْ بَعْدِ مَا كَادَتْ.

“তোমাদের মধ্য থেকে কে হবে সে দিন চেহারায় বেশি পশম বিশিষ্ট উটের আরোহিণী। সে ঘর থেকে বেরুবে। পথিমধ্যে তাকে দেখে ’হাউআবের কুকুরগুলো ঘেউ ঘেউ করবে। তার ডানে-বাঁয়ের অনেকগুলো লোককে হত্যা করা হবে। এরপরই সে এ কঠিন বিপদ থেকে উদ্ধার পাবে”। (ফাত্হুল্ বা’রি ১৩/৫৫)

‘আয়িশা (রাযিয়াল্লাহু আন্হা) যখনই উক্ত ঘটনার কথা স্মরণ করতেন তখনই তিনি কান্নায় ভেঙ্গে পড়তেন। এমনকি তাঁর ওড়না চেখের পানিতে

ভিজে যেতো। ত্বাল্'হাহ্, যুবায়ের এবং 'আলী (রাযিয়াল্লাহু আন্হুম) ও এ ব্যাপারে কম লজ্জিত হননি।

'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কখনো 'উস্মান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে হত্যার ব্যাপারে রাজি ছিলেন না। না তিনি তাঁকে হত্যার ব্যাপারে হত্যাকারীদেরকে কোন ধরনের সহযোগিতা দিয়েছেন। এমনকি তিনি তাঁর জীবদ্দশায় বহুবার আল্লাহ্ তা'আলার কসম খেয়ে এ ব্যাপারে তাঁর অসম্পৃক্ততা ঘোষণা করেন। অন্য দিকে হত্যাকারীরা ভয় পাচ্ছিলো, পরিশেষে যদি তাদের ব্যাপারে কোন সিদ্ধান্তই হয়ে যায় তা হলে তাদের আর কোন রক্ষা নেই। তাই তারা রাতের অন্ধকারে ত্বাল্'হাহ্ ও যুবায়ের (রাযিয়াল্লাহু আন্হুমা) এর ঘাঁটির উপর আক্রমণ করে বসে। তখন ত্বাল্'হাহ্ ও যুবায়ের (রাযিয়াল্লাহু আন্হুমা) ধারণা করছিলেন: 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) ই হয়তো বা তাদের উপর আক্রমণ করে বসেছেন। তাই তাঁরা নিজ আত্মরক্ষায় মেতে উঠলেন। এ দিকে 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) ও মনে করলেন: হয়তো বা 'আয়িশা, ত্বাল্'হাহ্ ও যুবায়ের (রাযিয়াল্লাহু আন্হুম) ই তাঁর উপর আক্রমণ করে বসেছেন। তাই তিনি নিজ আত্মরক্ষায় মেতে উঠলেন। এমনিভাবেই তাঁদের সবার অনিচ্ছা থাকা সত্ত্বেও যুদ্ধটি ঘটে গেলো। 'আয়িশা (রাযিয়াল্লাহু আন্হা) তখন ছিলেন উষ্ট্রারোহিণী। না তিনি যুদ্ধ করেছেন। না তিনি যুদ্ধের অর্ডার দিয়েছেন।

স্বিফ্ফীন যুদ্ধ:

উষ্ট্র যুদ্ধ ছাড়া সাহাবাদের মধ্যে আর যে যুদ্ধটি সংঘটিত হয়েছে তা হচ্ছে স্বিফ্ফীন যুদ্ধ। এ যুদ্ধের প্রতিও রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তা সংঘটিত হওয়ার বহু পূর্বেই সাহাবাদেরকে ইঙ্গিত দিয়েছেন।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى تَقْتَتِلَ فِئَتَانَ عَظِيْمَتَانِ، يَكُوْنُ بَيْنَهُمَا مَقْتَلَةٌ عَظِيْمَةٌ، دَعْوَاهُمَا وَاحِدَةٌ.

"কিয়ামত আসবে না যতক্ষণ না দু'টি বড় দল পরস্পর যুদ্ধ করবে। যুদ্ধটি হবে খুবই ভয়াবহ এবং তাদের দাবিও হবে একই"।

(বুখারী ৩৬০৮, ৩৬০৯, ৬৯৩৫, ৭১২১; মুসলিম ১৫৭)

তবে উভয় দলের মধ্যে 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর দলটিই ছিলো সত্যের উপর।

যায়েদ বিন্ ওয়াহ্ব (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: একদা

আমরা হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর নিকট অবস্থান করছিলাম। তখন তিনি আমাদেরকে বললেন: তোমাদের কি অবস্থা হবে?! ; অথচ তোমরা একে অপরকে হত্যা করছো। তখন উপস্থিত সবাই বললো: তা হলে আপনি আমাদেরকে এ মুহূর্তে কি করতে বলছেন? তিনি বললেন:

انْظُرُوْا الْفِرْقَةَ الَّتِيْ تَدْعُوْ إِلَى أَمْرِ عَلِيٍّ، فَالْزَمُوْهَا، فَإِنَّهَا عَلَى الْحَقِّ.

"তোমরা 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর পক্ষকে সমর্থন করবে এবং তাদের সাথেই সর্বদা থাকবে। কারণ, তারাই সত্যের উপর"। (ফাত্হুল্ বা'রি ১৩/৮৫)

পরিশেষে হিজরী ছত্রিশ সনের জিল্হজ্জ মাসে 'আলী ও মু'আবিয়া (রাযিয়াল্লাহু আন্হুমা) এর উভয় পক্ষের মাঝে 'ইরাকের সীমান্তবর্তী এলাকা রিক্কার পার্শ্ববর্তী ফুরাত নদীর পশ্চিম তীরে অবস্থিত সিফ্ফীন নামক এলাকায় এক মহা যুদ্ধ বেধে যায়। তাতে একে অপরের উপর সর্বমোট সত্তরটি আক্রমণ করে। যাতে প্রাণ হারায় প্রায় সত্তর হাজার মানুষ।

'আলী ও মু'আবিয়া (রাযিয়াল্লাহু আন্হুমা) কখনো এ যুদ্ধের পক্ষে ছিলেন না। তবে প্রত্যেক পক্ষেই ছিলো কিছু প্রবৃত্তিপূজারী মানুষ। যেমন: আশ্তার নাখা'য়ী, হাশিম বিন্ 'উত্বাহ্ আল-মিরক্বাল, আব্দুর রহ্মান বিন্ খালিদ বিন্ ওলীদ, আবূ ল-আ'ওয়ার আস-সুলামী প্রমুখ। তারা অন্যদেরকে যুদ্ধে উদ্বুদ্ধ করতো। তাদের কেউ ছিলো 'উসমান ও মু'আবিয়া (রাযিয়াল্লাহু আন্হুমা) এর অতি ভক্ত তথা 'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর হত্যার প্রতিশোধ গ্রহণকারী। তারা 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে এতটুকুও সহ্য করতে পারতো না। আবার কেউ ছিলো 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর অতি ভক্ত। তারা মু'আবিয়া (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে এতটুকুও সহ্য করতে পারতো না। এভাবেই পরস্পরের মাঝে যুদ্ধ বেধে যায় এবং তারা 'আলী ও মু'আবিয়া (রাযিয়াল্লাহু আন্হুমা) এর নিয়ন্ত্রণের বাইরে চলে যায়।

যুদ্ধটি নিয়মতান্ত্রিক ছিলো না। বরং তা ছিলো জাহিলী যুদ্ধের ন্যায়। এতে তাদের উদ্দেশ্য ছিলো এলোমেলো। চিন্তা-চেতনা ছিলো বিভিন্ন ধরনের। এ জন্যই ইমাম যুহ্রী (রাহিমাহুল্লাহ্) বলেন: ফিতনা শুরু হয়েছে। তখনো সাহাবাদের অনেকেই জীবিত। তাঁরা এ ব্যাপারে একমত ছিলেন যে, কুর'আনের অপব্যাখ্যা করে যত রক্তই প্রবাহিত হয়েছে, যত সম্পদই লুট-পাট হয়েছে এবং যত ইয্যতই লুণ্ঠিত হয়েছে তা সবই অযথা। এর কোন বিচার নেই। তা জাহিলী যুগের বিশৃঙ্খলার ন্যায়।

খারিজীদের আবির্ভাবঃ

ফিতনাগুলোর মধ্যে আরেকটি ভয়াবহ ফিতনা হচ্ছে খারিজীদের ফিতনা। স্বিফ্ফীন যুদ্ধ শেষে যখন উভয় পক্ষ নিজেদের মধ্য থেকেই নির্বাচিত বিশিষ্ট দু' সাহাবী তথা আবূ মূসা আশ্'আরী ও 'আমর বিন্ 'আস্ (রাযিয়াল্লাহু আন্হুমা) এর বিচার মেনে নেবে বলে সিদ্ধান্ত নিয়েছে তখনই কুফায় ফিরার পথে 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর দল থেকে কিছু সংখ্যক লোক বিচ্ছিন্ন হয়ে পড়ে। অতঃপর তারা কুফা থেকে দু' মাইল দূরে 'হারূরা' নামক এলাকায় অবস্থান নেয়। তাদের সংখ্যা ছিলো মতান্তরে আট বা ষোল হাজার। 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) তাদেরকে সাধ্যমত বুঝিয়ে-সুঝিয়ে আবারো সুপথে ফিরিয়ে আনার জন্য আব্দুল্লাহ্ বিন্ 'আব্বাস্ (রাযিয়াল্লাহু আন্হুমা) কে তাদের নিকট পাঠান। তিনি তাদেরকে ভালোভাবে বুঝালে তাদের অনেকেই সুপথে ফিরে আসে। আর বাকিরা উক্ত ভুল পথেই থেকে যায়।

খারিজীরা 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) সম্পর্কে এ কথা অপপ্রচার করে যে, তিনি খিলাফত ছেড়ে দিয়েছেন। তখন তাদের কেউ কেউ তাঁর আনুগত্যে ফিরে আসে। অতঃপর 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কুফার মসজিদে তাদের উদ্দেশ্যে ভাষণ দেন। তখন মসজিদের আনাচে-কানাচে থেকে এ চিৎকার প্রতিধ্বনিত হয় যে, একমাত্র আল্লাহ্ তা'আলার বিধান ছাড়া অন্য কোন বিধান মানি না, মানবো না এবং তারা 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে উদ্দেশ্য করে বলেঃ আপনি আল্লাহ্ তা'আলার সাথে বিচারে অন্যকে অংশীদার স্থাপন করেছেন। আপনি মানুষের বিচার মেনে নিয়েছেন। আপনি কুর'আনের বিচার মানেন না।

তখন 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কোন উপায়ান্তর না পেয়ে তাদেরকে উদ্দেশ্য করে বললেনঃ আজ থেকে তোমাদের সাথে আমাদের আচরণ এই হবে যে, আমরা তোমাদেরকে কখনো মসজিদে আসা থেকে বারণ করবো না, ফাই তথা যুদ্ধ ছাড়া লব্ধ সমূহ সম্পদ থেকে তোমাদেরকে বঞ্চিত করবো না এবং তোমাদের সঙ্গে যুদ্ধ শুরু করবো না যতক্ষণ না তোমরা জমিনে ফাসাদ সৃষ্টি করো।

অতঃপর তারা সবাই এক জায়গায় একত্রিত হয়। তাদের পাশ দিয়ে যেই যায় তাকে তারা হত্যা করে। একদা তাদের পাশ দিয়ে যাচ্ছিলেন বিশিষ্ট সাহাবী আব্দুল্লাহ্ বিন্ খাব্বাব বিন্ আরাত (রাযিয়াল্লাহু তা'আলা)। তাঁর সাথে ছিলো তাঁর গর্ভবতী স্ত্রী। তারা তাঁকে হত্যা করেছে এবং তাঁর স্ত্রীর পেট কেটে সন্তানটি বের করে ফেলেছে। ঘটনাটি জানতে পেরে 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) তাদেরকে জিজ্ঞাসা

করলেন: তোমাদের মধ্য থেকে কে আব্দুল্লাহ্‌কে হত্যা করেছে? তারা বললো: আমরা সবাই আব্দুল্লাহ্‌কে হত্যা করেছি। তখন 'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) যুদ্ধের প্রস্তুতি নিলেন এবং নাহ্‌রাওয়ান নামক এলাকায় তাদের সাথে ভীষণ যুদ্ধ করে তাদেরকে পরাজিত করেন। সামান্য লোক ছাড়া কেউই তাঁর হাত থেকে রক্ষা পেলো না।

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) খারিজীদের ব্যাপারে ভবিষ্যদ্বাণী করে গেছেন। যা মুতাওয়াতির বর্ণনায় বর্ণিত হয়েছে। ইমাম ইব্‌নু কাসীর (রাহিমাহুল্লাহ্) তাঁর কিতাব আল-বিদায়াহ্ ওয়ান-নিহায়াতে এ সংক্রান্ত তিরিশেরও বেশি হাদীস উল্লেখ করেন। তার মধ্য থেকে কয়েকটি হাদীস নিম্নে বর্ণিত হলো:

আবূ সা'ঈদ্ খুদ্‌রী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

تَـمْرُقُ مَارِقَةٌ عِنْدَ فُرْقَةٍ مِنَ الْـمُسْلِمِيْنَ يَقْتُلُهَا أَوْلَى الطَّائِفَتَيْنِ بِالْحَقِّ.

"মুসলমানদের মধ্যে পারস্পরিক দ্বন্দ্ব দেখা দিলে কিছু সংখ্যক লোক তাদের দল থেকে বের হয়ে যাবে। তাদেরকে হত্যা করবে সত্যের নিকটবর্তী দলটিই"। (মুসলিম ১০৬৫)

একদা আবূ সা'ঈদ্ খুদ্‌রী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে 'হারূরী তথা খারিজীদের সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন: আমি 'হারূরীদেরকে চিনি না। তবে আমি একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে বলতে শুনেছি তিনি বলেন:

يَـخْرُجُ فِيْ هَذِهِ الْأُمَّةِ قَوْمٌ تَحْقِرُوْنَ صَلَاتَكُمْ مَعَ صَلَاتِهِمْ، يَقْرَؤُوْنَ الْقُرْآنَ، لَا يُجَاوِزُ حُلُوْقَهُمْ أَوْ حَنَاجِرَهُمْ، يَمْرُقُوْنَ مِنَ الدِّيْنِ مُرُوْقَ السَّهْمِ مِنَ الرَّمِيَّةِ.

"এ উম্মতের মধ্যেই এমন এক দল লোক জন্ম নিবে যাদের নামাযের পাশে তোমাদের নামায কিছুই মনে হবে না। তারা কুর'আন পড়বে ; অথচ তা তাদের গলা অতিক্রম করবে না। তারা ইসলাম থেকে বের হয়ে যাবে যেমনিভাবে বের হয়ে যায় ধনুক থেকে তীর"।

(বুখারী ৬৯৩১; মুসলিম ১০৬৪)

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাদেরকে হত্যা করতে বলেছেন এবং তাদেরকে হত্যা করলে সাওয়াব পাওয়া যাবে বলেও ঘোষণা দিয়েছেন। এতে করে তাদের ব্যাপারটি যে কতো ভয়ঙ্কর তা অনুধাবন করা যায়।

'আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

سَيَخْرُجُ قَوْمٌ فِيْ آخِرِ الزَّمَانِ، أَحْدَاثُ الْأَسْنَانِ، سُفَهَاءُ الْأَحْلَامِ، يَقُوْلُوْنَ مِنْ خَيْرِ قَوْلِ الْبَرِيَّةِ، لَا يُجَاوِزُ إِيْمَانُهُمْ حَنَاجِرَهُمْ، يَمْرُقُوْنَ مِنَ الدِّيْنِ كَمَا يَمْرُقُ السَّهْمُ مِنَ الرَّمِيَّةِ، فَأَيْنَمَا لَقِيْتُمُوْهُمْ فَاقْتُلُوْهُمْ، فَإِنَّ فِيْ قَتْلِهِمْ أَجْرًا لِمَنْ قَتَلَهُمْ يَوْمَ الْقِيَامَةِ.

"অচিরেই শেষ যুগে এমন এক জাতি জন্ম নিবে। যারা হবে বয়সে ছোট এবং বিবেক-বুদ্ধিহীন। ভালো মানুষের ন্যায় তারা সুন্দর সুন্দর কথা বলবে। তবে তাদের ঈমান গলা অতিক্রম করবে না। তারা ইসলাম থেকে বের হয়ে যাবে যেমনিভাবে বের হয়ে যায় ধনুক থেকে তীর। তোমরা তাদেরকে যেখানেই পাও না কেন হত্যা করবে। কারণ, তাদেরকে হত্যা করলে কিয়ামতের দিন হত্যাকারীর জন্য বিরাট সাওয়াব রয়েছে"।

(বুখারী ৬৯৩০; মুসলিম ১০৬৬)

আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) খারিজীদেরকে আল্লাহ্ তা'আলার সর্ব নিকৃষ্ট সৃষ্টি বলে আখ্যায়িত করেছেন। তিনি বলেন:

انْطَلَقُوْا إِلَى آيَاتٍ نَزَلَتْ فِيْ الْكُفَّارِ فَجَعَلُوْهَا عَلَى الْمُؤْمِنِيْنَ.

"তারা এমন কিছু আয়াত যা কাফিরদের ব্যাপারে নাযিল হয়েছে তা মুসলমানদের ব্যাপারেই প্রয়োগ করে"। (বুখারী, খারিজীদের হত্যা অধ্যায়)

ইব্নু হাজার (রাহিমাহুল্লাহ্) খারিজীদের ব্যাপারে বলেন: তাদের উপর কঠিন বিপদ নেমে এসেছে। তারা বাতিল আক্বীদায় বাড়াবাড়ি করেছে। তাইতো তারা বিবাহিত ব্যভিচারীর দণ্ডবিধি তথা রজম বাতিল ঘোষণা করেছে। চোরের হাত বগল পর্যন্ত কেটেছে। ঋতুবতী মহিলার উপর নামায পড়া ফরয করেছে। ক্ষমতা থাকা সত্ত্বেও যে ব্যক্তি সৎ কাজের আদেশ ও অসৎ কাজ থেকে নিষেধ করেনি তাকে কাফির এবং যে ব্যক্তি অক্ষমতার কারণে তা করেনি তাকে কবীরা গুনাহ্গার বলেছে ; অথচ তাদের নিকট কবীরা গুনাহ্গারও কাফির। তারা কাফিরদের পেছনে না পড়ে মুসলমানদের পেছনেই পড়েছে। তাদেরকে হত্যা ও বন্দী করেছে এবং তাদের ধন-সম্পদ লুটে নিয়েছে।

প্রত্যেক যুগেই খারিজীদের আবির্ভাব ঘটেছে এবং ভবিষ্যতেও তা ঘটবে যতক্ষণ না দাজ্জাল বেরিয়ে আসে।

আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

يَنْشَأُ نَشْءٌ يَقْرَؤُوْنَ الْقُرْآنَ، لَا يُجَاوِزُ تَرَاقِيَهُمْ، كُلَّمَا خَرَجَ قَرْنٌ قُطِعَ، قَالَ ابْنُ عُمَرَ - رَضِيَ اللهُ عَنْهُمَا - : سَمِعْتُ رَسُوْلَ اللهِ ﷺ يَقُوْلُ: كُلَّمَا خَرَجَ قَرْنٌ قُطِعَ أَكْثَرَ مِنْ عِشْرِيْنَ مَرَّةً حَتَّى يَخْرُجَ فِيْ عِرَاضِهِمْ الدَّجَّالُ.

"অচিরেই এমন এক নতুন প্রজন্ম আসবে যারা কুর'আন পড়বে ঠিকই কিন্তু তা তাদের গলা অতিক্রম করবে না। যখনই তারা মাথা ছাড়া দিয়ে উঠবে তখনই তা কেটে ফেলা হবে। আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) বলেন: আমি রাসূল (ﷺ) কে বলতে শুনেছি তিনি বলেন: যখনই তারা মাথা ছাড়া দিয়ে উঠবে তখনই তা কেটে ফেলা হবে। এমনিভাবে রাসূল (ﷺ) কথাটি বিশ বারেরও বেশি বলেছেন। এমনকি তাদের পেছনেই বেরিয়ে আসবে দাজ্জাল"।

(ইব্নু মাজাহ্, হাদীস ১৭৪ স'হীহুল্ জামি', হাদীস ৮০২৭)

'হার্‌রাহ্ যুদ্ধঃ

ফিতনাসমূহের মধ্য থেকে আরেকটি ফিতনা হচ্ছে হার্‌রাহ্ যুদ্ধ। এখানে 'হাররাহ্ বলতে কালো পাথর বিশিষ্ট মদীনার পূর্বাঞ্চলকেই বুঝানো হয়েছে। যুদ্ধটি মদীনাবাসী ও ইয়াযীদের সৈন্য দলের মাঝে সংঘটিত হয়। মদীনাবাসীরা ইয়াযীদের বায়'আত প্রত্যাখ্যান করলে তাদেরকে শায়েস্তা করার জন্য ইয়াযীদ মুসলিম বিন্ 'উক্ববাহ্'র নেতৃত্বে একটি সেনা দল পাঠায়। সেনা দলটি মদীনার চিরাচরিত সম্মান রক্ষা করেনি। বরং তারা সেখানে সশস্ত্র অবস্থায় ঢুকে পড়ে নির্দ্বিধায় ও নির্লজ্জভাবে মদীনাবাসীদের মাঝে হত্যাকাণ্ড চালায়। তাতে সাত শত আন্সার ও মুহাজির সাহাবা সহ আরো দশ হাজার জনসাধারণকে হত্যা করা হয়।

সা'ঈদ বিন্ মুসায়্যিব (রাহিমাহুল্লাহ্) বলেন:

ثَارَتِ الْفِتْنَةُ الْأُوْلَى فَلَمْ يَبْقَ مِمَّنْ شَهِدَ بَدْرًا أَحَدٌ، ثُمَّ كَانَتِ الثَّانِيَةُ فَلَمْ يَبْقَ مِمَّنْ شَهِدَ الْحُدَيْبِيَّةَ أَحَدٌ، قَالَ: وَأَظُنُّ لَوْ كَانَتِ الثَّالِثَةُ لَمْ تَرْتَفِعْ وَفِيْ النَّاسِ طِبَاخٌ.

"প্রথম ফিতনা তথা 'উসমান হত্যা শুরু হলে বদ্‌রী সাহাবাদের আর কেউ বেঁচে থাকলো না। তেমনিভাবে দ্বিতীয় ফিতনা তথা 'হার্‌রাহ্ যুদ্ধ শুরু হলে 'হুদাইবিয়্যাহ্ যুদ্ধে অংশ গ্রহণকারী আর কেউ বেঁচে থাকলো না। তিনি

বলেন: আমার ধারণা, তৃতীয় আরেকটি ফিতনা শুরু হলে বুদ্ধিমান আর কেউ বেঁচে থাকবে না। (শর্‌হুস্ সুন্নাহ্ : ১৪/৩৯৬)

খাল্‌কুল কুর'আন ফিতনা:

আব্বাসী খিলাফতামলে "খাল্‌কুল কুর'আন" তথা "কুর'আন মাজীদ আল্লাহ্ তা'আলার সৃষ্টি" নামক একটি ফিতনা চালু হয়। উক্ত মতবাদের নেতৃত্ব ও সহযোগিতা করেন আব্বাসী খলীফা মামুন। জাহ্‌মী ও মু'তাযিলীরা মুসলিম সমাজে উক্ত ফিতনার প্রচার ও প্রসার ঘটায়। যার দরুন বহু 'উলামায়ে কেরাম শাস্তির সম্মুখীন হয়েছেন। মুসলিম সমাজের উপর তখন বড় একটা বিপদ নেমে এসেছে। এ ব্যাপারটি মুসলিম সমাজকে দীর্ঘ দিন ব্যস্ত করে রেখেছে।

এভাবে ফিতনার পর ফিতনার আবির্ভাব ঘটেছে। এ সব কারণে এবং আরো অন্যান্য কারণে মুসলমানরা বহু ভাগে বিভক্ত হয়েছে। প্রত্যেকেই দাবি করছে সে সত্যের উপর এবং অন্যরা বাতিলের উপর।

এ ব্যাপারে রাসূল (ﷺ) বহু পূর্বেই ইঙ্গিত দিয়েছেন। যা এখন সত্য বলে প্রমাণিত হয়েছে।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

افْتَرَقَتِ الْيَهُوْدُ عَلَى إِحْدَى أَوْ اثْنَتَيْنِ وَسَبْعِيْنَ فِرْقَةً وَتَفَرَّقَتِ النَّصَارَى إِحْدَى أَوْ اثْنَتَيْنِ وَسَبْعِيْنَ فِرْقَةً وَتَفْتَرِقُ أُمَّتِيْ عَلَى ثَلَاثٍ وَّسَبْعِيْنَ فِرْقَةً.

"ইহুদিরা একাত্তর বা বাহাত্তর ভাগে বিভক্ত হয়েছে, খ্রিস্টানরাও একাত্তর বা বাহাত্তর ভাগে বিভক্ত হয়েছে। আর আমার উম্মত বিভক্ত হবে তিহাত্তর ভাগে"।

(তিরমিযী/তুহ্‌ফাহ্ ৭/৩৯৭-৩৯৮ আবূ দাউদ/'আউনুল্ মা'বূদ ১২/৩৪০ ইব্‌নু মাজাহ্ ২/১৩২১)

মু'আবিয়া (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

إِنَّ أَهْلَ الْكِتَابَيْنِ افْتَرَقُوْا فِيْ دِيْنِهِمْ عَلَى اثْنَتَيْنَ وَسَبْعِيْنَ مِلَّةً، وَإِنَّ هَـذِهِ الْأُمَّـةَ سَـتَفْتَرِقُ عَلَى ثَلَاثٍ وَّسَبْعِيْنَ مِلَّةً يَعْنِيْ الْأَهْوَاءَ كُلُّهَا فِيْ النَّارِ إِلَّا وَاحِدَةً، وَهِيَ الْـجَمَاعَةُ.

"ইহুদি ও খ্রিস্টানরা বাহাত্তর ভাগে বিভক্ত হয়েছে। আর আমার উম্মত অচিরেই তিহাত্তর ভাগে বিভক্ত হবে। শুধুমাত্র একটি দল ছাড়া সবাই জাহান্নামী। আর সে দলটিই হচ্ছে বিক্ষিপ্ততামুক্ত মুসলমানদের জামা'আতবদ্ধ মূল দলটি"।

(আহ্মাদ্ ৪/১০২ আবূ দাউদ/'আউনুল্ মা'বূদ ১২/৩৪১-৩৪২ 'হা'কিম ৪/১০২)

পূর্ববর্তীদের হুবহু অনুসরণঃ

আরেকটি বড় ফিতনা হচ্ছে পূর্ববর্তী ইহুদি, খ্রিস্টান, অগ্নিপূজক ও অন্যান্য কাফিরদের হুবহু অনুসরণ। অপ্রিয় হলেও সত্য এই যে, বর্তমান বিশ্বের অধিকাংশ মুসলমান আজ কাফিরদের অনুসারী। তাদের চাল-চলন, লিবাস-পোশাক ও আচার-ব্যবহার সবই কাফিরদের ন্যায়। কেউ কেউ তো আবার এমনো ভাবছেন যে, বিশ্বের সকল সভ্যতা ও উন্নতি তো একমাত্র কুর'আন ও হাদীস পরিত্যাগ করার মধ্যেই নিহিত। তা অনুসরণে নয়। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বহু পূর্বেই এ ব্যাপারে ভবিষ্যদ্বাণী করে গেছেন।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى تَأْخُذَ أُمَّتِيْ بِأَخْذِ الْقُرُوْنِ قَبْلَهَا شِبْرًا بِشِبْرٍ، وَذِرَاعًا بِذِرَاعٍ، فَقِيْلَ: يَا رَسُوْلَ اللهِ! كَفَارِسَ وَالرُّوْمِ؟ فَقَالَ: وَمَنِ النَّاسُ إِلَّا أُوْلَائِكَ؟.

"কিয়ামত আসবে না যতক্ষণ না আমার উম্মত পূর্ববর্তীদের হুবহু অনুসারী হবে। হাত হাত বিঘত বিঘত। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে জিজ্ঞাসা করা হলো: হে আল্লাহ্'র রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)! তারা কি পারস্য এবং রোমানদের মতো হয়ে যাবে? তিনি বললেন: ওরা ছাড়া আর কে?" (বুখারী ৭৩১৯)

আবূ সাঈদ খুদ্রী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَتَتَّبِعُنَّ سَنَنَ مَنْ كَانَ قَبْلَكُمْ شِبْرًا بِشِبْرٍ، وَذِرَاعًا بِذِرَاعٍ، حَتَّى لَوْ سَلَكُوْا جُحْرَ ضَبٍّ لَسَلَكْتُمُوْهُ، قُلْنَا: يَا رَسُوْلَ اللهِ! الْيَهُوْدَ وَالنَّصَارَى؟ قَالَ: فَمَنْ؟!.

"তোমরা অবশ্যই তোমাদের পূর্ববর্তীদের অনুসারী হবে। হাত হাত বিঘত বিঘত তথা হুবহু এবং অবিকলভাবে। এমনকি তারা যদি কোন গুইসাপের গর্তে ঢুকে পড়ে তা হলে তোমরাও তাতে ঢুকে পড়বে। আমরা

(সাহাবারা) বললাম: হে আল্লাহ্'র রাসূল! তারা কি ইহুদী ও খ্রিষ্টান? তিনি বললেন: তারা নয় তো আর কারা?"

(বুখারী ৩৪৫৬, ৭৩২০; মুসলিম ২৬৬৯ ত্বায়ালিসী, হাদীস ২১৭৮)

ফিতনা বলতে এখানেই শেষ নয়। বরং এ ছাড়া আরো অনেক ফিতনা রয়েছে যা এখানে উল্লেখ করা হয়নি। যেমন: নারীর ফিতনা, সম্পদের ফিতনা, প্রবৃত্তিপূজার ফিতনা, ক্ষমতা ও নেতৃত্বের লোভ জাতীয় ফিতনা ইত্যাদি ইত্যাদি।

৮. নবুওয়াতের মিথ্যুক দাবিদারদের আবির্ভাব:

নবুওয়াতের মিথ্যুক দাবিদারদের আবির্ভাব কিয়ামতের আরেকটি আলামত। তারা প্রায় তিরিশ জন। তাদের কেউ কেউ নবী যুগে আবার কেউ কেউ সাহাবাদের যুগে বেরিয়েছে। কিয়ামত পর্যন্ত এমনিভাবে আরো বেরুবে।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يُبْعَثَ دَجَّالُوْنَ كَذَّابُوْنَ، قَرِيْبًا مِّنْ ثَلَاثِيْنَ، كُلُّهُمْ يَزْعُمُ أَنَّهُ رَسُوْلُ اللهِ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না মিথ্যুক দাজ্জাল বের হবে। তারা প্রায় তিরিশ জন। তাদের প্রত্যেকেরই দাবি হবে, সে আল্লাহ্'র রাসূল"।

(বুখারী ৩৬০৯)

সাউবান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى تَلْحَقَ قَبَائِلُ مِنْ أُمَّتِيْ بِالْمُشْرِكِيْنَ، وَحَتَّى يَعْبُدُوْا الْأَوْثَانَ، وَإِنَّهُ سَيَكُوْنُ فِيْ أُمَّتِيْ ثَلَاثُوْنَ كَذَّابُوْنَ، كُلُّهُمْ يَزْعُمُ أَنَّهُ نَبِيٌّ، وَأَنَا خَاتَمُ النَّبِيِّيْنَ، لَا نَبِيَّ بَعْدِيْ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না আমার উম্মতের কোন না কোন সম্প্রদায় মুশ্‌রিকদের সাথে মিলিত হবে এবং মূর্তি পূজা করবে। আর আমার উম্মতের মধ্যে অচিরেই তিরিশ জন মিথ্যুকের আবির্ভাব ঘটবে। যাদের প্রত্যেকেই দাবি করবে, সে এক জন নবী ; অথচ আমি সর্বশেষ নবী। আমার পরে আর কোন নবী আসবেন না"।

(আবূ দাউদ/'আউন ১১/৩২৪ তিরমিযী/তুহ্‌ফাহ্ ৬/৪৬৬)

তিরিশ জন বলতে সর্বমোট তিরিশ জনই উদ্দেশ্য নয়। বরং নবুওয়াতের দাবিদার আরো অনেক বেশি হতে পারে। তবে তিরিশ জন বলতে এমন তিরিশ জনকেই বুঝানো হচ্ছে যাদের থাকবে প্রচুর দাপট ও প্রতিপত্তি এবং যাদের অনুসারী হবে অনেক বেশি।

যারা ইতিপূর্বে নবুওয়াতের দাবি করেছে তাদের মধ্যে মিথ্যুক মুসাইলামাহ্ বিশেষভাবে উল্লেখযোগ্য। মিথ্যুকটি নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর শেষ যুগে নবম হিজরী সনে তার বংশের এক প্রতিনিধি দলের সাথে মদীনায় এসে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সাথে সাক্ষাৎ করে ইসলাম গ্রহণ করে। কিন্তু বাড়ি ফিরে কিছু দিন পরই সে নবুওয়াতের দাবি করে বসে। সে বলতো: এ যুগের দু' নবীর মধ্যে আমি একজন। রাতের অন্ধকারে আমার নিকট আকাশ থেকে ওহী আসে। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তার কাছে একদা চিঠিও পাঠান এবং তাকে মিথ্যুক বলে আখ্যায়িত করেন। তার অনুসারী ছিলো সংখ্যায় অনেক। মুসলমানদের পক্ষে তাকে প্রতিহত করা খুবই কঠিন হয়ে পড়েছিলো। পরিশেষে আবূ বকর (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর যুগে ইয়ামামাহ্'র যুদ্ধে তাকে হত্যা করা হয়। উক্ত যুদ্ধের নেতৃত্বে ছিলেন খালিদ বিন্ ওয়ালীদ, 'ইকরামাহ্ বিন্ আবূ জাহ্ল ও শুরা'হ্বীল বিন্ 'হাস্নাহ্ (রাযিয়াল্লাহু আনহুম)। মুসাইলামাহ্ চল্লিশ হাজার সেনা বাহিনী নিয়ে সাহাবাদের মুকাবিলা করে। কিন্তু শেষ পর্যন্ত সে আর টিকতে পারলো না। বরং বীর বাহাদুর ওয়াহশী বিন্ 'হার্ব (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর হাতেই তার জীবন সমাধি হয়।

ইয়েমেনের আস্ওয়াদ 'আন্সীও একদা নবুওয়াতের দাবি করে। সে তার সাঙ্গোপাঙ্গ নিয়ে পুরো ইয়েমেন দখল করে নেয়। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তা জানতে পেরে সে এলাকার মুসলমানদেরকে তার মুকাবিলা করতে আদেশ করে চিঠি পাঠান। তারা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর আদেশে উদ্বুদ্ধ হয়ে তার সুকঠিন মুকাবিলা করে তাকে তার ঘরেই হত্যা করে। এ ব্যাপারে তার জনৈকা স্ত্রী মুসলমানদেরকে বিশেষ সহযোগিতা করেন। তিনি ছিলেন একজন খাঁটি ঈমানদার। তাঁর স্বামীকে হত্যা করে জোরপূর্বক আস্ওয়াদ 'আন্সী তাঁকে বিবাহ্ করে নেয়। আস্ওয়াদ 'আন্সীকে হত্যা করার পর অত্র এলাকায় ইসলাম ও মুসলমানরা পুনরায় জয়যুক্ত হয়। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে এ ব্যাপারে জানানোর বহু পূর্বেই তিনি ওহীর মাধ্যমে খবর পেয়ে সবাইকে আস্ওয়াদ এর হত্যার ব্যাপারটি জানিয়ে দেন। তার হত্যার পূর্বে সে ইতিমধ্যেই তিন বা চার মাস ইয়েমেনের রাষ্ট্রপতির দায়িত্ব পালন করে।

সাজাহ্ বিন্তুল 'হারিস্ তাগলিবী নামক জনৈকা মহিলাও একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর ইন্তিকালের পর নবুওয়াতের দাবি করে। সে ছিলো একজন খ্রিস্টান আরব। তার অনুসারীরা যুদ্ধ করতে করতে বানু তামীম হয়ে ইয়ামামায় পৌঁছে। সেখানে পৌঁছে মহিলাটি মুসাইলামাহ্ এর সাথে সাক্ষাৎ করে তার প্রতি অকুণ্ঠ সমর্থন জানায়। তখন মিথ্যুক মুসাইলামাহ্ তার উপর অতি সন্তুষ্ট হয়ে তাকে বিবাহ্ বন্ধনে আবদ্ধ করে নেয়। তবে মুসাইলামাহ্ এর মৃত্যুর পর সে পুনরায় ইসলামে ফিরে আসে এবং তার ইসলাম সত্য বলে প্রমাণিত হয়।

তুলাইহাহ্ বিন্ খুওয়াইলিদ আসাদী নামক জনৈক ব্যক্তিও একদা নবুওয়াতের দাবি করে। মিথ্যুকটি নবম হিজরী সনে তার বংশের এক প্রতিনিধি দলের সাথে মদীনায় এসে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সাথে সাক্ষাৎ করে ইসলাম গ্রহণ করে। কিন্তু বাড়ি ফিরে কিছু দিন পরই সে নবুওয়াতের দাবি করে বসে। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যিরার বিন্ আযওয়ার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে সে এলাকার গভর্ণর করে পাঠান। যিরার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) সে এলাকার দায়িত্বভার গ্রহণ করার পর তুলাইহাহ্ এর ক্ষমতা একেবারেই হ্রাস পায়। কিন্তু তাকে হত্যা করা হয়নি বলে কিছু দিন পর মানুষের মধ্যে এ কথা প্রচার পায় যে, তাকে আর হত্যা করা যাচ্ছে না। তখন আবারো তার ভক্তবৃন্দ বেড়ে যায়। ইতিমধ্যে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইন্তিকাল করেন। অতঃপর আবূ বকর (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর খিলাফতামলে তিনি খালিদ বিন্ ওয়ালীদ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর নেতৃত্বে তাকে শায়েস্তা করার জন্য একটি সেনাদল পাঠান। সে যুদ্ধে তার দল পরাজিত হলে সে তার স্ত্রীকে নিয়ে শাম দেশে পালিয়ে যায়। তবে সে পরবর্তীতে তাওবা করে আবারো ইসলাম গ্রহণ করে এবং তার ইসলাম সত্য বলে প্রমাণিত হয়।

তাবি'য়ীদের যুগে মুখ্তার বিন্ আবূ 'উবাইদ সাক্বাফী নামক জনৈক ব্যক্তিও একদা নবুওয়াতের দাবি করে। প্রথমতঃ সে নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর বংশধরদের প্রতি অতি ভক্তি দেখায় এবং 'হুসাইন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর রক্তের প্রতিশোধ নিতে সে হয় বদ্ধ পরিকর। সে মুহাম্মাদ বিন্ 'হানাফিয়্যাহ্কে ইমাম হিসেবে স্বীকৃতি দেয়। তার অনুসারীও ছিলো সংখ্যায় অনেক। ইব্নুয্ যুবাইর (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর খিলাফতামলে সে কুফা শহর দখল করে নেয়। অতঃপর সে নবুওয়াতের দাবি করে এবং বলেঃ জিব্রীল (আলাইহিস সালাম) স্বয়ং তার নিকট ওহী নিয়ে অবতীর্ণ হন। মুস্ব'আব বিন্ যুবাইর (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর সাথে তার কয়েকটি যুদ্ধ সংঘটিত হয়। যুদ্ধগুলোতে সে এতটুকুও জয়লাভ করতে পারেনি। বরং

পরিশেষে তাকে হত্যাই করা হয়।

খলীফা আব্দুল মালিক বিন্ মার্ওয়ানের খিলাফতামলে মিথ্যুক হারিস্ বিন্ সা'ঈদও নবুওয়াতের দাবি করে। প্রথমতঃ সে খুব বুযুর্গী দেখায়। অতঃপর সে দাবি করে, সে একজন নবী। যখন সে জানতে পারলো, ব্যাপারটি খলীফা পর্যন্ত পৌঁছে গেছে তখন সে সুকৌশলে আত্মগোপন করলো। কিন্তু তার বড়ো দুর্ভাগ্য এই যে, জনৈক সুকৌশলী বসরা অধিবাসী অতি অল্প সময়ে তার খাঁটি ভক্ত বনে যায়। তখন হারিস্ তার ভক্তিতে অতি আপ্লুত হয়ে সর্বদা তার জন্য নিজ দরোজা খুলে দেয়। এ সুযোগে লোকটি খলীফার কাছে সংবাদ পৌঁছিয়ে কিছু সংখ্যক অনারব সৈন্য সাথে নিয়ে তাকে আটক করে। তাকে খলীফার কাছে পৌঁছানো হলে তিনি কিছু সংখ্যক মুফতী সাহেবকে তাকে বুঝানোর দায়িত্ব অর্পণ করে। তাতে কোন ফায়েদা হয়নি বলে পরিশেষে খলীফা তাকে শূলে চড়িয়ে হত্যা করেন।

আব্বাসী খিলাফতামলে এভাবে আরো অনেকেই নবুওয়াতের দাবি করে। তবে তা এতটুকুও ধোপে টিকেনি।

আমাদের নিকটবর্তী ভারত বর্ষেও অদূর অতীতে এক মিথ্যুক বের হয়। যার নাম ছিলো মির্জা গোলাম আহ্মাদ কাদিয়ানী। সেও নবুওয়াতের দাবি করে। সে বলে: আমি মাসীহ্। আমি মার্ইয়াম। আমি যিল্লী নবী। ইত্যাদি ইত্যাদি। সর্বজন শ্রদ্ধেয় শায়েখ সানাউল্লাহ্ (রাহিমাহুল্লাহ্) তার কঠিন প্রতিবাদ করেন। এমনকি পরিশেষে তেরোশত ছাব্বিশ হিজরী সনে গোলাম আহ্মাদ কাদিয়ানী হযরতকে এ বলে চ্যালেঞ্জ করে যে, ঠিক আছে আমি দো'আ করছি, আমাদের মধ্যকার মিথ্যুক লোকটি যেন অন্য জন জীবিত থাকাবস্থায় মহামারীর মতো কঠিন রোগে আক্রান্ত হয়ে অতি সত্বর মৃত্যু বরণ করে। দুর্ভাগ্য বশতঃ দো'আটি তার পক্ষেই কবুল হয়ে যায়। তাই সে উক্ত দো'আর তেরো মাস দশ দিন পরই কলেরা রোগে মৃত্যু বরণ করে। এখনো আছে তার অনেক অনুসারী। এভাবেই মিথ্যুকরা একের পর এক বের হতে থাকবে। যাদের মধ্যে সর্বশেষ মিথ্যুক হবে কানা দাজ্জাল।

সামুরাহ্ বিন্ জুন্দুব (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা এক সূর্য গ্রহণের দিনে বক্তব্য দিচ্ছিলেন। তখন তিনি বলেন:

وَإِنَّهُ وَاللهِ لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يَخْرُجَ ثَلَاثُوْنَ كَذَّابًا، آخِرُهُمْ الْأَعْوَرُ الْكَذَّابُ.

"আল্লাহ্'র কসম খেয়ে বলছি: কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না বের

হবে তিরিশ জন মিথ্যুক। যাদের সর্বশেষ মিথ্যুক হবে কানা দাজ্জাল"। (আহ্মাদ ৫/৩৯৬)

এদের মধ্যে চারজন হবে মহিলা।

'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

فِيْ أُمَّتِيْ كَذَّابُوْنَ وَدَجَّالُوْنَ سَبْعَةٌ وَّعِشْرُوْنَ، مِنْهُمْ أَرْبَعُ نِسْوَةٍ، وَإِنِّيْ خَاتَمُ النَّبِيِّيْنَ، لَا نَبِيَّ بَعْدِيْ.

"আমার উম্মতের মধ্যে সাতাশ জন দাজ্জাল ও মিথ্যুক বের হবে। যাদের চার জনই হবে মহিলা ; অথচ আমি সর্বশেষ নবী। আমার পরে আর কোন নবী আসবেন না"। (আহ্মাদ ৫/১৬)

৯. সার্বিক নিরাপত্তা:

মুসলিম এলাকার সার্বিক নিরাপত্তা কিয়ামতের আরেকটি আলামত। যা ছিলো এবং আবারো আসবে।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يَسِيْرَ الرَّاكِبُ بَيْنَ الْعِرَاقِ وَمَكَّةَ، لَا يَخَافُ إِلَّا ضَلَالَ الطَّرِيْقِ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না কোন আরোহী ইরাক ও মক্কার মাঝে নির্ভয়ে ভ্রমণ করবে। তার শুধু ভয় থাকবে পথ হারিয়ে যাওয়ার"।

(আহ্মাদ ২/৩৭০-৩৭১)

সাহাবাদের যুগে এমনটি ঘটেছিলো। যখন পুরো এলাকায় ইনসাফ বিরাজ করছিলো।

'আদি' বিন্ হা'তিম (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা আমাকে উদ্দেশ্য করে বললেন:

يَا عَدِيُّ! هَلْ رَأَيْتَ الْحِيْرَةَ؟ قُلْتُ: لَمْ أَرَهَا، وَقَدْ أُنْبِئْتُ عَنْهَا، قَالَ: فَإِنْ طَالَتْ بِكَ حَيَاةٌ لَتَرَيَنَّ الظَّعِيْنَةَ تَرْتَحِلُ مِنَ الْحِيْرَةِ حَتَّى تَطُوْفَ بِالْكَعْبَةِ؛ لَا تَخَافُ إِلَّا اللهَ.

"হে 'আদি'! তুমি কি 'হীরায় গিয়েছিলে? আমি বললাম: যাইনি। তবে 'হীরা এলাকার নাম শুনেছি। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাকে বললেন: হে

'আদি'! তুমি বেঁচে থাকলে অবশ্যই দেখবে যে, একদা জনৈকা মুসাফির মহিলা 'হীরা থেকে রওয়ানা করে মক্কায় পৌঁছে কা'বা ঘর তাওয়াফ করবে; অথচ পথিমধ্যে সে একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া আর কাউকেই ভয় পাবে না। (বুখারী ৩৫৯৫)

ইমাম মাহ্দী ও 'ঈসা (আলাইহিমুস্ সালাম) এর যুগে পুরো বিশ্বে যখন আবারো ইনসাফ প্রতিষ্ঠিত হবে তখন আবারো সমাজের প্রতিটি স্তরে পূর্ণ নিরাপত্তা বিরাজ করবে।

১০. 'হিজাযের আগুন:

'হিজাযের আগুন কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى تَخْرُجَ نَارٌ مِنْ أَرْضِ الْحِجَازِ، تُضِيْءُ أَعْنَاقَ الْإِبِلِ بِبُصْرَى.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না হিজায ভূখণ্ড (মক্কা-মদীনা) থেকে আগুন বের হয়। যে আগুনের আলোয় বুস্বরা এলাকার উটের গলা নযরে পড়বে"। (বুখারী ৭১১৮; মুসলিম ২৯০২)

হিজরী ছয় শত চুয়ান্ন শতাব্দীর পাঁচই জুমাদাস্ সানী রোজ জুমাবার মদীনার পূর্ব দিকের হার্‌রাহ্ এর পেছনে এ আগুন দেখা যায়। যা ছিলো খুবই ভয়াবহ। অন্তত চার-পাঁচ মাইল ব্যাপী। পাথরগুলো সীসার মতো গলে গিয়ে কালো রং ধারণ করছিলো। উক্ত আগুনের আলোতে তখনকার লোকেরা তাইমা' এলাকা পর্যন্ত চলা-ফেরা করছিলো। যা ছিলো দীর্ঘ এক মাস ব্যাপী। (নিহায়াহ্/আল্‌ফিতানু ওয়াল্‌মালাহিম ১/২৬-২৭)

ইমাম নাওয়াওয়ী (রাহিমাহুল্লাহ্) বলেন: আমাদের যুগেই হিজরী ছয় শত চুয়ান্ন শতাব্দীতে মদীনার পূর্ব দিকের হার্‌রাহ্ এর পেছনে এ আগুন দেখা যায়। সে আগুন ছিলো খুবই ভয়াবহ। সিরিয়া ও তার আশপাশের লোকেরা এবং মদীনাবাসীরা তা অবলোকন করেছে।

(শর্'হুন্ নাওয়াওয়ী ১৮/২৮)

ইবনু কাসীর (রাহিমাহুল্লাহ্) বলেন: বুস্বরা এলাকার একাধিক গ্রাম্য ব্যক্তি এ কথার সাক্ষ্য দিয়েছে যে, তারা 'হিজাযের আগুনের আলোয় বুস্বরা এলাকার উটের গলা দেখতে পেয়েছে।

(নিহায়াহ্/আল্‌ফিতানু ওয়াল্‌মালাহিম ১/১৪)

ইমাম ক্বুরত্বুবী (রাহিমাহুল্লাহ্) বলেন: উক্ত আগুন মক্কা ও বুস্বরা এলাকার পাহাড়গুলোর উপর থেকে দেখা গিয়েছে। (তায্কিরাহ্ পৃষ্ঠা ৬৩৬)

১১. তুরকিস্তানীদের সাথে যুদ্ধঃ

মুসলমানদের সাথে তুরকিস্তানীদের যুদ্ধ কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يُقَاتِلَ الْمُسْلِمُوْنَ التُّرْكَ، قَوْمًا وُجُوْهُهُمْ كَالْمَجَانِّ الْمُطْرَقَةِ، يَلْبَسُوْنَ الشَّعْرَ، وَيَمْشُوْنَ فِيْ الشَّعْرِ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না মুসলমানরা তুরকিস্তানীদের সাথে যুদ্ধ করবে। তাদের চেহারা হবে চামড়া মোড়ানো ঢালের ন্যায় তথা চওড়া ও ঝুলে পড়া গণ্ডদেশ বিশিষ্ট। তারা পশমের কাপড় ও জুতো পরিধান করবে"। (মুসলিম ২৯১২)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى تُقَاتِلُوْا التُّرْكَ صِغَارَ الْأَعْيُنِ، حُمْرَ الْوُجُوْهِ، ذُلْفَ الْأُنُوْفِ، كَأَنَّ وُجُوْهَهُمْ الْمَجَانُّ الْمُطْرَقَةُ، وَلَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى تُقَاتِلُوْا قَوْمًا نِعَالُهُمُ الشَّعْرُ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না তোমরা তুরকিস্তানীদের সাথে যুদ্ধ করবে। তাদের চোখ হবে ছোট। চেহারা হবে লাল। নাক হবে ছোট ও চেপটা। তাদের চেহারা যেন চামড়া মোড়ানো ঢালের ন্যায় তথা চওড়া ও ঝুলে পড়া গণ্ডদেশ বিশিষ্ট। কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না তোমরা এমন জাতির সাথে যুদ্ধ করবে। যাদের জুতো হবে পশমের"।

(বুখারী ২৯২৮, ২৯২৯; মুসলিম ২৯১২)

'আমর বিন্ তাগ্লিব (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ مِنْ أَشْرَاطِ السَّاعَةِ أَنْ تُقَاتِلُوْا قَوْمًا يَنْتَعِلُوْنَ نِعَالَ الشَّعْرِ، وَإِنَّ مِنْ أَشْرَاطِ

السَّاعَةِ أَنْ تُقَاتِلُوْا قَوْمًا عِرَاضَ الْوُجُوْهِ كَأَنَّ وُجُوْهَهُمْ الْمَجَانُّ الْمُطْرَقَةُ.

"কিয়ামতের আলামতসমূহের মধ্য থেকে এটিও একটি যে, তোমরা এমন এক জাতির সঙ্গে যুদ্ধ করবে যারা পশমের জুতো পরিধান করবে। কিয়ামতের আলামতসমূহের মধ্য থেকে এটিও আরেকটি যে, তোমরা এমন এক জাতির সঙ্গে যুদ্ধ করবে যাদের চেহারা হবে চওড়া যেন চামড়া মোড়ানো ঢালের ন্যায়"। (বুখারী ২৯২৭)

সাহাবাদের যুগেই মুসলমানরা তুরকিস্তানীদের সাথে যুদ্ধ করেছে। তখন ছিলো বনু উমাইয়াহ্ তথা মু'আবিয়া (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর খিলাফতকাল।

মু'আবিয়া (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: আমি একদা মু'আবিয়া বিন্ আবূ সুফ্ইয়ান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর নিকট বসা ছিলাম। এমতাবস্থায় তাঁর জনৈক গভর্নরের কাছ থেকে এ মর্মে একটি চিঠি এসেছে যে, তিনি তুরকিস্তানীদের সাথে যুদ্ধ করে তাদেরকে পরাজিত করেছেন। তাদের অনেককে হত্যা করেছেন এবং প্রচুর যুদ্ধলব্ধ মালও আহরণ করেছেন। তা পড়ে মু'আবিয়া (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) খুবই রাগান্বিত হন এবং তাঁর নিকট এ মর্মে লিখতে আদেশ করেন যে, আমি তোমার কথায় বুঝতে পেরেছি যে, তুমি অনেককে হত্যা করেছো এবং প্রচুর যুদ্ধলব্ধ মাল সংগ্রহ করেছো। আমি যেন আর না শুনি যে, তুমি তাদের সাথে যুদ্ধে মেতে উঠেছো যতক্ষণ না আমার আদেশ আসবে। বর্ণনাকারী বলেন: কেন হে আমীরুল মু'মিনীন! তিনি বললেন: আমি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে বলতে শুনেছি। তিনি বলেন:

لَتَظْهَرَنَّ التُّرْكُ عَلَى الْعَرَبِ حَتَّى تُلْحِقَهَا بِمَنَابِتِ الشِّيْحِ وَالْقَيْصُوْمِ.

"তুরকিস্তানীরা অবশ্যই আরবদের উপর জয়ী হবে। এমনকি তারা আরবদেরকে তাড়াতে তাড়াতে শী'হ্ ও ক্বাইস্বূম নামক সুগন্ধময় উদ্ভিদ এলাকায় পৌঁছে দিবে"। (ফাত্হুল্ বারী ৬/৬০৯)

বুরাইদাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: আমি একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট বসা ছিলাম। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলছিলেন:

إِنَّ أُمَّتِيْ يَسُوْقُهَا قَوْمٌ عِرَاضُ الْأَوْجُهِ، صِغَارُ الْأَعْيُنِ، كَأَنَّ وُجُوْهَهُمُ الْحَجَفُ ـ ثَلَاثَ مَرَّاتٍ ـ حَتَّى يُلْحِقُوْهُمْ بِجَزِيْرَةِ الْعَرَبِ، أَمَّا السَّابِقَةُ الْأُوْلَى؛ فَيَنْجُوْ مَنْ هَرَبَ مِنْهُمْ، وَأَمَّا الثَّانِيَةُ؛ فَيَهْلِكُ بَعْضٌ وَيَنْجُوْ بَعْضٌ، وَأَمَّا الثَّالِثَةُ؛ فَيَصْطَلِمُوْنَ كُلُّهُمْ مَنْ

بَقِيَ مِنْهُمْ، قَالُوْا : يَا نَبِيَّ اللهِ! مَنْ هُمْ؟ قَالَ: هُمُ التُّرْكُ، قَالَ: أَمَا وَالَّذِيْ نَفْسِيْ بِيَدِهِ لَيَرْبِطُنَّ خُيُوْلُهُمْ إِلَى سَوَارِيْ مَسَاجِدِ الْمُسْلِمِيْنَ.

"আমার উম্মতদেরকে তাড়িয়ে বেড়াবে এমন এক জাতি যাদের চেহারা হবে প্রশস্ত। নাক হবে ছোট। যেন তাদের চেহারা ঢালের ন্যায়। রাসূল (ﷺ) উক্ত কথাটি তিন বার বলেছেন। এমনকি তারা আমার উম্মতদেরকে তাড়াতে তাড়াতে আরব উপদ্বীপে পৌঁছিয়ে দিবে। প্রথম দলটির কেউ কেউ পালিয়ে বাঁচবে। আর দ্বিতীয় দলটির কেউ মরবে আবার কেউ বাঁচবে। তৃতীয় দলটিকে কচু কাটা তথা একেবারেই নিঃশেষ করে দেয়া হবে। সাহাবাগণ বললেন: হে আল্লাহ্'র নবী! তারা কারা? তিনি বললেন: তারা তুরকিস্তানী। তিনি আরো বলেন: সে সত্তার কসম খেয়ে বলছি যাঁর হাতে আমার জীবন! তারা তাদের ঘোড়াগুলো বেঁধে রাখবে মুসলমানদের মসজিদের খুঁটির সাথে"। (আহ্মাদ ৫/৩৪৮-৩৪৯)

এ হাদীসটি শুনে বুরাইদাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) তাঁর সাথে সর্বদা দু' তিনটি উট, সফরের সামান ও প্রয়োজনীয় পানপাত্র প্রস্তুত রাখতেন। যাতে তাদের খপ্পর থেকে সহজে পালানো যায়।

ইব্নু হাজার (রাহিমাহুল্লাহ্) বলেন: তাদের মাঝে ও মুসলমানদের মাঝে একটি দেয়াল ছিলো। তবে তা পরবর্তীতে একটু একটু করে খুলে দেয়া হয় এবং তাদের অনেককেই বন্দী করা হয়। তাদের ব্যাপারে কিছু মুসলিম রাষ্ট্রপতি অতি উৎসাহী হয়ে পড়ে। কারণ, তারা ছিলো অত্যন্ত শক্তিশালী ও অতি সাহসী। এমনকি মু'তাস্বিম বিল্লাহ্'র অধিকাংশ সেনা সদস্য তারাই ছিলো। অতঃপর তারাই তাঁর রাষ্ট্রের উপর হস্তক্ষেপ করে তাঁর ছেলে মুতাওয়াক্কিল এবং আরো অন্যান্যদেরকে হত্যা করে।

এ দিকে সামানী রাষ্ট্রপতিরাও ছিলো তুরকিস্তানী। একদা মিসর, শাম এবং হিজাজও ছিলো তাদের কর্তৃত্বাধীন। তেমনিভাবে তাতারীরাও ছিলো তুরকিস্তানী। কারণ, তুরকিস্তানীদের সকল বৈশিষ্ট্যই তাদের মধ্যে পাওয়া যায়। চেঙ্গিজ খান ছিলো তাদের প্রধান এবং তাদের মধ্যে সর্বশেষ প্রভাবশালী ব্যক্তি ছিলো তাইমুর লঙ্ক। এক সুদীর্ঘ সময় পুরো প্রাচ্যেই চলছিলো তাদের তাণ্ডবলীলা। তারা বাগদাদে ঢুকে খলীফা মুস্তা'স্বিমকে হত্যা করে এবং শহরটিকে সম্পূর্ণরূপে ধ্বংস করে দেয়।

তবে তুরকিস্তানীদের অনেকেই ইসলাম ধর্ম গ্রহণ করেন এবং তাঁদের হাতেই ইসলাম ও মুসলমানদের বহু কল্যাণ সাধিত হয়। তাঁরা একটি শক্তিশালী ইসলামী রাষ্ট্র গঠন করেন। তাতে করে ইসলামের প্রভাব বহুলাংশেই বৃদ্ধি পায়। তাঁরা অনেকগুলো কাফির এলাকা বিজয় করেন। তার মধ্যে রোমের রাজধানী ছিলো অন্যতম।

১২. অনারবদের সাথে যুদ্ধঃ

অনারবদের সাথে যুদ্ধ কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى تُقَاتِلُوْا خُوْزًا وَكَرْمَانَ مِنَ الْأَعَاجِمِ حُمْرَ الْوُجُوْهِ، فُطْسَ الْأُنُوْفِ، صِغَارَ الْأَعْيُنِ، وُجُوْهُهُمُ الْمَجَانُّ الْمُطْرَقَةُ، نِعَالُهُمُ الشَّعْرُ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না তোমরা খুজিস্তানী ও কিরমানীদের সাথে যুদ্ধ করবে। যারা অনারব। তাদের চেহারা হবে লাল। নাক হবে ছোট ও চেপটা। চোখ হবে ছোট। তাদের চেহারা যেন চামড়া মোড়ানো ঢালের ন্যায় তথা চৌড়া ও ঝুলে পড়া গণ্ডদেশ বিশিষ্ট এবং যাদের জুতো হবে পশমের"। (বুখারী ৩৫৯০)

এরা তুরকিস্তানী নয় ঠিকই। তবে এদের বৈশিষ্ট্যের সাথে তুরকিস্তানীদের বৈশিষ্ট্যের খুব একটা মিল রয়েছে। তবে এ কথা নিশ্চিত যে, এরা সবাই অনারব এবং এ অনারবদের সাথেই হবে মুসলমানদের বিপুল সংখ্যক যুদ্ধ-বিগ্রহ।

সামুরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يُوْشِكُ أَنْ يَّمْلَأَ اللهُ عَزَّ وَجَلَّ أَيْدِيَكُمْ مِنَ الْعَجَمِ، ثُمَّ يَكُوْنُوْنَ أُسْدًا لَا يَفِرُّوْنَ، فَيَقْتُلُوْنَ مُقَاتِلَتَكُمْ، وَيَأْكُلُوْنَ فَيْئَكُمْ.

"অচিরেই আল্লাহ্ তা'আলা তোমাদের মধ্যে তথা মুসলমানদের মধ্যে অনারবদের সংখ্যা বাড়িয়ে দিবেন। তারা হবে সিংহের মতো অতি সাহসী। যুদ্ধ ক্ষেত্র থেকে তারা কখনোই পিছপা হবে না। তারা তোমাদের যুদ্ধবাজ সৈন্যদেরকে হত্যা করবে এবং পেছনে ফেলে আসা ধন-সম্পদ খাবে"। (আহ্মাদ্ ৫/১১ মাজ্মাউয্ যাওয়ায়িদ ৭/৩১০)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يُوْشِكُ أَنْ يَكْثُرَ فِيْكُمْ مِنَ الْعَجَمِ أُسْدٌ لَا يَفِرُّوْنَ، فَيَقْتُلُوْنَ مُقَاتِلَتَكُمْ، وَيَأْكُلُوْنَ فَيْئَكُمْ.

"অচিরেই আল্লাহ্ তা'আলা তোমাদের মধ্যে তথা মুসলমানদের মধ্যে অনারবদের সংখ্যা বাড়িয়ে দিবেন। তারা হবে সিংহের মতো অতি সাহসী। যুদ্ধ ক্ষেত্র থেকে তারা কখনোই পিছপা হবে না। তারা তোমাদের যুদ্ধবাজ সৈন্যদেরকে হত্যা করবে এবং পেছনে ফেলে আসা ধন-সম্পদ খাবে"। (মাজ্মাউয্ যাওয়ায়িদ ৭/৩১১)

কারো কারোর মতে উক্ত হাদীসদ্বয় দুর্বল। তবে ইমাম হাইসামী হাদীসদ্বয়কে বিশুদ্ধ বলে আখ্যায়িত করেছেন।

১৩. আমানতের খিয়ানত:

আমানতের খিয়ানত কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِذَا ضُيِّعَتِ الْأَمَانَةُ فَانْتَظِرِ السَّاعَةَ، قَالَ: كَيْفَ إِضَاعَتُهَا يَا رَسُوْلَ اللهِ؟ قَالَ: إِذَا أُسْنِدَ الْأَمْرُ إِلَى غَيْرِ أَهْلِهِ فَانْتَظِرِ السَّاعَةَ.

"যখন তুমি দেখবে আমানতের খিয়ানত হতে তখন কিয়ামতের অপেক্ষা করবে। বর্ণনাকারী বললেন: হে আল্লাহ্'র রাসূল! তা আবার কিভাবে? তিনি বললেন: যখন কোন গুরু দায়িত্ব অযোগ্য ব্যক্তিকে দেয়া হবে তখন কিয়ামতের অপেক্ষা করবে"। (বুখারী ৬৪৯৬)

কিয়ামতের পূর্বক্ষণে একদা মানুষের অন্তর থেকে আমানত উঠিয়ে নেয়া হবে। তখন অন্তরে উহার দাগ ছাড়া আর কিছুই থাকবে না।

'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমানত উঠিয়ে নেয়া সম্পর্কে বলেন:

يَنَامُ الرَّجُلُ النَّوْمَةَ فَتُقْبَضُ الْأَمَانَةُ مِنْ قَلْبِهِ، فَيَظَلُّ أَثَرُهَا مِثْلَ أَثَرِ الْوَكْتِ، ثُمَّ يَنَامُ النَّوْمَةَ فَتُقْبَضُ فَيَبْقَى أَثَرُهَا مِثْلَ الْمَجْلِ، كَجَمْرٍ دَحْرَجْتَهُ عَلَى رِجْلِكَ فَنَفِطَ، فَتَرَاهُ

مُنْتَبِرًا وَ لَيْسَ فِيْهِ شَيْءٌ، فَيُصْبِحُ النَّاسُ يَتَبَايَعُوْنَ، فَلَا يَكَادُ أَحَدٌ يُوَدِّيْ الْأَمَانَةَ، فَيُقَالُ: إِنَّ فِيْ بَنِيْ فُلَانٍ رَجُلًا أَمِيْنًا، وَيُقَالُ لِلرَّجُلِ: مَا أَعْقَلَهُ وَمَا أَظْرَفَهُ وَمَا أَجْلَدَهُ، وَمَا فِيْ قَلْبِهِ مِثْقَالُ حَبَّةِ خَرْدَلٍ مِنْ إِيْمَانٍ.

"কেউ ঘুমিয়ে পড়লে তার অন্তর থেকে আমানত টুকু উঠিয়ে নেয়া হবে। তখন এর দাগ টুকু তার অন্তরে কোন এক বিন্দুর দাগের ন্যায় অবশিষ্ট থাকবে। আবারো সে ঘুমিয়ে পড়লে আমানতের বাকি অংশ টুকু তার অন্তর থেকে উঠিয়ে নেয়া হবে। তখন এর দাগ টুকু তার অন্তরে কোন এক কর্মঠ ব্যক্তির হাতের দাগের ন্যায় অবশিষ্ট থাকবে। যেমন: তুমি কোন জ্বলন্ত কয়লা অসতর্কভাবে পায়ের উপর ফেলে দিলে। আর তখনই সেখানে একটি ফোস্কা ফুটে গেলো। তখন ফোস্কাটিকে দেখতে উঁচু দেখা যাবে ঠিকই ; কিন্তু তাতে দূষিত পানি ছাড়া আর কিছুই থাকবে না। ভোর হলে সবাই একে অপরের হাতে বায়'আত করবে ঠিকই। কিন্তু তাদের মধ্যে এমন কোন লোক খুঁজে পাওয়া যাবে না যে তার উপর অর্পিত আমানত টুকু আদায় করবে। তখন এ কথা বলা হবে যে, শুনেছিলাম: অমুক বংশে নাকি একজন আমানতদার ব্যক্তি ছিলো। তখন কারো কারোর সম্পর্কে এ কথাও বলা হবে যে, লোকটি কতই না বুদ্ধিমান! কতই না চালাক! কতই না বীর সাহসী! অথচ তার অন্তরে একটি সরিষা পরিমাণও ঈমান নেই"। (বুখারী ৬৪৯৭)

১৪. ধর্মীয় জ্ঞানের আকাল ও মূর্খতার ছড়াছড়ি:

ধর্মীয় জ্ঞানের আকাল ও মূর্খতার ছড়াছড়ি কিয়ামতের আরেকটি আলামত।

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يُرْفَعَ الْعِلْمُ وَيَظْهَرَ الْجَهْلُ وَفِيْ رِوَايَةٍ: وَيَثْبُتَ الْجَهْلُ، وَيُشْرَبَ الْخَمْرُ وَيَظْهَرَ الزِّنَا وَيَقِلَّ الرِّجَالُ وَيَكْثُرَ النِّسَاءُ حَتَّى يَكُوْنَ لِخَمْسِيْنَ امْرَأَةً الْقَيِّمُ الْوَاحِدُ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না ধর্মীয় জ্ঞান উঠিয়ে নেয়া হয়, মূর্খতা প্রকাশ পায়, অন্য বর্ণনায় রয়েছে, মূর্খতা জেঁকে বসে, মদ পান করা

হয়, ব্যভিচার প্রকাশ পায়, পুরুষ কমে যায় এবং মহিলা বেড়ে যায়। এমনকি পঞ্চাশ জন মহিলার জন্য এক জন মাত্র পরিচালনাকারী থাকবে”।

(বুখারী ৮০, ৮১, ৬৮০৮; মুসলিম ২৬৭১)

আব্দুল্লাহ্ বিন্ মাস্‘ঊদ্ ও আবূ মূসা আশ্‘আরী (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তাঁরা বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

إِنَّ بَيْنَ يَدَيِ السَّاعَةِ لَأَيَّامًا يَنْزِلَ فِيْهَا الْجَهْلُ، وَيُرْفَعُ فِيْهَا الْعِلْمُ وَيَكْثُرُ فِيْهَا الْهَرْجُ.

“নিশ্চয়ই কিয়ামতের পূর্বক্ষণে এমন কিছু দিন আসবে যখন মূর্খতা অবতীর্ণ হবে, ধর্মীয় জ্ঞান উঠিয়ে নেয়া হবে এবং হত্যাকাণ্ড বেড়ে যাবে”।

(বুখারী ৭০৬২, ৭০৬৩, ৭০৬৪, ৭০৬৬; মুসলিম ২৬৭২)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা‘আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

يَتَقَارَبُ الزَّمَانُ، وَيُقْبَضُ الْعِلْمُ، وَتَظْهَرُ الْفِتَنُ، وَيُلْقَى الشُّحُّ، وَيَكْثُرُ الْهَرْجُ، قَالُوْا: وَمَا الْهَرْجُ؟ قَالَ: الْقَتْلُ.

“সময় খুবই নিকটবর্তী হবে, ধর্মীয় জ্ঞান উঠিয়ে নেয়া হবে, ফিতনা ছড়িয়ে পড়বে, কার্পণ্য নিক্ষিপ্ত হবে এবং হার্‌জ বেড়ে যাবে। সাহাবাগণ বললেন: হার্‌জ কি? রাসূল (ﷺ) বললেন: হার্‌জ মানে হত্যাকাণ্ড”।

(মুসলিম ১৫৭)

এমন হবে না যে, আল্লাহ্ তা‘আলা আলিমদের অন্তর থেকে সরাসরি ধর্মীয় জ্ঞান উঠিয়ে নিবেন। বরং তা উঠিয়ে নেয়া হবে আলিমগণের মৃত্যুর মাধ্যমে।

আব্দুল্লাহ্ বিন্ ‘আমর বিন্ ‘আস্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

إِنَّ اللهَ لَا يَقْبِضُ الْعِلْمَ انْتِزَاعًا يَنْتَزِعُهُ مِنَ الْعِبَادِ، وَلَكِنْ يَقْبِضُ الْعِلْمَ بِقَبْضِ الْعُلَمَاءِ، حَتَّى إِذَا لَمْ يُبْقِ عَالِمًا اتَّخَذَ النَّاسُ رُؤُوْسًا جُهَّالًا، فَسُئِلُوْا، فَأَفْتَوْا بِغَيْرِ عِلْمٍ فَضَلُّوْا وَ أَضَلُّوْا.

“আল্লাহ্ তা‘আলা মানুষের অন্তর থেকে সরাসরি ধর্মীয় জ্ঞান উঠিয়ে নিবেন না। বরং তিনি তা উঠিয়ে নিবেন আলিমগণের মৃত্যুর মাধ্যমে। যখন

তিনি দুনিয়াতে আর কোন আলিমই রাখবেন না তখন লোকেরা মূর্খদেরকেই নেতা হিসেবে গ্রহণ করবে। তাদেরকে কোন ব্যাপারে জিজ্ঞাসা করা হলে তারা ধর্মীয় জ্ঞান ছাড়াই ফতোয়া দিবে। তখন তারা নিজেও পথভ্রষ্ট হবে এবং অন্যদেরকেও পথভ্রষ্ট করবে"। (বুখারী ১০০)

কারো কারোর ব্যাখ্যা মতে ধর্মীয় জ্ঞান উঠিয়ে নেয়ার মানে এই যে, জ্ঞানী ব্যক্তি যখন বেশি বেশি গুনাহ্ করবে তখন তার জ্ঞান তার অন্তর থেকেই সরাসরি উঠিয়ে নেয়া হবে।

আবার কারো কারোর ব্যাখ্যা মতে ধর্মীয় জ্ঞান উঠিয়ে নেয়ার মানে এই যে, তখন পরিস্থিতি এমন হবে যে, জনসমাজে ধর্মীয় জ্ঞান প্রচারের কোন ধরনের সুযোগ দেয়া হবে না। আর তখন এমনিতেই ধর্মীয় জ্ঞান উঠে যাবে।

আবার কারো কারোর ব্যাখ্যা মতে ধর্মীয় জ্ঞান উঠিয়ে নেয়ার মানে এই যে, মানুষ কুর'আন ও হাদীস অধ্যয়ন করবে ঠিকই। কিন্তু কেউই তদনুরূপ আমল করবে না।

কারো কারোর মতে আলিমগণ ধীরে ধীরে কুর'আন ও হাদীস ভুলে যেতে শুরু করবে। আর এভাবেই ধর্মীয় জ্ঞান উঠে যাবে।

মোটকথা, যেভাবেই হোক না কেন ধর্মীয় জ্ঞান কমতে থাকবে এবং মূর্খতা বাড়তেই থাকবে। পরিশেষে এমন এক সময় আসবে যখন মানুষ ইসলামের ফরয বিষয়গুলোও জানবে না।

'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يَدْرُسُ الْإِسْلَامُ كَمَا يَدْرُسُ وَشْيُ الثَّوْبِ، حَتَّى لَا يُدْرَى مَا صِيَامٌ وَلَا صَلَاةٌ وَلَا نُسُكٌ وَلَا صَدَقَةٌ؟ وَيُسْرَى عَلَى كِتَابِ اللهِ فِيْ لَيْلَةٍ فَلَا يَبْقَى فِي الْأَرْضِ مِنْهُ آيَةٌ، وَتَبْقَى طَوَائِفُ مِنَ النَّاسِ: الشَّيْخُ الْكَبِيْرُ وَالْعَجُوْزُ يَقُوْلُوْنَ: أَدْرَكْنَا آبَاءَنَا عَلَى هَذِهِ الْكَلِمَةِ؛ يَقُوْلُوْنَ: لَا إِلَهَ إِلَّا اللهُ، فَنَحْنُ نَقُوْلُهَا، فَقَالَ لَهُ صِلَةُ: مَا تُغْنِيْ عَنْهُمْ لَا إِلَهَ إِلَّا اللهُ وَهُمْ لَا يَدْرُوْنَ مَا صَلَاةٌ وَلَا صِيَامٌ وَلَا نُسُكٌ وَلَا صَدَقَةٌ؟ فَأَعْرَضَ عَنْهُ حُذَيْفَةُ، ثُمَّ رَدَّدَهَا عَلَيْهِ ثَلَاثًا، كُلُّ ذَلِكَ يُعْرِضُ عَنْهُ حُذَيْفَةُ، ثُمَّ أَقْبَلَ عَلَيْهِ فِي الثَّالِثَةِ، فَقَالَ: يَا صِلَةُ! تُنْجِيْهِمْ مِنَ النَّارِ ثَلَاثًا.

"ইসলাম মুছে যাবে যেমনিভাবে মুছে যায় কাপড়ের ডোরা ডোরা দাগগুলো। পরিশেষে এমন পরিস্থিতি হবে যে, কেউ জানবে না রোযা কি, নামায কি, হজ্জ কি এবং সাদাকা কি? এমন একটি রাত আসবে যখন কুর'আনের একটি আয়াতও আর থাকবে না। তবে এমন কিছু লোক বেঁচে থাকবে যারা হবে বৃদ্ধ ও বৃদ্ধা। তারা বলবে: আমরা আমাদের বাপ-দাদাকে দেখতাম তারা বলতো: লা ইলাহা ইল্লাল্লাহ্ তথা একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া সত্যিকার কোন মা'বুদ নেই। অতএব আমরাও তাই বলি। বর্ণনাকারী স্বিলাহ্ বিন্ যুফার আব্সী তাবি'য়ী 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে উদ্দেশ্য করে বলেন: লা ইলাহা ইল্লাল্লাহ্ তাদের কি ফায়দায় আসবে বলুন তো? অথচ তারা জানে না নামায কি, রোযা কি, হজ্জ কি এবং সাদাকা কি? 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) তার থেকে মুখ ফিরিয়ে নেন। তখন স্বিলাহ্ (রাহিমাহুল্লাহ্) কথাটি সর্বমোট তিনবার বলেন: প্রত্যেকবারই 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) তার থেকে মুখ ফিরিয়ে নেন। তৃতীয়বার 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) তার দিকে তাকিয়ে বললেন: হে স্বিলাহ্! এ কালিমাহ্ তাদেরকে জাহান্নাম থেকে রক্ষা করবে। কথাটি তিনি তিনবার বলেন"।

(ইব্নু মাজাহ্, হাদীস ২/১৩৪৪-১৩৪৫ 'হাকিম ৪/৪৭৩)

উক্ত কালিমাহ্ তাদেরকে জাহান্নাম থেকে রক্ষা করবে এ জন্যই যে, তখন তাদের পক্ষে এর চাইতে আর বেশি কিছু জানা অসম্ভব হয়ে পড়বে। তাই তারা এর চাইতে আর বেশি কিছু জানতে অক্ষম হবে বলেই তো রক্ষা পাবে। কারণ, আল্লাহ্ তা'আলা কারোর উপর তার সাধ্যের বাইরে কোন কিছু চাপিয়ে দেন না।

আব্দুল্লাহ্ বিন্ মাস্'ঊদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন:

لَيُنْزَعَنَّ الْقُرْآنُ مِنْ بَيْنِ أَظْهُرِكُمْ، يُسْرَى عَلَيْهِ لَيْلًا، فَيَذْهَبُ مِنْ أَجْوَافِ الرِّجَالِ، فَلَا يَبْقَى فِيْ الْأَرْضِ مِنْهُ شَيْءٌ.

"তোমাদের মাঝ থেকে কুর'আন মাজীদ ছিনিয়ে নেয়া হবে। এমন এক রাত্রি আসবে যখন তা মানুষের অন্তর থেকে উঠে যাবে। অতঃপর জমিনে তার কিয়দংশও বাকি থাকবে না"।

(মাজমা'উয্ যাওয়ায়িদ্ ৭/৩২৯-৩৩০ ফাত্'হুল্ বারি ১৩/১৬)

এর চাইতেও আরো মারাত্মক পরিস্থিতি হবে এই যে, দুনিয়াতে তখন এমন কোন লোক বেঁচে থাকবে না যে ব্যক্তি আল্লাহ্ তা'আলাকে চিনবে

এবং তাঁর নাম উচ্চারণ করবে। আর তখনই কিয়ামত কায়িম হবে।

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى لَا يُقَالَ فِيْ الْأَرْضِ: اللهُ، اللهُ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না এমন পরিস্থিতি সৃষ্টি হবে যে, আল্লাহ্ তা'আলাকে চিনবে ও তাঁর নাম উচ্চারণ করবে এমন ব্যক্তি বিশ্বের বুকে বেঁচে থাকবে না"। (মুসলিম ১৪৮)

যখন আমরা জানতে পারলাম, অচিরেই ধর্মীয় জ্ঞান উঠিয়ে নেয়া হবে। তাই সময় থাকতেই আমাদের প্রত্যেককে ধর্মীয় ব্যাপারে প্রচুর পরিমাণে কুর'আন ও হাদীসের জ্ঞান আহরণ করতে হবে তা উঠিয়ে নেয়ার পূর্বে।

আবূদ্দারদা' (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন:

مَا لِيْ أَرَى عُلَمَاءَكُمْ يَذْهَبُوْنَ، وَجُهَّالُكُمْ لَا يَتَعَلَّمُوْنَ، فَتَعَلَّمُوْا قَبْلَ أَنْ يُّرْفَعَ الْعِلْمُ، فَإِنَّ رَفْعَ الْعِلْمِ ذَهَابُ الْعُلَمَاءِ.

"এমন কেন হলো! আমি দেখতে পাচ্ছি, তোমাদের আলিমগণ দুনিয়া থেকে বিদায় নিয়ে যাচ্ছেন ; অথচ তোমাদের মূর্খরা তাদের থেকে জ্ঞান আহরণ করছে না। তোমরা জ্ঞান আহরণ করো তা উঠিয়ে নেয়ার আগে। কারণ, আলিমগণ বিদায় নেয়া মানে ধর্মীয় জ্ঞান উঠে যাওয়া"।

(দারেমী ১/৬৯ জামি'উ বায়ানিল্ 'ইল্‌মি ওয়া ফাযলিহী ২০৭)

১৫. পুলিশ প্রশাসন ও অধিক হারে যালিমদের সহযোগীর আবির্ভাব:

পুলিশ প্রশাসন ও অধিক হারে যালিমদের সহযোগীর আবির্ভাব কিয়ামতের আরেকটি আলামত।

আবূ উমামাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يَكُوْنُ فِيْ هَذِهِ الْأُمَّةِ فِيْ آخِرِ الزَّمَانِ رِجَالٌ مَعَهُمْ سِيَاطٌ، كَأَنَّهَا أَذْنَابُ الْبَقَرِ، يَغْدُوْنَ فِيْ سَخَطِ اللهِ وَيَرُوْحُوْنَ فِيْ غَضَبِهِ.

"শেষ যুগে এ উম্মতের মাঝে এমন কিছু লোকের আবির্ভাব ঘটবে। যাদের হাতে থাকবে গাভীর লেজের ন্যায় লাঠি। তারা সকাল বেলা

অতিবাহিত করবে আল্লাহ্ তা'আলার অসন্তুষ্টি নিয়ে এবং বিকেল বেলাও অতিবাহিত করবে তাঁরই অসন্তুষ্টি নিয়ে"। (আহ্মাদ ৫/২৫০)

অন্য বর্ণনায় রয়েছে:

سَيَكُوْنُ فِيْ آخِرِ الزَّمَانِ شُرْطَةٌ يَغْدُوْنَ فِيْ غَضَبِ اللهِ وَ يَرُوْحُوْنَ فِيْ سَخَطِ اللهِ، فَإِيَّاكَ أَنْ تَكُوْنَ مِنْ بِطَانَتِهِمْ.

"শেষ যুগে এমন কিছু পুলিশ বেরুবে। যারা সকাল বেলা অতিবাহিত করবে আল্লাহ্ তা'আলার অসন্তুষ্টি নিয়ে এবং বিকেল বেলাও অতিবাহিত করবে তাঁরই অসন্তুষ্টি নিয়ে। তুমি অবশ্যই তাদের সহযোগী হওয়া থেকে বেঁচে থাকবে"। (স'হীহুল্ জা'মি', হাদীস ৩৫৬০ ইত্'হাফুল্ জামা'আহ্ ১/৫০৭-৫০৮)

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এ জাতীয় ব্যক্তিদেরকে জাহান্নামী বলে আখ্যায়িত করেছেন।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

صِنْفَانِ مِنْ أَهْلِ النَّارِ لَمْ أَرَهُمَا: قَوْمٌ مَعَهُمْ سِيَاطٌ كَأَذْنَابِ الْبَقَرِ يَضْرِبُوْنَ بِهَا النَّاسَ، وَنِسَاءٌ كَاسِيَاتٌ عَارِيَاتٌ مُمِيْلَاتٌ مَائِلَاتٌ، رُؤُوْسُهُنَّ كَأَسْنِمَةِ الْبُخْتِ الْمَائِلَةِ، لَا يَدْخُلْنَ الْجَنَّةَ، وَلَا يَجِدْنَ رِيْحَهَا، وَإِنَّ رِيْحَهَا لَيُوْجَدُ مِنْ مَسِيْرَةِ كَذَا وَكَذَا.

"দু' জাতীয় মানুষ জাহান্নামী। যাদেরকে আমি এখনো দেখিনি। তাদের মধ্যে এক শ্রেণী হচ্ছে এমন লোক যাদের হাতে থাকবে গাভীর লেজের ন্যায় লম্বা লাঠি। যা দিয়ে তারা মানুষকে অযথা প্রহার করবে। আর দ্বিতীয় শ্রেণী হচ্ছে এমন মহিলারা যারা হবে কাপড় পরিহিতা ; অথচ উলঙ্গা। অন্যকে আকর্ষণকারিণী এবং নিজেও হবে অন্যের প্রতি আকৃষ্টা। তাদের মাথা হবে খুরাসানী উটের ঝুলে পড়া কুঁজের ন্যায়। তারা জান্নাতে প্রবেশ করবে না। এমনকি উহার সুগন্ধও পাবে না। অথচ উহার সুগন্ধ অনেক অনেক দূর থেকে পাওয়া যায়"। (মুসলিম ২১২৮)

১৬. ব্যভিচারের ছড়াছড়ি:

ব্যভিচারের ছড়াছড়ি কিয়ামতের আরেকটি আলামত।

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يُرْفَعَ الْعِلْمُ وَيَظْهَرَ الْجَهْلُ وَفِيْ رِوَايَةٍ: وَيَثْبُتَ الْجَهْلُ، وَيُشْرَبَ الْخَمْرُ وَيَظْهَرَ الزِّنَا وَيَقِلَّ الرِّجَالُ وَيَكْثُرَ النِّسَاءُ حَتَّى يَكُوْنَ لِخَمْسِيْنَ امْرَأَةً الْقَيِّمُ الْوَاحِدُ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না ধর্মীয় জ্ঞান উঠিয়ে নেয়া হয়, মূর্খতা প্রকাশ পায়, অন্য বর্ণনায় রয়েছে, মূর্খতা জেঁকে বসে, মদ পান করা হয়, ব্যভিচার প্রকাশ পায়, পুরুষ কমে যায় এবং মহিলা বেড়ে যায়। এমনকি পঞ্চাশ জন মহিলার জন্য এক জন মাত্র পরিচালনাকারী থাকবে"।

(বুখারী ৮০, ৮১, ৬৮০৮; মুসলিম ২৬৭১)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

سَيَأْتِيْ عَلَى النَّاسِ سَنَوَاتٌ خَدَّاعَاتٌ... وَتَشِيْعُ فِيْهَا الْفَاحِشَةُ.

"অচিরেই এমন কিছু বছর আসবে যা মানুষকে ধোঁকায় ফেলে দিবে। তাতে অশ্লীল কাজ সমাজের রন্ধ্রে রন্ধ্রে ছড়িয়ে পড়বে"।

('হাকিম ৪/৫১২ স'হীহুল্ জামি', হাদীস ৩৫৪৪)

শুধু ব্যভিচার যে ছড়িয়ে পড়বে তা নয়। বরং তা একদা হালালও মনে করা হবে।

আবূ 'আমির আশ্'আরী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَيَكُوْنَنَّ مِنْ أُمَّتِيْ أَقْوَامٌ يَسْتَحِلُّوْنَ الْحِرَ وَالْحَرِيْرَ وَالْخَمْرَ وَالْمَعَازِفَ.

"আমার উম্মতের মধ্যে এমন কিছু লোকের আবির্ভাব ঘটবে যারা ব্যভিচার, সিল্কের কাপড় পরিধান, মদ্য পান ও বাদ্যযন্ত্রকে হালাল মনে করবে"। (বুখারী ৫৫৯০)

এ দিকে কিয়ামতের পূর্বক্ষণে উক্ত ব্যভিচার প্রকাশ্যে ও দিবালোকে শুরু হবে। এমনকি তা রাস্তায় রাস্তায় ছড়িয়ে পড়বে।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

وَالَّذِيْ نَفْسِيْ بِيَدِهِ! لَا تَفْنَى هَذِهِ الْأُمَّةُ حَتَّى يَقُوْمَ الرَّجُلُ إِلَى الْمَرْأَةِ فَيَفْتَرِشُهَا فِيْ الطَّرِيْقِ، فَيَكُوْنُ خِيَارُهُمْ يَوْمَئِذٍ مَنْ يَقُوْلُ: لَوْ وَارَيْتَهَا وَرَاءَ هَذَا الْحَائِطِ!.

"সে সত্তার কসম যাঁর হাতে আমার জীবন! এ উম্মত নিঃশেষ হবে না যতক্ষণ না জনৈক পুরুষ জনৈকা মহিলাকে রাস্তায় শুইয়ে ব্যভিচার করবে। তাদের মধ্যে সর্বোত্তম ব্যক্তি সেই হবে যে বলবে: যদি তুমি মহিলাটিকে এ দেয়ালটির আড়ালে নিয়ে ব্যভিচার করতে!" (মাজ্মা'উয্ যাওয়ায়িদ্ ৭/৩৩১)

যখন সকল খাঁটি মু'মিন-মুসলমান মৃত্যু বরণ করবে তখন দুনিয়াতে এমন কিছু লোক বেঁচে থাকবে যারা গাধার ন্যায় জনসমক্ষে ব্যভিচার করবে।

নাওয়াস্ বিন্ সাম্'আন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

وَيَبْقَى شِرَارُ النَّاسِ يَتَهَارَجُوْنَ فِيْهَا تَهَارُجَ الْحُمُرِ، فَعَلَيْهِمْ تَقُوْمُ السَّاعَةُ.

"তখন একমাত্র খারাপ লোকই বেঁচে থাকবে। যারা গাধার ন্যায় জনসমক্ষে ব্যভিচারে লিপ্ত হবে এবং তাদের উপরই কায়িম হবে কিয়ামত"। (মুসলিম ২৯৩৭)

১৭. সুদের ছড়াছড়ি:

সুদের ছড়াছড়ি কিয়ামতের আরেকটি আলামত।

আব্দুল্লাহ্ বিন্ মাস্'ঊদ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: بَيْنَ يَدَيِ السَّاعَةِ يَظْهَرُ الرِّبَا.

"কিয়ামতের পূর্বক্ষণে সমাজের সর্বস্তরে সুদ বিস্তার লাভ করবে"।

(আত্তারগীবু ওয়াত্তারহীবু ৩/৯)

আর তা এ কারণেই হবে যে, তখন মানুষ শুধু সঞ্চয়ের পেছনেই পড়ে থাকবে। এ কথা সে কখনোই মাথায় নিবে না যে, তা হালাল পথে আসছে না কি হারাম পথে।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَيَأْتِيَنَّ عَلَى النَّاسِ زَمَانٌ، لَا يُبَالِيْ الْمَرْءُ بِمَا أَخَذَ الْمَالَ، أَمِنْ حَلَالٍ أَمْ مِنْ حَرَامٍ.

"মানুষের উপর এমন এক সময় আসবে যখন কোন ব্যক্তি এ কথা ভাববে না যে সে কিভাবে তার সম্পদগুলো সঞ্চয় করেছে ; হালাল পথে না কি হারাম পথে"। (বুখারী ২০৬৯, ২০৮৩)

বর্তমানে সুদি ব্যাংকের কোন অভাব নেই। বরং পুরস্কারে ভূষিত করে এ সব ব্যাংকগুলোকে আরো উৎসাহিত করা হচ্ছে। তাই এদের গাহকও দিন দিন আরো বেড়েই চলছে এবং এদের মাধ্যমেই আজ সমাজে সুদের বিপুল বিস্তার।

১৮. বাদ্যযন্ত্রের ছড়াছড়িঃ

বাদ্যযন্ত্রের ছড়াছড়ি কিয়ামতের আরেকটি আলামত।

সাহ্‌ল বিন্ সা'দ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

سَيَكُوْنُ فِيْ آخِرِ الزَّمَانِ خَسْفٌ وَقَذْفٌ وَمَسْخٌ، قِيْلَ: وَمَتَى ذَلِكَ يَا رَسُوْلَ اللهِ؟ قَالَ: إِذَا ظَهَرَتِ الْمَعَازِفُ وَالْقَيْنَاتُ.

"অচিরেই শেষ যুগে দেখা দিবে ভূমি ধস, নিক্ষেপ ও বিকৃতি। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে জিজ্ঞাসা করা হলো: হে আল্লাহ্'র রাসূল! তা কখন? তিনি বললেন: যখন বাদ্যযন্ত্র ও গায়ক-গায়িকারা বেশি হারে প্রকাশ পাবে"।

(ইব্‌নু মাজাহ্ ২/১৩৫০ স'হীহুল্ জামি', হাদীস ৩৫৫৯)

শুধু বাদ্যযন্ত্র যে ছড়িয়ে পড়বে তা নয়। বরং তা হালালও মনে করা হবে।

আবূ 'আমির আশ্'আরী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَيَكُوْنَنَّ مِنْ أُمَّتِيْ أَقْوَامٌ يَسْتَحِلُّوْنَ الْحِرَ وَالْحَرِيْرَ وَالْخَمْرَ وَالْمَعَازِفَ.

"আমার উম্মতের মধ্যে এমন কিছু লোকের আবির্ভাব ঘটবে যারা ব্যভিচার, সিল্কের কাপড় পরিধান, মদ্য পান ও বাদ্যযন্ত্রকে হালাল মনে করবে"। (বুখারী ৫৫৯০)

১৯. মদ্যপানের ছড়াছড়িঃ

মদ্যপানের ছড়াছড়ি কিয়ামতের আরেকটি আলামত।

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يُرْفَعَ الْعِلْمُ وَيَظْهَرَ الْجَهْلُ وَفِيْ رِوَايَةٍ: وَيَثْبُتَ الْجَهْلُ، وَيُشْرَبَ الْخَمْرُ وَيَظْهَرَ الزِّنَا وَيَقِلَّ الرِّجَالُ وَيَكْثُرَ النِّسَاءُ حَتَّى يَكُوْنَ لِخَمْسِيْنَ امْرَأَةً

الْقَيِّمُ الْوَاحِدُ.

“কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না ধর্মীয় জ্ঞান উঠিয়ে নেয়া হয়, মূর্খতা প্রকাশ পায়, অন্য বর্ণনায় রয়েছে, মূর্খতা জেঁকে বসে, মদ পান করা হয়, ব্যভিচার প্রকাশ পায়, পুরুষ কমে যায় এবং মহিলা বেড়ে যায়। এমনকি পঞ্চাশ জন মহিলার জন্য এক জন মাত্র পরিচালনাকারী থাকবে”।

(বুখারী ৮০, ৮১, ৬৮০৮; মুসলিম ২৬৭১)

শুধু মদ্যপান যে ছড়িয়ে পড়বে তা নয়। বরং তা পান করা একদা হালালও মনে করা হবে।

আবূ ‘আমির আশ্‌‘আরী (রাযিয়াল্লাহু তা‘আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَيَكُوْنَنَّ مِنْ أُمَّتِيْ أَقْوَامٌ يَسْتَحِلُّوْنَ الْحِرَ وَالْحَرِيْرَ وَالْخَمْرَ وَالْمَعَازِفَ.

“আমার উম্মতের মধ্যে এমন কিছু লোকের আবির্ভাব ঘটবে যারা ব্যভিচার, সিল্কের কাপড় পরিধান, মদ্য পান ও বাদ্যযন্ত্রকে হালাল মনে করবে”। (বুখারী ৫৫৯০)

কেউ কেউ তা সরাসরি হালাল মনে না করলেও ভিন্ন নামে উহাকে হালাল মনে করবে।

‘উবাদাহ্ বিন্ স্বামিত্ (রাযিয়াল্লাহু তা‘আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَتَسْتَحِلَّنَّ طَائِفَةٌ مِنْ أُمَّتِيْ الْخَمْرَ بِاسْمٍ يُسَمُّوْنَهَا إِيَّاهُ.

“আমার উম্মতের কিছু সংখ্যক লোক মদকে হালাল মনে করবে প্রচলিত নাম ভিন্ন অন্য নামে। যা তারাই সুচতুরভাবে চয়ন করবে”।

(আহ্‌মাদ্ ৫/৩১৮ ইব্‌নু মাজাহ্ ২/১১২৩ স’হীহুল্ জামি‘, হাদীস ৪৯৪৫)

মা‘রিফাতপন্থী কিছু কাফির মদকে রূহের খোরাক বলেও মনে করে।

মদকে হালাল মনে করা আবার দু’ ধরনের হতে পারে:

ক. মদ পান করা হালাল বলে বিশ্বাস করা।

খ. পানির মতো তা অত্যধিক পান করা। যা কার্যতঃ হালাল হওয়াই প্রমাণ করে।

বর্তমান যুগে প্রকাশ্যভাবে মদের ব্যবসা ও যত্রতত্র উহার পান কিয়ামত অতি সন্নিকটে বলেই প্রমাণ করে।

২০. মসজিদগুলোকে অত্যধিক সুসজ্জিত করণ ও তা নিয়ে পরস্পর গর্ব করা:

মসজিদগুলোকে অত্যধিক সুসজ্জিত করণ ও তা নিয়ে পরস্পর গর্ব করা কিয়ামতের আরেকটি আলামত।

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يَتَبَاهَى النَّاسُ فِيْ الْمَسَاجِدِ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না মানুষ মসজিদ নিয়ে পরস্পর গর্ব করে"। (আহ্মাদ ৫/৩১৮ স'হীহুল্ জামি', হাদীস ৭২৯৮)

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বলেন: তারা মসজিদ নিয়ে পরস্পর গর্ব করবে ঠিকই। তবে মসজিদের মুসল্লী হবে খুবই কম।

আব্দুল্লাহ্ বিন্ 'আব্বাস্ (রাযিয়াল্লাহু আন্হুমা) বলেন:

لَتُزَخْرِفُنَّهَا كَمَا زَخْرَفَتِ الْيَهُوْدُ وَالنَّصَارَى.

"তোমরা একদা মসজিদগুলোকে সুসজ্জিত করবে যেমনিভাবে সুসজ্জিত করেছে ইহুদি ও খ্রিস্টানরা তাদের মন্দিরগুলোকে"।

(ফাত্'হুল্ বারী ১/৫৩৯)

মসজিদ নির্মাণের একমাত্র উদ্দেশ্য হওয়া উচিৎ মুসল্লীদেরকে গরম, ঠাণ্ডা ও বৃষ্টি থেকে রক্ষা করা। এ ছাড়া অন্য কিছু নয়।

'উমর (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) মসজিদে নববী সংস্কারের সময় অধিনস্থ কর্মকর্তাকে এ বলে আদেশ করেন:

أَكِنَّ النَّاسَ مِنَ الْمَطَرِ، وَإِيَّاكَ أَنْ تُحَمِّرَ أَوْ تُصَفِّرَ فَتَفْتِنَ النَّاسَ.

"মানুষকে বৃষ্টি থেকে রক্ষা করো। লাল বা হলদে বানাতে যাবে না। তা হলে মানুষ নামায থেকে অন্য মনস্ক হয়ে যাবে"। (ফাত্'হুল্ বারী ১/৫৩৯)

বর্তমান যুগে মসজিদগুলোকে শুধু লাল বা হলদেই বানানো হচ্ছে না বরং উহাকে কাপড়ের নকশার মতো নকশাদার করা হচ্ছে। বিশ্বের বুকে এমন অনেক মসজিদ রয়েছে যা আজো কারুশিল্পের এক এক ভাস্কর দৃষ্টান্ত।

মসজিদ ও কুর'আনের কারুকার্য যখন ব্যাপক রূপ ধারণ করবে তখনই মুসলমানদের ধ্বংস অনিবার্য।

আবূদ্দারদা' (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন:

إِذَا زَوَّقْتُمْ مَسَاجِدَكُمْ، وَحَلَّيْتُمْ مَصَاحِفَكُمْ؛ فَالدَّمَارُ عَلَيْكُمْ.

"যখন তোমরা মসজিদ ও কুর'আন মাজীদকে কারুমণ্ডিত করবে তখনই তোমাদের ধ্বংস অনিবার্য"। (স'হীহুল্ জামি' ৫৯৯)

২১. বড়ো বড়ো অট্টালিকা নির্মাণে জোর প্রতিযোগিতা:

বড়ো বড়ো অট্টালিকা নির্মাণে জোর প্রতিযোগিতা কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

وَإِذَا تَطَاوَلَ رِعَاءُ الْبُهْمِ فِيْ الْبُنْيَانِ فَذَاكَ مِنْ أَشْرَاطِهَا.

"যখন রাখালরা বড়ো বড়ো অট্টালিকা নির্মাণে জোর প্রতিযোগিতা করবে তখনই তা কিয়ামতের একটি আলামত"। (মুসলিম ৯)

'উমর বিন্ খাত্ত্বাব (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

وَأَنْ تَرَى الْحُفَاةَ الْعُرَاةَ الْعَالَةَ رِعَاءَ الشَّاءِ يَتَطَاوَلُوْنَ فِيْ الْبُنْيَانِ.

"কিয়ামতের আলামত এটাও যে, তখন তুমি কাপড়-জুতোবিহীন গরিব ছাগল রাখালকে দেখবে অট্টালিকা নির্মাণে জোর প্রতিযোগিতা করতে"। (মুসলিম ৮)

২২. বান্দির তার প্রভুকে জন্ম দেওয়া:

বান্দির তার প্রভুকে জন্ম দেওয়া কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِذَا وَلَدَتِ الْأَمَةُ رَبَّهَا فَذَاكَ مِنْ أَشْرَاطِهَا.

"যখন কোন বান্দি তার প্রভুকে জন্ম দিবে তখনই তা কিয়ামতের একটি আলামত"। (মুসলিম ৯)

বান্দি তার প্রভুকে জন্ম দেয়ার অনেকগুলো অর্থ হতে পারে যা নিম্নরূপ:

ক. ইসলাম যখন জোরপূর্বক কাফির এলাকায় প্রবেশ করবে তখন মুসলমানরা কাফিরদের স্ত্রী-কন্যাদেরকে বান্দি হিসেবে ব্যবহার করবে। অতঃপর তার থেকে যে সন্তান জন্ম নিবে একদা সে মিরাসী সূত্রে উক্ত বান্দির মনিব হয়ে যাবে।

খ. মালিকরা যখন বাচ্চার জননী বান্দিকে সচরাচর বিক্রি করে দিবে। যা মূলতঃ না জায়িয। তখন ভাগ্যচক্রে তারই সন্তান তাকে বান্দি হিসেবে খরিদ করবে। অথচ সে জানবে না যে, এই তার মা জননী।

গ. বান্দির সাথে তার মালিক ছাড়া অন্য কেউ সন্দেহ বশতঃ হালাল মনে করে সহবাস করবে। তখন তো তার পেট থেকে স্বাধীন পুরুষই জন্ম নিবে। যে পরবর্তীতে তারই প্রভু হবে। এমনো হতে পারে যে, তার সাথে শরীয়ত সম্মতভাবে বিবাহ্ পূর্বক সহবাস করা হবে অথবা ব্যভিচার করা হবে। এরপর তাকে বাজারে বিক্রি করা হলে ঘটনাচক্রে তার সন্তানই তাকে খরিদ করে একদা তার মালিক হয়ে যাবে।

ঘ. সন্তান তার মাতা-পিতার চরম অবাধ্য হবে। তখন সন্তান তার মায়ের সাথে বান্দির আচরণই করবে। তাকে গালি দিবে, মারবে ও তার খিদমত নিবে। আল্লামাহ্ ইব্নু হাজার (রাহিমাহুল্লাহ্) উক্ত ব্যাখ্যাকেই যুক্তিযুক্ত বলে মত ব্যক্ত করেন।

ঙ. শেষ যুগে বান্দিরা অত্যধিক সম্মান পাবে। তখন তাদেরকেই প্রভাবশালীরা বিবাহ্ করবে এবং তাদের ঘর থেকেই তখন তাদের মনিব জন্ম নিবে। আল্লামাহ্ ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) উক্ত মত ব্যক্ত করেন।

২৩. অত্যধিক হত্যাকাণ্ড:

অত্যধিক হত্যাকাণ্ড কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يَكْثُرَ فِيْكُمُ الْهَرْجُ، قَالُوْا: وَمَا الْهَرْجُ يَا رَسُوْلَ اللهِ؟ قَالَ: الْقَتْلُ، الْقَتْلُ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না তোমাদের মধ্যে হার্‌জ বেড়ে যায়। সাহাবাগণ বললেন: হার্‌জ কি? হে আল্লাহ্'র রাসূল! তিনি বললেন: হত্যা, হত্যা"। (মুসলিম ১৫৭)

উক্ত হত্যাকাণ্ডের মূল কারণই হচ্ছে ধর্মীয় জ্ঞানের অভাব ও মূর্খতার ছড়াছড়ি। যার দরুন সামান্য ছুতানাতা নিয়েই হত্যাকাণ্ডের ন্যায় জঘন্যতম অপরাধ সংঘটিত হবে।

আব্দুল্লাহ্ বিন্ মাস্'ঊদ্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

بَيْنَ يَدَيِ السَّاعَةِ أَيَّامُ الْـهَرْجِ، يَزُوْلُ فِيْهَا الْعِلْمُ وَيَظْهَرُ فِيْهَا الْـجَهْلُ.

"কিয়ামতের পূর্বক্ষণে চলবে হত্যাকাণ্ডের যুগ। তাতে ধর্মীয় জ্ঞান বিদায় নিবে এবং মূর্খতা প্রকাশ পাবে"। (বুখারী ৭০৬৬)

তবে এতে অত্যন্ত দুঃখের বিষয় হবে এই যে, উক্ত হত্যাকাণ্ড তখন কাফিরদের বিরুদ্ধে চালানো হবে না বরং তা চালানো হবে মুসলমানদেরই পক্ষ থেকে এবং মুসলমানদেরই বিপক্ষে।

আবূ মূসা (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ بَيْنَ يَدَيِ السَّاعَةِ الْـهَرْجُ، قَالُوْا: وَمَا الْـهَرْجُ؟ قَالَ: الْقَتْلُ، قَالُوْا: أَكْثَرَ مِمَّا نَقْتُلُ؟ إِنَّا نَقْتُلُ فِيْ الْعَامِ الْوَاحِدِ أَكْثَرَ مِنْ سَبْعِيْنَ أَلْفًا، قَالَ: إِنَّهُ لَيْسَ بِقَتْلِكُمُ الْـمُشْرِكِيْنَ، وَلَكِنْ قَتْلُ بَعْضِكُمْ بَعْضًا، قَالُوْا: وَمَعَنَا عُقُوْلُنَا يَوْمَئِذٍ، قَالَ: إِنَّهُ لَيُنْزَعُ عُقُوْلُ أَكْثَرِ أَهْلِ ذَلِكَ الزَّمَانِ، وَيَخْلُفُ لَهُ هَبَاءٌ مِنَ النَّاسِ، يَحْسَبُ أَكْثَرُهُمْ أَنَّهُ عَلَى شَيْءٍ، وَلَيْسُوْا عَلَى شَيْءٍ.

"কিয়ামতের পূর্বক্ষণে হার্‌জ দেখা দিবে। সাহাবাগণ বললেন: হার্‌জ কি? রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: অত্যধিক হত্যাকাণ্ড। সাহাবাগণ বললেন: এখন আমরা যা হত্যা করছি তার চাইতেও বেশি? আমরা তো হত্যা করছি প্রতি বছর সত্তর হাজারেরও বেশি লোক। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: মুশ্‌রিকদেরকে হত্যা করা নয়। তখন তোমরা হত্যা করবে নিজেরা একে অপরকে। সাহাবাগণ বললেন: তখন কি আমাদের বিবেক-বুদ্ধি সচল

থাকবে? রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: সে যুগের অধিকাংশ মানুষেরই বিবেক-বুদ্ধি উঠিয়ে নেয়া হবে। তখন শুধু বেঁচে থাকবে অযোগ্য অপদার্থ জগাখিচুড়ি লোক। তাদের অধিকাংশই মনে করবে, তারা খুবই গুরুত্বপূর্ণ কিছু করছে ; অথচ তারা ফিতনা-ফাসাদ ছাড়া আর কিছুই করছে না"।

(আহ্মাদ্ ৪/৪১৪ ইব্নু মাজাহ্, হাদীস ৩৯৫৯ শর'হুস্ সুন্নাহ্, হাদীস ৪২৩৪ স'হীহুল্ জামি', হাদীস ২০৪৩)

তখন বিবেক-বুদ্ধি এতোই হ্রাস পাবে যে, হত্যাকারী ব্যক্তি বলতে পারবে না সে কি জন্য হত্যাকাণ্ড চালাচ্ছে এবং হত্যাকৃত ব্যক্তিও জানবে না তাকে কি জন্য হত্যা করা হচ্ছে।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

وَالَّذِيْ نَفْسِيْ بِيَدِهِ! لَا تَذْهَبُ الدُّنْيَا حَتَّى يَأْتِيَ عَلَى النَّاسِ يَوْمٌ لَا يَدْرِيْ الْقَاتِلُ فِيْمَ قَتَلَ، وَلَا الْمَقْتُوْلُ فِيْمَا قُتِلَ؟ فَقِيْلَ: كَيْفَ يَكُوْنُ ذَلِكَ؟ قَالَ: الْهَرْجُ، الْقَاتِلُ وَالْمَقْتُوْلُ فِيْ النَّارِ.

"সেই সত্তার কসম যার হাতে আমার জীবন! দুনিয়া নিঃশেষ হবে না যতক্ষণ না এমন এক দিন আসবে যে দিন হত্যাকারী বলতে পারবে না সে কি জন্য হত্যা করছে এবং হত্যাকৃত ব্যক্তিও বলতে পারবে না তাকে কি জন্য হত্যা করা হচ্ছে। জিজ্ঞাসা করা হলো: সেটা আবার কি ধরনের? রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: এটার নামই তো হার্জ তথা অমূলক হত্যাকাণ্ড। হত্যাকারী ও হত্যাকৃত উভয়ই জাহান্নামী"। (মুসলিম ২৯০৮)

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যা বলে গেছেন তা আজ সত্য বলে প্রমাণিত হয়েছে। 'উসমান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর হত্যার পর থেকে আজ পর্যন্ত অনেক বড়ো বড়ো যুদ্ধ হয়েছে। তবে এর অনেকগুলোরই মূল যৌক্তিক কারণ এখনো খুঁজে পাওয়া যায়নি।

বর্তমান যুগে রাজনীতির ধাপাধাপি ও অস্ত্রের ছড়াছড়ির কারণে হত্যাকাণ্ড দিন দিন আরো বেড়েই চলছে। মানুষ এখন যৎসামান্য কারণেই একে অপরকে হত্যা করছে। যা বুদ্ধিশূন্যতারই মহা পরিচায়ক।

এরপরও এতটুকু মনে করেই শান্তি পেতে হয় যে, এ উম্মত তো আল্লাহ্ তা'আলার এক বিশেষ করুণার পাত্র। আখিরাতে তাদের জন্য কোন শাস্তি

নেই। এ দুনিয়াতেই তাদের যতটুকু শাস্তি। যা ফিতনা, ভূমিকম্প, হত্যাকাণ্ড ইত্যাদির মধ্যেই নিহিত।

আবূ বুরদাহ্ (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আমি যিয়াদের শাসনামলে বাজারে দাঁড়িয়েছিলাম। তখন আমি আশ্চর্য হয়ে এক হাতের উপর অপর হাত ক্ষেপণ করছিলাম। তা দেখে জনৈক আন্সারী সাহাবীর ছেলে আমাকে বললেন: হে আবূ বুরদাহ্! তুমি আশ্চর্য হচ্ছো কেন? আমি বললাম: আমি আশ্চর্য হচ্ছি এমন এক জাতির কথা স্মরণ করে যাদের ধর্ম এক, নবী এক, দা'ওয়াত এক, হজ্জ এক, যুদ্ধ এক। তারপরও তারা একে অপরকে হত্যা করা হালাল মনে করছে। তখন সে বললো: এতে আশ্চর্য হওয়ার কিছুই নেই। আমি আমার পিতা থেকে বর্ণনা করছি তিনি রাসূল (ﷺ) কে বলতে শুনেছেন তিনি বলেন:

إِنَّ أُمَّتِيْ أُمَّةٌ مَرْحُوْمَةٌ، لَيْسَ عَلَيْهَا فِيْ الْاٰخِرَةِ حِسَابٌ وَّلَا عَذَابٌ، إِنَّمَا عَذَابُهَا فِيْ الْقَتْلِ وَالزَّلَازِلِ وَالْفِتَنِ.

"নিশ্চয়ই আমার উম্মত এক করুণাপ্রাপ্ত উম্মত। আখিরাতে তাদের কোন শাস্তি ও হিসেব হবে না। তাদের শাস্তি হত্যা, ভূমিকম্প ও ফিতনার মাঝে"। ('হাকিম ৪/২৫৩-২৫৪ সিলসিলাহ্ স'হীহাহ্ ২/৬৮৪-৬৮৬)

২৪. সময়ের দ্রুত গমন:

সময়ের দ্রুত গমন কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى... يَتَقَارَبَ الزَّمَانُ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না সময় পরস্পর নিকটবর্তী হবে তথা দ্রুত গমন করবে"। (বুখারী ৭১২১)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يَتَقَارَبَ الزَّمَانُ، فَتَكُوْنَ السَّنَةُ كَالشَّهْرِ، وَيَكُوْنَ الشَّهْرُ كَالْجُمُعَةِ، وَتَكُوْنَ الْجُمُعَةُ كَالْيَوْمِ، وَيَكُوْنَ الْيَوْمُ كَالسَّاعَةِ، وَتَكُوْنَ السَّاعَةُ كَاحْتِرَاقِ السَّعْفَةِ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না সময় পরস্পর নিকটবর্তী হবে তথা দ্রুত গমন করবে। বছর হবে মাসের ন্যায়, মাস হবে সপ্তাহের ন্যায়, সপ্তাহ হবে দিনের ন্যায়, দিন হবে ঘন্টার ন্যায়, ঘন্টা হবে বিশেষ চর্ম রোগের দংশন বা জ্বলনের ন্যায়"।

(আহ্মাদ ২/৫৩৭-৫৩৮ স'হীহুল্ জা'মি', হাদীস ৭২৯৯)

সময় পরস্পর নিকটবর্তী হওয়ার কয়েকটি অর্থ হতে পারে যা নিম্নরূপ:

ক. সময় পরস্পর নিকটবর্তী হওয়া মানে উহার বরকত কমে যাওয়া।

খ. সময় পরস্পর নিকটবর্তী হওয়া মানে 'ঈসা ও মাহ্দী ('আলাইহিমাস্ সালাম) এর যুগে যখন মানুষ শান্তি ও নিরাপত্তায় থাকবে তখন সময় অতি দ্রুত চলে যাচ্ছে বলে মনে হবে।

গ. সময় পরস্পর নিকটবর্তী হওয়া মানে ধর্মহীনতায় সে যুগের সকল লোক একই রকম হওয়া।

ঘ. সময় পরস্পর নিকটবর্তী হওয়া মানে যোগাযোগ ব্যবস্থার চরম উন্নতির কারণে সে যুগের সকল মানুষ পরস্পর নিকটবর্তী হওয়া।

ঙ. সময় পরস্পর নিকটবর্তী হওয়া মানে বাস্তবেই সময়ের দ্রুত গমন।

২৫. হাট-বাজার পরস্পর নিকটবর্তী হওয়া:

হাট-বাজার পরস্পর নিকটবর্তী হওয়া কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى تَظْهَرَ الْفِتَنُ، وَيَكْثُرَ الْكَذِبُ، وَتَتَقَارَبَ الْأَسْوَاقُ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না ফিতনা প্রকাশ পায়, মিথ্যা বেড়ে যায় এবং বাজারগুলো পরস্পর নিকটবর্তী হয়"। (আহ্মাদ ২/৫১৯)

বর্তমান যুগে যোগাযোগ ব্যবস্থার এতো চরম উন্নতি সাধিত হয়েছে যে, মানুষ বিশ্বের যে কোন জায়গায় বসে ইন্টারনেট, টেলিফোন, রেডিও, টিভির মাধ্যমে পৃথিবীর যে কোন পণ্যের বাজার দর খুবই স্বল্প সময়ে জেনে নিতে পারে এবং এরই মাধ্যমে বিশ্বের সকল পণ্যের বাজার দর নিয়ন্ত্রিত হয়ে থাকে।

তেমনিভাবে যোগাযোগ ব্যবস্থার চরম উন্নতির কারণে প্লেনে বা গাড়িতে অনেক দূরের মার্কেটেও অল্প সময়ে পৌঁছা যায়।

সুতরাং হাট-বাজার নিকটবর্তী হওয়া তিনভাবে হতে পারে যা নিম্নরূপ:

ক. খুব দ্রুত বিশ্ব বাজারের যে কোন পণ্যের বাজার দর জেনে ফেলার সুবিধা।

খ. খুব দ্রুত পৃথিবীর যে কোন বাজারে পৌঁছে যাওয়ার সুবিধা।

গ. বিশ্ব বাজারের যে কোন পণ্যের দাম সর্বত্র কাছাকাছি হওয়া।

২৬. উম্মতে মুহাম্মদীর মাঝে শির্কের দ্রুত বিস্তার:

উম্মতে মুহাম্মদীর মাঝে শির্কের দ্রুত বিস্তার কিয়ামতের আরেকটি আলামত।

বর্তমানে মুসলিম বিশ্বের সর্বত্র শির্ক ও শির্ক জাতীয় আমল অতি দ্রুত বিস্তার লাভ করছে। কবর পূজা, মূর্তি পূজা আজ মুসলিম বিশ্বের আনাচে-কানাচে পুরোদমেই চলছে। ওলীদের কবর থেকে হরদম বরকত নেয়া হচ্ছে। মানুষ তাকে চুমু খাচ্ছে ও অতি সম্মান করছে। কবরের জন্য যে কোন বস্তু মানত করা হচ্ছে। ওলীদের কবরকে নিয়ে বার্ষিক ওরস মাহফিলও করা হচ্ছে। বরং এ যুগের অনেক কবর পূর্বেকার লাত, উয্যা, মানাতকেও ছাড়িয়ে গেছে।

সাউবান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِذَا وُضِعَ السَّيْفُ فِيْ أُمَّتِيْ؛ لَمْ يُرْفَعْ عَنْهَا إِلَى يَوْمِ الْقِيَامَةِ، وَلَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى تَلْحَقَ قَبَائِلُ مِنْ أُمَّتِيْ بِالْمُشْرِكِيْنَ، وَحَتَّى تَعْبُدَ قَبَائِلُ مِنْ أُمَّتِيْ الْأَوْثَانَ.

"যখন আমার উম্মতের মধ্যে হত্যাকাণ্ড শুরু হবে তখন তা আর কিয়ামত পর্যন্ত উঠিয়ে নেয়া হবে না। কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না আমার উম্মতের মধ্য থেকে কোন না কোন সম্প্রদায় মুশ্‌রিকদের সাথে মিশে যায় এবং মূর্তি পূজা করে"।

(আবূ দাউদ/'আউনুল্ মা'বূদ ১১/৩২২-৩২৪ তিরমিযী ৬/৪৬৬ স'হীহুল্ জা'মি', হাদীস ৭২৯৫)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى تَضْطَرِبَ أَلَيَاتُ نِسَاءِ دَوْسٍ حَوْلَ ذِيْ الْخَلَصَةِ.

"কিয়ামত সংঘটিত হবে না যতক্ষণ না দাউস্ গোত্রের মহিলারা পাছা নাচিয়ে যুল্‌খালাসা নামক মূর্তির তাওয়াফ করবে"।

(বুখারী ৭১১৬; মুসলিম ২৯০৬ বাগাওয়ী, হাদীস ৪২৮৫ ইব্নু হিব্বান, হাদীস ৬৭১৪ আব্দুর রায্‌যাক, হাদীস ২০৭৯৫)

'আয়িশা (রাযিয়াল্লাহু আন্হা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

لَا يَذْهَبُ اللَّيْلُ وَالنَّهَارُ حَتَّى تُعْبَدَ اللَّاتُ وَالْعُزَّى.

"দিন-রাত নিঃশেষ হবে না তথা কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না লাত ও 'উয্যার পূজা করা হয়"। (মুসলিম ২৯০৭)

'আয়িশা (রাযিয়াল্লাহু আন্হা) বলেন: আমি উক্ত হাদীস শুনে রাসূল (ﷺ) কে বললাম: হে আল্লাহ্'র রাসূল! আমি তো মনে করতাম, যখন আল্লাহ্ তা'আলা নিম্নোক্ত আয়াত নাযিল করেছেন:

﴿هُوَ الَّذِيْ أَرْسَلَ رَسُوْلَهُ بِالْهُدٰى وَدِيْنِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّيْنِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُوْنَ﴾.

"তিনিই সেই সত্তা যিনি স্বীয় রাসূলকে পাঠিয়েছেন হিদায়াত তথা কুর'আন এবং সত্য ধর্ম দিয়ে। যেন তিনি বিজয়ী করতে পারেন উক্ত ধর্মকে সকল ধর্মের উপর। যদিও তা মুশ্রিকরা অপছন্দ করে"।

(তাওবাহ্ : ৩৩)

আমি তো মনে করতাম যে, যখন আল্লাহ্ তা'আলা উক্ত আয়াত নাযিল করেছেন তখন ইসলাম ধর্ম অবশ্যই পরিপূর্ণরূপে পুরো বিশ্বে প্রকাশ পাবে। রাসূল (ﷺ) তা শুনে বললেন:

إِنَّهُ سَيَكُوْنُ مِنْ ذَلِكَ مَا شَاءَ اللهُ، ثُمَّ يَبْعَثُ اللهُ رِيْحًا طَيِّبَةً فَتَوَفَّى كُلَّ مَنْ فِيْ قَلْبِهِ مِثْقَالُ حَبَّةِ خَرْدَلٍ مِنْ إِيْمَانٍ، فَيَبْقَى مَنْ لَا خَيْرَ فِيْهِ، فَيَرْجِعُوْنَ إِلَى دِيْنِ آبَائِهِمْ.

"তুমি যা মনে করতে তাই হবে। তবে যতো দিন আল্লাহ্ তা'আলা তা ইচ্ছে করবেন। অতঃপর আল্লাহ্ তা'আলা এমন এক ধরনের উত্তম হাওয়া বইয়ে দিবেন যা প্রত্যেক মু'মিন বান্দাহ্কে দুনিয়া থেকে নিয়ে যাবে যার অন্তরে একটি রাইয়ের দানা পরিমাণও ঈমান রয়েছে। এরপর এমন সব লোক বেঁচে থাকবে যাদের মধ্যে কোন কল্যাণই থাকবে না এবং তারা সবাই নিজ বাপ-দাদার ধর্মের দিকে আবারো ফিরে যাবে"। (মুসলিম ২৯০৭)

নবী (ﷺ) এর উক্ত ভবিষ্যদ্বাণী অক্ষরে অক্ষরে প্রতিফলিত হয়েছে। দাউস্ ও তার আশেপাশের গোত্রগুলো একদা যুল্খালাসা নামক মূর্তির পূজা

শুরু করেছে। তখন শায়েখ মুহাম্মাদ বিন্ আব্দুল ওয়াহ্হাব (রাহিমাহুল্লাহ্) তাদেরকে তাওহীদের দিকে ডাকলেন। শায়েখের দা'ওয়াতে উদ্বুদ্ধ হয়ে ইমাম আব্দুল আজিজ বিন্ মুহাম্মাদ বিন্ স'ঊদ্ (রাহিমাহুল্লাহ্) যুল্খালাসা অভিমুখে দা'য়ীদের একটি দল পাঠান। যাঁরা সবাইকে বুঝিয়ে শুনিয়ে উক্ত মূর্তি ধ্বংস করতে সক্ষম হন। তবে অত্র এলাকায় স'ঊদ্ বংশের ক্ষমতা কিছু দিনের জন্য অকার্যকর হলে মূর্খরা আবারো যুল্খালাসার পূজা শুরু করে দেয়। অতঃপর স'ঊদ্ বংশের প্রভাবশালী রাষ্ট্রপতি আব্দুল আজীজ বিন্ আব্দুর রহ্মান আবারো ক্ষমতায় আরোহণ করলে তিনি তা সম্পূর্ণরূপে ধ্বংস করে দেন।

শির্ক শুধু গাছ, পাথর আর কবর পূজার মধ্যেই সীমাবদ্ধ নয় বরং তা আরো অনেক ব্যাপক। বর্তমান যুগে দেশ পরিচালনার ক্ষেত্রে আল্লাহ্ তা'আলার পাশাপাশি তাগুতদেরকেও বিশেষ অবস্থান দেয়া হচ্ছে। তারা নিজেদের পক্ষ থেকে মনগড়া সংবিধান রচনা করে মানুষের উপর তা চাপিয়ে দেয়। ধীরে ধীরে মানুষও তা সন্তুষ্ট চিত্তে মেনে নেয়।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿اِتَّخَذُوْآ أَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ أَرْبَابًا مِّنْ دُوْنِ اللهِ وَالْمَسِيْحَ ابْنَ مَرْيَمَ وَمَا أُمِرُوْآ إِلَّا لِيَعْبُدُوْآ إِلٰهًا وَّاحِدًا، لَا إِلٰهَ إِلَّا هُوَ سُبْحَانَهُ عَمَّا يُشْرِكُوْنَ﴾.

"তারা আল্লাহ্ তা'আলাকে ছেড়ে নিজেদের আলিম, ধর্ম যাজক ও মার্ইয়ামের পুত্র মাসীহ্ (ঈসা) (عليه السلام) কে প্রভু বানিয়ে নিয়েছে। অথচ তাদেরকে শুধু এতটুকুই আদেশ দেয়া হয়েছে যে, তারা একমাত্র আল্লাহ্ তা'আলারই ইবাদাত করবে। তিনি ব্যতীত সত্যিকার কোন মা'বূদ নেই। তিনি তাদের শির্ক হতে একেবারেই পূতপবিত্র"। (তাওবাহ্: ৩১)

'আদি' বিন্ হাতিম (رضي الله عنه) থেকে বর্ণিত তিনি বলেন:

أَتَيْتُ النَّبِيَّ ﷺ وَفِيْ عُنُقِيْ صَلِيْبٌ مِنْ ذَهَبٍ فَقَالَ : يَا عَدِيُّ! اِطْرَحْ عَنْكَ هَذَا الْوَثَنَ، وَسَمِعْتُهُ يَقْرَأُ فِيْ سُوْرَةِ بَرَاءَةٍ: ﴿اِتَّخَذُوْآ أَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ أَرْبَابًا مِّنْ دُوْنِ اللهِ﴾ قَالَ: أَمَا إِنَّهُمْ لَمْ يَكُوْنُوْا يَعْبُدُوْنَهُمْ وَلٰكِنَّهُمْ كَانُوْا إِذَا أَحَلُّوْا لَهُمْ شَيْئًا اِسْتَحَلُّوْهُ وَإِذَا حَرَّمُوْا عَلَيْهِمْ شَيْئًا حَرَّمُوْهُ.

"আমি নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর দরবারে গলায় স্বর্ণের ক্রুশ ঝুলিয়ে উপস্থিত হলে তিনি আমাকে ডেকে বলেন: হে 'আদি'! এ মূর্তিটি (ক্রুশ) গলা থেকে ফেলে দাও। তখন আমি তাঁকে উক্ত আয়াতটি পড়তে শুনেছি। হযরত 'আদি' বলেন: মূলতঃ খ্রিষ্টানরা কখনো তাদের আলিমদের উপাসনা করতো না। তবে তারা হালাল ও হারামের ব্যাপারে বিনা প্রমাণে আলিমদের সিদ্ধান্ত মেনে নিতো। আর এটিই হচ্ছে আলিমদেরকে প্রভু মানার অর্থ তথা আনুগত্যের শির্ক"। (তিরমিযী, হাদীস ৩০৯৫)

হালাল ও হারামের ব্যাপারে বিনা প্রমাণে আলিমদের সিদ্ধান্ত মেনে নেয়া যদি এতো বড়ো অপরাধ হয়ে থাকে তা হলে যারা ইসলামী জীবন ব্যবস্থাকে অবজ্ঞা করে ইসলাম বিরোধী মতবাদ তথা ধর্ম নিরপেক্ষ, সমাজতন্ত্র, সাম্যবাদ, পাশ্চাত্য পুঁজিবাদ ও জাতীয়তাবাদকে জীবন সাফল্যের একান্ত চাবিকাঠি বলে মনেপ্রাণে বিশ্বাস করে তা প্রচারে মদমত্ত হয়ে উঠে তারা কি আবার মুসলমান হতে পারে?

২৭. প্রতিবেশীর সাথে দুর্ব্যবহার, আত্মীয়তার বন্ধন ছিন্ন ও অশ্লীলতার ছড়াছড়ি:

প্রতিবেশীর সাথে দুর্ব্যবহার, আত্মীয়তার বন্ধন ছিন্ন ও অশ্লীলতার ছড়াছড়ি কিয়ামতের আরেকটি আলামত।

আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يَظْهَرَ الْفُحْشُ وَالتَّفَاحُشُ، وَقَطِيْعَةُ الرَّحِمِ، وَسُوْءُ الْمُجَاوَرَةِ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না মানব সমাজে অশ্লীলতা প্রকাশ পায়, আত্মীয়তার বন্ধন ছিন্ন ও প্রতিবেশীর সাথে অশুভ আচরণ করা হয়"। (আহ্মাদ্ ১০/২৬-৩১)

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

مِنْ أَشْرَاطِ السَّاعَةِ الْفُحْشُ وَالتَّفَحُّشُ وَقَطِيْعَةُ الرَّحِمِ.

"কিয়ামতের অন্যতম নিদর্শন হচ্ছে ব্যাপক অশ্লীলতা ও আত্মীয়তার বন্ধন ছিন্ন করা"। (মাজ্মাউয্ যাওয়ায়িদ্ ৭/২৮৪)

আব্দুল্লাহ্ বিন্ মাস্'ঊদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ بَيْنَ يَدَيِ السَّاعَةِ... قَطْعَ الْأَرْحَامِ.

"নিশ্চয়ই কিয়ামতের পূর্বে আত্মীয়তার বন্ধন ছিন্ন করণ বিশেষভাবে দেখা দিবে"। (আহ্মাদ ৫/৩৩৩)

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যে ভবিষ্যদ্বাণী করে গেছেন তা আজ অক্ষরে অক্ষরে প্রতিফলিত হচ্ছে। মানুষ এখন আর গল্প-গুজবের সময় শরীয়তের কোন তোয়াক্কাই করে না। মুখে যাই আসে সে তাই বলে ফেলে।

মাসের পর মাস বছরের পর বছর চলে যায় ; অথচ আত্মীয়ের সাথে আত্মীয়ের কোন দেখা-সাক্ষাৎ নেই। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আত্মীয়তার বন্ধন ছিন্ন করার ব্যাপারে নিজ উম্মতকে বিশেষভাবে হুঁশিয়ার করেন।

জুবায়ের বিন্ মুত্ব'ইম (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا يَدْخُلُ الْجَنَّةَ قَاطِعٌ.

"আত্মীয়তার বন্ধন ছিন্নকারী জান্নাতে যাবে না"।

(বুখারী ৫৯৮৪; মুসলিম ২৫৫৬ তিরমিযী, হাদীস ১৯০৯ আবূ দাউদ, হাদীস ১৬৯৬ আব্দুর্ রায্যাক, হাদীস ২০২৩৮ বায়হাক্বী, হাদীস ১২৯৯৭)

আবূ মূসা (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

ثَلَاثَةٌ لَا يَدْخُلُوْنَ الْجَنَّةَ: مُدْمِنُ الْخَمْرِ وَقَاطِعُ الرَّحِمِ وَمُصَدِّقٌ بِالسِّحْرِ.

"তিন ব্যক্তি জান্নাতে যাবে না: অভ্যস্ত মদ্যপায়ী, আত্মীয়তার বন্ধন ছিন্নকারী ও যাদুতে বিশ্বাসী"।

(আহ্মাদ্, হাদীস ১৯৫৮৭ হা'কিম, হাদীস ৭২৩৪ ইব্নু হিব্বান, হাদীস ৫৩৪৬)

কেউ আত্মীয়তার বন্ধন ছিন্ন করলে আল্লাহ্ তা'আলাও তার সাথে নিজ সম্পর্ক ছিন্ন করেন।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ اللهَ تَعَالَى خَلَقَ الْخَلْقَ، حَتَّى إِذَا فَرَغَ مِنْ خَلْقِهِ قَالَتِ الرَّحِمُ: هَذَا مَقَامُ الْعَائِذِ بِكَ مِنَ الْقَطِيْعَةِ، قَالَ: نَعَمْ، أَمَا تَرْضَيْنَ أَنْ أَصِلَ مَنْ وَصَلَكِ، وَأَقْطَعَ مَنْ قَطَعَكِ؟

قَالَتْ: بَلَى يَا رَبِّ! قَالَ: فَهُوَ لَكِ.

"আল্লাহ্ তা'আলার সৃষ্টিকুল সৃজন শেষে আত্মীয়তার বন্ধন (দাঁড়িয়ে) বললো: এটিই হচ্ছে সম্পর্ক বিচ্ছিন্নতা থেকে আশ্রয় প্রার্থনাকারীর স্থান। আল্লাহ্ তা'আলা বললেন: হ্যাঁ, ঠিকই। তুমি কি এ কথায় সন্তুষ্ট নও যে, আমি ওর সঙ্গেই সম্পর্ক স্থাপন করবো যে তোমার সঙ্গে সম্পর্ক স্থাপন করবে এবং আমি ওর সাথেই সম্পর্ক বিচ্ছিন্ন করবো যে তোমার সঙ্গে সম্পর্ক বিচ্ছিন্ন করবে। তখন সে বললো: আমি এ কথায় অবশ্যই রাজি আছি হে আমার প্রভু! তখন আল্লাহ্ তা'আলা বললেন: তা হলে তোমার জন্য তাই হোক"। (বুখারী ৪৮৩০, ৫৯৮৭; মুসলিম ২৫৫৪)

এরপর রাসূল (ﷺ) নিম্নোক্ত আয়াত তিলাওয়াত করেন।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿فَهَلْ عَسَيْتُمْ إِنْ تَوَلَّيْتُمْ أَنْ تُفْسِدُوْا فِيْ الْأَرْضِ وَتُقَطِّعُوْا أَرْحَامَكُمْ، أُوْلَآئِكَ الَّذِيْنَ لَعَنَهُمُ اللهُ فَأَصَمَّهُمْ وَأَعْمٰى أَبْصَارَهُمْ﴾.

"ক্ষমতায় অধিষ্ঠিত হতে পারলে সম্ভবত তোমরা পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করবে এবং আত্মীয়তার বন্ধন ছিন্ন করবে। আল্লাহ্ তা'আলা এদেরকেই করেন অভিশপ্ত, বধির ও দৃষ্টিশক্তিহীন"। (মুহাম্মাদ : ২২-২৩)

বর্তমান যুগে কোন প্রতিবেশীর খবরাখবর তার নিকটতম প্রতিবেশীও নিতে চায় না। বরং সুযোগ পেলে তাকে কষ্ট দিতেও ছাড়ে না ; অথচ নিজ প্রতিবেশীকে কষ্ট দিয়ে জান্নাতে যাওয়া যাবে না।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

لَا يَدْخُلُ الْجَنَّةَ مَنْ لَا يَأْمَنُ جَارُهُ بَوَائِقَهُ.

"সে ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না যার অনিষ্ট থেকে তার প্রতিবেশী নিরাপদ নয়"। (মুসলিম ৪৬)

যে ব্যক্তি নিজ প্রতিবেশীকে কষ্ট দেয় সে সত্যিকারের মু'মিন নয়।

আবূ শুরাইহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (ﷺ) ইরশাদ করেন:

وَاللهِ لَا يُؤْمِنُ، وَاللهِ لَا يُؤْمِنُ، وَاللهِ لَا يُؤْمِنُ، قِيْلَ: وَمَنْ يَا رَسُوْلَ اللهِ!؟ قَالَ: الَّذِيْ

لَا يَأْمَنُ جَارُهُ بَوَائِقَهُ.

"আল্লাহ্'র কসম! সে ব্যক্তি মু'মিন হতে পারে না। আল্লাহ্'র কসম! সে ব্যক্তি মু'মিন হতে পারে না। আল্লাহ্'র কসম! সে ব্যক্তি মু'মিন হতে পারে না। রাসূল (ﷺ) কে জিজ্ঞাসা করা হলো: হে আল্লাহ্'র রাসূল (ﷺ)! সে ব্যক্তি কে? তিনি বললেন: যার অনিষ্ট থেকে তার প্রতিবেশী নিরাপদ নয়"। (বুখারী ৬০১৬)

নিজ প্রতিবেশীর প্রতি দয়াশীল হওয়া সত্যিকারের ঈমানের পরিচায়ক।

আবূ হুরাইরাহ্ এবং আবূ শুরাইহ্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তাঁরা বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

مَنْ كَانَ يُؤْمِنُ بِاللهِ وَالْيَوْمِ الْآخِرِ فَلْيُحْسِنْ إِلَى جَارِهِ.

"যে ব্যক্তি আল্লাহ্ তা'আলা ও পরকালে বিশ্বাসী সে যেন তার প্রতিবেশীর প্রতি দয়াশীল হয়"। (মুসলিম ৪৭, ৪৮)

২৮. বুড়োদের কৃত্রিমভাবে যৌবন দেখানো:

বুড়োদের সাদা চুলকে কালো করে কৃত্রিমভাবে যৌবন দেখানো কিয়ামতের আরেকটি আলামত।

আব্দুল্লাহ্ বিন্ 'আব্বাস্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

يَكُوْنَ قَوْمٌ يَخْضِبُوْنَ فِيْ آخِرِ الزَّمَانِ بِالسَّوَادِ كَحَوَاصِلِ الْحَمَامِ، لَا يَرِيْحُوْنَ رَائِحَةَ الْجَنَّةِ.

"শেষ যুগে এমন কিছু লোক বেরুবে যারা সাদা চুলকে কালো করবে। মনে হবে যেন কবুতরের পেট। তারা জান্নাতের সুগন্ধও পাবে না"।

(আহ্মাদ্ ৪/১৫৬ আবূ দাউদ/'আউন ১১/২৬৬)

বর্তমান যুগে কিছু সংখ্যক লোক তো তাদের চেহারাকে বাস্তবেই কবুতরের পেট বানিয়ে ফেলে। চার দিক থেকে কামিয়ে শুধু থুতনির উপরই কিছু দাঁড়ি রেখে দেয় এবং তা কালো রঙ্গে রঙ্গীন করে। তখন থুতনিটাকে হুবহু কবুতরের পেটের মতোই দেখা যায়।

চুল বা দাঁড়ি সাদা হয়ে গেলে তাতে কালো রঙ ছাড়া অন্য যে কোন রঙ ব্যবহার করা যায়। বরং তা করাই শ্রেয়। কারণ, তাতে করে ইহুদি ও

খ্রিস্টানের সাথে এক ধরনের অমিল সৃষ্টি হয় যা শরীয়তের একান্ত কাম্য।

জাবির বিন্ আব্দুল্লাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: মক্কা বিজয়ের দিন আবূ কুহাফাকে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সামনে উপস্থিত করা হলো। তাঁর দাঁড়ি ও মাথার চুলগুলো ছিলো সাগামা উদ্ভিদের ন্যায় সাদা। তা দেখে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সাহাবাদেরকে বললেন:

غَيِّرُوْا هَذَا بِشَيْءٍ وَاجْتَنِبُوْا السَّوَادَ.

"এর চুল-দাঁড়িগুলোকে কোন কিছু দিয়ে রঙ্গীন করে নাও। তবে কালো রঙ লাগাবে না"। (মুসলিম ২১০২)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ الْيَهُوْدَ وَالنَّصَارَى لَا يَصْبُغُوْنَ، فَخَالِفُوْهُمْ.

"ইহুদি-খ্রিস্টানরা চুল-দাঁড়ি কালার করে না। অতএব তোমরা তাদের উল্টোটা তথা দাঁড়ি-চুলগুলোকে কালার করবে"। (মুসলিম ২১০৩)

২৯. অত্যধিক কার্পণ্য:

অত্যধিক কার্পণ্য কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

مِنْ أَشْرَاطِ السَّاعَةِ أَنْ يَّظْهَرَ الشُّحُّ.

"কিয়ামতের অন্যতম আলামত হচ্ছে এই যে, তখন কার্পণ্য প্রকাশ পাবে"। (মাজ্মা'উয্ যাওয়ায়িদ্ ৭/৩২৭)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يَتَقَارَبُ الزَّمَانُ، وَيُقْبَضُ الْعِلْمُ، وَتَظْهَرُ الْفِتَنُ، وَيُلْقَى الشُّحُّ، وَيَكْثُرُ الْـهَرْجُ، قَالُوْا: وَمَا الْـهَرْجُ؟ قَالَ: الْقَتْلُ.

"সময় খুবই নিকবর্তী হবে, ধর্মীয় জ্ঞান উঠিয়ে নেয়া হবে, ফিতনা ছড়িয়ে পড়বে, কার্পণ্য নিক্ষিপ্ত হবে এবং হার্জ বেড়ে যাবে। সাহাবাগণ বললেন: হার্জ কি? রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: হার্জ মানে হত্যাকাণ্ড"।

(মুসলিম ১৫৭)

মু'আবিয়া (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا يَزْدَادُ الْأَمْرُ إِلَّا شِدَّةً، وَلَا يَزْدَادُ النَّاسُ إِلَّا شُحًّا.

"দিন দিন পরিস্থিতি আরো ভয়ঙ্কর হবে এবং মানুষ ধীরে ধীরে আরো কৃপণ হয়ে উঠবে"। (মাজ্মা'উয্ যাওয়ায়িদ্ ৮/১৪)

কারো কারোর মতে উক্ত হাদীসটি দুর্বল। তবে ইমাম হাইসামী হাদীসটিকে বিশুদ্ধ বলে আখ্যায়িত করেছেন।

কার্পণ্য সমূহ ধ্বংসের মূল।

জাবির বিন্ আব্দুল্লাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

اتَّقُوْا الظُّلْمَ؛ فَإِنَّ الظُّلْمَ ظُلُمَاتٌ يَوْمَ الْقِيَامَةِ، وَاتَّقُوْا الشُّحَّ؛ فَإِنَّ الشُّحَّ أَهْلَكَ مَنْ كَانَ قَبْلَكُمْ، حَمَلَهُمْ عَلَى أَنْ سَفَكُوْا دِمَاءَهُمْ، وَاسْتَحَلُّوْا مَحَارِمَهُمْ.

"তোমরা যুলুম থেকে বেঁচে থাকো। কারণ, যুলুম কিয়ামতের দিন অন্ধকার হয়ে দেখা দিবে। তেমনিভাবে তোমরা কার্পণ্য থেকে বেঁচে থাকো। কারণ, কার্পণ্য পূর্ববর্তী উম্মতদেরকে ধ্বংস করে দিয়েছে। কার্পণ্য তাদেরকে উৎসাহিত করেছে একে অপরের রক্তপাত ঘটাতে এবং একে অপরের ইয্যত-আবরু লুণ্ঠন করতে"। (মুসলিম ২৫৭৮)

কার্পণ্য থেকে রক্ষা পাওয়ার মধ্যেই সমূহ সফলতা।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَمَنْ يُّوْقَ شُحَّ نَفْسِهٖ فَأُوْلَآئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ﴾.

"যারা কার্পণ্য থেকে মুক্ত রয়েছে তারাই সফলকাম"।

(হাশ্র : ৯ তাগাবুন : ১৬)

৩০. অত্যধিক ব্যবসা-বাণিজ্য:

অত্যধিক ব্যবসা-বাণিজ্য কিয়ামতের আরেকটি আলামত। ব্যবসা-বাণিজ্য তখন এতো অধিকহারে সম্প্রসারিত হবে যে, মহিলারাও তাতে অংশ গ্রহণ করবে।

আব্দুল্লাহ্ বিন্ মাস্'উদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

بَيْنَ يَدَيِ السَّاعَةِ تَسْلِيْمُ الْخَاصَّةِ وَفُشُوُّ التِّجَارَةِ، حَتَّى تُشَارِكَ الْمَرْأَةُ زَوْجَهَا فِيْ التِّجَارَةِ.

"কিয়ামতের পূর্বে শুধু বিশেষ বিশেষ ব্যক্তিদেরকেই সালাম দেয়া হবে এবং ব্যবসা-বাণিজ্য অধিক হারে বিস্তার লাভ করবে। এমনকি মহিলারাও ব্যবসা-বাণিজ্যে পুরুষের সহযোগী হবে"।

(আহ্মাদ ৫/৩৩৩ 'হাকিম ৪/৪৪৫-৪৪৬)

'আমর বিন্ তাগ্লিব (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ مِنْ أَشْرَاطِ السَّاعَةِ أَنْ يَّفْشُوَ الْمَالُ وَيَكْثُرَ وَتَفْشُوَ التِّجَارَةُ.

"কিয়ামতের অন্যতম আলামত এই যে, ধন-সম্পদ বেড়ে যাবে এবং ব্যবসা-বাণিজ্য অধিক হারে বিস্তার লাভ করবে"।

(নাসায়ী, হাদীস ৭/২৪৪ আহ্মাদ ৫/৬৯)

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাঁর উম্মতের ব্যাপারে দরিদ্রতার ভয় পাননি। বরং তিনি ভয় পেয়েছেন ধনাধিক্য ও দুনিয়া কামাইয়ে পরস্পর প্রতিযোগিতার।

'আমর বিন্ 'আউফ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

وَاللهِ مَا الفَقْرَ أَخْشَى عَلَيْكُمْ وَلَكِنِّيْ أَخْشَى عَلَيْكُمْ أَنْ تُبْسَطَ الدُّنْيَا عَلَيْكُمْ كَمَا بُسِطَتْ عَلَى مَنْ كَانَ قَبْلَكُمْ فَتَنَافَسُوْهَا كَمَا تَنَافَسُوْهَا، وَتُهْلِكُهُمْ كَمَا أَهْلَكَتْهُمْ، وَفِيْ رِوَايَةٍ: وَتُلْهِيْكُمْ كَمَا أَلْهَتْهُمْ.

"আল্লাহ্'র কসম! আমি তোমাদের ব্যাপারে দরিদ্রতার ভয় পাচ্ছি না। বরং ভয় পাচ্ছি এ ব্যাপারে যে, তোমাদের উপর দুনিয়া উন্মুক্ত করে দেয়া হবে যেমনিভাবে উন্মুক্ত করে দেয়া হয়েছে পূর্ববর্তীদের উপর। অতঃপর তোমরা তা নিয়ে প্রতিযোগিতা করবে যেমনিভাবে ওরা প্রতিযোগিতা করেছে এবং এ দুনিয়াই তোমাদেরকে ধ্বংস করবে যেমনিভাবে ওদেরকে ধ্বংস করেছে। অন্য বর্ণনায় রয়েছে, এ দুনিয়াই তোমাদেরকে গাফিল করবে যেমনিভাবে ওদেরকে গাফিল করেছে"।

(বুখারী ৪০১৫, ৬৪২৫; মুসলিম ২৯৬১)

আব্দুল্লাহ্ বিন্ 'আমর বিন্ 'আস্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِذَا فُتِحَتْ عَلَيْكُمْ فَارِسُ وَالرُّوْمُ، أَيُّ قَوْمٍ أَنْتُمْ؟ قَالَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ: نَقُوْلُ كَمَا أَمَرَنَا اللهُ، قَالَ رَسُوْلُ اللهِ ﷺ : أَوْ غَيْرَ ذَلِكَ، تَتَنَافَسُوْنَ، ثُمَّ تَتَحَاسَدُوْنَ، ثُمَّ تَتَدَابَرُوْنَ، ثُمَّ تَتَبَاغَضُوْنَ أَوْ نَحْوَ ذَلِكَ.

"যখন রোম ও পারস্য স্বাধীন হবে তখন তোমরা কি করবে? আব্দুর রহ্মান বিন্ 'আউফ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বলেন: তখন আমরা তাই বলবো যা আল্লাহ্ তা'আলা আমাদেরকে আদেশ করেছেন। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন: না কি এ ছাড়া অন্য কিছু। বরং তোমরা পরস্পর প্রতিযোগিতা করবে। হিংসা-বিদ্বেষ করবে। একে অপরের পেছনে পড়বে। পরস্পর শত্রুতা করবে অথবা এ জাতীয় অন্য কিছু"। (মুসলিম ২৯৬২)

৩১. অত্যধিক ভূমিকম্প:

অত্যধিক ভূমিকম্প কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يُقْبَضَ الْعِلْمُ وَتَكْثُرَ الزَّلَازِلُ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না ধর্মীয় জ্ঞান উঠিয়ে নেয়া হবে এবং ভূমিকম্প বেড়ে যাবে"। (বুখারী ৭১২১)

ইতিপূর্বে অনেক ভূমিকম্প দেখা দিয়েছে। তবে কিয়ামত যতই ঘনিয়ে আসবে ততই ভূমিকম্প আরো ব্যাপক এবং আরো দীর্ঘস্থায়ী হবে।

আব্দুল্লাহ্ বিন্ 'হওয়ালাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নিজের হাত খানা আমার মাথায় রেখে বললেন:

يَا ابْنَ حَوَالَةَ ! إِذَا رَأَيْتَ الْخِلَافَةَ قَدْ نَزَلَتِ الْأَرْضَ الْمُقَدَّسَةَ؛ فَقَدْ دَنَتِ الزَّلَازِلُ وَالْبَلَايَا وَالْأُمُوْرُ الْعِظَامُ، وَالسَّاعَةُ يَوْمَئِذٍ أَقْرَبُ إِلَى النَّاسِ مِنْ يَدِيْ هَذِهِ مِنْ رَأْسِكَ.

"হে ইব্নু 'হাওয়ালাহ্! যখন তুমি দেখবে, বাইতুল্ মাক্বদিসে খিলাফত প্রথা চালু হয়েছে তখন মনে করবে, ভূমিকম্প, বিপদাপদ এবং বড়ো বড়ো অঘটনসমূহ অতি সন্নিকটে। তখন কিয়ামত এতো অতি সন্নিকটে যেমন আমার হাত তোমার মাথার সন্নিকটে"।

(আহ্মাদ ৫/২৮৮ আবূ দাউদ/'আউন ৭/২০৯-২১০ 'হাকিম ৪৫/৪২৫ স'হীহুল্ জামি', হাদীস ৭৭১৫)

৩২. ভূমিধস, বিকৃতি ও ক্ষেপণ:

ভূমিধস, বিকৃতি ও ক্ষেপণ কিয়ামতের আরেকটি আলামত।

'আয়িশা (রাযিয়াল্লাহু আন্হা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يَكُوْنُ فِيْ آخِرِ هَذِهِ الْأُمَّةِ خَسْفٌ وَمَسْخٌ وَقَذْفٌ، قَالَتْ: قُلْتُ: يَا رَسُوْلَ اللهِ! أَنَهْلِكُ وَفِيْنَا الصَّالِحُوْنَ؟ قَالَ: نَعَمْ؛ إِذَا ظَهَرَ الْخَبَثُ.

"এ উম্মতের শেষ দিকে দেখা দিবে ভূমিধস, বিকৃতি ও ক্ষেপণ। 'আয়িশা (রাযিয়াল্লাহু আন্হা) বলেন: আমি বললাম: হে আল্লাহ্'র রাসূল! আমরা কি তখন ধ্বংস হয়ে যাবো ; অথচ তখনো আমাদের মধ্যে থাকবে সৎকর্মশীল ব্যক্তিগণ। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: হ্যাঁ, তাই হবে যখন অপকর্ম সর্বস্তরে বিস্তার লাভ করবে"।

(তিরমিযী ৬/৪১৮ স'হীহুল্ জামি', হাদীস ৮০১২)

আব্দুল্লাহ্ বিন্ মাস্'উদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

بَيْنَ يَدَيِ السَّاعَةِ مَسْخٌ وَخَسْفٌ وَقَذْفٌ.

"কিয়ামতের পূর্বে বিকৃতি, ভূমিধস ও নিক্ষেপ দেখা দিবে"।

(ইব্নু মাজাহ্ ২/১৩৪৯)

বিশেষ করে তাক্বদীরে যারা অবিশ্বাসী তাদের মধ্যেই বিকৃতি ও নিক্ষেপ দেখা দিবে।

আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّهُ سَيَكُوْنُ فِيْ أُمَّتِيْ مَسْخٌ وَقَذْفٌ، وَهُوَ فِي الزَّنْدَقِيَّةِ وَالْقَدَرِيَّةِ.

"অচিরেই আমার উম্মতের মধ্যে দেখা দিবে বিকৃতি ও নিক্ষেপ। তবে তা হবে বিশেষ করে তাক্বদীরে অবিশ্বাসীদের মাঝে"। (আহ্মাদ্ ৯/৭৩-৭৪)

অন্য বর্ণনায় রয়েছে:

فِيْ هَذِهِ الْأُمَّةِ خَسْفٌ أَوْ مَسْخٌ أَوْ قَذْفٌ فِيْ أَهْلِ الْقَدْرِ.

"এ উম্মতের মধ্যে দেখা দিবে ভূমিধস, বিকৃতি ও নিক্ষেপ। আর তা হবে বিশেষ করে তাক্বদীরে অবিশ্বাসীদের মাঝে"। (তিরমিযী ৬/৩৬৭-৩৬৮)

কিয়ামতের পূর্বে আরবরাই বিশেষভাবে ভূমিধসের স্বীকার হবে।

আব্দুর রহ্মান তাঁর পিতা থেকে বর্ণনা করেন: তাঁর পিতা বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يُخْسَفَ بِقَبَائِلَ، فَيُقَالُ: مَنْ بَقِيَ مِنْ بَنِيْ فُلَانٍ؟ قَالَ: فَعَرَفْتُ حِيْنَ قَالَ: قَبَائِلَ أَنَّهَا الْعَرَبُ، لِأَنَّ الْعَجَمَ تُنْسَبُ إِلَى قُرَاهَا.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না কয়েকটি আরব বংশ ভূমিধসে আক্রান্ত হয়। তখন জিজ্ঞাসা করা হবে: অমুক বংশের আর কে বেঁচে আছে? বর্ণনাকারী সাহাবী বলেন: "ক্বাবায়িল" শব্দ শুনতেই আমার মনে হলো, এরা আরব। কারণ, অনারবদেরকে এলাকার প্রতি সম্পৃক্ত করেই তাদের পরিচয় দেয়া হয়। যেমন: বলা হতো: রোমান, পারস্যবাসী ইত্যাদি"। (আহ্মাদ ৪/৪৮৩ মাজ্মা'উয্ যাওয়ায়িদ ৮/৯)

কারো কারোর মতে উক্ত হাদীসটি দুর্বল। তবে ইমাম হাইসামী হাদীসটিকে বিশুদ্ধ বলে আখ্যায়িত করেছেন।

বাক্বীরাহ্ (রাযিয়াল্লাহু আন্হা) থেকে বর্ণিত তিনি বলেন: আমি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে মিম্বরে খুতবারত অবস্থায় বলতে শুনেছি। তিনি বলেন:

إِذَا سَمِعْتُمْ بِجَيْشٍ قَدْ خُسِفَ بِهِ قَرِيْبًا؛ فَقَدْ أَظَلَّتِ السَّاعَةُ.

"যখন তুমি শুনবে আমার সেনাদল অতি নিকটেই ভূমিধসে আক্রান্ত হয়েছে তখন মনে করবে, কিয়ামতই এসে গেছে"।

(আহ্মাদ ৬/৩৭৮-৩৭৯ স'হীহুল্ জামি', হাদীস ৬৩১)

ইতিপূর্বে যে ভূমিধসগুলো প্রাচ্য ও পাশ্চাত্যে দেখা দিয়েছে তা গুনাহ্গারদের প্রতি সংকেত মাত্র। যাতে তারা পুনরায় সঠিক পথে ফিরে আসে।

'ইম্রান বিন্ 'হুস্বাইন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

فِيْ هَذِهِ الْأُمَّةِ خَسْفٌ وَمَسْخٌ وَقَذْفٌ، فَقَالَ رَجُلٌ مِنَ الْمُسْلِمِيْنَ: يَا رَسُوْلَ اللهِ! وَمَتَى ذَلِكَ؟ قَالَ: إِذَا ظَهَرَتِ الْقِيَانُ وَالْمَعَازِفُ، وَشُرِبَتِ الْخُمُوْرُ.

"এ উম্মতের মাঝে ভূমিধস, বিকৃতি ও নিক্ষেপ দেখা দিবে। জনৈক সাহাবী বললেন: হে আল্লাহ্'র রসূল! তা কখন হবে? তিনি বললেন: যখন

গায়ক-গায়িকা ও হরেক রকমের বাদ্যযন্ত্র বিস্তার লাভ করবে এবং মদ পান করা হবে”। (তিরমিযী, হাদীস ৪৫৮ স'হীহুল্ জামি', হাদীস ৪১১৯)

আবূ মালিক আশ্'আরী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَيَشْرَبَنَّ نَاسٌ مِنْ أُمَّتِيْ الْخَمْرَ يُسَمُّوْنَهَا بِغَيْرِ اسْمِهَا، يُعْزَفُ عَلَى رُؤُوْسِهِمْ بِالْمَعَازِفِ، يَخْسِفُ اللهُ بِهِمُ الْأَرْضَ، وَيَجْعَلُ مِنْهُمُ الْقِرَدَةَ وَالْخَنَازِيْرَ.

“অচিরেই আমার কিছু উম্মত মদ পান করবে পরিচিত নাম ভিন্ন অন্য নামে। তাদের সামনেই বাদ্যযন্ত্র বাজানো হবে। আল্লাহ্ তা'আলা তাদেরকে ভূমিধসে আক্রান্ত করবেন এবং তাদের কাউ কাউকে শূকর ও বানরে পরিণত করবেন”। (ইব্নু মাজাহ্, হাদীস ৪০২০ স'হীহুল্ জামি', হাদীস ৪১১৯)

বিকৃতি প্রকাশ্য-অপ্রকাশ্য উভয়ভাবেই হতে পারে। তবে যদি তা অপ্রকাশ্যভাবেই ধরে নেয়া হয় তা হলে তা এখনই পাওয়া যাচ্ছে। কারণ, যারা বর্তমানে গুনাহ্'র কর্মকাণ্ডকে স্বাভাবিক বা হালাল মনে করছে তাদের অন্তরের বিপুল পরিবর্তন ঘটেছে। তারা হালাল-হারাম, বৈধাবৈধের মাঝে কোন পার্থক্যই করে না। এ দিকে প্রকাশ্য বিকৃত তো তাদের জন্য বরাদ্দ থাকছেই।

৩৩. নেককার লোকদের দুনিয়া থেকে বিদায় নেয়া:

নেককার লোকদের দুনিয়া থেকে বিদায় নেয়া এবং খারাপ লোকের আধিক্য কিয়ামতের আরেকটি আলামত। এমনকি পরিশেষে শুধু খারাপ লোকই দুনিয়ার বুকে বেঁচে থাকবে। আর তখনই তাদের উপর কিয়ামত কায়িম হবে।

আব্দুল্লাহ্ বিন্ মাস্'উদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ إِلَّا عَلَى شِرَارِ الْخَلْقِ.

“একমাত্র নিকৃষ্ট মানুষের উপরই কিয়ামত কায়িম হবে”।

(মুসলিম ২৯৪৯)

আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يَأْخُذَ اللهُ شَرِيْطَتَهُ مِنْ أَهْلِ الْأَرْضِ، فَيَبْقَى فِيْهَا عَجَاجَةٌ، لَا يَعْرِفُوْنَ مَعْرُوْفًا، وَلَا يُنْكِرُوْنَ مُنْكَرًا.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না আল্লাহ্ তা'আলা তাঁর প্রিয় বান্দাহ্দেরকে এ বিশ্ব ভুবন থেকে উঠিয়ে নেন। অতঃপর এ দুনিয়াতে বেঁচে থাকবে শুধু নিকৃষ্ট জন সাধারণ। তারা ভালোকেও ভালো বলবে না এবং খারাপকেও খারাপ বলবে না"। (আহ্মাদ্ ১১/১৮১-১৮২ 'হাকিম ৪/৪৩৫)

কারো কারোর মতে উক্ত হাদীসটি দুর্বল। তবে ইমাম 'হাকিম, যাহাবী ও আল্লামাহ্ আহ্মাদ্ শাকির হাদীসটিকে বিশুদ্ধ বলে আখ্যায়িত করেছেন।

'আমর বিন্ শু'আইব তাঁর পিতা থেকে এবং তাঁর পিতা তাঁর দাদা থেকে বর্ণনা করেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

يَأْتِيْ عَلَى النَّاسِ زَمَانٌ يُغَرْبَلُوْنَ فِيْهِ غَرْبَلَةً، يَبْقَى مِنْهُمْ حُثَالَةٌ، قَدْ مَرِجَتْ عُهُوْدُهُمْ وَأَمَانَاتُهُمْ، وَاخْتَلَفُوْا، فَكَانُوْا هَكَذَا وَشَبَّكَ بَيْنَ أَصَابِعِهِ.

"এমন একটি সময় আসবে যখন মানুষকে চালন দিয়ে চালিয়ে তথা যাচাই-বাছাই করে ভালো লোকদেরকে উঠিয়ে নেয়া হবে। তখন শুধুমাত্র খারাপ লোকই বেঁচে থাকবে। তাদের কোন আমানত ও অঙ্গীকার ঠিক থাকবে না। তারা পরস্পর দ্বন্দ্বে লিপ্ত হবে। যেন এক হাতের আঙ্গুলকে অন্য হাতের আঙ্গুলের মাঝে ঢুকানো হয়েছে"।

(আহ্মাদ্ ১২/১২ 'হাকিম ৪/৪৩৫)

৩৪. সমাজে নিচু শ্রেণীর লোকদের নেতৃত্ব:

সমাজে নিচু লোকদের নেতৃত্ব কিয়ামতের আরেকটি আলামত।

যতই কিয়ামত ঘনিয়ে আসবে ততই সমাজের নিচু শ্রেণীর লোকেরা সমাজের নেতৃত্ব দিবে। বর্তমান মুসলিম বিশ্বের অধিকাংশ ক্ষমতাধররা ধর্মীয় জ্ঞানে মূর্খ এবং ধার্মিকতায় একেবারেই শূন্যের কোঠায় ; অথচ ধর্মীয় দৃষ্টিকোণে সমাজের নেতৃত্ব ওরাই দিবেন যাঁরা হবেন ধর্মীয় জ্ঞানে পণ্ডিত ও আল্লাহ্ভীরু। কারণ, তাঁরাই হচ্ছেন আল্লাহ্ তা'আলার নিকট একমাত্র সম্মানের পাত্র।

এ কারণেই রাসূল (ﷺ) কোন এলাকার দায়িত্বশীল নিয়োগ করতেন

এমন ব্যক্তিকে যিনি ছিলেন উপস্থিত সবার মধ্যে বেশি জ্ঞানের অধিকারী এবং উক্ত কাজের সত্যিকারের উপযুক্ত। তেমনিভাবে তাঁর খলীফাগণও উক্ত নিয়োগ পদ্ধতি পালন করেন।

একদা নাজরানবাসীরা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট তাদের উপর দায়িত্বশীল হিসেবে একজন আমানতদার ব্যক্তি কামনা করছিলো। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন:

لَأَبْعَثَنَّ إِلَيْكُمْ رَجُلًا أَمِينًا حَقَّ أَمِيْنٍ، فَاسْتَشْرَفَ لَهُ النَّاسُ، فَبَعَثَ أَبَا عُبَيْدَةَ بْنَ الْجَرَّاحِ.

"নিশ্চয়ই আমি তোমাদের নিকট একজন সত্যিকার আমানতদার ব্যক্তি পাঠাবো। তখন সবাই উঁকিঝুঁকি মারছিলো রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কাকে পাঠাবেন তা জানার জন্য। অতঃপর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) হযরত আবূ 'উবাইদাহ্ বিন্ জার্‌রাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কেই পাঠিয়ে দিলেন"। (বুখারী ৪৩৮১)

নিম্নে উক্ত আলামত সম্পর্কে কয়েকটি হাদীস বর্ণিত হলো:

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّهَا سَتَأْتِيْ عَلَى النَّاسِ سِنُوْنَ خَدَّاعَةٌ، يُصَدَّقُ فِيْهَا الْكَاذِبُ، وَيُكَذَّبُ فِيْهَا الصَّادِقُ، وَيُؤْتَمَنُ فِيْهَا الْخَائِنُ، وَيُخَوَّنُ فِيْهَا الْأَمِيْنُ، وَيَنْطِقُ فِيْهَا الرُّوَيْبِضَةُ، قِيْلَ: وَمَا الرُّوَيْبِضَةُ؟ قَالَ: السَّفِيْهُ يَتَكَلَّمُ فِيْ أَمْرِ الْعَامَّةِ.

"অচিরেই এমন কিছু বছর আসবে যাতে মানুষ ধোকা খাবে। তাতে মিথ্যাবাদীকে সত্যবাদী মনে করা হবে এবং সত্যবাদীকে মিথ্যাবাদী মনে করা হবে। আত্মসাৎকারীকে আমানতদার মনে করা হবে এবং আমানতদারকে আত্মসাৎকারী মনে করা হবে। সে সময় রুওয়াইবেযা কথা বলবে। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে জিজ্ঞাসা করা হলো: রুওয়াইবেযা কে? তিনি বললেন: রুওয়াইবেযা হচ্ছে সে বেকুব লোক যে জাতীয় ব্যাপারে কথা বলবে"। (আহ্‌মাদ্ ১৫/৩৭-৩৮)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

وَإِذَا كَانَتِ الْعُرَاةُ الْـحُفَاةُ رُؤُوْسَ النَّاسِ فَذَاكَ مِنْ أَشْرَاطِهَا.

"যখন জামা-কাপড় ও জুতোবিহীন লোকেরা মানুষের নেতৃত্ব দিবে তখনই মনে করবে কিয়ামত অতি সন্নিকটে"। (মুসলিম ৯)

'উমর বিন্ খাত্তাব (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

مِنْ أَشْرَاطِ السَّاعَةِ : أَنْ يَّغْلِبَ عَلَى الدُّنْيَا لُكَعُ ابْنُ لُكَعٍ.

"কিয়ামতের অন্যতম আলামত হচ্ছে অযোগ্য অপদার্থ লোক দুনিয়ার নেতৃত্ব দেয়া"। (মায্মা'উয্যাওয়ায়িদ্ ৭/৩২৫)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِذَا أُسْنِدَ الْأَمْرُ إِلَى غَيْرِ أَهْلِهِ فَانْتَظِرِ السَّاعَةَ.

"যখন নেতৃত্ব অযোগ্যের হাতে তুলে দেয়া হয় তখনই কিয়ামতের অপেক্ষা করবে"। (বুখারী ৬৪৯৬)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

مِنْ أَشْرَاطِ السَّاعَةِ... أَنْ يَّعْلُوَ التُّحُوْتُ الْوُعُوْلَ، أَكَذَلِكَ يَا عَبْدَ اللهِ بْنَ مَسْعُوْدٍ سَمِعْتَهُ مِنْ حِبِّيْ؟ قَالَ: نَعَمْ؛ وَرَبِّ الْكَعْبَةِ، قُلْنَا : وَمَا التُّحُوْتُ؟ قَالَ: فُسُوْلُ الرِّجَالِ وَأَهْلُ الْبُيُوْتِ الْغَامِضَةِ يُرْفَعُوْنَ فَوْقَ صَالِحِيْهِمْ، وَالْوُعُوْلُ: أَهْلُ الْبُيُوْتِ الصَّالِحَةِ.

"কিয়ামতের অন্যতম আলামত হচ্ছে "তু'হুত" (নিচু লোকেরা) "উ'উল" (ভালো লোকের) উপর নেতৃত্ব দিবে। বর্ণনাকারী আব্দুল্লাহ্ বিন্ মাস্'উদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে জিজ্ঞাসা করেন: হে আব্দুল্লাহ্ বিন্ মাস্'উদ্! তুমি কি উক্ত হাদীসটি আমার প্রিয় নবী থেকে শুনছিলে? তিনি বলেন: হ্যাঁ, কা'বার প্রভুর কসম! আমি তা প্রিয় নবী থেকে শুনেছি। শ্রোতারা বললো: "তু'হুত" কি? তিনি বললেন: "তু'হুত" মানে নিচু লোক। অপ্রসিদ্ধ ঘরের লোকেরা ভালো লোকদের উপর মর্যাদা পাবে। আর "উ'উল" মানে ভালো ঘরের লোকেরা"। (মায্মা'উয্যাওয়ায়িদ্ ৭/৩২৭)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَذْهَبُ الدُّنْيَا حَتَّى تَصِيْرَ لِلُكَعِ ابْنِ لُكَعٍ.

"দুনিয়া নিঃশেষ হবে না যতক্ষণ না তা অযোগ্য অপদার্থ লোকের হাতে চলে যাবে"। (আহ্মাদ ১৬/২৮৪ স'হী'হুল্ জামি', হাদীস ৭১৪৯)

'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يَكُوْنَ أَسْعَدُ النَّاسِ بِالدُّنْيَا لُكَعُ ابْنُ لُكَعٍ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না দুনিয়ার সব চাইতে ভাগ্যবান ব্যক্তি হবে অযোগ্য অপদার্থ"। (আহ্মাদ ৫/৩৮৯ স'হী'হুল্ জামি', হাদীস ৭৩০৮)

এ দ্বীনহারা ঈমানহারা ব্যক্তিরাই একদা সুন্দর সুন্দর বিশেষণে বিশেষিত হবে।

'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমানত উঠিয়ে নেয়া সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন:

يُقَالُ لِلرَّجُلِ: مَا أَعْقَلَهُ وَمَا أَظْرَفَهُ وَمَا أَجْلَدَهُ، وَمَا فِيْ قَلْبِهِ مِثْقَالُ حَبَّةِ خَرْدَلٍ مِنْ إِيْمَانٍ.

"তখন কারো কারোর সম্পর্কে এ কথাও বলা হবে যে, লোকটি কতই না বুদ্ধিমান! কতই না চালাক! কতই না বীর সাহসী! অথচ তার অন্তরে একটি সরিষা পরিমাণও ঈমান নেই"। (বুখারী ৬৪৯৭)

৩৫. শুধু পরিচিতজনকেই সালাম দেয়া:

শুধু পরিচিতজনকেই সালাম দেয়া কিয়ামতের আরেকটি আলামত।

আব্দুল্লাহ্ বিন্ মাস'ঊদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ مِنْ أَشْرَاطِ السَّاعَةِ أَنْ يُّسَلِّمَ الرَّجُلُ عَلَى الرَّجُلِ، لَا يُسَلِّمُ عَلَيْهِ إِلَّا لِلْمَعْرِفَةِ.

"কিয়ামতের অন্যতম আলামত হচ্ছে একে অপরকে সালাম দিবে শুধুমাত্র পরিচয়ের ভিত্তিতেই"। (আহ্মাদ ৫/৩২৬)

অন্য বর্ণনায় রয়েছে,

إِنَّ بَيْنَ يَدَيِ السَّاعَةِ تَسْلِيْمَ الْخَاصَّةِ.

"কিয়ামতের পূর্বক্ষণে বিশেষ বিশেষ ব্যক্তিদেরকেই সালাম দেয়া হবে"। (আহ্মাদ্ ৫/৩৩৩)

৩৬. অল্প জ্ঞানের লোকদের নিকট ধর্মীয় জ্ঞান অন্বেষণ করা:

অল্প জ্ঞানের লোকদের নিকট ধর্মীয় জ্ঞান অন্বেষণ করা কিয়ামতের আরেকটি আলামত।

আবূ উমাইয়াহ্ জুমা'হী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ مِنْ أَشْرَاطِ السَّاعَةِ ثَلَاثًا: إِحْدَاهُنَّ: أَنْ يُّلْتَمَسَ الْعِلْمُ عِنْدَ الْأَصَاغِرِ.

"কিয়ামতের অন্যতম আলামত হচ্ছে তিনটি: তার মধ্য থেকে একটি হচ্ছে, অল্প জ্ঞানের লোকদের নিকটই তখন ধর্মীয় জ্ঞান অন্বেষণ করা হবে"। (যুহ্দ/ইব্নুল্ মুবারক, হাদীস ৬১ স'হী'হুল্ জামি', হাদীস ৭৩০৮)

আব্দুল্লাহ্ বিন্ মাস'ঊদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন:

لَا يَزَالُ النَّاسُ بِخَيْرٍ مَا أَتَاهُمُ الْعِلْمُ مِنْ أَصْحَابِ مُحَمَّدٍ ﷺ، وَمِنْ أَكَابِرِهِمْ، فَإِذَا أَتَاهُمُ الْعِلْمُ مِنْ قِبَلِ أَصَاغِرِهِمْ، وَتَفَرَّقَتْ أَهْوَاؤُهُمْ هَلَكُوْا.

"মানুষ ততক্ষণ পর্যন্ত কল্যাণের উপর থাকবে যতক্ষণ তারা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর বড় বড় সাহাবী থেকে জ্ঞান আহরণ করবে। আর যখন তারা ছোটদের থেকে জ্ঞান আহরণ করবে এবং তাদের খেয়াল খুশী মতো দলে দলে বিভক্ত হবে তখনই তারা ধ্বংস হয়ে যাবে"।

(যুহ্দ/ইব্নুল্ মুবারক, হাদীস ৮১৫ আব্দুর রায্যাক, হাদীস ২০৪৪৬)

৩৭. কাপড় পরিহিতা উলঙ্গিনী মহিলাদের আবির্ভাব:

কাপড় পরিহিতা উলঙ্গিনী মহিলাদের আবির্ভাব কিয়ামতের আরেকটি আলামত।

আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

سَيَكُوْنَ فِيْ آخِرِ أُمَّتِيْ رِجَالٌ يَرْكَبُوْنَ عَلَى سُرُوْجٍ كَأَشْبَاهِ الرِّحَالِ، يَنْزِلُوْنَ عَلَى أَبْوَابِ الْمَسَاجِدِ، نِسَاؤُهُمْ كَاسِيَاتٌ عَارِيَاتٌ عَلَى رُؤُوْسِهِمْ كَأَسْنِمَةِ الْبُخْتِ

الْعِجَافِ، الْعَنُوْهُنَّ مَلْعُوْنَاتٌ، لَوْ كَانَتْ وَرَاءَكُمْ أُمَّةٌ مِنَ الْأُمَمِ لَخَدَمْنَ نِسَاؤُكُمْ نِسَاءَهُمْ كَمَا يَخْدِمْنَكُمْ نِسَاءُ الْأُمَمِ قَبْلَكُمْ.

"আমার উম্মতের শেষাংশে এমন কিছু লোকের আবির্ভাব হবে যারা ঘরের ন্যায় আসনে তথা গাড়িতে আরোহণ করবে। যাতে চড়ে তারা মসজিদের দরজায় অবতরণ করবে। তাদের মহিলারা হবে কাপড় পরিহিতা; অথচ উলঙ্গা। তাদের মাথা হবে দুর্বল খুরাসানী উটের কুঁজোর ন্যায়। তোমরা তাদেরকে অভিসম্পাত করবে। কারণ, তারা অভিসম্পাত পাওয়ার উপযুক্তা। তোমাদের পর যদি অন্য কোন জাতির আবির্ভাব হয় তা হলে তোমাদের মহিলারা তাদের মহিলাদের খিদমত করবে যেমনিভাবে পূর্বেকার জাতির মহিলারা তোমাদের খিদমত করে"। (আহ্মাদ ১২/৩৬)

অন্য বর্ণনায় এসেছে,

سَيَكُوْنَ فِيْ آخِرِ هَذِهِ الْأُمَّةِ رِجَالٌ يَرْكَبُوْنَ عَلَى الْمَيَاثِرِ حَتَّى يَأْتُوْا أَبْوَابَ مَسَاجِدِهِمْ، نِسَاؤُهُمْ كَاسِيَاتٌ عَارِيَاتٌ.

"এ উম্মতের শেষাংশে এমন কিছু লোকের আবির্ভাব হবে যারা নরম নরম আসনে তথা উন্নত মানের গাড়িতে আরোহণ করবে। যাতে চড়ে তারা মসজিদের দরোজায় অবতরণ করবে। তাদের মহিলারা হবে কাপড় পরিহিতা ; অথচ উলঙ্গা"। ('হাকিম ৪/৪৩৬)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

صِنْفَانِ مِنْ أَهْلِ النَّارِ لَمْ أَرَهُمَا: قَوْمٌ مَعَهُمْ سِيَاطٌ كَأَذْنَابِ الْبَقَرِ يَضْرِبُوْنَ بِهَا النَّاسَ، وَنِسَاءٌ كَاسِيَاتٌ عَارِيَاتٌ مُمِيْلَاتٌ مَائِلَاتٌ، رُؤُوْسُهُنَّ كَأَسْنِمَةِ الْبُخْتِ الْمَائِلَةِ، لَا يَدْخُلْنَ الْجَنَّةَ، وَلَا يَجِدْنَ رِيْحَهَا، وَإِنَّ رِيْحَهَا لَيُوْجَدُ مِنْ مَسِيْرَةِ كَذَا وَكَذَا.

"দু' জাতীয় মানুষ জাহান্নামী। যাদেরকে আমি এখনো দেখিনি। তাদের মধ্যে এক শ্রেণী হচ্ছে এমন লোক যাদের হাতে থাকবে গাভীর লেজের ন্যায় লম্বা লাঠি। যা দিয়ে তারা মানুষকে অযথা প্রহার করবে। আর দ্বিতীয় শ্রেণী হচ্ছে এমন মহিলারা যারা হবে কাপড় পরিহিতা ; অথচ উলঙ্গা। অন্যকে

আকর্ষণকারিণী এবং নিজেও হবে অন্যের প্রতি আকৃষ্টা। তাদের মাথা হবে খুরাসানী উটের ঝুলে পড়া কুঁজোর ন্যায়। তারা জান্নাতে প্রবেশ করবে না। এমনকি উহার সুগন্ধও পাবে না। অথচ উহার সুগন্ধ অনেক অনেক দূর থেকে পাওয়া যায়"। (মুসলিম ২১২৮)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

مِنْ أَشْرَاطِ السَّاعَةِ أَنْ تَظْهَرَ ثِيَابٌ تَلْبَسُهَا نِسَاءٌ كَاسِيَاتٌ عَارِيَاتٌ.

"কিয়ামতের আলামতসমূহের মধ্য থেকে আরেকটি আলামত এই যে, তখন এমন পোশাক-পরিচ্ছদ আবিষ্কৃত হবে যা পরবে এমন মহিলারা যারা হবে কাপড় পরিহিতা ; অথচ উলঙ্গা"। (মায্মা'উয্যাওয়ায়িদ্ ৭/৩২৭)

৩৮. মু'মিনের স্বপ্ন সত্য হওয়া:

মু'মিনের স্বপ্ন সত্য হওয়া কিয়ামতের আরেকটি আলামত। মু'মিনের ঈমান যতই শক্তিশালী হবে ততই তার স্বপ্ন হবে অত্যধিক সত্য।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِذَا اقْتَرَبَ الزَّمَانُ؛ لَمْ تَكَدْ رُؤْيَا الْمُسْلِمِ تَكْذِبُ، وَأَصْدَقُكُمْ رُؤْيَا أَصْدَقُكُمْ حَدِيْثًا، وَرُؤْيَا الْمُسْلِمِ جُزْءٌ مِنْ خَمْسٍ وَأَرْبَعِيْنَ جُزْءًا مِنَ النُّبُوَّةِ، وَفِيْ رِوَايَةِ الْبُخَارِيْ: وَمَا كَانَ مِنَ النُّبُوَّةِ فَإِنَّهُ لَا يَكْذِبُ.

"(কিয়ামতের) সময় যতই ঘনিয়ে আসবে ততই কোন মুসলিমের স্বপ্ন মিথ্যা হবে না। তবে তোমাদের মধ্যে সব চাইতে বেশি সত্য স্বপ্ন দেখবে সে ব্যক্তি যে সব চাইতে বেশি সত্য কথা বলে। কারণ, মুসলমানের স্বপ্ন তো নবুওয়াতের পঁয়তাল্লিশাংশের একাংশ। বুখারীর বর্ণনায় রয়েছে, আর যা নবুওয়াতের একাংশ তা তো আর মিথ্যা হতে পারে না"।

(বুখারী ৭০১৭; মুসলিম ২২৬৩)

কখন এ সত্য স্বপ্ন দেখা দিবে তা নিয়ে আলিমদের মাঝে মতানৈক্য রয়েছে যা নিম্নরূপ:

ক. কিয়ামতের পূর্বক্ষণে যখন ধর্মীয় জ্ঞান উঠে যাবে। অত্যধিক

হত্যাকাণ্ড ও ফিতনার দরুন যখন শরীয়তের নিদর্শনসমূহ মুছে যাবে। তখন মানুষের প্রয়োজন দেখা দিবে কোন এক নবীর আবির্ভাবের। কিন্তু আমাদের নবী তো সর্বশেষ নবী। তাঁর পর তো আর কোন নবী আসবেন না। তাই মুসলমানরা তখন সুসংবাদ ও সতর্কতা মূলক সত্য স্বপ্ন দেখতে শুরু করবে।

খ. মু'মিনদের সংখ্যা যখন কমে যাবে এবং কাফির, মুশ্‌রিক, ফাসিক ও মূর্খের সংখ্যা বেড়ে যাবে তখন মু'মিনদেরকে সম্মান ও সান্ত্বনা দেয়ার জন্য এ সত্য স্বপ্ন দেখানো হবে।

গ. 'ঈসা (عليه السلام) যখন কিয়ামতের পূর্বক্ষণে দুনিয়াতে অবতরণ করবেন তখনকার মু'মিনরা এ সত্য স্বপ্ন দেখবেন। কারণ, তাঁরা হবেন সত্যবাদী মুসলমান এবং তাঁদের স্বপ্নও হবে সত্য।

৩৯. লেখালেখির অধিক বিস্তার:

লেখালেখির অধিক বিস্তার কিয়ামতের আরেকটি আলামত।

আব্দুল্লাহ্ বিন্ মাস'উদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ بَيْنَ يَدَيِ السَّاعَةِ... ظُهُوْرَ الْقَلَمِ.

"নিশ্চয়ই কিয়ামতের পূর্বে লেখালেখির ছড়াছড়ি দৃষ্টিগোচর হবে"।

(আহ্‌মাদ্ ৫/৩৩৩-৩৩৪)

'আমর বিন্ তাগ্‌লিব (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ مِنْ أَشْرَاطِ السَّاعَةِ أَنْ يَكْثُرَ التُّجَّارُ وَيَظْهَرَ الْعِلْمُ.

"কিয়ামতের অন্যতম আলামত হচ্ছে ব্যবসায়ী বেড়ে যাওয়া এবং জ্ঞানের বিস্তার"। (ত্বায়ালিসী/মিন'হাহ্ ২/১১২ নাসায়ী ৭/২৪৪)

প্রকাশন শিল্পের উন্নতির দরুন আজ যত্রতত্র বই-পুস্তক পাওয়া যাচ্ছে। এরপরও কুর'আন ও সহীহ হাদীস নির্ভরশীল জ্ঞানের ভীষণ আকাল।

৪০. রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সুন্নাতের প্রতি ভীষণ অনীহা:

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সুন্নাতের প্রতি ভীষণ অনীহা কিয়ামতের আরেকটি আলামত।

আব্দুল্লাহ্ বিন্ মাস'উদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু

ইরশাদ করেন:

إِنَّ مِنْ أَشْرَاطِ السَّاعَةِ أَنْ يَمُرَّ الرَّجُلُ بِالْمَسْجِدِ؛ لَا يُصَلِّيْ فِيْهِ رَكْعَتَيْنِ.

"কিয়ামতের অন্যতম আলামত হচ্ছে এই যে, জনৈক ব্যক্তি মসজিদের উপর দিয়ে চলে যাবে ; অথচ সে তাতে দু' রাক্'আত তাহিয়্যাতুল মাসজিদ নামায পড়বে না"। (ইব্নু খুযাইমাহ্ ২/২৮৩-২৮৪)

অন্য বর্ণনায় রয়েছে,

أَنْ يَّجْتَازَ الرَّجُلُ بِالْمَسْجِدِ، فَلَا يُصَلِّيْ فِيْهِ.

"জনৈক ব্যক্তি মসজিদ অতিক্রম করবে ; অথচ তাতে তার নামায খানা আদায় করে নিবে না"। (মায্মা'উয্যাওয়ায়িদ্ ৭/৩২৯)

আব্দুল্লাহ্ বিন্ মাস'ঊদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন:

إِنَّ مِنْ أَشْرَاطِ السَّاعَةِ أَنْ تُتَّخَذَ الْمَسَاجِدُ طُرُقًا.

"কিয়ামতের অন্যতম আলামত হচ্ছে এই যে, মসজিদগুলোকে তখন রাস্তা বানিয়ে নেয়া হবে"। (ত্বায়ালিসী/মিন'হাহ্ ২/১১২ 'হাকিম ৪/৪৪৬)

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ مِنْ أَمَارَاتِ السَّاعَةِ أَنْ تُتَّخَذَ الْمَسَاجِدُ طُرُقًا.

"কিয়ামতের অন্যতম আলামত হচ্ছে এই যে, মসজিদগুলোকে তখন রাস্তা বানিয়ে নেয়া হবে"। (ত্বায়ালিসী/মিন'হাহ্ ২/১১২ 'হাকিম ৪/৪৪৬)

অথচ যে কোন সময় মসজিদে ঢুকলে সর্ব প্রথম দু' রাক্'আত "তাহিয়্যাতুল মাসজিদ" পড়ে নিতে হয়।

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِذَا دَخَلَ أَحَدُكُمُ الْمَسْجِدَ، فَلَا يَجْلِسْ حَتَّى يُصَلِّيَ رَكْعَتَيْنِ.

"যখন তোমাদের কেউ মসজিদে প্রবেশ করে তখন সে যেন দু' রাক্'আত নামায আদায় না করে না বসে"। (বুখারী ৪৪৪, ১১৬৩; মুসলিম ৭১৪)

অত্যন্ত দুঃখের ব্যাপার হলো এই যে, বর্তমান যুগে বিশ্বের কিছু কিছু প্রাচীন মসজিদ যিকির ও ইবাদাতের জায়গা না হয়ে পর্যটন এলাকায় রূপান্তরিত

হয়েছে। যাতে কাফির, মুশ্‌রিকরাও অবাধে প্রবেশ করে।

৪১. নতুন চাঁদ বড় আকারে দেখা দেয়া:

নতুন চাঁদ বড় আকারে দেখা দেয়া কিয়ামতের আরেকটি আলামত।

আব্দুল্লাহ্ বিন্ মাস'ঊদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

مِنْ اقْتِرَابِ السَّاعَةِ انْتِفَاخُ الْأَهِلَّةِ.

"কিয়ামত সন্নিকটে আসার আলামত এও যে, নতুন চাঁদ তখন বড় আকারে দেখা দিবে"। (স'হী'হুল্ জামি', হাদীস ৫৭৭৪)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

مِنْ اقْتِرَابِ السَّاعَةِ انْتِفَاخُ الْأَهِلَّةِ، وَأَنْ يُرَى الْهِلَالُ لِلَيْلَةٍ، فَيُقَالُ: لِلَيْلَتَيْنِ.

"কিয়ামত সন্নিকটে আসার আলামত এও যে, নতুন চাঁদ তখন বড় আকারে দেখা দিবে। এক রাত্রির চাঁদ দেখে বলা হবে: এ তো দু' রাত্রির চাঁদ"। (মায্‌মা'উয্‌যাওয়ায়িদ্ ৩/১৪৬)

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ مِنْ أَمَارَاتِ السَّاعَةِ أَنْ يُرَى الْهِلَالُ لِلَيْلَةٍ فَيُقَالُ: لِلَيْلَتَيْنِ.

"কিয়ামতের অন্যতম আলামত এটিও যে, তখন এক রাত্রির চাঁদ দেখে বলা হবে: এ তো দু' রাত্রির চাঁদ"। (স'হী'হুল্ জামি', হাদীস ৫৭৭৫)

৪২. যত্রতত্র মিথ্যার ছড়াছড়ি এবং সংবাদ প্রচারে সত্যতা যাচাই না করা:

যত্রতত্র মিথ্যার ছড়াছড়ি এবং সংবাদ প্রচারে সত্যতা যাচাই না করা কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

سَيَكُوْنُ فِيْ آخِرِ أُمَّتِيْ أُنَاسٌ يُحَدِّثُوْنَكُمْ مَا لَمْ تَسْمَعُوْا أَنْتُمْ وَلَا آبَاؤُكُمْ، فَإِيَّاكُمْ وَإِيَّاهُمْ.

"অচিরেই আমার উম্মতের শেষাংশে এমন কিছু লোক আবির্ভূত হবে যারা তোমাদেরকে এমন কিছু হাদীস শুনাবে যা তোমরা ইতিপূর্বে কারো থেকে শুনোনি। না তোমাদের বাপ-দাদা শুনেছে। সুতরাং তোমরা তাদের থেকে দূরে থাকবে এবং তারাও যেন তোমাদের থেকে দূরে থাকে"।

(মুসলিম ৬)

অন্য বর্ণনায় রয়েছে,

يَكُوْنُ فِيْ آخِرِ الزَّمَانِ دَجَّالُوْنَ كَذَّابُوْنَ، يَأْتُوْنَكُمْ مِنَ الْأَحَادِيْثِ بِمَا لَمْ تَسْمَعُوْا أَنْتُمْ وَلَا آبَاؤُكُمْ، فَإِيَّاكُمْ وَإِيَّاهُمْ، لَا يُضِلُّوْنَكُمْ وَلَا يَفْتِنُوْنَكُمْ.

"শেষ যুগে এমন কিছু মিথ্যুক দাজ্জাল বেরুবে যারা তোমাদেরকে এমন কিছু হাদীস শুনাবে যা তোমরা ইতিপূর্বে কারো থেকে শুনোনি। না তোমাদের বাপ-দাদা শুনেছে। সুতরাং তোমরা তাদের থেকে দূরে থাকবে এবং তারাও যেন তোমাদের থেকে দূরে থাকে। তারা যেন তোমাদেরকে পথভ্রষ্ট করতে এবং ফিতনায় ফেলতে না পারে"। (মুসলিম ৭)

আব্দুল্লাহ্ বিন্ মাস্'ঊদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন:

إِنَّ الشَّيْطَانَ لَيَتَمَثَّلُ فِيْ صُوْرَةِ الرَّجُلِ، فَيَأْتِيْ الْقَوْمَ فَيُحَدِّثُهُمْ بِالْحَدِيْثِ مِنَ الْكَذِبِ، فَيَتَفَرَّقُوْنَ، فَيَقُوْلُ الرَّجُلُ مِنْهُمْ : سَمِعْتُ رَجُلًا أَعْرِفُ وَجْهَهُ، وَلَا أَدْرِيْ مَا اسْمُهُ يُحَدِّثُ.

"একদা শয়তান মানুষের রূপ ধারণ করে কোন এক জন সমষ্টির নিকট এসে তাদের নিকট মিথ্যা হাদীস বর্ণনা করবে। উক্ত জন সমষ্টি ভেঙ্গে যাওয়ার পর তাদের কেউ কেউ বলবে: আমি এমন এক ব্যক্তি থেকে হাদীস শুনেছি যার চেহারা চিনি ; অথচ তার নাম জানি না"।

(মুসলিম, ভূমিকা, হাদীস ৭ এর অধীন)

আব্দুল্লাহ্ বিন্ 'আমর বিন্ 'আস্ব (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন:

إِنَّ فِيْ الْبَحْرِ شَيَاطِيْنَ مَسْجُوْنَةً، أَوْثَقَهَا سُلَيْمَانُ، يُوْشِكُ أَنْ تَخْرُجَ فَتَقْرَأَ عَلَى النَّاسِ قُرْآنًا.

"সাগরের মধ্যে অনেকগুলো শয়তানকে বেঁধে রাখা হয়েছে। যাদেরকে শক্ত করে বেঁধে রেখেছেন সুলাইমান (عليه السلام)। অচিরেই তারা সাগর থেকে বের হয়ে মানুষকে কুর'আন পড়ে শুনাবে ; অথচ তা কুর'আন নয়"।

(মুসলিম, ভূমিকা, হাদীস ৭ এর অধীন)

৪৩. সত্য সাক্ষ্য লুকিয়ে রেখে অধিক হারে মিথ্যা সাক্ষ্য দেয়া:

সত্য সাক্ষ্য লুকিয়ে রেখে অধিক হারে মিথ্যা সাক্ষ্য দেয়া কিয়ামতের আরেকটি আলামত।

আব্দুল্লাহ্ বিন্ মাস্'উদ্ (رضي الله عنه) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

إِنَّ بَيْنَ يَدَيِ السَّاعَةِ شَهَادَةَ الزُّوْرِ، وَكِتْمَانَ شَهَادَةِ الْحَقِّ.

"নিশ্চয়ই কিয়ামতের পূর্বে সত্য সাক্ষ্য লুকিয়ে মিথ্যা সাক্ষ্যই দেয়া হবে"। (আহ্মাদ্ ৫/৩৩৩)

মিথ্যা সাক্ষ্য দেয়া যেমন হারাম তেমনিভাবে সত্য সাক্ষ্য লুকিয়ে রাখাও হারাম।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَ لَا تَكْتُمُوْا الشَّهَادَةَ، وَمَنْ يَّكْتُمْهَا فَإِنَّهُ آثِمٌ قَلْبُهُ، وَاللهُ بِمَا تَعْمَلُوْنَ عَلِيْمٌ﴾.

"তোমরা সাক্ষ্য গোপন করো না। যে কেউ তা গোপন করবে নিশ্চয়ই তার মন পাপাচারী। বস্তুতঃ আল্লাহ্ তা'আলা তোমাদের কার্যকলাপ সম্পর্কে সম্যক অবগত"। (বাক্বারাহ্ : ২৮৩)

মিথ্যা সাক্ষ্য দেয়া কবীরা গুনাহ্ও বটে।

আনাস্ (رضي الله عنه) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (ﷺ) ইরশাদ করেন:

أَكْبَرُ الْكَبَائِرِ: الْإِشْرَاكُ بِاللهِ، وَقَتْلُ النَّفْسِ، وَعُقُوْقُ الْوَالِدَيْنِ، وَقَوْلُ الزُّوْرِ، أَوْ قَالَ: وَشَهَادَةُ الزُّوْرِ.

"সর্ববৃহৎ কবীরা গুনাহ্ হচ্ছে চারটি: আল্লাহ্ তা'আলার সাথে কাউকে শরীক করা, কোন ব্যক্তিকে অবৈধভাবে হত্যা করা, মাতা-পিতার অবাধ্য হওয়া ও মিথ্যা কথা বলা। বর্ণনাকারী বলেন: হয়তো বা রাসূল (ﷺ)

বলেছেন: মিথ্যা সাক্ষ্য দেয়া”। (বুখারী ৬৮৭১; মুসলিম ৮৮)

এ ছাড়াও মিথ্যা সাক্ষ্যের মধ্যে রয়েছে অন্যের উপর যুলুম ও মানুষের অধিকার নষ্ট করা। যা এ জাতীয় মানুষের মধ্যে ঈমানের অতি দুর্বলতা এবং আল্লাহভীতি না থাকারই প্রমাণ বহন করে।

৪৪. পুরুষের স্বল্পতা ও মহিলাদের আধিক্য:

পুরুষের স্বল্পতা ও মহিলাদের আধিক্য কিয়ামতের আরেকটি আলামত।

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يُرْفَعَ الْعِلْمُ وَيَظْهَرَ الْجَهْلُ وَفِيْ رِوَايَةٍ: وَيَثْبُتَ الْجَهْلُ، وَيُشْرَبَ الْخَمْرُ وَيَظْهَرَ الزِّنَا وَيَقِلَّ الرِّجَالُ وَيَكْثُرَ النِّسَاءُ حَتَّى يَكُوْنَ لِخَمْسِيْنَ امْرَأَةً الْقَيِّمُ الْوَاحِدُ.

“কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না ধর্মীয় জ্ঞান উঠিয়ে নেয়া হয়, মূর্খতা প্রকাশ পায়, অন্য বর্ণনায় রয়েছে, মূর্খতা জেঁকে বসে, মদ পান করা হয়, ব্যভিচার প্রকাশ পায়, পুরুষ কমে যায় এবং মহিলা বেড়ে যায়। এমনকি পঞ্চাশ জন মহিলার জন্য এক জন মাত্র পরিচালনাকারী থাকবে”।

(বুখারী ৮০, ৮১, ৬৮০৮; মুসলিম ২৬৭১)

মহিলাদের সংখ্যাধিক্য জন্ম সূত্রেও হতে পারে আবার অধিক হারে যুদ্ধ-বিগ্রহ সংঘটিত হওয়ার কারণেও হতে পারে।

মুসলিম শরীফের বর্ণনায় রয়েছে,

وَيَذْهَبَ الرِّجَالُ وَتَبْقَى النِّسَاءُ حَتَّى يَكُوْنَ لِخَمْسِيْنَ امْرَأَةً قَيِّمٌ وَاحِدٌ.

“পুরুষ চলে যাবে এবং মহিলারাই থেকে যাবে। এমনকি পঞ্চাশ জন মহিলার জন্য এক জন মাত্র পরিচালনাকারী থাকবে”।

উপরোক্ত হাদীসে পঞ্চাশ জন মহিলা বলতে সুনির্দিষ্ট পঞ্চাশ সংখ্যাই বুঝানো হয়নি। বরং তাতে মহিলাদের সংখ্যাধিক্যের কথাই বুঝানো হয়েছে। কারণ, অন্য হাদীসে চল্লিশ জনের কথাও উল্লেখ করা হয়েছে।

আবূ মূসা (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَيَأْتِيَنَّ عَلَى النَّاسِ زَمَانٌ يَطُوْفُ الرَّجُلُ فِيْهِ بِالصَّدَقَةِ مِنَ الذَّهَبِ، ثُمَّ لَا يَجِدُ أَحَدًا يَأْخُذُهَا مِنْهُ، وَيُرَى الرَّجُلُ الْوَاحِدُ يَتْبَعُهُ أَرْبَعُوْنَ امْرَأَةً يَلُذْنَ بِهِ، مِنْ قِلَّةِ الرِّجَالِ وَكَثْرَةِ النِّسَاءِ.

"এমন এক সময় আসবে যখন জনৈক ব্যক্তি স্বর্ণের যাকাত নিয়ে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াবে ; অথচ সে এমন কোন লোক খুঁজে পাবে না যে তার যাকাতটুকু গ্রহণ করবে এবং যখন দেখা যাবে যে, একজন পুরুষের অধীনে রয়েছে চল্লিশ জন মহিলা যারা ভরণ-পোষণের দিক দিয়ে একমাত্র তার উপরই নির্ভরশীল। কারণ, তখন পুরুষ কমে যাবে এবং মহিলা বেড়ে যাবে"। (মুসলিম ১০১২)

৪৫. হঠাৎ মৃত্যুর ছড়াছড়িঃ

হঠাৎ মৃত্যুর ছড়াছড়ি কিয়ামতের আরেকটি আলামত।

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ مِنْ أَمَارَاتِ السَّاعَةِ... أَنْ يَّظْهَرَ مَوْتُ الْفُجْأَةِ.

"নিশ্চয়ই কিয়ামতের অন্যতম আলামত হচ্ছে হঠাৎ মৃত্যু বেশি বেশি প্রকাশ পাওয়া"। (মাজ্মা'উয্ যাওয়ায়িদ ৭/৩২৫ স'হীহুল্ জা'মি', হাদীস ৫৭৭৫)

বর্তমান যুগে দেখা যায়, মানুষটি খুবই সুস্থ সবল ; অথচ একটু পরেই শুনা যায়, লোকটি মারা গেছে। তাই আমাদের প্রত্যেকেরই উচিৎ সময় থাকতে পূর্বের গুনাহ্ থেকে তাওবা করে কুর'আন ও হাদীসের সঠিক পথ গ্রহণ করা।

৪৬. মানুষে মানুষে শত্রুতা ও পরস্পর সম্পর্কহীনতাঃ

মানুষে মানুষে শত্রুতা ও পরস্পর সম্পর্কহীনতা কিয়ামতের আরেকটি আলামত।

'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন:

عِلْمُهَا عِنْدَ رَبِّيْ، لَا يُجَلِّيْهَا لِوَقْتِهَا إِلَّا هُوَ، وَلَكِنْ أُخْبِرُكُمْ بِمَشَارِيْطِهَا، وَمَا يَكُوْنُ بَيْنَ يَدَيْهَا، إِنَّ بَيْنَ يَدَيْهَا فِتْنَةً وَهَرْجًا، قَالُوْا: يَا رَسُوْلَ اللهِ! الْفِتْنَةُ قَدْ عَرَفْنَاهَا، فَالْهَرْجُ مَا هُوَ؟ قَالَ: بِلِسَانِ الْحَبَشَةِ : الْقَتْلُ، وَيُلْقَى بَيْنَ النَّاسِ التَّنَاكُرُ، فَلَا يَكَادُ أَحَدٌ أَنْ يَّعْرِفَ أَحَدًا.

"কিয়ামতের জ্ঞান তো একমাত্র আমার প্রভুর নিকটেই। সময় মতো তা উদ্ভাসিত করবেন একমাত্র তিনিই। তবে আমি তোমাদেরকে কিয়ামতের

কিছু আলামত বলবো। যা কিয়ামতের পূর্বেই দেখা দিবে। কিয়ামতের পূর্বে দেখা দিবে ফিতনা এবং হারজ। সাহাবাগণ বললেন: হে আল্লাহ্'র রাসূল! ফিতনা তো বুঝলাম। কিন্তু হারজ কি? রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: ইথিওপীয়দের ভাষায় হারজ মানে হত্যা। আর তখন মানুষের মাঝে সম্পর্কহীনতা ঢেলে দেয়া হবে। পরিস্থিতি এমন পর্যায়ে দাঁড়াবে যে, তখন কেউ আর কাউকে চিনবে না"। (আহ্মাদ্ ৫/৩৮৯)

বর্তমান যুগে প্রতিটি ব্যক্তি সর্বদা নিজের লাভকেই অগ্রধিকার দিয়ে থাকে। যথাসম্ভব সে অন্যের লাভকে এতটুকুও গুরুত্ব দিতে চায় না। তাই একের উপর অন্যের বিশ্বাস এখন তিরোহিত প্রায়। ভাবখানা এমন যে কেউ আর এখন কাউকে চিনে না।

৪৭. আরব ভূমি নদ-নদী ও রবিশস্যে ভরে যাওয়া:

আরব ভূমি নদ-নদী ও রবিশস্যে ভরে যাওয়া কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يَكْثُرَ الْمَالُ وَيَفِيْضَ، حَتَّى يَخْرُجَ الرَّجُلُ بِزَكَاةِ مَالِهِ فَلَا يَجِدُ أَحَدًا يَقْبَلُهَا مِنْهُ، وَحَتَّى تَعُوْدَ أَرْضُ الْعَرَبِ مُرُوْجًا وَأَنْهَارًا.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না মানুষের ধন-সম্পদ অত্যধিক হারে বেড়ে যায়, যতক্ষণ না এমন পরিস্থিতি হয় যে, জনৈক ব্যক্তি তার সম্পদের যাকাত নিয়ে ঘর থেকে বের হবে ; অথচ সে এমন কোন লোক খুঁজে পাবে না যে তার পক্ষ থেকে যাকাতটুকু গ্রহণ করবে, যতক্ষণ না আরব ভূমি নদ-নদী ও শস্যে ভরে যায়"। (মুসলিম ১৫৭)

মু'আয্ বিন্ জাবাল্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: আমরা একদা তাবুক যুদ্ধের বছর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সাথে সফরে বের হয়েছি। তখন তিনি দু' নামায একত্রে পড়তেন। যুহর-আসর একত্রে পড়তেন এবং মাগরিব-'ইশাও একত্রে পড়তেন। একদা তিনি নামায পড়তে দেরি করলেন। অতঃপর তিনি তাঁবু থেকে বের হয়ে যুহর-আসর একত্রে পড়ালেন। পুনরায় তাঁবুতে ঢুকে কিছুক্ষণ অপেক্ষা করে আবার বের হয়ে মাগরিব-'ইশা একত্রে পড়ালেন। অতঃপর বললেন:

إِنَّكُمْ سَتَأْتُوْنَ غَدًا إِنْ شَاءَ اللهُ عَيْنَ تَبُوْكَ، وَإِنَّكُمْ لَنْ تَأْتُوْهَا حَتَّى يُضْحِيَ النَّهَارُ، فَمَنْ جَاءَهَا مِنْكُمْ فَلَا يَمَسَّ مِنْ مَائِهَا شَيْئًا حَتَّى آتِيَ، فَجِئْنَاهَا، وَقَدْ سَبَقَنَا إِلَيْهَا رَجُلَانِ، وَالْعَيْنُ مِثْلُ الشِّرَاكِ تَبِضُّ بِشَيْءٍ مِنْ مَاءٍ، قَالَ: فَسَأَلَهُمَا رَسُوْلُ اللهِ ﷺ : هَلْ مَسَسْتُمَا مِنْ مَائِهَا شَيْئًا؟ قَالَا : نَعَمْ، فَسَبَّهُمَا النَّبِيُّ ﷺ، وَقَالَ لَهُمَا مَا شَاءَ اللهُ أَنْ يَقُوْلَ، قَالَ: ثُمَّ غَرَفُوْا بِأَيْدِيْهِمْ مِنَ الْعَيْنِ قَلِيْلًا قَلِيْلًا، حَتَّى اجْتَمَعَ فِيْ شَيْءٍ، قَالَ: وَغَسَلَ رَسُوْلُ اللهِ ﷺ فِيْهِ يَدَيْهِ وَوَجْهَهُ، ثُمَّ أَعَادَهُ فِيْهَا، فَجَرَتِ الْعَيْنُ بِمَاءٍ مُنْهَمِرٍ، حَتَّى اسْتَقَى النَّاسُ، ثُمَّ قَالَ: يَا مُعَاذُ! إِنْ طَالَتْ بِكَ حَيَاةٌ أَنْ تَرَى مَا هَاهُنَا قَدْ مُلِئَ جِنَانًا.

“তোমরা আগামী কাল তাবুক কূপে পৌঁছুবে। তোমরা সেখানে পৌঁছুতে পৌঁছুতে সূর্য তখন আকাশে অনেক দূর উঠে যাবে। তোমাদের কেউ সেখানে পৌঁছুলে সে যেন উক্ত কুয়ার পানি এতটুকুও স্পর্শ না করে যতক্ষণ না আমি সেখানে পৌঁছোই। বর্ণনাকারী বলেন: আমরা সেখানে পৌঁছুলাম। তবে আমাদের পূর্বেই সেখানে দু’ জন লোক পৌঁছে যায়। কুয়োটি ছিলো এতোই সংকীর্ণ যেন জুতোর ফিতা। তা থেকে একটু একটু পানি বেরুচ্ছিলো। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) লোক দু’টিকে জিজ্ঞাসা করলেন: তোমরা কি ইতিপূর্বে এ কুয়োর পানি স্পর্শ করছিলে? তারা বললো: হ্যাঁ। অতঃপর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাদেরকে মন্দ-শক্ত যাই বলার বললেন। বর্ণনাকারী বলেন: অতঃপর সাহাবায়ে কিরাম নিজ নিজ হাতে কুয়ো থেকে একটু একটু পানি উঠাচ্ছিলেন এবং তা একটি নির্দিষ্ট জায়গায় রাখছিলেন। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাতে তাঁর হাত ও চেহারা ধুয়ে পানিটুকু আবার কুয়োতে ঢেলে দেন। তাতে করে উক্ত কুয়ো থেকে প্রচুর পানি বের হতে শুরু করে। এমনকি সবাই নিজ নিজ প্রয়োজনীয় পানি সেখান থেকেই সংগ্রহ করে। অতঃপর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ হে মু‘আয! তুমি আরো বয়স পেলে দেখবে অত্র এলাকা বাগ-বাগিচায় ভরে গেছে। (মুসলিম ৭০৬)

৪৮. বেশি বৃষ্টি হওয়া সত্ত্বেও জমিনে ফলন কম হওয়া:

বেশি বৃষ্টি হওয়া সত্ত্বেও জমিনে ফলন কম হওয়া কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى تُمْطِرَ السَّمَاءُ مَطَرًا، لَا تُكِنُّ مِنْهَا بُيُوْتُ الْمَدَرِ، وَلَا تُكِنُّ مِنْهَا إِلَّا بُيُوْتُ الشَّعْرِ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না আকাশ প্রচুর বৃষ্টি বর্ষণ করে। তা থেকে মাটির ঘর কিছুতেই রক্ষা করতে পারবে না। তবে তখনকার তাঁবু এবং বর্তমান যুগের পাকা ঘরই তা থেকে রক্ষা করতে পারবে"।

(আহ্মাদ্ ১৩/২৯১)

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يُمْطَرَ النَّاسُ مَطَرًا عَامًّا، وَلَا تُنْبِتُ الْأَرْضُ شَيْئًا.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না ভারী বর্ষণ হয়। তবে সে বৃষ্টিতে জমিন কোন কিছুই ফলাবে না"। (আহ্মাদ্ ৩/১৪০)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَيْسَتِ السَّنَةُ بِأَنْ لَا تُمْطَرُوْا، وَلَكِنِ السَّنَةُ أَنْ تُمْطَرُوْا وَتُمْطَرُوْا، وَلَا تُنْبِتُ الْأَرْضُ شَيْئًا.

"দুর্ভিক্ষ মানে বৃষ্টি না হওয়া নয়। বরং অচিরেই এমন দুর্ভিক্ষ আসবে যখন বৃষ্টি হতেই থাকবে। তবে জমিন তখন কোন কিছুই ফলাবে না"।

(মুসলিম ২৯০৪)

৪৯. ফোরাত নদীর তলদেশে স্বর্ণের পাহাড় আবির্ভূত হওয়া:

ফোরাত নদীর তলদেশে স্বর্ণের পাহাড় আবির্ভূত হওয়া কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يَحْسِرَ الْفُرَاتُ عَنْ جَبَلٍ مِنْ ذَهَبٍ، يَقْتَتِلُ النَّاسُ عَلَيْهِ، فَيُقْتَلُ مِنْ كُلِّ مِئَةٍ تِسْعَةٌ وَتِسْعُوْنَ، وَيَقُوْلُ كُلُّ رَجُلٍ مِنْهُمْ: لَعَلِّيْ أَكُوْنُ أَنَا الَّذِيْ أَنْجُوْ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না ফোরাত নদীর তলদেশে স্বর্ণের পাহাড় আবির্ভূত হয় যার দখল নিয়ে মানুষ পরস্পর যুদ্ধে মেতে উঠবে এবং

যার ভয়াবহ পরিণতিতে শতকরা নিরানব্বই জন মানুষই নিহত হবে। তাদের প্রত্যেকেরই একটি কথা, হয়তো বা আমিই বেঁচে যাবো"।

(মুসলিম ২৮৯৪)

এ অশুভ পরিণতির কথা খেয়াল করেই রাসূল (ﷺ) উক্ত পাহাড় থেকে কিছু সংগ্রহ করতে নিষেধ করেন।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

يُوْشِكُ الْفُرَاتُ أَنْ يَحْسِرَ عَنْ جَبَلٍ مِنْ ذَهَبٍ، فَمَنْ حَضَرَهُ فَلَا يَأْخُذْ مِنْهُ شَيْئًا.

"অচিরেই ফোরাত নদীর তলদেশে স্বর্ণের পাহাড় আবির্ভূত হবে। কেউ সেখানে উপস্থিত থাকলে সে যেন কিছু না নেয়"। (মুসলিম ২৮৯৪)

৫০. হিংস্র পশু ও জড় পদার্থের মানুষের সাথে কথা বলা:

হিংস্র পশু ও জড়ো পদার্থের মানুষের সাথে কথা বলা কিয়ামতের আরেকটি আলামত। জড়ো পদার্থ তখন বলে দিবে কার অনুপস্থিতিতে কি ঘটেছে। মানুষের উরু তখন বলে দিবে তার অনুপস্থিতিতে তার স্ত্রী কি করেছে।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা এক বাঘ জনৈক রাখালের পাশ দিয়ে যেতেই তার ছাগল পাল থেকে একটি ছাগল ছিনিয়ে নেয়। রাখাল বাঘটিকে তাড়িয়ে তার হাত থেকে ছাগলটিকে উদ্ধার করে। বাঘটি একটি টিলার উপর চড়ে লেজ গুটিয়ে বসে রাখালটিকে উদ্দেশ্য করে বললো: তুমি আমার রিযিকটুকু ছিনিয়ে নিলে যা আল্লাহ্ তা'আলা আমার জন্য ব্যবস্থা করেছেন। রাখালটি তা শুনে বললো: আল্লাহ্'র কসম! আমি আজকের মতো কখনো কোন বাঘকে মানুষের সঙ্গে কথা বলতে দেখিনি। বাঘটি বললো: এর চাইতে আরো আশ্চর্য হচ্ছে দু'টি মরু প্রান্তরের মধ্যকার খেজুর গাছ বিশিষ্ট জনপদের সে জনৈক ব্যক্তি যিনি আল্লাহ্ তা'আলার ইচ্ছায় পূর্বাপর সবকিছুই বলে দিতে পারেন। রাখালটি ছিলো ইহুদি। সে নবী (ﷺ) কে ঘটনাটি জানালে নবী (ﷺ) তাকে সত্যবাদী বলে আখ্যায়িত করেন। অতঃপর বলেন:

إِنَّهَا أَمَارَةٌ مِنْ أَمَارَاتٍ بَيْنَ يَدَيِ السَّاعَةِ، قَدْ أَوْشَكَ الرَّجُلُ أَنْ يَخْرُجَ فَلَا يَرْجِعَ حَتَّى تُحَدِّثَهُ نَعْلَاهُ وَسَوْطُهُ مَا أَحْدَثَ أَهْلُهُ بَعْدَهُ.

"এটি তো কিয়ামতের আলামতগুলোর একটি আলামত। অচিরেই এমন হবে যে, কোন ব্যক্তি ঘর থেকে বের হয়ে আবার ঘরে ফিরে আসলে তার জুতা ও হাতের ছড়ি বলে দিবে তার স্ত্রী তার অনুপস্থিতিতে কি করেছে"। (আহ্মাদ্, হাদীস ৮০৪৯)

আবূ সা'ঈদ্ খুদ্রীর বর্ণনায় রয়েছে,

صَدَقَ وَالَّذِيْ نَفْسِيْ بِيَدِهِ! لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يُكَلِّمَ السِّبَاعُ الْإِنْسَ، وَيُكَلِّمَ الرَّجُلَ عَذَبَةُ سَوْطِهِ وَشِرَاكُ نَعْلِهِ، وَيُخْبِرُهُ فَخِذُهُ بِمَا أَحْدَثَ أَهْلُهُ بَعْدَهُ.

"সেই সত্তার কসম যাঁর হাতে আমার জীবন! লোকটি তো সত্য কথাই বলেছে। কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না হিংস্র পশু মানুষের সাথে কথা বলে, কোন ব্যক্তির ছড়ির মাথা ও জুতার পিতা তার সাথে কথা বলে এবং কোন ব্যক্তির উরু বলে দেয় তার স্ত্রী তার অনুপস্থিতিতে কি করেছে"। (আহ্মাদ্ ৩/৮৩-৮৪)

৫১. কঠিন পরিস্থিতির দরুন নিজের মৃত্যু নিজেই কামনা করা:

কঠিন পরিস্থিতির দরুন নিজের মৃত্যু নিজেই কামনা করা কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يَمُرَّ الرَّجُلُ بِقَبْرِ الرَّجُلِ، فَيَقُوْلُ: يَا لَيْتَنِيْ مَكَانَهُ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না কোন ব্যক্তি অন্যের কবরের পাশ দিয়ে যেতেই বলে উঠবেঃ আহ্! আমি যদি তার জায়গায় হতাম"।

(বুখারী ৭১১৫, ৭১২১; মুসলিম ১৫৭)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

وَالَّذِيْ نَفْسِيْ بِيَدِهِ ! لَا تَذْهَبُ الدُّنْيَا حَتَّى يَمُرَّ الرَّجُلُ عَلَى الْقَبْرِ، فَيَتَمَرَّغُ عَلَيْهِ وَيَقُوْلُ: يَا لَيْتَنِيْ كُنْتُ مَكَانَ صَاحِبِ هَذَا الْقَبْرِ، وَلَيْسَ بِهِ الدِّيْنُ إِلَّا الْبَلَاءُ.

"সেই সত্তার কসম যাঁর হাতে আমার জীবন! দুনিয়া নিঃশেষ হবে না যতক্ষণ না কোন পুরুষ কবরের পাশ দিয়ে যেতেই তার উপর গড়াগড়ি করে

বলেঃ আহ্! আমি যদি কবরে শায়িত ব্যক্তিটির জায়গায় হতাম ; অথচ এ কামনা ধর্মীয় কোন কারণে নয়। বরং তা হবে অধিক বিপদাপদের দরুন"। (মুসলিম ১৫৭)

কখনো কখনো জীবন পরিচালনার ক্লান্তি সহ্য করতে না পেরে কেউ কেউ দাজ্জালের আবির্ভাব কামনা করবে।

'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يَأْتِيْ عَلَى النَّاسِ زَمَانٌ يَتَمَنَّوْنَ فِيْهِ الدَّجَّالَ، قُلْتُ: يَا رَسُوْلَ اللهِ! بِأَبِيْ وَأُمِّيْ مِمَّ ذَاكَ؟ قَالَ: مِمَّا يَلْقَوْنَ مِنَ الْعَنَاءِ وَالْعَنَاءِ.

"এমন এক সময় আসবে যখন মানুষ দাজ্জালের আবির্ভাব কামনা করবে। বর্ণনাকারী বলেন: আমি বললাম: হে আল্লাহ্'র রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)! আমার মাতা-পিতা আপনার উপর কুরবান হোক! তা কেন হবে? রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন: কষ্টের পর কষ্ট সহ্য করতে না পেরে"।

(মাজ্মা'উয্ যাওয়ায়িদ্ ৭/২৮৪-২৮৫)

৫২. রোমানদের সংখ্যা বেড়ে যাওয়া এবং মুসলমানদের সঙ্গে তাদের যুদ্ধ করা:

রোমানদের সংখ্যা বেড়ে যাওয়া এবং মুসলমানদের সঙ্গে তাদের যুদ্ধ করা কিয়ামতের আরেকটি আলামত।

মুস্তাওরিদ কুরাশী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

تَقُوْمُ السَّاعَةُ وَالرُّوْمُ أَكْثَرُ النَّاسِ.

"কিয়ামত যখন কায়িম হবে তখন রোমানরা থাকবে সংখ্যায় অনেক"। (মুসলিম ২৮৯৮)

'আউফ্ বিন্ মালিক (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

ثُمَّ هُدْنَةٌ تَكُوْنُ بَيْنَكُمْ وَبَيْنَ بَنِيْ الْأَصْفَرِ فَيَغْدِرُوْنَ، فَيَأْتُوْنَكُمْ تَحْتَ ثَمَانِيْنَ غَايَةٍ، تَحْتَ كُلِّ غَايَةٍ اثْنَا عَشَرَ أَلْفًا.

"অতঃপর তোমাদের মাঝে ও রোমানদের মাঝে একটি চুক্তি সম্পাদিত হবে। কিন্তু তারা উক্ত চুক্তি ভঙ্গ করে আশিটি ঝাণ্ডার অধীনে যুদ্ধ করবে। প্রত্যেক ঝাণ্ডার অধীনে থাকবে বারো হাজার সৈন্য"।

(বুখারী ৩১৭৬)

নাফি' বিন্ 'উত্বাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

تَغْزُوْنَ جَزِيْرَةَ الْعَرَبِ فَيَفْتَحُهَا اللهُ، ثُمَّ فَارِسَ فَيَفْتَحُهَا اللهُ، ثُمَّ تَغْزُوْنَ الرُّوْمَ فَيَفْتَحُهَا اللهُ، ثُمَّ تَغْزُوْنَ الدَّجَّالَ فَيَفْتَحُهُ اللهُ، قَالَ: فَقَالَ نَافِعٌ: يَا جَابِرُ! لَا نَرَى الدَّجَّالَ يَخْرُجُ حَتَّى تُفْتَحَ الرُّوْمُ.

"তোমরা আরব দ্বীপের সাথে যুদ্ধ করবে এবং আল্লাহ্ তা'আলা তোমাদেরকে জয় দিবেন। তোমরা পারস্যের সাথে যুদ্ধ করবে এবং আল্লাহ্ তা'আলা তোমাদেরকে জয় দিবেন। তোমরা রোমের সাথে যুদ্ধ করবে এবং আল্লাহ্ তা'আলা তোমাদেরকে জয় দিবেন। অতঃপর তোমরা দাজ্জালের সাথে যুদ্ধ করবে এবং আল্লাহ্ তা'আলা তোমাদেরকে জয় দিবেন। বর্ণনাকারী বলেন: নাফি' বললো: হে জাবির! আমাদের ধারণা, দাজ্জাল বেরুবে না যতক্ষণ না রোম পরাজিত হয়"। (মুসলিম ২৯০০)

রোমানদের সাথে মুসলমানদের যুদ্ধের বিস্তারিত বিবরণ নিম্নে দেয়া হলো:

ইয়াসীর বিন্ জাবির (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা কুফায় অগ্নিবায়ু দেখা দিলে জনৈক ব্যক্তি আব্দুল্লাহ্ বিন্ মাস্'ঊদ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে উদ্দেশ্য করে বললেন: হে আব্দুল্লাহ্ বিন্ মাস্'ঊদ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু)! কিয়ামত তো এসেই গেলো। তখনো আব্দুল্লাহ্ বিন্ মাস্'ঊদ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) হেলান দেয়া অবস্থায় ছিলেন। এ কথা শুনে তিনি সোজা হয়ে বসে বললেন: কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না মিরাস অবন্টিত থেকে যায়। যুদ্ধলব্ধ ধন-সম্পদ পেয়েও মানুষ অসন্তুষ্ট হয়। অতঃপর তিনি সিরিয়ার দিকে ইশারা করে বললেন: শত্রু একত্রিত হবে এবং মুসলমানরাও একত্রিত হবে। বর্ণনাকারী বলেন: আপনি কি রোমানদের কথা বলছেন? তিনি বললেন: হ্যাঁ। উক্ত যুদ্ধের সময় অস্ত্রের ভয়ঙ্কর প্রতিধ্বনি বহু দূর থেকে শুনা যাবে। তখন মুসলমানরা মৃত্যুর জন্য প্রস্তুত এমন একটি সেনা দল তৈরি করবে। যারা জয়যুক্ত না হয়ে ঘরে

ফিরবে না। যুদ্ধ চলতে থাকবে। আর ইতিমধ্যে রাত্রি এসে যাবে। তখন এরাও নিজ তাঁবুতে ফিরে আসবে এবং ওরাও নিজ তাঁবুতে ফিরে যাবে। পরিস্থিতি এমন হবে যে, তখনো কেউ কারোর উপর জয়যুক্ত হতে পারেনি। এ দিকে মৃত্যুর জন্য প্রস্তুত সেনা দলটি নিঃশেষ হয়ে যাবে। তখন মুসলমানরা মৃত্যুর জন্য প্রস্তুত এমন আরেকটি সেনা দল তৈরি করবে। যারা জয়যুক্ত না হয়ে ঘরে ফিরবে না। যুদ্ধ চলতে থাকবে। আর ইতিমধ্যে রাত্রি এসে যাবে। তখন এরাও নিজ তাঁবুতে ফিরে আসবে এবং ওরাও নিজ তাঁবুতে ফিরে যাবে। পরিস্থিতি এমন হবে যে, তখনো কেউ কারোর উপর জয়যুক্ত হতে পারেনি। এ দিকে মৃত্যুর জন্য প্রস্তুত সেনা দলটি নিঃশেষ হয়ে যাবে। তখন মুসলমানরা মৃত্যুর জন্য প্রস্তুত এমন আরেকটি সেনা দল তৈরি করবে। যারা জয়যুক্ত না হয়ে ঘরে ফিরবে না। যুদ্ধ চলতে থাকবে। আর ইতিমধ্যে সন্ধ্যা হয়ে যাবে। তখন এরাও নিজ তাঁবুতে ফিরে আসবে এবং ওরাও নিজ তাঁবুতে ফিরে যাবে। পরিস্থিতি এমন হবে যে, তখনো কেউ কারোর উপর জয়যুক্ত হতে পারেনি। এ দিকে মৃত্যুর জন্য প্রস্তুত সেনা দলটি নিঃশেষ হয়ে যাবে। যখন চতুর্থ দিন হবে তখন বাকি সব মুসলমান শত্রুর উপর একযোগে ঝাঁপিয়ে পড়বে। তবে তারা এ যুদ্ধেও পরাজিত হবে। তারা এমন এক যুদ্ধে মেতে উঠবে যা ইতিপূর্বে কখনো দেখা যায়নি। এমনকি কোন পাখি তাদেরকে অতিক্রম করতে না করতেই সে মরে গিয়ে নিচে পড়বে। তখন একই বংশের একশত জন গণে দেখা যাবে তাদের মধ্যে একজনই বেঁচে আছে। তখন যুদ্ধ লব্ধ সম্পদ নিয়ে খুশি হওয়ারই বা কি থাকবে এবং কোন্ উত্তরাধিকার সম্পদই বা বন্টন করা হবে। এমতাবস্থায় তারা আরো এক কঠিন বিপদের কথা শুনতে পাবে। তারা শুনতে পাবে, দাজ্জাল তাদের স্ত্রী-সন্তানদের উপর এক ভীষণ তাণ্ডবলীলা চালাচ্ছে। তখন তারা সবকিছু ফেলে রেখেই ওদিকে দৌড়াতে থাকবে। সর্ব প্রথম তারা তাদের মধ্য থেকে দশ জন অগ্রগামী অশ্বারোহী পাঠাবে। রাসূল (ﷺ) বলেন: আমি তাদের নাম এবং তাদের বাপ-দাদার নামও জানি। এমনকি তাদের ঘোড়ার রংও এবং তারাই হবে সে যুগের সর্বশ্রেষ্ঠ অশ্বারোহী।

(মুসলিম ২৮৯৯)

উপরোল্লিখিত যুদ্ধ সংঘটিত হবে সিরিয়া ও এর পার্শ্ববর্তী এলাকাসমূহে দাজ্জাল বেরুবার কিছু কাল আগেই। তবে রোমানদের উপর মুসলমানদের

বিজয় কুস্তানত্বীনিয়্যাহ্ তথা ইস্তাম্বুল শহর বিজয়েরই সূচনা সংকেত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না রোমানরা আ'মাক্ব ও দাবিক্ব নামক এলাকাদ্বয়ে অবস্থান করবে। তখন মদীনা থেকে একটি সেনাদল তাদের উদ্দেশ্যে বেরুবে। তারাই হবে সে যুগের সর্বশ্রেষ্ঠ মানুষ। যখন তারা পরস্পর যুদ্ধের জন্য মুখোমুখী হবে তখন রোমানরা বলবে: তোমরা ওসকল ব্যক্তিদেরকে আমাদের হাতে তুলে দাও যারা ইতিপূর্বে আমাদের মধ্য থেকেই ধর্মান্তরিত হয়েছে। আমরা তাদের সাথেই যুদ্ধ করবো। তখন মুসলমানরা বলবে: না, তা হতে পারে না। আল্লাহ্'র কসম! আমরা আমাদের মুসলমান ভাইদেরকে তোমাদের হাতে তুলে দিতে পারবো না। তখন তাদের পরস্পরের মধ্যে এক ভয়াবহ যুদ্ধ সংঘটিত হবে। তাতে মুসলমানদের এক তৃতীয়াংশ সৈন্য পরাজিত হবে যাদের তাওবা আল্লাহ্ তা'আলা কখনো কবুল করবেন না। আরেক তৃতীয়াংশ সৈন্যকে হত্যা করা হবে যারা হবে আল্লাহ্ তা'আলার নিকট সর্বশ্রেষ্ঠ শহীদ এবং আরেক তৃতীয়াংশ সৈন্য যুদ্ধে জয়লাভ করবে যারা আর কখনো পরীক্ষার সম্মুখীন হবে না। তখন তারা কুস্তানত্বীনিয়্যাহ্ তথা ইস্তাম্বুল শহর বিজয় করবে। যখন তারা নিজেদের তলোয়ারগুলো যায়তুন গাছে টাঙ্গিয়ে যুদ্ধ লব্ধ সম্পদগুলো নিজেদের মধ্যে বন্টন করবে তখনই শয়তান চিৎকার দিয়ে বলবে: দাজ্জাল তো তোমাদের স্ত্রী-সন্তানদের উপর এক ভীষণ তাণ্ডবলীলা চালাচ্ছে। তখন তারা দ্রুত তার উদ্দেশ্যে বের হবে ; অথচ কথাটি একটি গুজব মাত্র। যখন মুসলমানরা সিরিয়ায় পৌঁছুবে তখনই দাজ্জাল বেরুবে। যখন তারা যুদ্ধের প্রস্তুতি নিবে এবং সবাই সারিবদ্ধ হবে তখনই নামাযের ইক্বামাত দেয়া হবে এবং ঈসা (عليه السلام) অবতীর্ণ হবেন।

আবূ দ্দারদা' (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ فُسْطَاطَ الْمُسْلِمِيْنَ يَوْمَ الْمَلْحَمَةِ فِيْ أَرْضٍ بِالْغُوْطَةِ فِيْ مَدِيْنَةٍ يُقَالُ لَهَا دِمَشْقُ، مِنْ خَيْرِ مَدَائِنِ الشَّامِ.

"সে মহা যুদ্ধের দিনে মুসলমানদের বসতি হবে নিম্ন ভূমিতে তথা দামেস্ক শহরে। যা তখনকার শ্রেষ্ঠ শহরগুলোর অন্যতম"।

(আবূ দাউদ/'আউন ১১/৪০৬)

৫৩. কুস্তানত্বীনিয়্যাহ্ তথা ইস্তাম্বুল বিজয়:

কুস্তানত্বীনিয়্যাহ্ তথা ইস্তাম্বুল বিজয় কিয়ামতের আরেকটি আলামত। যা দাজ্জাল বেরুবার পূর্বে এবং রোমানদের সাথে ভয়াবহ যুদ্ধ সংঘটিত হওয়ার পরেই অর্জিত হবে। তাতে কোন যুদ্ধই হবে না।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

سَمِعْتُمْ بِمَدِيْنَةٍ جَانِبٌ مِنْهَا فِيْ الْبَرِّ، وَجَانِبٌ مِنْهَا فِيْ الْبَحْرِ؟ قَالُوْا: نَعَمْ، يَا رَسُوْلَ اللهِ! قَالَ: لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يَغْزُوَهَا سَبْعُوْنَ أَلْفًا مِنْ بَنِيْ إِسْحَاقَ، فَإِذَا جَاؤُوْهَا نَزَلُوْا، فَلَمْ يُقَاتِلُوْا بِسِلَاحٍ وَلَمْ يَرْمُوْا بِسَهْمٍ، قَالُوْا: لَا إِلَهَ إِلَّا اللهُ وَاللهُ أَكْبَرُ، فَيَسْقُطُ أَحَدُ جَانِبَيْهَا، قَالَ ثَوْرٌ : لَا أَعْلَمُهُ إِلَّا قَالَ: الَّذِيْ فِيْ الْبَحْرِ، ثُمَّ يَقُوْلُوْا الثَّانِيَةَ: لَا إِلَهَ إِلَّا اللهُ وَاللهُ أَكْبَرُ، فَيَسْقُطُ جَانِبُهَا الْآخِرُ، ثُمَّ يَقُوْلُوْا الثَّالِثَةَ : لَا إِلَهَ إِلَّا اللهُ وَاللهُ أَكْبَرُ، فَيُفَرَّجُ لَهُمْ، فَيَدْخُلُوْهَا فَيَغْنَمُوْا، فَبَيْنَمَا هُمْ يَقْتَسِمُوْنَ الْغَنَائِمَ إِذْ جَاءَهُمُ الصَّرِيْخُ فَقَالَ: إِنَّ الدَّجَّالَ قَدْ خَرَجَ، فَيَتْرُكُوْنَ كُلَّ شَيْءٍ وَيَرْجِعُوْنَ.

"তোমরা কি এমন একটি শহরের নাম শুনেছো যার এক ভাগ স্থলে; আরেক ভাগ জলে। সাহাবাগণ বললেন: হ্যাঁ, শুনেছি ; হে আল্লাহ্'র রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)! অতঃপর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না এ শহরে অভিযান চালাবে সত্তর হাজার ইস'হাক্ব (আলাইহিস সালাম) এর বংশধর তথা রোমানরা যারা ইতিপূর্বে ইসলাম গ্রহণ করেছে। তারা যখন উক্ত এলাকায় পৌঁছুবে তখন না তারা যুদ্ধের জন্য কোন অস্ত্র ব্যবহার করবে না কোন তীর। তারা শুধু বলবে: লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবার। যার অর্থ: আল্লাহ্ ছাড়া সত্য কোন মা'বূদ নেই এবং তিনিই সুমহান। আর তখনই শহরের একাংশ তথা সাগরের তীরবর্তী এলাকা মুসলমানদের হাতে

আত্মসমর্পণ করবে। দ্বিতীয় বারও তারা একই কালিমা উচ্চারণ করবে। আর তখনই শহরের দ্বিতীয়াংশ মুসলমানদের হাতে আত্মসমর্পণ করবে। তৃতীবারও তারা একই কালিমা উচ্চারণ করবে। আর তখনই তাদের জন্য শহরের গেইটগুলো খুলে দেয়া হবে। তারা তখন তাতে প্রবেশ করে কাফিরদের প্রচুর ধন-সম্পদ সংগ্রহ করবে। যখন তারা উক্ত সম্পদগুলো বন্টনে ব্যস্ত হয়ে যাবে এমন সময় দূর থেকে চিৎকার আসবে, দাজ্জাল বেরিয়েছে। তখন তারা সকল ধন-সম্পদ ছেড়ে দিয়ে সেখান থেকে ফিরে আসবে"। (মুসলিম ২৯২০)

৫৪. জনৈক ক্বাহ্ত্বানীর আবির্ভাবঃ

শেষ যুগে জনৈক ক্বাহ্ত্বানীর আবির্ভাব কিয়ামতের আরেকটি আলামত। তিনি হবেন একজন ন্যায়পরায়ণ ব্যক্তিত্ব। তিনি যখন বেরুবেন তখন সে যুগের সবাই তাঁর একচ্ছত্র আনুগত্য করবে এবং তাঁকে কেন্দ্র করেই তারা সবাই একত্রিত হবে।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেনঃ রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেনঃ

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يَخْرُجَ رَجُلٌ مِنْ قَحْطَانَ يَسُوْقُ النَّاسُ بِعَصَاهُ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না জনৈক ক্বাহ্ত্বানী বের হয় ; যিনি সবাইকে একচ্ছত্র নেতৃত্ব দিবেন"। (বুখারী ৩৫১৭, ৭১১৭; মুসলিম ২৯১০)

৫৫. ইহুদিদের সাথে যুদ্ধঃ

ইহুদিদের সাথে যুদ্ধ কিয়ামতের আরেকটি আলামত। কারণ, শেষ যুগে ইহুদিরা হবে দাজ্জালের অনুসারী। আর মুসলমানরা হবে 'ঈসা (আলাইহিস সালাম) এর অনুসারী। তখন মুসলমানরা 'ঈসা (আলাইহিস সালাম) এর পক্ষ হয়ে ইহুদিদের সাথে যুদ্ধ করবে। এমনকি যে কোন ইহুদি কোন গাছ বা পাথরের পেছনে লুকিয়ে থাকলে সে গাছ বা পাথর বলবেঃ হে মুসলিম! হে আল্লাহ্'র বান্দাহ্! এই যে জনৈক ইহুদি আমার পেছনে লুকিয়ে আছে। আসো তাকে হত্যা করো।

সামুরাহ্ বিন্ জুন্দাব (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেনঃ একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) দাজ্জালের আলোচনা করতে গিয়ে বলেনঃ দাজ্জাল মু'মিনদেরকে বাইতুল্ মাক্বদিসে ঘেরাও করে রাখবে। তখন মু'মিনদের মাঝে এক ভারী

প্রকম্পন সৃষ্টি হবে। অতঃপর আল্লাহ্ তা'আলা তাকে ও তার অনুসারীদেরকে ধ্বংস করে দিবেন। এমনকি যে কোন দেয়াল বা গাছ ডেকে ডেকে বলবে: হে মু'মিন! হে মুসলমান! এই যে ইহুদি। এই যে কাফির আমার পেছনে লুকিয়ে আছে। আসো তাকে হত্যা করো।

(আহ্মাদ্ ৫/১৬)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى يُقَاتِلَ الْمُسْلِمُوْنَ الْيَهُوْدَ، فَيَقْتُلُهُمُ الْمُسْلِمُوْنَ، حَتَّى يَخْتَبِئَ الْيَهُوْدِيُّ مِنْ وَرَاءِ الْحَجَرِ وَالشَّجَرِ، فَيَقُوْلُ الْحَجَرُ أَوِ الشَّجَرُ: يَا مُسْلِمُ! يَا عَبْدَ اللهِ! هَذَا يَهُوْدِيٌّ خَلْفِيْ، فَتَعَالَ فَاقْتُلْهُ إِلَّا الْغَرْقَدَ، فَإِنَّهُ مِنْ شَجَرِ الْيَهُوْدِ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না মুসলমানরা ইহুদিদের সাথে যুদ্ধ করবে। তখন মুসলমানরা ইহুদিদেরকে হত্যা করবে। এমনকি যে কোন ইহুদি কোন গাছ বা পাথরের পেছনে লুকিয়ে থাকলে সে গাছ বা পাথর বলবে: হে মুসলিম! হে আল্লাহ্'র বান্দাহ্! এই যে ইহুদি আমার পেছনে লুকিয়ে আছে। আসো তাকে হত্যা করো। কিন্তু গারক্বাদ নামক গাছটি। সে তো তাদেরই গাছ। তাই সে তাদের ব্যাপারে মুসলমানদেরকে কিছুই বলবে না"। (বুখারী ২৯২৬; মুসলিম ২৯২২)

আবূ উমামাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: "রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা আমাদের সামনে আলোচনা করছিলেন। তাঁর আলোচনার অধিকাংশই ছিলো দাজ্জাল সম্পর্কীয়। তিনি দাজ্জাল থেকে আমাদেরকে ভীতি প্রদর্শন করলেন। দাজ্জালের আবির্ভাব, 'ঈসা (আলাইহিস্ সালাম) এর অবতরণ এবং দাজ্জালকে হত্যা নিয়ে তিনি আলোচনা করছিলেন। আলোচনার এক পর্যায়ে তিনি বলেন: একদা 'ঈসা (আলাইহিস্ সালাম) বলবেন: (বাইতুল মাক্বদিসের) দরোজা খোলো। তখন দরোজা খোলা হবে। তাঁর পেছনে থাকবে দাজ্জাল এবং দাজ্জালের সাথে থাকবে সত্তর হাজার ইহুদি। তাদের প্রত্যেকেই থাকবে তলোয়ারধারী এবং মোটা ছাদর পরিহিত। দাজ্জাল যখনই 'ঈসা (আলাইহিস্ সালাম) কে দেখবে তখনই সে চুপসে বা গলে যাবে যেমনিভাবে গলে যায় পানিতে লবন এবং সে ভাগতে শুরু করবে। তখন 'ঈসা (আলাইহিস্ সালাম) বলবেন: তোমার জন্য আমার পক্ষ থেকে একটি কঠিন মার রয়েছে যা তুমি কখনো এড়াতে পারবে না।

অতঃপর তিনি তাকে পূর্ব দিকের লুদ্দ নামক গেইটের পাশেই হত্যা করবেন। আর তখনই ইহুদিরা পরাজিত হবে। এ দুনিয়াতে আল্লাহ্ তা'আলার যে কোন সৃষ্টির পেছনে কোন ইহুদি লুকিয়ে থাকলে আল্লাহ্ তা'আলা সে বস্তুকে কথা বলার শক্তি দিবেন এবং বস্তুটি তার সম্পর্কে মুসলমানদেরকে বলে দিবে। চাই তা পাথর, গাছ, দেয়াল কিংবা যে কোন পশুই হোক না কেন। কিন্তু গারক্বাদ নামক গাছটি। সে তো তাদেরই গাছ। তাই সে তাদের ব্যাপারে মুসলমানদেরকে কিছুই বলবে না"।

(ইব্নু মাজাহ্, হাদীস ৪০৭৭)

৫৬. মদীনার খারাপ লোকদেরকে সেখান থেকে বের করে দিয়ে তার একদা জনশূন্য হয়ে যাওয়া:

মদীনার খারাপ লোকদেরকে সেখান থেকে বের করে দিয়ে তার একদা জনশূন্য হয়ে যাওয়া কিয়ামতের আরেকটি আলামত।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يَأْتِيْ عَلَى النَّاسِ زَمَانٌ يَدْعُوْ الرَّجُلُ ابْنَ عَمِّهِ وَقَرِيْبَهُ: هَلُمَّ إِلَى الرَّخَاءِ! هَلُمَّ إِلَى الرَّخَاءِ! وَالْمَدِيْنَةُ خَيْرٌ لَهُمْ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ، وَالَّذِيْ نَفْسِيْ بِيَدِهِ ! لَا يَخْرُجُ مِنْهُمْ أَحَدٌ رَغْبَةً عَنْهَا إِلَّا أَخْلَفَ اللهُ فِيْهَا خَيْرًا مِّنْهُ، أَلَا إِنَّ الْمَدِيْنَةَ كَالْكِيْرِ، تُخْرِجُ الْخَبِيْثَ، لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى تَنْفِيْ الْمَدِيْنَةُ شِرَارَهَا كَمَا يَنْفِيْ الْكِيْرُ خَبَثَ الْحَدِيْدِ.

"এমন এক সময় আসবে যখন জনৈক ব্যক্তি তার চাচাতো ভাই এবং নিকটাত্মীয়কে বলবে: মদীনা ছেড়ে সচ্ছলতার দিকে আসো! মদীনা ছেড়ে সচ্ছলতার দিকে আসো! অথচ মদীনা তাদের জন্য অনেক ভালো যদি তারা জানতো। সে সত্তার কসম যাঁর হাতে আমার জীবন! তাদের কেউ মদীনা ছেড়ে চলে গেলে আল্লাহ্ তা'আলা তার চাইতেও আরো উত্তম ব্যক্তি সেখানে নিয়ে আসবেন। আরে মদীনা তো হাপরের মতো যা খারাপকে বের করে দিবে। কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না মদীনা তার খারাপ লোকগুলোকে সেখান থেকে বের করে দেয় যেমনিভাবে হাপর লোহার জং দূর করে"। (মুসলিম ১৩৮১)

মদীনা থেকে খারাপ লোকদেরকে বের করে দেয়ার ব্যাপারটি বিশেষ বিশেষ সময় এবং বিশেষ বিশেষ ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। যা একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সে যুগের জনৈক বেদুইনের ক্ষেত্রে সংঘটিত হয়েছে।

জাবির (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন:

جَاءَ أَعْرَابِيٌّ إِلَى النَّبِيِّ ﷺ فَقَالَ: بَايِعْنِيْ عَلَى الْإِسْلَامِ، فَبَايَعَهُ عَلَى الْإِسْلَامِ، ثُمَّ جَاءَ الْغَدَ مَحْمُوْمًا، فَقَالَ: أَقِلْنِيْ، فَأَبَى، فَلَمَّا وَلَّى قَالَ: الْمَدِيْنَةُ كَالْكِيْرِ، تَنْفِيْ خَبَثَهَا، وَيَنْصَعُ طَيِّبُهَا.

"একদা জনৈক বেদুইন নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট এসে বললো: আমাকে ইসলামের উপর বায়'আত করুন। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে ইসলামের উপর বায়'আত করেন। পরদিন সে জ্বরাক্রান্ত হয়ে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট এসে বললো: আমার বায়'আত খানা ফিরিয়ে নিন। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তা ফিরিয়ে নিতে অস্বীকৃতি জানান। সে ফিরে গেলে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: মদীনা তো হাপরের ন্যায়। সে খারাপকে দূরীভূত করে এবং ভালো তাতে আরো ভালো হয়ে দেখা দেয়"।

(বুখারী ৭২১৬; মুসলিম ১৩৮৩)

দাজ্জাল বের হওয়ার পরও তা আবার সংঘটিত হবে।

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَيْسَ مِنْ بَلَدٍ إِلَّا سَيَطَؤُهُ الدَّجَّالُ إِلَّا مَكَّةَ وَالْمَدِيْنَةَ، لَيْسَ مِنْ نِقَابِهَا نَقْبٌ إِلَّا عَلَيْهِ الْمَلَائِكَةُ صَافِّيْنَ يَحْرُسُوْنَهَا، ثُمَّ تَرْجُفُ الْمَدِيْنَةُ بِأَهْلِهَا ثَلَاثَ رَجَفَاتٍ، فَيُخْرِجُ اللهُ كُلَّ كَافِرٍ وَمُنَافِقٍ.

"এমন কোন শহর থাকবে না যেখানে দাজ্জাল প্রবেশ করবে না। তবে মক্কা ও মদীনাতে সে প্রবেশ করতে পারবে না। সেখানকার প্রতিটি গলি পথকে ফিরিশ্তাগণ সারিবদ্ধভাবে পাহারা দিবে। অতঃপর তিন তিন বার মদীনা কেঁপে উঠবে এবং আল্লাহ্ তা'আলা সেখান থেকে প্রতিটি কাফির ও মুনাফিককে বের করে দিবেন"। (বুখারী ১৮৮১; মুসলিম ২৯৪৩)

তবে একদা কিয়ামতের নিকটবর্তী সময়ে মদীনার সকল লোক মদীনা ছেড়ে চলে যাবে।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يَتْرُكُوْنَ الْـمَدِيْنَةَ عَلَى خَيْرِ مَا كَانَتْ، لَا يَغْشَاهَا إِلَّا الْعَوَافِيْ ـ يُرِيْدُ عَوَافِيَ السِّبَاعِ وَالطَّيْرِ ـ وَآخِرُ مَنْ يُّحْشَرُ رَاعِيَانِ مِنْ مُزَيْنَةَ، يُرِيْدَانِ الْـمَدِيْنَةَ، يَنْعِقَانِ بِغَنَمِهِمَا فَيَجِدَانِهَا وَحْشًا، حَتَّى إِذَا بَلَغَا ثَنِيَّةَ الْوَدَاعِ خَرَّا عَلَى وُجُوْهِهِمَا.

"একদা সবাই এ সর্বশ্রেষ্ঠ মদীনা শহরটি ছেড়ে চলে যাবে। তখন তাতে থাকবে শুধু বুনো হিংস্র পশু ও পাখি। সর্বশেষ যাদের হাশর হবে তারা হবে মুযাইনাহ্ গোত্রের দু'জন রাখাল। তারা মদীনার উদ্দেশ্যে রওয়ানা করবে। মদীনায় পৌঁছে যখন তারা তাদের চাগলপালকে ডাকবে তখন সেগুলো তাদেরকে দেখে দিকবিদিক ভাগতে থাকবে। পরিশেষে যখন তারা সানিয়াতুল ওদা' নামক স্থানে পৌঁছুবে তখন তারা উপুড় হয়ে পড়ে যাবে"। (বুখারী ১৮৭৪; মুসলিম ১৩৮৯)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَتَتْرُكُنَّ الْـمَدِيْنَةَ عَلَى أَحْسَنِ مَا كَانَتْ، حَتَّى يَدْخُلَ الْكَلْبُ أَوِ الذِّئْبُ فَيَغْذِيْ عَلَى بَعْضِ سَوَارِيْ الْـمَسْجِدِ أَوْ عَلَى الْمِنْبَرِ، فَقَالُوْا: يَا رَسُوْلَ اللهِ! فَلِمَنْ تَكُوْنُ الثِّمَارُ ذَلِكَ الزَّمَانِ؟ قَالَ: لِلْعَوَافِيْ: الطَّيْرِ وَالسِّبَاعِ.

"তোমরা একদা অবশ্যই এ সুন্দর মদীনা শহরটি ছেড়ে চলে যাবে। এমনকি তখন কুকুর অথবা বাঘ মসজিদে নববীর কোন না কোন পিলার কিংবা মিম্বারের গোড়ায় প্রস্রাব করে দিবে। সাহাবাগণ বললেন: হে আল্লাহ্'র রাসূল! তখন এ ফল-ফলাদির মালিক হবে কে? রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: সেগুলো তখন হিংস্র পশু ও পাখিরই খাদ্য হবে"।

(মালিক : ২/৮৮৮)

জাবির (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَيَسِيْرَنَّ الرَّاكِبُ بِجَنَبَاتِ الْـمَدِيْنَةِ، ثُمَّ لَيَقُوْلَنَّ : لَقَدْ كَانَ فِيْ هَذَا حَاضِرٌ مِنَ الْـمُسْلِمِيْنَ كَثِيْرٌ.

"জনৈক আরোহী মদীনার আনাচে-কানাচে ঘুরে বেড়াবে অতঃপর বলবে: এতে তো একদা অনেক মুসলমানই না বসবাস করতো"।

(আহ্মাদ্ ১/১২৪)

ইমাম ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) বলেন: দাজ্জাল এবং 'ঈসা (আলাইহিস্ সালাম) এর যুগেও মদীনায় জনবসতি থাকবে। 'ঈসা (আলাইহিস্ সালাম) সেখানেই মৃত্যু বরণ করবেন এবং সেখানেই তাঁকে দাফন করা হবে। এরপরই মদীনা ধ্বংস হয়ে যাবে।

৫৭. এমন এক পবিত্র বায়ু প্রবাহিত হওয়া যার দরুন সকল মুমিন ব্যক্তি মৃত্যু বরণ করবে:

এমন এক পবিত্র বায়ু প্রবাহিত হওয়া যার দরুন সকল মুমিন ব্যক্তি মৃত্যু বরণ করবে কিয়ামতের আরেকটি আলামত।

যখন এমন হবে তখন এ দুনিয়াতে আল্লাহ্ আল্লাহ্ বলার আর কেউই থাকবে না। যারা তখন অবশিষ্ট থাকবে তারাই হবে দুনিয়ার সর্বনিকৃষ্ট মানুষ এবং এদের উপরই তখন কিয়ামত কায়িম হবে। এ বায়ু হবে রেশমের চাইতেও অতি নরম।

নাউয়াস্ বিন্ সাম'আন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) দাজ্জাল, 'ঈসা (আলাইহিস্ সালাম) ও ইয়াজূজ-মা'জূজ এর কথা উল্লেখ করার পর বলেন:

فَبَيْنَمَا هُمْ كَذَلِكَ إِذْ بَعَثَ اللهُ رِيْحًا طَيِّبَةً، فَتَأْخُذُهُمْ تَحْتَ آبَاطِهِمْ، فَتَقْبِضُ رُوْحَ كُلِّ مُؤْمِنٍ وَكُلِّ مُسْلِمٍ، وَيَبْقَى شِرَارُ النَّاسِ يَتَهَارَجُوْنَ فِيْهَا تَهَارُجَ الْحُمُرِ، فَعَلَيْهِمْ تَقُوْمُ السَّاعَةُ.

"তারা দাজ্জাল, 'ঈসা (আলাইহিস্ সালাম) ও ইয়াজূজ-মা'জূজ নিয়ে ব্যস্ত থাকবে এমতাবস্থায় আল্লাহ্ তা'আলা এমন এক পবিত্র বায়ু প্রবাহিত করবেন যা তাদের বগলের নিচে এমন এক রোগের জন্ম দিবে যার দরুন সকল মু'মিন-মুসলমান মৃত্যু বরণ করবে। যারা বেঁচে থাকবে তারা হবে সে যুগের দুনিয়ার সর্ব নিকৃষ্ট মানুষ। তারা গাধার মতো নির্লজ্জভাবে প্রকাশ্যে ব্যবিচারে লিপ্ত হবে এবং তাদের উপরই কিয়ামত কায়িম হবে"।

(মুসলিম ২৯৩৭)

আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

يَخْرُجُ الدَّجَّالُ فِيْ أُمَّتِيْ فَيَمْكُثُ أَرْبَعِيْنَ، فَيَبْعَثُ اللهُ عِيْسَى ابْنَ مَرْيَمَ كَأَنَّهُ عُرْوَةُ بْنُ مَسْعُوْدٍ، فَيَطْلُبُهُ، فَيُهْلِكُهُ ثُمَّ يَمْكُثُ النَّاسُ سَبْعَ سِنِيْنَ، لَيْسَ بَيْنَ اثْنَيْنِ عَدَاوَةٌ، ثُمَّ يُرْسِلُ اللهُ رِيْحًا بَارِدَةً مِنْ قِبَلِ الشَّامِ، فَلَا يَبْقَى عَلَى وَجْهِ الْأَرْضِ أَحَدٌ فِيْ قَلْبِهِ مِثْقَالُ ذَرَّةٍ مِنْ خَيْرٍ أَوْ إِيْمَانٍ إِلَّا قَبَضَتْهُ، حَتَّى لَوْ أَنَّ أَحَدَكُمْ دَخَلَ كَبِدَ جَبَلٍ لَدَخَلَتْهُ عَلَيْهِ حَتَّى تَقْبِضَهُ.

"আমার উম্মতের মধ্যেই দাজ্জাল বের হবে এবং সে চল্লিশ দিন অবস্থান করবে। অতঃপর আল্লাহ্ তা'আলা 'ঈসা (عليه السلام) কে পাঠাবেন। দেখতে যেন তিনি 'উরওয়াহ্ বিন্ মাস্'ঊদ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু)। তখন তিনি দাজ্জালকে খুঁজে বের করে তাকে হত্যা করবেন। অতঃপর সাত বছর এমন যাবে যে, কোথাও দু' ব্যক্তির মাঝে শত্রুতা থাকবে না। উপরন্তু আল্লাহ্ তা'আলা সিরিয়ার দিক থেকে এমন এক ঠাণ্ডা বাতাস পাঠাবেন যার দরুন দুনিয়াতে এমন কোন লোক বেঁচে থাকবে না যার অন্তরে এক অণু পরিমাণ ঈমান ও কল্যাণ থাকবে। এমনকি তোমাদের কেউ কোন পাহাড় গর্ভে ঢুকলেও সেখানে সে বায়ু প্রবেশ করে তার মৃত্যু ঘটাবে"। (মুসলিম ২৯৪০)

এ বায়ু দাজ্জাল, 'ঈসা (عليه السلام) ও ইয়াজূজ-মা'জূজ বের হওয়ার পরই প্রবাহিত হবে যা উপরোক্ত হাদীসদ্বয় থেকে সহজেই বুঝা যায়। এমনকি তা কিয়ামতের সকল বড় বড় আলামত সংঘটিত হওয়ার পর কিয়ামতের কিছু পূর্বেই প্রবাহিত হবে।

এ বায়ু সিরিয়া থেকে বের হয়ে ইয়েমেন পৌঁছে সেখান থেকেই সর্ব জায়গায় ছড়িয়ে পড়বে অথবা এ জাতীয় বায়ু উক্ত দু' জায়গা থেকেই সমভাবে বের হবে।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

إِنَّ اللهَ يَبْعَثُ رِيْحًا مِنَ الْيَمَنِ أَلْيَنَ مِنَ الْحَرِيْرِ، فَلَا تَدَعُ أَحَدًا فِيْ قَلْبِهِ مِثْقَالُ ذَرَّةٍ مِنْ إِيْمَانٍ إِلَّا قَبَضَتْهُ.

"নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা ইয়েমেন থেকে এমন এক বায়ু প্রবাহিত করবেন যা রেশম চাইতেও হবে অনেক নরম। সে বায়ু এমন কাউকে না মেরে ছাড়বে না যার অন্তরে অণু পরিমাণ ঈমান রয়েছে"। (মুসলিম ১১৭)

উক্ত বায়ু প্রবাহিত হওয়া পর্যন্ত দুনিয়ার বুকে এমন একটি দল সর্বদা টিকে থাকবে যারা হবে সত্যের উপর প্রতিষ্ঠিত।

সাউবান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِيْ ظَاهِرِيْنَ عَلَى الْحَقِّ، لَا يَضُرُّهُمْ مَنْ خَذَلَهُمْ حَتَّى يَأْتِيَ أَمْرُ اللهِ وَهُمْ كَذَلِكَ.

"আমার উম্মতের মধ্য থেকে একটি দল সর্বদা সত্যের উপর প্রতিষ্ঠিত থাকবে। তাদের শত্রু পক্ষ কখনো তাদের এতটুকুও ক্ষতি করতে পারবে না। যতক্ষণ না আল্লাহ্ তা'আলার আদেশ তথা উক্ত বায়ু প্রবাহিত হয়। উক্ত বায়ু প্রবাহিত হওয়া পর্যন্ত তারা জয়ীর বেশেই থেকে যাবে"।

(মুসলিম ১৯২০)

৫৮. কা'বা শরীফের অবমাননা ও উহার ধ্বংস:

কা'বা শরীফের অবমাননা ও উহার ধ্বংস কিয়ামতের আরেকটি আলামত।

কা'বা শরীফের চরম অবমাননা একমাত্র মুসলমানরাই করবে। অন্যরা নয়। আর তখনই তাদের ধ্বংস হবে অনিবার্য। জনৈক ইথিওপীয় কা'বা শরীফকে ধ্বংস করে দিবে। তার পায়ের জংঘা দু'টি হবে ছোট ছোট। সে কা'বার পাথরগুলো একটি একটি করে খুলে ফেলবে। কা'বার গিলাফ ও অলঙ্কারাদি ছিনিয়ে নিবে। আর তা এমন এক সময় হবে যখন আল্লাহ্ আল্লাহ্ বলার আর কেউই থাকবে না। তাই কা'বা শরীফ ধ্বংস হওয়ার পর তা আর পুনঃনির্মাণ করা হবে না।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يُبَايَعُ لِرَجُلٍ مَا بَيْنَ الرُّكْنِ وَالْمَقَامِ، وَلَنْ يَّسْتَحِلَّ الْبَيْتَ إِلَّا أَهْلُهُ، فَإِذَا اسْتَحَلُّوْهُ

فَلَا يُسْأَلُ عَنْ هَلَكَةِ الْعَرَبِ، ثُمَّ تَأْتِيْ الْحَبَشَةُ، فَيُخْرِبُوْنَهُ خَرَابًا لَا يُعَمَّرُ بَعْدَهُ أَبَدًا، وَهُمُ الَّذِيْنَ يَسْتَخْرِجُوْنَ كَنْزَهُ.

"রুক্ন ও মাক্বামে ইব্রাহীমের মাঝে জনৈক ব্যক্তির জন্য বায়'আত গ্রহণ করা হবে। তখন কা'বা শরীফের অবমাননা একমাত্র মুসলমানরাই করবে। যখন কা'বার অবমাননা করা হবে তখন আর আরবদের ধ্বংসের কথা জিজ্ঞাসা করতে হবে না। অতঃপর ইথিওপীয়রা আসবে। তারা কা'বা শরীফ ধ্বংস করে দিবে। যার পর আর কখনো কা'বা শরীফ পুনঃনির্মাণ করা হবে না এবং তারাই কা'বার সকল রক্ষিত ধন-ভাণ্ডার বের করে নিয়ে যাবে"।

(আহ্মাদ ১৫/৩৫)

'আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يُخْرِبُ الْكَعْبَةَ ذُوْ السُّوَيْقَتَيْنِ مِنَ الْحَبَشَةِ، وَيَسْلُبُهَا حِلْيَتَهَا، وَيُجَرِّدُهَا مِنْ كِسْوَتِهَا، وَلَكَأَنِّيْ أَنْظُرُ إِلَيْهِ: أُصَيْلِعُ أُفَيْدِعُ يَضْرِبُ عَلَيْهَا بِمِسْحَاتِهِ وَمِعْوَلِهِ.

"জনৈক ইথিওপীয় কা'বা শরীফকে ধ্বংস করে দিবে। তার পায়ের জংঘা দু'টি হবে ছোট ছোট। সে কা'বার গিলাফ ও অলঙ্কারাদি ছিনিয়ে নিবে। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন: আমি যেন তাকে এখনই দেখতে পাচ্ছি। তার মাথায় চুল নেই। হাত-পাগুলো বাঁকা। সে কুড়াল ও শাবল দিয়ে কা'বা শরীফের উপর আঘাত হানবে"। (আহ্মাদ ১২/১৪-১৫)

আব্দুল্লাহ্ বিন্ 'আব্বাস্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

كَأَنِّيْ أَنْظُرُ إِلَيْهِ أَسْوَدُ أَفْحَجُ يَنْقُضُهَا حَجَرًا حَجَرًا.

"আমি যেন এখনই তাকে দেখতে পাচ্ছি। লোকটি কালো এবং তার উরুদ্বয়ের মধ্যবর্তী ফাঁকা হবে স্বাভাবিকতার চাইতেও বড়ো। সে কা'বা শরীফের পাথরগুলো একটি একটি করে সবই খুলে ফেলবে এবং এমনিভাবেই সে কা'বা শরীফকে ধ্বংস করে দিবে"। (আহ্মাদ ৩/৩১৫-৩১৬)

কিয়ামতের বড়ো বড়ো আলামতসমূহ

আলামতগুলোর ক্রম ধারাবাহিকতা:

আলামতগুলোর ক্রম ধারাবাহিকতার নির্দিষ্ট কোন প্রমাণ নেই। কারণ, হাদীসগুলোতে নিদর্শনসমূহ উল্লেখের যে ধারাবাহিকতা রয়েছে তা পরস্পর দ্বন্দ্বপূর্ণ।

'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আমরা কিয়ামত সম্পর্কে পরস্পর আলোচনা করছিলাম। এমন সময় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদের মাঝে উপস্থিত হয়ে বললেন: তোমরা কি আলাপ-আলোচনা করছিলে ? আমরা বললাম: আমরা এতক্ষণ কিয়ামত সম্পর্কেই আলাপ-আলোচনা করছিলাম। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন:

إِنَّهَا لَنْ تَقُوْمَ حَتَّى تَرَوْنَ قَبْلَهَا عَشْرَ آيَاتٍ، فَذَكَرَ الدُّخَانَ، وَالدَّجَّالَ، وَالدَّابَّةَ، وَطُلُوْعَ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا، وَنُزُوْلَ عِيْسَى بْنِ مَرْيَمَ، وَيَأْجُوْجَ وَمَأْجُوْجَ، وَثَلَاثَةَ خُسُوْفٍ: خَسْفٌ بِالْمَشْرِقِ، وَخَسْفٌ بِالْمَغْرِبِ، وَخَسْفٌ بِجَزِيْرَةِ الْعَرَبِ، وَآخِرُ ذَلِكَ نَارٌ تَخْرُجُ مِنَ الْيَمَنِ تَطْرُدُ النَّاسَ إِلَى مَحْشَرِهِمْ.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না তোমরা দশটি বড়ো বড়ো আলামত অবলোকন করবে। অতঃপর তিনি উল্লেখ করেন: ধোঁয়া, দাজ্জাল, একটি বিশেষ পশু, পশ্চিম দিক থেকে সূর্য উঠা, ঈসা (আলাইহিস সালাম) এর অবতরণ, ইয়াজূজ-মা'জূজ, তিন প্রকারের ভূমি ধসঃ পূর্ব দিকে ভূমি ধস, পশ্চিম দিকে ভূমি ধস, আরব উপদ্বীপে ভূমি ধস। সর্বশেষ নিদর্শনটি হচ্ছে ইয়েমেনের আগুন যা সকল মানুষকে হাশরের ময়দানের দিকে তাড়িয়ে নিবে"। (মুসলিম ২৯০১)

অন্য বর্ণনায় রয়েছে,

إِنَّ السَّاعَةَ لَا تَكُوْنُ حَتَّى تَكُوْنَ عَشْرُ آيَاتٍ: خَسْفٌ بِالْمَشْرِقِ، وَخَسْفٌ بِالْمَغْرِبِ، وَخَسْفٌ فِيْ جَزِيْرَةِ الْعَرَبِ، وَالدُّخَانُ وَالدَّجَّالُ، وَدَابَّةُ الْأَرْضِ، وَيَأْجُوْجُ وَمَأْجُوْجُ، وَطُلُوْعُ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا، وَنَارٌ تَخْرُجُ مِنْ قُعْرَةِ عَدَنٍ تَرْحَلُ النَّاسَ، وَفِيْ رِوَايَةٍ : وَالْعَاشِرَةُ : نُزُوْلُ عِيْسَى ابْنِ مَرْيَمَ (عليه السلام).

"কিয়ামত আসবে না যতক্ষণ না দশটি আলামত পরিলক্ষিত হয় ; পূর্ব দিকে ভূমি ধস, পশ্চিম দিকে ভূমি ধস, আরব উপদ্বীপে ভূমি ধস, ধোঁয়া, দাজ্জাল, পৃথিবীর একটি বিশেষ পশু, ইয়াজূজ-মা'জূজ, পশ্চিম দিক থেকে সূর্য উঠা, 'আদানের গভীর অঞ্চল থেকে এমন এক আগুন বের হবে যা সকল মানুষকে (হাশরের মাঠের দিকে) পরিচালিত করবে। অন্য বর্ণনায় রয়েছে, দশম নিদর্শন হচ্ছে ঈসা (عليه السلام) এর অবতরণ"। (মুসলিম ২৯০১)

উপরের বর্ণনাদ্বয়ে একই ব্যক্তি একই ব্যাপারকে দু'ভাবে বর্ণনা করেছেন। যাতে উভয় বর্ণনার ক্রম ধারাবাহিকতা পরস্পর বিরোধী।

অন্য দিকে আবূ হুরাইরাহ্ (رضي الله عنه) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (صلى الله عليه وسلم) ইরশাদ করেন:

بَادِرُوْا بِالْأَعْمَالِ سِتًّا : طُلُوْعَ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا، أَوِ الدُّخَانَ، أَوِ الدَّجَّالَ، أَوِ الدَّابَّةَ، أَوْ خَاصَّةَ أَحَدِكُمْ، أَوْ أَمْرَ الْعَامَّةِ.

"তোমরা তাড়াতাড়ি আমল করো ছয়টি নিদর্শন আবির্ভূত হওয়ার পূর্বেই। সেগুলো হচ্ছে ; পশ্চিম দিক থেকে সূর্য উঠা, ধোঁয়া, দাজ্জাল, একটি বিশেষ পশু, তোমাদের কারোর মৃত্যু অথবা কিয়ামত"।

(মুসলিম ২৯৪৭)

অন্য বর্ণনায় রয়েছে,

بَادِرُوْا بِالْأَعْمَالِ سِتًّا: الدَّجَّالَ، وَالدُّخَانَ، وَدَابَّةَ الْأَرْضِ، وَطُلُوْعَ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا، وَأَمْرَ الْعَامَّةِ، وَخُوَيِصَّةَ أَحَدِكُمْ.

"তোমরা তাড়াতাড়ি আমল করো ছয়টি নিদর্শন আবির্ভূত হওয়ার পূর্বেই। সেগুলো হচ্ছে ; দাজ্জাল, ধোঁয়া, পৃথিবীর একটি বিশেষ পশু, পশ্চিম দিক থেকে সূর্য উঠা, কিয়ামত অথবা তোমাদের কারোর মৃত্যু"।

(মুসলিম ২৯৪৭)

উপরোক্ত বর্ণনাদ্বয়েও একই ব্যক্তি একই ব্যাপারকে দু'ভাবে বর্ণনা করেছেন। যাতে উভয় বর্ণনার ক্রম ধারাবাহিকতা পরস্পর বিরোধী।

তবে যে ব্যাপারটি জানা সম্ভব তা হচ্ছে, কিছু কিছু বর্ণনায় কয়েকটি আলামতের সংঘটন ধারাবাহিকতা উল্লিখিত হয়েছে। যার দ্বারা সে কয়েকটির ধারাবাহিকতা তো অবশ্যই বুঝা যায়। যেমন: নাওয়াস্ বিন্ সাম্'আনের হাদীসে এসেছে, দাজ্জাল বেরুবে। অতঃপর 'ঈসা (عليه السلام) ওকে

হত্যা করার জন্য অবতরণ করবেন। এরপর ইয়াজূজ-মা'জূজ বের হবে। 'ঈসা (عليه السلام) তাদের ধ্বংসের ব্যাপারে আল্লাহ্ তা'আলার নিকট দো'আ করবেন।

এ ছাড়াও কোন কোন হাদীসে বলা হয়েছে, এটিই সর্বপ্রথম নিদর্শন। আবার অন্য হাদীসে অন্য আরেকটিকে সর্বপ্রথম নিদর্শন বলে আখ্যায়িত করা হয়েছে। এ জাতীয় দ্বন্দ্ব সাহাবাদের যুগ থেকেই পরিলক্ষিত হয়ে আসছে।

একদা মারওয়ান বিন্ 'হাকামের নিকট তিন জন লোক বসলে তারা শুনতে পায় যে, মারওয়ান বলছে: সর্বপ্রথম দাজ্জালই বের হবে। তখন আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আনহুমা) বলেন: মারওয়ান কিছুই বলতে পারেনি। আমি রাসূল (ﷺ) কে বলতে শুনেছি যা আমি এখনো ভুলিনি তিনি বলেন:

إِنَّ أَوَّلَ الْآيَاتِ خُرُوْجًا طُلُوْعُ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا، وَخُرُوْجُ الدَّابَّةِ عَلَى النَّاسِ ضُحًى، وَأَيُّهُمَا مَا كَانَتْ قَبْلَ صَاحِبَتِهَا، فَالْأُخْرَى عَلَى إِثْرِهَا قَرِيْبًا.

"সর্বপ্রথম নিদর্শন হচ্ছে, পশ্চিম দিক থেকে সূর্য উঠা এবং দুপুরের আগেই এক বিশেষ পশু বের হওয়া। দু'টোর যেটিই সর্বপ্রথম বের হবে অন্যটি এর পরপরই বের হবে"। (মুসলিম ২৯৪১)

তবে 'আল্লামাহ্ ইব্নু হাজার (রাহিমাহুল্লাহ্) বলেন: "এ জাতীয় সকল হাদীস একত্রিত করলে বুঝা যায় যে, ভূমণ্ডলের পরিবর্তন সর্বপ্রথম দাজ্জাল বের হওয়ার মাধ্যমেই শুরু হবে এবং শেষ হবে 'ঈসা (عليه السلام) এর মৃত্যুর মাধ্যমেই। আর নভোমণ্ডলের পরিবর্তন পশ্চিম দিক থেকে সূর্য উঠার মাধ্যমেই শুরু হবে এবং শেষ হবে কিয়ামত সংঘটিত হওয়ার মাধ্যমেই। এমনো হতে পারে যে, পশ্চিম দিক থেকে সূর্য উঠার দিনই সে বিশেষ পশুটি বের হবে"।

তিনি আরো বলেন: "পশ্চিম দিক থেকে সূর্য উঠলেই তো তাওবার দরোজা বন্ধ হয়ে যাবে। আর তখনই সে বিশেষ পশুটি বের হয়ে মু'মিনকে কাফির থেকে পৃথক করে ফেলবে"।

তিনি আরো বলেন: "দাজ্জাল বের হওয়া, 'ঈসা (عليه السلام) এর অবতরণ এবং ইয়াজূজ-মা'জূজ এর আবির্ভাব যদিও পশ্চিম দিক থেকে সূর্য উঠা

কিংবা সে বিশেষ পশুটি বের হওয়ার পূর্বেই প্রকাশ পাবে তবুও তা এমন অলৌকিক কিছু নয়। কারণ, তারা তো মানুষ। তবে তাদের কর্মকাণ্ডই হবে আশ্চর্যজনক। কিন্তু সূর্য পশ্চিম দিক থেকে উঠা কিংবা সে বিশেষ পশুটি বের হওয়া তা মূলতই অলৌকিক এবং সত্যিই আশ্চর্যজনক। তাই এগুলোই সর্ব প্রথম এক একটি অলৌকিক নিদর্শন"। (ফাত্হুল্ বারী ১১/৩৫৩)

'আল্লামাহ্ ত্বীবি বলেন: "কিয়ামতের বড়ো বড়ো আলামতগুলো আবার দু' প্রকার। কিছু কিয়ামত নিকটবর্তী হওয়ার। আর কিছু কিয়ামত সংঘটিত হওয়ার। যা নিকটবর্তী হওয়ার সেগুলো হচ্ছে, দাজ্জাল, 'ঈসা (عليه السلام) এর অবতরণ, ইয়াজূজ-মা'জূজ ও ভূমিধস। আর যেগুলো কিয়ামত সংঘটিত হওয়ার সেগুলো হচ্ছে, ধোঁয়া, পশ্চিম দিক থেকে সূর্য উঠা, সে বিশেষ পশুটির আবির্ভাব এবং সে আগুন বের হওয়া যা মানুষকে 'হাশরের মাঠের দিকে তাড়িয়ে নিবে"।

কিয়ামতের বড়ো বড়ো নিদর্শনগুলো বর্ণনার সময় 'আল্লামাহ্ ত্বীবির উক্ত ধারাবাহিকতাই রক্ষা করা হবে। তবে এর পূর্বে ইমাম মাহ্দীর ব্যাপারটিই সর্বপ্রথম আলোচনা করা হবে। কারণ, তাঁর আবির্ভাব এগুলোর আগেই।

কিয়ামতের বড়ো বড়ো আলামতগুলো খুব দ্রুতই সংঘটিত হবে:

যখন কিয়ামতের একটি বড়ো আলামত দেখা দিবে তখন এর পরপরই খুব দ্রুত অন্যগুলোও সংঘটিত হবে। যেমন মুক্তা, হীরা, জাওয়াহিরের হার ছিঁড়ে গেলে একটি দানার পরপরই আরেকটি দানা ছিঁটকে পড়ে।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

خُرُوْجُ الْآيَاتِ بَعْضُهَا عَلَى إِثْرِ بَعْضٍ يَتَتَابَعْنَ كَمَا تَتَابَعُ الْخَرَزُ فِيْ النِّظَامِ.

"কিয়ামতের বড়ো বড়ো আলামতগুলো একটার পর আরেকটা এমনভাবে সংঘটিত হবে যেমন হীরা-জাওয়াহিরের হার ছিঁড়ে গেলে একটির পর আরেকটি দানা খুব দ্রুত ছিঁটকে পড়ে"।

(মাজ্মা'উয্যাওয়ায়িদ্ : ৭/৩৩১)

আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

الْآيَاتُ خَرَزَاتٌ مَنْظُوْمَاتٌ فِيْ سِلْكٍ، فَإِنْ يُّقْطَعِ السِّلْكُ يَتْبَعْ بَعْضُهَا بَعْضًا.

"কিয়ামতের বড়ো বড়ো আলামতগুলো হারে গাঁথা হীরা-জাওয়াহিরের মতো। হারটি ছিঁড়ে গেলে যেমন একটির পর আরেকটি দানা দ্রুত ছিঁটকে পড়বে তেমনিভাবে কিয়ামতের বড়ো বড়ো আলামতগুলোর যে কোন একটি দেখা দিলে অন্যগুলোও একটির পর আরেকটি দ্রুত দেখা দিবে"।

(আহ্মাদ্ ১২/৬-৭)

'ঈসা (عليه السلام) ইয়াজূজ-মা'জূজ ধ্বংস হয়ে যাওয়ার পর বলবেন:

فَفِيْمَا عَهِدَ إِلَيَّ رَبِّيْ عَزَّ وَجَلَّ أَنَّ ذَلِكَ إِذَا كَانَ كَذَلِكَ؛ فَإِنَّ السَّاعَةَ كَالْحَامِلِ الْمُتِمِّ الَّتِيْ لَا يَدْرِيْ أَهْلُهَا مَتَى تَفْجَؤُهُمْ بِوِلَادِهَا لَيْلًا أَوْ نَهَارًا.

"আমার প্রভু আমার কাছে যে ওহী পাঠিয়েছেন তার মধ্যে এটাও যে, যখন পরিস্থিতি এমন হবে তথা ইয়াজূজ-মা'জূজ ধ্বংস হয়ে যাবে তখন কিয়ামত এতোই নিকটবর্তী হবে যেমন কোন পূর্ণ গর্ভবতী মহিলার পরিবারবর্গ জানে না যে, দিন-রাতের কখন যে সে হঠাৎ সন্তানটি প্রসব করে বসে"। (আহ্মাদ্ ৫/১৮৯-১৯০)

কারো কারোর মতে উপরোক্ত হাদীসটি দুর্বল। তবে আল্লামাহ্ আহ্মাদ্ শাকির হাদীসটিকে বিশুদ্ধ বলে আখ্যায়িত করেছেন।

অতএব 'ঈসা (عليه السلام) এর ইন্তিকালের পর পশ্চিম দিক থেকে সূর্য উঠা, ধোঁয়া, সে বিশেষ পশুটির আবির্ভাব এবং সে আগুন বের হওয়া যা মানুষকে 'হাশরের মাঠের দিকে তাড়িয়ে নিবে অতি দ্রুত সংঘটিত হবে।

নিম্নে কিয়ামতের বড়ো বড়ো আলামতগুলো ধারাবাহিক আলোচিত হলো:

১. ইমাম মাহ্দী:

শেষ যুগে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর বংশ থেকে এমন এক লোক জন্ম নিবেন যাঁর মাধ্যমে আল্লাহ্ তা'আলা ইসলামের বিজয় দিবেন। তিনি সাত বছর ক্ষমতায় থাকবেন। তিনি ইন্সাফে পুরো বিশ্ব ভরে দিবেন। তাঁর যুগের উম্মতরা এমন নিয়ামত ভোগ করবে যা ইতিপূর্বে কেউ করেনি। জমিন পরিপূর্ণ ফসল দিবে। আকাশ যথেষ্ট বৃষ্টি দিবে। মানুষ তখন এমন সম্পদের মালিক হবে যার কোন হিসেব নেই।

ইমাম ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) বলেন: তাঁর যুগে ফল-ফলাদি বেশি হবে। ভরপুর শস্য ও প্রচুর ধন-সম্পদ হবে। শক্তিশালী ক্ষমতা ও ইসলাম সর্ব জায়গায় পূর্ণাঙ্গরূপে প্রতিষ্ঠিত হবে। শত্রু পরাজিত ও সকল কল্যাণ তখন স্থায়ী হবে।

তাঁর নাম হবে মুহাম্মাদ বা আহ্মাদ। তাঁর পিতার নাম হবে আব্দুল্লাহ্। তিনি হযরত হাসানের বংশধর হবেন। তাঁর মাথার অগ্রভাগে কোন চুল থাকবে না। তাঁর নাকের বাঁশি হবে লম্বা এবং মধ্যভাগ হবে ঢালু। তিনি পূর্ব দিক থেকে বের হবেন।

সাউবান (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يَقْتَتِلُ عِنْدَ كَنْزِكُمْ ثَلَاثَةٌ؛ كُلُّهُمْ ابْنُ خَلِيْفَةٍ، ثُمَّ لَا يَصِيْرُ إِلَى وَاحِدٍ مِّنْهُمْ، ثُمَّ تَطْلُعُ الرَّايَاتُ السُّوْدُ مِنْ قِبَلِ الْمَشْرِقِ، فَيَقْتُلُوْنَكُمْ قَتْلًا لَمْ يُقْتَلْهُ قَوْمٌ... فَإِذَا رَأَيْتُمُوْهُ فَبَايِعُوْهُ، وَلَوْ حَبْوًا عَلَى الثَّلْجِ، فَإِنَّهُ خَلِيْفَةُ اللهِ الْمَهْدِيُّ.

"তোমাদের ধন-ভাণ্ডার গ্রাসের জন্য তিন ব্যক্তি যুদ্ধ করবে। সবাই খলীফার সন্তান। কিন্তু কেউ তা শেষ পর্যন্ত দখল করতে পারবে না। অতঃপর পূর্ব দিক থেকে কয়েকটি কালো ঝাণ্ডা বের হবে। তারা তোমাদের সাথে এমন কঠিন যুদ্ধ করবে যা কেউ ইতিপূর্বে করেনি।... যখন তোমরা তাঁকে (মাহ্দীকে) দেখবে তাঁর হাতে বায়'আত করবে। এমনকি বরফের উপর হামাগুড়ি দিয়ে হলেও তাঁর নিকট গিয়ে তাঁর হাতে বায়'আত করবে। কারণ, তিনি হবেন আল্লাহ্'র খলীফা মাহ্দী"।

(ইব্নু মাজাহ্ ২/১৩৬৭ 'হাকিম ৪/৪৬৩-৪৬৪)

কারো কারোর মতে উপরোক্ত হাদীসটি দুর্বল। তবে ইমাম যাহাবী ও ইমাম ইব্নু কাসীর (রাহিমাহুমাল্লাহ্) হাদীসটিকে বিশুদ্ধ বলে আখ্যায়িত করেছেন। আল্লামাহ্ আল্বানী (রাহিমাহুল্লাহ্) বলেছেন: উক্ত হাদীসটি অর্থের দিক দিয়ে শুদ্ধ। তবে "তিনি হবেন আল্লাহ্'র খলীফা মাহ্দী" বাক্যটি অশুদ্ধ।

ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) বলেন: উক্ত হাদীসে ধন-ভাণ্ডার বলতে কা'বার ধন-ভাণ্ডারকে বুঝানো হয়েছে। এ ধন-ভাণ্ডার গ্রাস করার জন্য খলীফাদের তিনটি সন্তান পরস্পর দ্বন্দ্ব করবে। এ ভাবেই শেষ যুগ এসে যাবে এবং

ইমাম মাহ্দী বের হবেন। তিনি পূর্ব দিক থেকে বের হবেন।

তিনি আরো বলেন: পূর্বের কিছু লোক তাঁর সহযোগিতা করে তাঁকে পরিপূর্ণ ক্ষমতাশীল করবেন। তাদের ঝাণ্ডাগুলো হবে কালো এবং কালো রংই গাম্ভীর্যের নিদর্শন। কারণ, রাসূল (ﷺ) এর ঝাণ্ডাও ছিলো কালো। তাঁর ঝাণ্ডাখানার নাম ছিলো 'ইক্বাব।

মূল কথা, ইমাম মাহ্দী পূর্ব দিক থেকেই বের হবেন। কা'বা শরীফের পার্শ্বেই তাঁর জন্য বায়'আত গ্রহণ করা হবে। (নিহায়াহ্ ১/২৯-৩০)

বিশুদ্ধ হাদীস থেকে ইমাম মাহ্দীর আবির্ভাবের প্রমাণ:

নিম্নে এমন কিছু বিশুদ্ধ হাদীস উল্লেখ করা হয়েছে যার কোনটিতে ইমাম মাহ্দীর সরাসরি উল্লেখ আর কিছুতে তাঁর গুণাবলীর উল্লেখ রয়েছে।

১. আবূ সা'ঈদ্ খুদ্রী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

يَخْرُجُ فِيْ آخِرِ أُمَّتِيْ الْـمَهْدِيُّ، يَسْقِيْهِ اللهُ الْغَيْثَ، وَتُخْرِجُ الْأَرْضُ نَبَاتَهَا، وَيُعْطَى الْـمَالُ صِحَاحًا، وَتَكْثُرُ الْـمَاشِيَةُ، وَتَعْظُمُ الْأُمَّةُ، يَعِيْشُ سَبْعًا أَوْ ثَمَانِيًا يَعْنِيْ حِجَجًا.

"আমার উম্মতের শেষাংশে মাহ্দী বেরুবে। আল্লাহ্ তা'আলা সে যুগে বেশি বৃষ্টি বর্ষণ করবেন। জমিন প্রচুর ফসল দিবে। সম্পদের সুসম বন্টন হবে। ছাগট-উট বেড়ে যাবে। উম্মতে মুস্লিমাহ্ তখন শক্তিশালী হবে। সে তখন সাত বা আট বছর বেঁচে থাকবে"। ('হাকিম ৪/৫৫৭-৫৫৮)

২. আবূ সা'ঈদ্ খুদ্রী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

أُبَشِّرُكُمْ بِالْـمَهْدِيْ، يُبْعَثُ عَلَى اخْتِلَافٍ مِنَ النَّاسِ وَزَلَازِلَ، فَيَمْلَأُ الْأَرْضَ قِسْطًا وَّعَدْلًا كَمَا مُلِئَتْ جُوْرًا وَّظُلْمًا، يَرْضَى عَنْهُ سَاكِنُ السَّمَاءِ وَسَاكِنُ الْأَرْضِ، يُقَسِّمُ الْـمَالَ صِحَاحًا، قَالَ لَهُ رَجُلٌ: مَا صِحَاحًا؟ قَالَ: بِالسَّوِيَّةِ بَيْنَ النَّاسِ، قَالَ: وَيَمْلَأُ اللهُ قُلُوْبَ أُمَّةِ مُحَمَّدٍ ﷺ غِنًى، وَيَسَعُهُمْ عَدْلُهُ، حَتَّى يَأْمُرَ مُنَادِيًا، فَيُنَادِيْ، فَيَقُوْلُ: مَنْ لَهُ فِيْ مَالٍ حَاجَةٌ؟ فَمَا يَقُوْمُ مِنَ النَّاسِ إِلَّا رَجُلٌ، فَيَقُوْلُ: ائْتِ السَّدَّانَ يَعْنِيْ الْـخَازِنَ، فَقُلْ لَهُ: إِنَّ الْـمَهْدِيَّ يَأْمُرُكَ أَنْ تُعْطِيَنِيْ مَالًا، فَيَقُوْلُ لَهُ: احْثُ، حَتَّى إِذَا حَجَرَهُ وَأَبْرَزَهُ نَـدِمَ، فَيَقُوْلُ: كُنْتُ أَجْشَعَ أُمَّةِ

مُحَمَّدٍ نَفْسًا، أَوَ عَجَزَ عَنِّيْ مَا وَسِعَهُمْ؟!، قَالَ: فَيَرُدُّهُ، فَلَا يُقْبَلُ مِنْهُ، فَيُقَالُ لَهُ: إِنَّا لَا نَأْخُذُ شَيْئًا أَعْطَيْنَاهُ، فَيَكُوْنُ كَذَلِكَ سَبْعَ سِنِيْنَ، أَوْ ثَمَانَ سِنِيْنَ، أَوْ تِسْعَ سِنِيْنَ، ثُمَّ لَا خَيْرَ لِلْعَيْشِ بَعْدَهُ، أَوْ ثُمَّ لَا خَيْرَ فِيْ الْحَيَاةِ بَعْدَهُ.

"আমি তোমাদেরকে মাহ্দীর সুসংবাদ দিচ্ছি। মানুষে মানুষে দ্বন্দ্ব ও ভূমি কম্প যখন বেড়ে যাবে তখনই সে প্রেরিত হবে। তখন সে পুরো বিশ্ব ন্যায় ও ইন্সাফে ভরে দিবে যেমনিভাবে তা ভরে দেয়া হয়েছিলো অন্যায় ও অত্যাচারে। তার উপর ফেরেশ্তারা যেমন সন্তুষ্ট থাকবেন তেমন মানুষও। তখন সম্পদের সুসম বন্টন হবে। আল্লাহ্ তা'আলা উম্মতে মুহাম্মদীর অন্তরসমূহ অমুখাপেক্ষিতায় ভরে দিবেন। মাহ্দীর ইন্সাফই তাদের জন্য যথেষ্ট হবে। একদা সে জনৈক ব্যক্তিকে পাঠাবে মানুষকে এ কথা ডেকে বলে দিতে যে, কার সম্পদের প্রয়োজন রয়েছে? তখন একটি মাত্র লোক দাঁড়িয়ে বলবে: আমার সম্পদের প্রয়োজন রয়েছে। তখন সে বলবে: সম্পদের প্রয়োজন থাকলে আমার কোষাধ্যক্ষকে গিয়ে বলবে: মাহ্দী তোমাকে আদেশ করছেন আমাকে সম্পদ দিতে। তখন সে বলবে: যা পারো অঞ্জলী ভরে নিয়ে নাও। যখন সে নিতে নিতে সম্পদের একটি স্তূপ বানিয়ে ফেলবে তখন সে লজ্জিত হয়ে বলবে: আমিই তো এ উম্মতের মধ্যকার লোভী মানুষটি। যা বন্টন করা হচ্ছে তা সবার যথেষ্ট আমার যথেষ্ট হবে না কেন?! তখন সে তা ফেরত দিবে। কিন্তু তা আর ফেরত নেয়া হবে না। বরং তাকে বলা হবে: আমরা যা কাউকে একবার দেই তা আর ফেরত নেই না। এভাবেই সে সাত, আট বা নয় বছর কাটিয়ে দিবে। তার ইন্তিকালের পর দুনিয়াতে বেঁচে থাকার আর কোন ফায়েদা নেই"। (আহ্মাদ্ ৩/৩৭)

কারো কারোর নিকট উপরোক্ত হাদীসটি দুর্বল। তবে আল্লামাহ্ হাইসামী হাদীসটিকে বিশুদ্ধ বলে আখ্যায়িত করেছেন।

৩. আলী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

الْـمَهْدِيُّ مِنَّا أَهْلَ الْبَيْتِ، يُصْلِحُهُ اللهُ فِيْ لَيْلَةٍ.

"মাহ্দী আমারই বংশধর হবে। আল্লাহ্ তা'আলা তাকে একই রাত্রে উপযুক্ত বানিয়ে দিবেন"। (আহ্মাদ্ ২/৫৮ ইব্নু মাজাহ্ ২/১৩৬৭)

৪. আবূ সা'ঈদ্ খুদ্‌রী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

الْـمَهْدِيُّ مِنِّيْ أَجْلَى الْـجَبْهَةِ، أَقْنَى الْأَنْفِ، يَمْلَأُ الْأَرْضَ قِسْطًا وَّعَدْلًا كَمَا مُلِئَتْ ظُلْمًا وَّجُوْرًا، يَمْلِكُ سَبْعَ سِنِيْنَ.

"মাহ্‌দী আমারই বংশধর। তাঁর মাথার অগ্রভাগে কোন চুল থাকবে না। তাঁর নাকের বাঁশি হবে লম্বা এবং মধ্যভাগ হবে ঢালু। সে পুরো বিশ্ব ন্যায় ও ইন্‌সাফে ভরে দিবে যেমনিভাবে তা ভরে দেয়া হয়েছিলো অন্যায় ও অত্যাচারে। সে সাত বছর ক্ষমতাসীন থাকবে"।

(আবূ দাউদ ১১/৩৭৫ 'হাকিম ৪/৫৫৭)

৫. উম্মে সালামাহ্ (রাযিয়াল্লাহু আন্‌হা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

الْـمَهْدِيُّ مِنْ عِتْرَتِيْ، مِنْ وَلَدِ فَاطِمَةَ.

"মাহ্‌দী আমারই বংশধর ; ফাতিমার সন্তান"।

(আবূ দাউদ ১১/৩৭৩ ইব্‌নু মাজাহ্ ২/১৩৬৮)

৬. জাবির (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يَنْزِلُ عِيْسَى ابْنُ مَرْيَمَ، فَيَقُوْلُ أَمِيْرُهُمْ الْـمَهْدِيُّ: تَعَالَ صَلِّ بِنَا، فَيَقُوْلُ: لَا، إِنَّ بَعْضَهُمْ أَمِيْرُ بَعْضٍ، تَكْرِمَةَ اللهِ هَذِهِ الْأُمَّةَ.

"ঈসা বিন্ মারইয়াম (আলাইহিস্ সালাম) অবতীর্ণ হবেন। তখন মুসলমানদের আমীর মাহ্‌দী 'ঈসা (আলাইহিস্ সালাম) কে উদ্দেশ্য করে বলবে: আসুন, নামাযের ইমামতি করুন। তখন তিনি বলবেন: না, বরং উম্মাতে মুহাম্মাদীর একে অপরের আমীর। এটা আল্লাহ্ তা'আলার পক্ষ থেকে এ উম্মতের প্রতি এক বিরাট সম্মান"।

(ইব্‌নুল্ ক্বাইয়ি/আল্-মানারুল্ মুনীফ ১৪৭-১৪৮ সুয়ূত্বী/ আল্-'হাভী ২/৬৪)

৭. আবূ সা'ঈদ্ খুদ্‌রী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

مِنَّا الَّذِيْ يُصَلِّيْ عِيْسَى ابْنُ مَرْيَمَ خَلْفَهُ.

"সে আমারই বংশধর যার পেছনে 'ঈসা বিন্ মারইয়াম (عليه السلام) নামায আদায় করবেন"। (স'হী'হুল্ জামি', হাদীস ৫৭৯৬)

৮. আব্দুল্লাহ্ বিন্ মাস্'ঊদ্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন:

لَا تَذْهَبُ أَوْ لَا تَنْقَضِيْ الدُّنْيَا حَتَّى يَمْلِكَ الْعَرَبَ رَجُلٌ مِنْ أَهْلِ بَيْتِيْ، يُوَاطِئُ اسْمُهُ اسْمِيْ، وَفِيْ رِوَايَةٍ: يُوَاطِئُ اسْمُهُ اسْمِيْ وَاسْمُ أَبِيْهِ اسْمَ أَبِيْ.

"দুনিয়া নিঃশেষ হবে না যতক্ষণ না আরবদের অধিপতি হবে আমারই বংশের একজন। যার নাম হবে আমারই নাম। অন্য বর্ণনায় রয়েছে, যার নাম হবে আমারই নাম এবং তার পিতার নাম হবে আমার পিতার নাম"।

(আবূ দাউদ ১১/৩৭০)

৯. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

كَيْفَ أَنْتُمْ إِذَا نَزَلَ ابْنُ مَرْيَمَ فِيْكُمْ، وَإِمَامُكُمْ مِنْكُمْ.

"তোমাদের কেমন লাগবে! যখন 'ঈসা বিন্ মারইয়াম (عليه السلام) তোমাদের মাঝে অবতীর্ণ হবেন। তখন তোমাদের ইমাম তোমাদের মধ্য থেকেই হবে"। (বুখারী ৩৪৪৯; মুসলিম ১৫৫)

১০. জাবির বিন্ আব্দুল্লাহ্ (রাযিয়াল্লাহু আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِيْ يُقَاتِلُوْنَ عَلَى الْحَقِّ ظَاهِرِيْنَ إِلَى يَوْمِ الْقِيَامَةِ، قَالَ: فَيَنْزِلُ عِيْسَى ابْنُ مَرْيَمَ (عليه السلام)، فَيَقُوْلُ أَمِيْرُهُمْ: تَعَالَ، صَلِّ لَنَا، فَيَقُوْلُ: لَا، إِنَّ بَعْضَكُمْ عَلَى بَعْضٍ أُمَرَاءُ، تَكْرِمَةَ اللهِ هَذِهِ الْأُمَّةَ.

"সর্বদা আমার উম্মতের একটি দল কিয়ামত পর্যন্ত সত্যের উপর যুদ্ধ করে জয়ী হবে। অতঃপর 'ঈসা বিন্ মার্ইয়াম (عليه السلام) অবতীর্ণ হবেন। তখন মুসলমানদের আমীর বলবে: আসুন, নামাযের ইমামতি করুন। তখন তিনি বলবেন: না, বরং তোমাদের মধ্য থেকে একে অপরের আমীর। এটা আল্লাহ্ তা'আলার পক্ষ থেকে এ উম্মতের প্রতি এক বিরাট সম্মান"। (মুসলিম ১৫৬)

১১. আবূ সা'ঈদ্ খুদ্রী ও জাবির বিন্ আব্দুল্লাহ্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তাঁরা বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يَكُوْنُ فِيْ آخِرِ الزَّمَانِ خَلِيْفَةٌ يَقْسِمُ الْمَالَ وَلَا يَعُدُّهُ.

"শেষ যুগে এমন একজন খলীফা হবেন যিনি হিসাব ছাড়া মানুষের মাঝে সম্পদ বন্টন করবেন"। (মুসলিম ২৯১৩, ২৯১৪)

মাহ্দী সংক্রান্ত হাদীসগুলো মুতাওয়াতির:

উক্ত হাদীস ও অন্যান্য হাদীস থেকে এ কথা বুঝা যায় যে, মাহ্দী সংক্রান্ত হাদীসগুলো অর্থের দিক দিয়ে মুতাওয়াতির। মুতাওয়াতির হাদীস বলতে বর্ণন ধারার শুরু থেকে শেষ পর্যন্ত সর্ব যুগে বর্ণনাকারীদের এমন এক জনগোষ্ঠীর বর্ণনাকেই বুঝানো হয় যাদের মিথ্যা বলা স্বভাবতই অসম্ভব।

এ ব্যাপারে নিম্নে কয়েকজন বিশিষ্ট আলিমের মতামত তুলে ধরা হয়েছে:

১. হাফিয আবূল হাসান সিজিস্তানী (রাহিমাহুল্লাহ্) বলেন: "মুতাওয়াতির হাদীস দ্বারা এ কথা প্রমাণিত যে, একদা ইমাম মাহ্দী আবির্ভূত হবেন। তিনি হবেন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর বংশধর। তিনি সাত বছর ক্ষমতাসীন থাকবেন। পুরো বিশ্ব ন্যায় ও ইন্সাফ দিয়ে ভরে দিবেন। একদা 'ঈসা (আলাইহিস সালাম) অবতীর্ণ হয়ে দাজ্জাল হত্যায় তাঁর সহযোগিতা করবেন। তিনিই তখন এ উম্মতের ইমামতি করবেন। 'ঈসা (আলাইহিস সালাম) তাঁর পেছনেই নামায আদায় করবেন"। (ফাত্'হুল-বারী ৬/৪৯৩-৪৯৪ তাহ্যীবুল-কামাল ৩/১১৯৪)

২. শায়েখ মুহাম্মাদ আল-বারাযাঞ্জী (রাহিমাহুল্লাহ্) তাঁর "আল-'ইশা'আহ্ লি-আশরাত্বিস্ সা'আহ্" নামক কিতাবে বলেন: ইমাম মাহ্দী সংক্রান্ত হাদীসগুলো বর্ণনার ভিন্নতার দরুন তা সীমাহীন।

তিনি আরো বলেন: মাহ্দী সংক্রান্ত হাদীসগুলো অর্থের দিক দিয়ে মুতাওয়াতির। তিনি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর মেয়ে ফাতিমার বংশধর।

(আল-'ইশা'আহ্ : ৮৭, ১১২)

৩. 'আল্লামাহ্ মুহাম্মাদ আস-সাফ্ফারিনী (রাহিমাহুল্লাহ্) বলেন: মাহ্দী সংক্রান্ত হাদীসগুলো এতো বেশি যে, তা অর্থের দিক দিয়ে মুতাওয়াতিরের পর্যায়ে পৌঁছে গিয়েছে। এমনকি তা আহ্লে সুন্নাত ওয়াল-জামা'আতের বিশেষ আক্বীদাভুক্তও বটে।

তিনি আরো বলেন: "মাহ্দী সংক্রান্ত হাদীসগুলো বহু সাহাবায়ে কিরাম ও তাবি'য়ীনে 'ইযাম থেকে বর্ণিত হওয়ার দরুন তা এ কথা প্রমাণ করে যে,

ইমাম মাহ্দীর আবির্ভাব একেবারেই সুনিশ্চিত এবং এর উপর ঈমান আনা একান্ত ওয়াজিব"। (লাওয়ামি'উল-আন্হারিল-বাহিয়্যাহ্ ২/৮৪)

৪. ইমাম শাওকানী (রাহিমাহুল্লাহ্) বলেন: "এ পর্যন্ত মাহ্দী সংক্রান্ত যে হাদীসগুলো জানা সম্ভব হয়েছে তা সর্বমোট পঞ্চাশটি। নিঃসন্দেহে তা মুতাওয়াতির। কারণ, এর কম সংখ্যক হাদীসের উপরও কখনো মুতাওয়াতির শব্দ ব্যবহার করা হয়। তেমনিভাবে মাহ্দী সংক্রান্ত সাহাবাদের সুস্পষ্ট বর্ণনাও অনেক। যা রাসূলের হাদীস বলেই গণ্য করা হয়। কারণ, এ জাতীয় কথা ওহী ছাড়া নিজ আন্দাজে বলা কখনোই সম্ভবপর নয়"। (আল-ইযা'আহ্ : ১১৩-১১৪)

৫. 'আল্লামাহ্ সিদ্দীক হাসান খান (রাহিমাহুল্লাহ্) বলেন: "মাহ্দী সংক্রান্ত হাদীসগুলো অনেক বেশি। যা অর্থের দিক দিয়ে মুতাওয়াতিরের পর্যায়ে পড়ে"। (আল-ইযা'আহ্ : ১১২)

৬. শায়েখ মুহাম্মাদ বিন্ জা'ফর আল-কাত্তানী (রাহিমাহুল্লাহ্) বলেন: "মোটকথা, ইমাম মাহ্দী, দাজ্জাল ও 'ঈসা (عليه السلام) সংক্রান্ত হাদীসগুলো মুতাওয়াতির"। (নায্মুল-মুতানাসির : ১৪৭)

ইমাম মাহ্দী সংক্রান্ত বিশেষ কয়েকটি কিতাব:

হাদীসের কিতাবসমূহ। যেমন: আবূ দাউদ, নাসায়ী, তিরমিযী, ইব্নু মাজাহ্, মুস্নাদে আহ্মাদ, মুস্নাদে বায্যার, মুস্নাদে আবী ইয়া'লা, মুস্নাদে 'হারিস্ বিন্ আবী উসামাহ্, মুস্তাদ্রাকে 'হাকিম, মুসান্নাফে ইব্নু আবী শাইবাহ্, স'হীহ্ ইব্নু খুযাইমাহ্ ইত্যাদি ইত্যাদি।

এ ছাড়াও যে কিতাবগুলো শুধু ইমাম মাহ্দীর উপরেই লেখা হয়েছে তার কিছু নিম্নরূপ:

১. হাফিয আবূ বকর ইব্নু আবী খাইসামাহ্'র "আহাদীসুল-মাহ্দী"।

২. ইমাম সুয়ূত্বীর "আল-'উর্ফুল-ওয়ার্দী ফী আখবারিল-মাহ্দী"।

৩. ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) এর "আল-মাহ্দী"।

৪. 'আলী মুত্তাক্বীর "আল-ইমামুল-মাহ্দী"।

৫. ইব্নু 'হাজার মাক্কীর "আল-ক্বাওলুল-মুখতাসার ফী 'আলামাতিল-মাহ্দী আল-মুন্তাযার"।

৬. মোল্লা 'আলী আল-ক্বারীর "আল-মাশ্রাবুল-ওয়ার্দী ফী মায্হাবিল-মাহ্দী"।

৭. মার'য়ী বিন্ ইউসুফের ''ফাওয়াইদুল-ফিক্র ফী যুহুরিল-মুন্তাযার''।

৮. ইমাম শাওকানীর ''আত-তাওযীহ্ ফী তাওয়াতুরি মা জাআ ফিল-মাহ্দিল-মুন্তাযারি ওয়াদ্দাজ্জালি ওয়াল-মাসীহ্''।

৯. মুহাম্মাদ্ বিন্ ইস্মা'ঈল্ আল-ইয়ামানীর ''আহাদীসুল-মাহ্দী''।

মাহ্দীর হাদীস অস্বীকারকারীদের সন্দেহের উত্তরঃ

পূর্বের হাদীসসমূহ থেকে এ কথা নিশ্চিতভাবে জানা গেলো যে, শেষ যুগে ইমাম মাহ্দী (রাহিমাহুল্লাহ্) আবির্ভূত হবেন। তিনি হবেন একজন ইনসাফ প্রতিষ্ঠাকারী শাসক। এ কথাও জানা হলো যে, এ সংক্রান্ত হাদীসগুলো অর্থের দিক দিয়ে মুতাওয়াতির।

এরপরও আফসোসের সাথে বলতে হয় যে, বর্তমান যুগের কিছু সংখ্যক আলিম এ সংক্রান্ত হাদীসগুলোকে পরস্পর বিরোধী এবং বাতিল বলে আখ্যা দিয়েছেন। তাঁরা বলেনঃ মাহ্দীর ব্যাপারটি শিয়াদের কল্পকাহিনী মাত্র। পরবর্তীতে তা সুন্নীদের কিতাবে জায়গা করে নিয়েছে।

কেউ কেউ এ ব্যাপারে ঐতিহাসিক ইব্নু খালদূনের কথাও উল্লেখ করেন। কারণ, তিনি মাহ্দী সংক্রান্ত অনেকগুলো হাদীসকে দুর্বল সাব্যস্ত করেছেন। মূলতঃ ইব্নু খালদূন (রাহিমাহুল্লাহ্) ঐতিহাসিক ছিলেন সত্যিই। তবে তিনি হাদীস শুদ্ধাশুদ্ধ নির্ণয়ের ব্যাপারে কখনো চূড়ান্ত গ্রহণযোগ্য ব্যক্তি ছিলেন না। সুতরাং দ্বন্দ্বের সময় তাঁর কথা এ ব্যাপারে কখনো মানা যাবে না। এরপরও তিনি বলেন:

فَهٰذِهِ جُمْلَةُ الْأَحَادِيْثِ الَّتِيْ خَرَّجَهَا الْأَئِمَّةُ فِيْ شَأْنِ الْمَهْدِيِّ وَخُرُوْجِهِ آخِرَ الزَّمَانِ، وَهِيَ - كَمَا رَأَيْتَ - لَمْ يَخْلُصْ مِنْهَا مِنَ النَّقْدِ إِلَّا الْقَلِيْلُ أَوِ الْأَقَلُّ مِنْهُ.

"এগুলো মাহ্দী সংক্রান্ত কিছু হাদীস। যা আইম্মায়ে কিরাম উল্লেখ করেছেন এবং তাঁরা বলেছেনঃ তিনি শেষ যুগেই আবির্ভূত হবেন। তবে পাঠক সমাজ দেখতেই পাচ্ছেন, এগুলোর কিয়দংশই শুধুমাত্র ত্রুটিমুক্ত। যা একেবারে সামান্যই"। (মুক্বাদ্দামাহ্ : ৫৭৪)

তাঁর উপরোক্ত কথায় বুঝা যায় যে, কিছু হাদীস তো অবশ্যই ত্রুটিমুক্ত। যেখানে একটি হাদীসই যথেষ্ট আর সেখানে অনেকগুলো শুদ্ধ হাদীসই পাওয়া যাচ্ছে। যা অর্থের দিক দিয়ে মুতাওয়াতিরের পর্যায়ে পড়ে।

আল্লামাহ্ আহ্মেদ শাকির বলেন: ঐতিহাসিক ইব্নু খালদূন (রাহিমাহুল্লাহ্) মুহাদ্দিসীনদের নিম্নোক্ত বাক্যটি ভালোভাবে অনুধাবন করতে পারেননি। বাক্যটি হলো: "সাপোর্টের চাইতে প্রত্যাখ্যানই অগ্রগণ্য"

তিনি যদি মুহাদ্দিসীনদের কথাটি পুরোভাবে অনুধাবন করতে পারতেন তা হলে তিনি এমন কথা কখনোই বলতে পারতেন না। তবে এমনো হতে পারে যে, তিনি মুহাদ্দিসীনদের কথাটি পুরোভাবে অনুধাবন করতে পেরেছেন। তবে তিনি রাজনৈতিক প্রতিপক্ষের প্রতি অত্যধিক বিদ্বেষের কারণেই মাহ্দী সংক্রান্ত হাদীসগুলোকে দুর্বল ও অগ্রহণযোগ্য বলে আখ্যায়িত করেন।

তিনি আরো বলেন: ইব্নু খালদূন (রাহিমাহুল্লাহ্) মাহ্দী সংক্রান্ত হাদীসগুলোর বর্ণনাকারীদের ব্যাপারে অনেকগুলো ভুল তথ্য দিয়েছেন। তেমনিভাবে হাদীসগুলোর ভুলত্রুটি বর্ণনা করার ব্যাপারেও তিনি অনেকগুলো ভুলের আশ্রয় নিয়েছেন। তিনি এ কথাও বলেন যে, হয়তো বা এগুলো ছাপার ভুলও হতে পারে। (মুস্নাদে আহ্মাদের টিকা ৫/১৯৭-১৯৮)

মাহ্দী সংক্রান্ত হাদীসগুলো অস্বীকারকারীরা 'আল্লামাহ্ রশিদ রেযার কথাও উল্লেখ করে থাকেন।

'আল্লামাহ্ রশিদ রেযা বলেন: মাহ্দী সংক্রান্ত হাদীসগুলোর পারস্পরিক দ্বন্দ্ব অত্যন্ত শক্তিশালী। এরই চাইতে বর্ণনাগুলোর মাঝে সমন্বয় সাধন করা আরো কঠিন। তাই এর অস্বীকারকারীরাও অনেক বেশি। হয়তো বা এ কারণেই ইমাম বুখারী ও মুসলিম (রাহিমাহুমাল্লাহ্) এ সংক্রান্ত কোন হাদীস তঁদের কিতাবদ্বয়ে উল্লেখ করেননি এবং এ কারণেই এ নিয়ে মুসলিম উম্মাহ্'র মাঝে বহু ফিতনা ও ফাসাদ সৃষ্টি হয়।

(তাফসীরুল মানার : ৯/৪৯৯)

'আল্লামাহ্ রশিদ রেযা এ সংক্রান্ত কিছু হাদীসের পরস্পর দ্বন্দ্বও নমুনা সরূপ উল্লেখ করেন। তিনি বলেন: আহ্লে সুন্নাত ওয়াল-জামা'আতের নিকট প্রসিদ্ধ বর্ণনা হচ্ছে, তাঁর নাম মুহাম্মাদ বিন্ আব্দুল্লাহ্। অন্য বর্ণনায় রয়েছে, আহ্মাদ বিন্ আব্দুল্লাহ্। শিয়ারা বলে: তাঁর নাম মুহাম্মাদ বিন্ 'হাসান আল-'আস্কারী। তিনি এগারো নম্বর নিষ্পাপ ইমাম। যাকে 'হুজ্জাত, ক্বায়িম এবং মুন্তাযিরও বলা হয়। কাইসানীদের নিকট তাঁর নাম মুহাম্মাদ বিন্ আল-'হানাফিয়্যাহ্। তারা বলে: তিনি আজও জীবিত এবং রেযওয়া পাহাড়ে বসবাসরত।

তিনি আরো বলেন: প্রসিদ্ধ কথা হচ্ছে, তিনি 'আলীর সন্তান 'হাসানের বংশধর। অন্য বর্ণনায় রয়েছে, তিনি 'আলীর সন্তান 'হুসাইনের বংশধর। যা শিয়াদেরও কথা। অন্য বর্ণনায় রয়েছে, তিনি 'আব্বাসের বংশধর।

তিনি আরো বলেন: এ কথা অকাট্য সত্য যে, অনেকগুলো ইসরাঈলী বর্ণনা হাদীসের কিতাবসমূহে অবস্থান করে নিয়েছে। অতএব মাহ্দী সংক্রান্ত হাদীসগুলোর অধিকাংশই হয়তো বা এ ধরনেরই। অনুরূপভাবে 'আলাভী, 'আব্বাসী ও পারসীক হঠকারিতাও মাহ্দী সংক্রান্ত হাদীসগুলোর জন্ম দিতে পারে। কারণ, তাদের প্রত্যেক দলই বিশ্বাস করে যে, একদা ইমাম মাহ্দী তাদের মধ্য থেকেই আসবেন। ইহুদী ও পারস্যবাসীরা হয়তো বা এমন হাদীস এ জন্যই রচনা করেছে যেন মুসলমানরা মাহ্দীর উপর নির্ভরশীল হয়ে ধর্মীয় ব্যাপারে হাত-পা গুটিয়ে বসে থাকে। কারণ, তিনিই তো একদা পুরো বিশ্বে ইসলাম ধর্ম প্রতিষ্ঠা করবেন।

আমরা ইতিপূর্বে জেনেছি যে, মাহ্দী সংক্রান্ত হাদীসগুলো শুদ্ধ এবং তা অর্থের দিক দিয়ে মুতাওয়াতির। যদিও অন্যান্য বিষয়ের মতো এ বিষয়েও যয়ীফ এবং জাল হাদীস থাকতে পারে। আর সকল শুদ্ধ হাদীস যে বুখারী এবং মুসলিমেই রয়েছে তাও কিন্তু সঠিক কথা নয়। বরং অনেকগুলো শুদ্ধ হাদীস সুনান, মাসানীদ, মা'আজিম ইত্যাদিতেও রয়েছে।

ইমাম ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) বলেন: ইমাম বুখারী ও মুসলিম এমন দায়িত্ব তো নেননি যে, তাঁরা সকল শুদ্ধ হাদীসসমূহ নিজ কিতাবদ্বয়ে উল্লেখ করবেন। বরং এমন অনেক হাদীসও তো পাওয়া যায় যা তাঁরা শুদ্ধ বলেছেন; অথচ তাঁরা তা বুখারী ও মুসলিমে উল্লেখ করেননি। যেমন: ইমাম তিরমিযী (রাহিমাহুল্লাহ্) এ জাতীয় কিছু হাদীস তাঁর কিতাবে উল্লেখ করেন। (আল-বা'য়িসুল 'হাসীস ২৫)

হাদীস ভাণ্ডারে যে ইসরাঈলী বর্ণনা এবং কট্টরপন্থীদের বর্ণনাও স্থান করে নিয়েছে তা অবশ্যই সঠিক। তবে হাদীস বিশারদগণ তো তা যাচাই-বাছাই করে সেগুলোর শুদ্ধাশুদ্ধ নির্ণয় করেছেন। এমনকি তাঁরা জাল ও দুর্বল হাদীস সম্পর্কে অনেকগুলো গ্রন্থও রচনা করেছেন। উপরন্তু তাঁরা হাদীস বর্ণনাকারীদের সম্পর্কে অনেকগুলো সূক্ষ্ম সূক্ষ্ম সূত্রও রচনা করেছেন। যার দরুন এমন কোন বিদ্'আতী বা মিথ্যুক বাকি থাকেনি যাদের কুৎসিত চেহারা জনসমক্ষে উন্মুক্ত করে দেয়া হয়নি। এভাবেই আল্লাহ্ তা'আলা হাদীস ভাণ্ডারটিকে বাতিলপন্থীদের হাত থেকে রক্ষা করেছেন। তাই আমরা

মাহ্দী সংক্রান্ত কিছু জাল হাদীস অবলোকন করে এ সংক্রান্ত সঠিক ও শুদ্ধ হাদীসগুলো কখনো প্রত্যাখ্যান করতে পারি না। যে হাদীসগুলোতে মাহ্দী ও তাঁর পিতার নাম এবং তাঁর বৈশিষ্ট্যসমূহ বর্ণনা করা হয়েছে। সুতরাং মাহ্দী সংক্রান্ত কারোর অমূলক দাবি যেন আমাদেরকে বিচলিত না করে। কারণ, যখন আল্লাহ্ তা'আলা চাবেন তখনই তিনি মাহ্দীর প্রকাশ ঘটাবেন এবং মানুষও তাঁর গুণ-বৈশিষ্ট্য দেখেই তাঁকে চিনে ফেলবে। এ জন্য কারোর সমর্থন যোগানোর কোন প্রয়োজন হবে না।

আর এ সংক্রান্ত শুদ্ধ হাদীসগুলোও কখনো পরস্পর দ্বন্দ্বপূর্ণ নয়। বরং দ্বন্দ্ব দেখা দিয়েছে শুদ্ধাশুদ্ধ সকল প্রকারের হাদীসসমূহের মাঝে। যা আমাদের কোন চিন্তারই বিষয় নয়। তেমনিভাবে এ বিষয়ে শিয়া-সুন্নী দ্বন্দ্বও কোন গুরুত্বপূর্ণ বিষয় নয়। আমাদের যা দেখার বিষয় তা হচ্ছে একমাত্র কুর'আন মাজীদ ও প্রিয় নবীর বিশুদ্ধ হাদীস ভাণ্ডার।

এ জন্যই 'আল্লামাহ্ ইব্নুল কায়্যিম (রাহিমাহুল্লাহ্) বলেন: শিয়া ইমামীরা বলে থাকে যে, মাহ্দী হচ্ছেন মুহাম্মাদ বিন্ 'হাসান আল-'আস্কারী। যাঁর অপেক্ষায় তারা সর্বদা ব্যস্ত রয়েছে। যিনি 'আলীর সন্তান 'হুসাইনের বংশধর। 'হাসানের বংশধর নয়। তিনি এখনো বেঁচে আছেন। তবে সবার চোখেরই অন্তরালে। ছোট বেলায় তিনি সামুর্রা' নামক সুড়ঙ্গে অবস্থান নিয়েছেন। যা আজ থেকে প্রায় আরো পাঁচ শত বছর আগের কথা। তাঁকে এরপর আর কখনো দেখা যায়নি। এমনকি তাঁর কোন খবরাখবরও পাওয়া যায়নি। তবুও তারা প্রতিদিন একটি সুসজ্জিত ঘোড়া নিয়ে উক্ত সুড়ঙ্গের দরোজায় তাঁর অপেক্ষায় রয়েছে। চিৎকার দিয়ে তাঁকে ডাকছে, হে আমাদের মাওলা! আপনি তাড়াতাড়ি বের হয়ে আসুন ; অথচ তারা তাঁকে না পেয়ে বার বার নিষ্ফল হয়ে ফিরে আসছে। তারা আদম সন্তানের জন্য এক বড়ো লজ্জা। যা শুনে যে কোন বুদ্ধিমান না হেঁসে পারে না।

(আল-মানারুল মুনীফ ১৫২-১৫৩)

"লা মাহ্দিয়্যা ইল্লা 'ঈসাব্নু মারইয়ামা" হাদীসের উত্তর:

মাহ্দী সংক্রান্ত হাদীস অস্বীকারকারী কোন কোন ব্যক্তি নিম্নোক্ত হাদীসটি তাদের প্রমাণ হিসেবে উল্লেখ করে থাকেন। যা নিম্নে উত্তর সহ বর্ণিত হলো।

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا يَـزْدَادُ الْأَمْـرُ إِلَّا شِـدَّةً، وَلَا الـدُّنْيَا إِلَّا إِدْبَـارًا، وَلَا النَّـاسُ إِلَّا شُـحًّا، وَلَا تَقُـوْمُ السَّاعَةُ إِلَّا عَلَى شِرَارِ النَّاسِ وَلَا الْـمَهْدِيُّ إِلَّا عِيْسَى ابْنَ مَرْيَمَ.

"দিন দিন সকল ব্যাপার কঠিন হয়ে যাবে। দুনিয়া ক্ষয় হবে। মানুষ কৃপণ হবে। সর্ব নিকৃষ্ট মানুষসমূহের উপরই একদা কিয়ামত কায়িম হবে। আর মাহ্দী হচ্ছেন 'ঈসা বিন্ মারইয়াম (عليه السلام)"।

(ইব্নু মাজাহ্ ২/১৩৪০-১৩৪১ 'হাকিম ৪/৪৪১-৪৪২)

উক্ত হাদীসটি দুর্বল। কারণ, এর বর্ণনাকারীদের মধ্যে রয়েছেন মুহাম্মাদ বিন্ খালিদ আল-জুন্দী।

ইমাম যাহাবী (রাহিমাহুল্লাহ্) বলেন: আল্লামাহ্ আয্দী বলেন: মুহাম্মাদ বিন্ খালিদ আল-জুন্দী মুন্কার হাদীস বর্ণনা করে থাকেন। ইমাম আবূ আব্দুল্লাহ্ 'হাকিম বলেন: তিনি অজ্ঞাত। ইমাম যাহাবী বলেন: তাঁর হাদীস "লা মাহ্দিয়্যা ইল্লা 'ঈসাব্নু মারইয়ামা" হাদীসটি মুন্কার তথা অগ্রহণযোগ্য। (মীযানুল ই'তিদাল ৩/৫৩৫)

শায়খুল ইসলাম 'আল্লামাহ্ ইব্নু তাইমিয়্যাহ্ (রাহিমাহুল্লাহ্) বলেন: উক্ত হাদীসটি দুর্বল। তবুও আবূ মুহাম্মাদ ইব্নুল ওয়ালীদ আল-বাগদাদী এবং অন্যান্যরা উক্ত হাদীসটিকে নির্ভরযোগ্য হাদীস বলে ধারণা করেছেন ; অথচ তা নির্ভরযোগ্য হাদীস নয়। ইমাম ইব্নু মাজাহ্ (রাহিমাহুল্লাহ্) ইউনুস থেকে, ইউনুস ইমাম শাফি'য়ী (রাহিমাহুল্লাহ্) থেকে, ইমাম শাফি'য়ী মুহাম্মাদ বিন্ খালিদ আল-জুন্দী নামক জনৈক ইয়েমেনী থেকে হাদীসটি বর্ণনা করেন ; অথচ তার হাদীস কখনো প্রমাণযোগ্য নয় এবং উক্ত হাদীসটি ইমাম শাফি'য়ীর মুস্নাদেও পাওয়া যায় না। কেউ কেউ বলেন: ইমাম শাফি'য়ী (রাহিমাহুল্লাহ্) উক্ত হাদীসটি সরাসরি মুহাম্মাদ বিন্ খালিদ আল-জুন্দী থেকে শুনেননি। তেমনিভাবে ইউনুসও উক্ত হাদীসটি সরাসরি ইমাম শাফি'য়ী (রাহিমাহুল্লাহ্) থেকে শুনেনি। (মিন্হাজুস সুন্নাহ্ ৪/২১১)

আল্লামাহ্ 'হাফিয ইব্নু 'হাজার (রাহিমা'হুল্লাহ্) বলেন: মুহাম্মাদ বিন্ খালিদ আল-জুন্দী নামক লোকটি অজ্ঞাত। (তাক্বরীবুত তাহ্যীব ২/১৫৭)

তবে আল্লামাহ্ ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) এ ব্যাপারে দ্বিমত পোষণ করেন। তিনি বলেন: উক্ত হাদীসটি সুপ্রসিদ্ধ যা ইমাম শাফি'য়ীর উস্তাদ বিশিষ্ট মুআয্যিন মুহাম্মাদ বিন্ খালিদ আল-জুন্দী আস-সান'আনী বর্ণনা করেন। তিনি ছাড়াও উক্ত হাদীসটি আরো অন্যান্যরা বর্ণনা করেছেন।

অতএব তিনি অজ্ঞাত কেউ নন। যা ইমাম 'হাকিম ধারণা করেছেন। বরং ইমাম ইব্নু মা'ঈন (রাহিমাহুল্লাহ্) তাঁকে বিশ্বস্ত বলে আখ্যায়িত করেন। তবে কোন কোন বর্ণনাকারী উক্ত হাদীসটিকে তাঁরই মাধ্যমে আবান বিন্ আবী 'আইয়াস সূত্রে 'হাসান বসরী (রাহিমাহুল্লাহ্) থেকে মুরসাল রূপে বর্ণনা করেন। আমার উস্তাদ আবূল 'হাজ্জাজ মিয্যী (রাহিমাহুল্লাহ্) তাঁর কিতাব তাহ্যীবুল কামালে জনৈক ব্যক্তি থেকে বর্ণনা করেন যে, একদা তিনি স্বপ্ন যোগে ইমাম শাফি'য়ী (রাহিমাহুল্লাহ্) কে দেখেছেন। তিনি বলেন: ইউনুস বিন্ আব্দুল আ'লা স্বাদাফী আমার উপর মিথ্যারোপ করেছে। আমি এমন হাদীস কখনো বলিনি। ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) বলেন: ইউনুস নির্ভরযোগ্য বর্ণনাকারী। স্বপ্ন দিয়ে তাঁর কোন সমালোচনা করা যাবে না।

তবে উক্ত হাদীসটি প্রকাশ্য দৃষ্টিতে মাহ্দী সংক্রান্ত অন্যান্য হাদীস বিরোধী। তাই অন্যান্য হাদীসগুলোকে 'ঈসা (আলাইহিস সালাম) অবতীর্ণ হওয়ার পূর্বেরই ধরতে হবে। তবে পরের ধরলেও কোন অসুবিধে নেই। কারণ, চিন্তা করলে তা বিপরীতমুখী মনে হয় না। বরং বলতে হয়, সত্যিকার মাহ্দী হচ্ছেন 'ঈসা (আলাইহিস সালাম)। তবে তিনি ছাড়া অন্য আরেক জনও তো মাহ্দী হতে পারেন। এতে কোন সন্দেহ নেই। (আন-নিহায়াহ্ ১/৩২)

ইমাম কুরত্বী (রাহিমাহুল্লাহ্) বলেন: হয়তো বা উক্ত হাদীসের অর্থ এই যে, সম্পূর্ণরূপে নিষ্পাপ মাহ্দী হচ্ছেন 'ঈসা (আলাইহিস সালাম)। আর এভাবেই তখন সব ধরনের হাদীসগুলোর মাঝে সমন্বয় সাধন করা সম্ভব হবে। তখন আর পরস্পরের মধ্যে কোন দ্বন্দ্ব থাকবে না।

(আত-তাযকিরাহ্ ফী আহ্ওয়ালিল মাউতা' ৬১৭)

অতএব উক্ত হাদীসটিকে শুদ্ধ ধরে নিলেও তা অন্যান্য হাদীসের মুকাবিলায় কখনো গ্রহণযোগ্য হতে পারে না। কারণ, সেগুলোর বিশুদ্ধতা নিয়ে কারোর মধ্যে কোন দ্বন্দ্ব নেই যা উক্ত হাদীসটিতে বিদ্যমান।

২. মাসীহুদ-দাজ্জাল:

মাসীহ্ শব্দটি যেমন আরবী পরিভাষায় একান্ত সত্যবাদীর অর্থে ব্যবহৃত হয় তেমনিভাবে তা ব্যবহৃত হয় চরম মিথ্যাবাদী পথভ্রষ্টের অর্থেও। 'ঈসা (আলাইহিস সালাম) হচ্ছেন একান্ত সত্যবাদী এবং দাজ্জাল হচ্ছে পথভ্রষ্ট মিথ্যাবাদী। সুতরাং তাঁরা উভয়ই বিশেষ বিশেষ অর্থে মাসীহ্।

উক্ত আলোচনা থেকে এ কথা বুঝা গেলো যে, আল্লাহ্ তা'আলা দু'জন বিপরীতমুখী মাসীহ্ সৃষ্টি করেছেন। তার মধ্যে 'ঈসা (আলাইহিস সালাম) হচ্ছেন

হিদায়াতের পতাকাবাহী সত্য মাসীহ্। যিনি আল্লাহ্ তা'আলার ইচ্ছায় জন্মান্ধ এবং কুষ্ঠ রোগীকে ভালো করে দিতেন। মৃতকে করতেন জীবিত। আর দাজ্জাল হচ্ছে ভ্রষ্টতার ধ্বজাধারী মিথ্যুক মাসীহ্। সে আল্লাহ্ প্রদত্ত কিছু নিদর্শনের মাধ্যমে মানুষকে পথভ্রষ্ট করবে। যেমন: বৃষ্টি বর্ষণ এবং জমিনকে ফল ও শস্যে ভরে দেয়া ইত্যাদি ইত্যাদি।

দাজ্জালকে মাসীহ্ এ কারণেই বলা হয় যে, তার ডান চোখটি থাকবে তখন বন্ধ। যেন তা একদম মুছে ফেলা হয়েছে অথবা এ কারণেই বলা হয় যে, তখন সে চল্লিশ দিনে পুরো দুনিয়া ভ্রমণ করবে।

দাজাল শব্দের মূল অর্থ হচ্ছে মেলানো বা মেশানো। সুতরাং দাজ্জাল শব্দের অর্থ হচ্ছে সত্যের সাথে মিথ্যা মিশ্রণকারী অলৌকিক কাণ্ড প্রদর্শনকারী। এর বহু বচন দাজ্জালূন অথবা দাজাজিলাহ্। দাজ্জাল শব্দটি অনেকগুলো অর্থে ব্যবহৃত হলেও সাধারণত দাজ্জাল বলতে মিথ্যুক মাসীহ্ তথা কানা দাজ্জালকেই বুঝানো হয়। দাজ্জালকে দাজ্জাল এ কারণেই বলা হয় যে, সে মিথ্যা দিয়ে সত্যকে লুকাবে অথবা সে নিজ কুফরিকে মানুষ থেকে লুকিয়ে রাখবে অথবা সে তার সংখ্যাধিক্য দিয়ে অসত্যকে লুকিয়ে রাখবে।

দাজ্জালের বৈশিষ্ট্যসমূহ:

দাজ্জাল আদম (عليه السلام) এরই একজন সন্তান। হাদীস ভাণ্ডারে তার অনেকগুলো বৈশিষ্ট্য বর্ণিত হয়েছে। যাতে করে মানুষ তাকে চিনে তার অনিষ্টসমূহ থেকে বাঁচতে পারে। মু'মিনরা রাসূল (صلى الله عليه وسلم) প্রদর্শিত বৈশিষ্ট্যসমূহের উপর ভিত্তি করে তাকে চিনে ফেলবে। শুধু ভাগ্যাহত মূর্খরাই তাকে চিনতে পারবে না।

সে হবে রক্ত বর্ণের খাটো একজন স্থূলকায় যুবক। তাঁর মাথার অগ্রভাগে কোন চুল থাকবে না। যতটুকু থাকবে তাও হবে কোঁকড়ানো। হাঁটার সময় তার পায়ের গোড়ালী দু'টো পাতার তুলনায় একটু দূরে থাকবে। তার গলোদেশ হবে খানিকটা চওড়া। তার ডান চোখটি থাকবে বন্ধ। যেন তা একদম মুছে ফেলা হয়েছে। তার বাম চোখের কোনার গোস্তটি হবে বড়ো। তার দু' চোখের মাঝখানে লেখা থাকবে কাফ, ফা ও রা অক্ষর তিনটি অথবা কাফির শব্দটি। প্রত্যেক শিক্ষিত অশিক্ষিত মুসলমান তা পড়তে পারবে এবং তার কোন সন্তান হবে না।

১. আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

بَيْنَمَا أَنَا نَائِمٌ أَطُوْفُ بِالْكَعْبَةِ... فَإِذَا رَجُلٌ أَحْمَرُ جَسِيْمٌ، جَعْدُ الرَّأْسِ، أَعْوَرُ عَيْنِهِ الْيُمْنَى، كَأَنَّ عَيْنَهُ عِنَبَةٌ طَافِيَةٌ، قُلْتُ: مَنْ هَذَا؟ قَالُوْا: هَذَا الدَّجَّالُ، وَأَقْرَبُ النَّاسِ بِهِ شَبَهًا ابْنُ قَطَنٍ.

"একদা আমি ঘুমন্তাবস্থায় স্বপ্নে দেখেছি যে, আমি কা'বা শরীফ তাওয়াফ করছি। (অতঃপর রাসূল (ﷺ) 'ঈসা (عليه السلام) ও দাজ্জালের কথা আলোচনা করেন। দাজ্জালের বৈশিষ্ট্য বর্ণনা করতে গিয়ে তিনি বলেন:) সে স্থূলকায় একজন রক্তিম পুরুষ। মাথার চুল কোঁকড়ানো। ডান চোখটি কানা। যেন সে চোখটি অন্যটার চাইতে খানিকটা উঁচু। আমি বললাম: লোকটি কে? তাঁরা বললো: এ হচ্ছে দাজ্জাল। ইব্নু ক্বাত্বানের সাথে তার খুব একটা মিল রয়েছে"। (বুখারী ৩৪৪১; মুসলিম ১৭১)

২. আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) একদা সাহাবাদের সামনে দাজ্জালের আলোচনা করতে গিয়ে ইরশাদ করেন:

إِنَّ اللهَ لَيْسَ بِأَعْوَرَ، أَلَا إِنَّ الْمَسِيْحَ الدَّجَّالَ أَعْوَرُ الْعَيْنِ الْيُمْنَى، كَأَنَّ عَيْنَهُ عِنَبَةٌ طَافِيَةٌ.

"নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা কানা নন। তবে জেনে রাখো, মাসী'হুদ্ দাজ্জালের ডান চোখ কানা। যেন সে চোখটি অন্যটার চাইতে খানিকটা উঁচু"। (বুখারী ৩৪৩৯; মুসলিম ১৬৯)

৩. নাওয়াস্ বিন্ সাম'আন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল (ﷺ) দাজ্জালের আলোচনা করতে গিয়ে বলেন:

إِنَّهُ شَابٌّ قَطَطٌ، عَيْنُهُ طَافِيَةٌ، كَأَنِّيْ أُشَبِّهُهُ بِعَبْدِ الْعُزَّى ابْنِ قَطَنٍ.

"সে চুল কোঁকড়ানো একটি যুবক। যার (ডান) চোখটি অন্যটার চাইতে খানিকটা উঁচু। আব্দুল 'উয্যা বিন্ ক্বাত্বানের সাথে তার খুব একটা মিল রয়েছে"। (মুসলিম ২৯৩৭)

৪. 'উবাদাহ্ বিন্ স্বামিত (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

إِنَّ مَسِيْحَ الدَّجَّالِ رَجُلٌ قَصِيْرٌ أَفْحَجُ، جَعْدٌ أَعْوَرُ، مَطْمُوْسُ الْعَيْنِ، لَيْسَ بِنَاتِئَةٍ وَلَا جَحْرَاءُ، فَإِنْ أُلْبِسَ عَلَيْكُمْ فَاعْلَمُوْا أَنَّ رَبَّكُمْ لَيْسَ بِأَعْوَرَ.

"নিশ্চয়ই মাসী'হুদ-দাজ্জাল একজন খাটো স্থূলকায় পুরুষ। কানা চুল কোঁকড়ানো। যেন তার চোখটি একদম মুছে ফেলা হয়েছে। তা একেবারে উঁচুও নয় এবং একেবারে গভীরেও নয়। তোমাদের পক্ষে তাকে চিনতে কোন অসুবিধে হলে এ কথা সর্বদা মনে রাখবে যে, নিশ্চয়ই তোমাদের প্রভু কানা নন"। (আবূ দাউদ/'আউন ১১/৪৪৩)

৫. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

وَأَمَّا مَسِيْحُ الضَّلَالَةِ فَإِنَّهُ أَعْوَرُ الْعَيْنِ، أَجْلَى الْجَبْهَةِ، عَرِيْضُ النَّحْرِ، فِيْهِ دَفَأٌ.

"তবে ভ্রষ্টতার মাসীহ্ এর (ডান) চোখ তো কানা। তাঁর মাথার অগ্রভাগে কোন চুল নেই। তার গলোদেশও খানিকটা চৌড়া এবং তার মধ্যে একটুখানি বক্রতাও রয়েছে"। (আহ্মাদ ১৫/২৮-৩০)

৬. 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

الدَّجَّالُ أَعْوَرُ الْعَيْنِ الْيُسْرَى، جُفَالُ الشَّعَرِ.

"দাজ্জালের বাম চোখটি কানা। তার মাথার চুল যা আছে তা খুব ঘন ও তুলনামূলক অনেক বেশি"। (মুসলিম ২৯৩৪)

উক্ত বর্ণনায় দাজ্জালের বাম চোখটি কানা বলে উল্লেখ করা হয়েছে। অন্য বর্ণনায় তার ডান চোখটি কানা বলে উল্লেখ করা হয়েছে। মূলতঃ তার উভয় চোখই ত্রুটিযুক্ত। একটির তো কোন জ্যোতিই নেই। আর অন্যটি কানা।

৭. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) দাজ্জালের আলোচনা করতে গিয়ে ইরশাদ করেন:

وَإِنَّ بَيْنَ عَيْنَيْهِ مَكْتُوْبٌ كَافِرٌ.

"তার দু' চোখের মাঝখানে লেখা রয়েছে কাফির শব্দটি"।

(বুখারী ৭১৩১; মুসলিম ২৯৩৩)

ইমাম মুসলিমের বর্ণনায় রয়েছে,

ثُمَّ تَهَجَّاهَا ك ف ر، يَقْرَؤُهُ كُلُّ مُسْلِمٍ.

"অতঃপর তিনি কাফ, ফা ও রা অক্ষর তিনটি ভিন্নভাবে বলেন। যা প্রতিটি মুসলমান পড়তে সক্ষম হবে"।

ইমাম মুসলিম 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণনা করেন:

يَقْرَؤُهُ كُلُّ مُؤْمِنٍ كَاتِبٍ وَغَيْرِ كَاتِبٍ.

"তা প্রতিটি মু'মিন পড়তে সক্ষম হবে। চাই সে লেখাপড়া জানুক অথবা নাই জানুক"।

উক্ত লেখাটি বাস্তব লেখা। তবে তা কাফিররা পড়তে সক্ষম হবে না।

৮. তামীম দারী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি গোয়েন্দা পশুটির ঘটনা বর্ণনা করতে গিয়ে বলেন:

فَانْطَلَقْنَا سِرَاعًا حَتَّى دَخَلْنَا الدَّيْرَ، فَإِذَا فِيْهِ أَعْظَمُ إِنْسَانٍ رَأَيْنَاهُ قَطُّ خَلْقًا وَأَشَدُّهُ وِثَاقًا.

"অতঃপর আমরা দ্রুত রওয়ানা করে উক্ত গির্জা খানায় ঢুকে পড়লাম এবং তাতে দেখতে পেলাম এক প্রকাণ্ড মানুষ। যা আমার জীবনে এ সর্বপ্রথম দেখলাম। দেখলাম তাকে কঠিনভাবে বেঁধে রাখা হয়েছে"।

(মুসলিম ২৯৪২)

৯. 'ইমরান বিন্ 'হুস্বাইন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

مَا بَيْنَ خَلْقِ آدَمَ إِلَى قِيَامِ السَّاعَةِ خَلْقٌ أَكْبَرُ مِنَ الدَّجَّالِ.

"আদম থেকে শুরু করে কিয়ামত পর্যন্ত দাজ্জাল এর মতো প্রকাণ্ড আর কোন সৃষ্টি এ দুনিয়াতে আসবে না"। (মুসলিম ২৯৪৬)

১০. একদা ইব্নু স্বাইয়াদ আবূ সাঈদ খুদ্রী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে উদ্দেশ্য করে বলে:

أَلَسْتَ سَمِعْتَ رَسُوْلُ اللهِ ﷺ يَقُوْلُ: إِنَّهُ لَا يُوْلَدُ لَهُ، قَالَ: قُلْتُ: بَلَى.

"তুমি কি শুনোনি যে, একদা রাসুল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদেরকে উদ্দেশ্য করে বলেছেনঃ দাজ্জালের কোন সন্তান হবে না। সে থাকবে একেবারেই নিঃসন্তান। আবূ সাঈদ বললেন: আমি বললাম: হ্যাঁ"। (মুসলিম ২৯৪৬)

দাজ্জাল কি জীবিত? দাজ্জাল কি রাসূলের যুগেও ছিলো?

উক্ত প্রশ্ন দু'টির উত্তরের পূর্বে ইব্নু স্বাইয়াদের ব্যাপারটি ভালোভাবে জানা দরকার। সে কি দাজ্জাল ছিলো? না কি নয়। ইব্নু স্বাইয়াদ যদি দাজ্জাল না হয়ে থাকে তা হলে দাজ্জাল নামের কেউ কি এখন জীবিত আছে? না কি সে সময় মতো জন্ম নিবে? এ প্রশ্নগুলোর উত্তর দেয়ার পূর্বে এখন ইব্নু স্বাইয়াদ সম্পর্কে কিছু জানা যাক।

ইব্নু স্বাইয়াদঃ

তার নাম সাফী অথবা আব্দুল্লাহ্। তার পিতার নাম স্বাইয়াদ অথবা স্বা'য়িদ। সে ছিলো মদীনার ইহুদিদের একজন। কেউ কেউ তাকে আন্সারীও বলেছে। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর মদীনা আগমনের সময় সে ছিলো ছোট। ইমাম ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) এর মতে সে ইসলাম গ্রহণ করেছে। তার ছেলে 'উমারাহ্ বিশিষ্ট তাবি'য়ী ছিলেন। ইমাম মালিক ও অন্যান্যরা তাঁর থেকে হাদীস বর্ণনা করেন।

ইমাম যাহাবী তাঁর কিতাব "তাজরীদু আসমা'ইস্ সা'হাবা"য় ইব্নু স্বাইয়াদ সম্পর্কে বলেনঃ সে আব্দুল্লাহ্ বিন্ স্বাইয়াদ অথবা স্বা'ইদ। তার পিতা ছিলো ইহুদি। আব্দুল্লাহ্ ছিলো কানা ও খতনা করা এবং সেই ছিলো একদা দাজ্জাল নামে পরিচিত। সে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে দেখেছে ঠিকই তবে তখন মুসলমান হয়নি। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর ইন্তিকালের পর সে ইসলাম গ্রহণ করে। সুতরাং সে হচ্ছে তাবি'য়ী।

ইমাম ইব্নু 'হাজার (রাহিমাহুল্লাহ্) তাঁর কিতাব "ইস্বাবা"য় ইমাম যাহাবীর কথা উল্লেখ পূর্বক বলেনঃ তার ছেলে 'উমারা বিন্ আব্দুল্লাহ্ বিন্ স্বাইয়াদ। তিনি ছিলেন সা'ঈদ বিন্ মুসাইয়িবের ছাত্র। ইমাম মালিক ও অন্যান্যরা তাঁর থেকে হাদীস বর্ণনা করেন। অতঃপর তিনি বলেনঃ ইব্নু স্বাইয়াদকে সাহাবী বলার কোন যুক্তি নেই। কারণ, সে যদি দাজ্জাল হয় তা হলে সে সাহাবী হতে পারে না। কারণ, দাজ্জাল তো কাফির থাকাবস্থায় মৃত্যু বরণ করবে। আর যদি সে দাজ্জাল না হয় তা হলে তো সে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সাথে সাক্ষাৎ পাওয়ার সময় মুসলমান ছিলো না। তবে সে যদি পরবর্তীতে মুসলমান হয়ে থাকে যা ইমাম যাহাবী বলেছেন তা হলে সে হবে তাবি'য়ী।

ইমাম ইব্নু 'হাজার (রাহিমাহুল্লাহ্) তাঁর কিতাব "তাহযীবুত তাহযীবে" 'উমারা বিন্ স্বাইয়াদ সম্পর্কে বলেনঃ তিনি হচ্ছেন 'উমারা বিন্ আব্দুল্লাহ্

বিন্ স্বাইয়াদ আল-আন্সারী। আবূ আইয়ূব মাদানী। তিনি জাবির বিন্ 'আব্দুল্লাহ্, সা'ঈদ বিন্ মুসাইয়িব, 'আত্বা বিন্ ইয়াসার থেকে হাদীস বর্ণনা করেন এবং তাঁর থেকে বর্ণনা করেন যাহ্হাক বিন্ 'উসমান খুযামী, মালিক বিন্ আনাস্ ও অন্যান্যরা। ইব্নু মা'ঈন ও ইমাম নাসায়ী বলেন: তিনি একজন বিশ্বস্ত বর্ণনাকারী। ইমাম আবূ 'হাতিম বলেন: তাঁর হাদীস বর্ণনা করা যায়। ইমাম ইব্নু সা'আদ বলেন: তিনি তো নির্ভরযোগ্য। তবে তাঁর হাদীস খুবই কম।

তার অবস্থা:

ইব্নু স্বাইয়াদ ছিলো দাজ্জাল। সে ভবিষ্যত সম্পর্কে কথা বলতো। কখনো ঠিক বলতো আর কখনো ভুল। তার ব্যাপারটি মানুষের মাঝে ছড়িয়ে পড়লে মানুষ তাকে দাজ্জাল বলে আখ্যায়িত করে।

নবী (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে পরীক্ষা করেন:

ইব্নু স্বাইয়াদের ব্যাপারটি যখন মানুষের মাঝে ছড়িয়ে পড়ে এবং সে দাজ্জাল নামে আখ্যায়িত হয় তখন রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তার ব্যাপারটি বিশেষভাবে খতিয়ে দেখার দৃঢ় ইচ্ছা পোষণ করেন। তাই তিনি লুক্কায়িতভাবে মাঝে মাঝে তার নিকট এমনভাবে উপস্থিত হতেন যাতে সে রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর অবস্থান টের না পায়। যেন সরাসরি তার কথা শুনে তার ব্যাপারে সঠিক সিদ্ধান্ত নেয়া যায়। আবার কখনো কখনো তিনি তাকে সরাসরি প্রশ্ন করে তার ব্যাপার জানতে চাইতেন।

আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: একদা 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আন্হু) ও কিছু সংখ্যক সাহাবা রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সাথে ইব্নু স্বাইয়াদের সাক্ষাতে গেলেন। তখন সে বিন্ মাগালা গোত্রের বাসস্থানের পার্শ্বে কিছু বাচ্চাদেরকে নিয়ে খেলা করছিলো। তখন সে সাবালক হতে যাচ্ছিলো। সে রাসূল এর প্রতি দৃষ্টিপাত করেনি। রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তার হাতে মৃদু আঘাত করে বলেন: তুমি কি এ কথা সাক্ষ্য দাও যে, আমি আল্লাহ্'র রাসূল? তখন সে বললো: আমি সাক্ষ্য দিই যে, আপনি এক অশিক্ষিত সম্প্রদায়ের রাসূল। অতঃপর ইব্নু স্বাইয়াদ রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে উদ্দেশ্য করে বলে: আপনি কি এ কথার সাক্ষ্য দিচ্ছেন যে, আমি আল্লাহ্'র রাসূল। রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তার রিসালাত অস্বীকার করে বলেন: বরং আমি আল্লাহ্ তা'আলা ও তাঁর সকল রাসূলে বিশ্বাসী। রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে আরো জিজ্ঞাসা করেন যে,

তুমি কি দেখতে পাও? সে বললো: আমার কাছে কখনো সত্যবাদী আসে। আবার কখনো মিথ্যাবাদী। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: তুমি ব্যাপারটি সঠিকভাবে ধরতে পারোনি। অতঃপর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে আরো বললেন: আমি মনে মনে একটি কথা ভাবছি সেটা কি তুমি বলতে পারো? তখন সে বললো: আপনি দুখ তথা দুখান শব্দটি ভাবছেন। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: তুমি ধ্বংস হও। তুমি তোমার নির্দিষ্ট গণ্ডী কখনো এড়াতে পারবে না। তখন 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বললেন: হে রাসূল! আপনি অনুমতি দিলে আমি তাকে হত্যা করে দেবো। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: যদি সে দাজ্জালই হয় তা হলে তুমি তাকে হত্যা করতে পারবে না। আর যদি সে দাজ্জালই না হয় তা হলে তাকে হত্যা করে কোন লাভ নেই।

আবূ সা'ঈদ খুদ্‌রী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা পথি মধ্যে ইব্‌নু স্বাইয়াদের সাথে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম), আবূ বকর ও 'উমরের সাক্ষাৎ হয়। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে বললেন: তুমি কি এ কথার সাক্ষ্য দেও যে, আমি আল্লাহ্'র রাসূল? সে বললো: আপনি কি এ কথার সাক্ষ্য দেন যে, আমি আল্লাহ্'র রাসূল? তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: আমি আল্লাহ্ তা'আলা, তাঁর ফিরিশ্‌তা ও কিতাবসমূহের উপর ঈমান এনেছি। তবে তুমি কি দেখতে পাচ্ছো তাই বলো: তখন সে বললো: আমি পানির উপর একটি সিংহাসন দেখতে পাচ্ছি। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: তুমি সাগর বক্ষে ইবলিসের সিংহাসন দেখতে পাচ্ছো। আর কি দেখতে পাচ্ছো তাই বলো: সে বললো: আমি দু' জন সত্যবাদী এবং এক জন মিথ্যাবাদী অথবা দু' জন মিথ্যাবাদী এবং এক জন সত্যবাদী দেখতে পাচ্ছি। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: তার ব্যাপারটি এলোমেলো। সুতরাং তাকে পরিত্যাগ করো।

(বুখারী ১৩৫৪; মুসলিম ২৯৩০)

আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্‌হুমা) থেকে আরো বর্ণিত তিনি বলেন: একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) উবাই বিন্ কা'বকে নিয়ে ইব্‌নু স্বাইয়াদের বাগান বাড়ির দিকে রওয়ানা করলেন। তিনি চাচ্ছেন ইব্‌নু স্বাইয়াদ তাঁকে দেখার পূর্বেই তিনি তার কিছু কথা শুনুক। অতঃপর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে দেখলেন, সে চাদর মুড়ে কাত হয়ে শুয়ে আছে এবং তার মুখ থেকে রামযাহ্ অথবা যামরাহ্ শব্দ বেরুচ্ছে। ইতিমধ্যে ইব্‌নু স্বাইয়াদের মা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে খেজুর গাছের গোড়ার পেছনে লুকিয়ে থাকতে দেখে ইব্‌নু স্বাইয়াদকে উদ্দেশ্য করে বললো: হে স্বাফ! এই যে মুহাম্মাদ তোমার পার্শ্বে। এ কথা

শুনে ইব্নু স্বাইয়াদ লাফিয়ে উঠলো। তখন নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: তার মা যদি তাকে সতর্ক না করতো তা হলে তার ব্যাপারটা জানা সম্ভব হতো। (বুখারী ১৩৫৫; মুসলিম ২৯৩১)

আবূ যর (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা আমাকে ইব্নু স্বাইয়াদের মায়ের নিকট পাঠিয়ে বললেন: তার মাকে জিজ্ঞাসা করবে তাকে কত মাস পেটে ধারণ করেছে। তার মা বললো: আমি তাকে বারো মাস পেটে ধারণ করেছি। আরেকবার আমাকে পাঠিয়ে বললেন: তার মাকে জিজ্ঞাসা করবে সে ভূমিষ্ঠ হওয়ার পর কি ধরনের আওয়াজ করলো। তার মা বললো: সে ভূমিষ্ঠ হওয়ার পরপরই এক মাসের সন্তানের ন্যায় চিৎকার করে উঠলো। অতঃপর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে বললেন: আমি মনে মনে একটি কথা ভাবছি সেটা কি তুমি বলতে পারো? তখন সে বললো: আপনি আমার জন্য একটি ধূসর বর্ণের ছাগলের চেহারা ও দুখানের কথা ভাবছেন। সে দুখান বলতে চেয়েছিলো। কিন্তু তা বলতে পারেনি। বরং বললো: দুখ, দুখ।

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) দুখান শব্দ দিয়ে তাকে পরীক্ষা করেছেন। যেন তার ব্যাপারে সঠিক সিদ্ধান্ত নেয়া সম্ভব হয়।

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) দুখান বলতে নিম্নোক্ত আয়াতের দুখান শব্দটির প্রতি ইঙ্গিত করেন। আল্লাহ্ তা'আলা বলেন:

﴿فَارْتَقِبْ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُّبِيْنٍ﴾.

"অতএব তুমি অপেক্ষা করো সেই দিনের যেদিন আকাশ প্রকটভাবে ধুম্রাচ্ছন্ন হবে"। (দুখান : ১০)

মূলতঃ ইব্নু স্বাইয়াদ গণকদের ন্যায় জিনের ভাষায় কথা বলে। যা ভাঙ্গা ভাঙ্গা কথা। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ভালোভাবে বুঝতে পারলেন যে, তার মূলে রয়েছে জিন শয়তান।

তার মৃত্যু:

জাবির (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর বর্ণনায় পাওয়া যায় যে, সে হার্‌রা'র যুদ্ধে একদা আত্মগোপন করে। আল্লামাহ্ ইব্নু হাজার (রাহিমাহুল্লাহ্) উক্ত বর্ণনাকে শুদ্ধ বলেছেন। কারো কারোর বর্ণনায় সে মদীনাতেই মৃত্যু বরণ করে এবং সবাই তার নামাযে জানাযায় অংশ গ্রহণ করে। তবে এ বর্ণনাটি দুর্বল বলে প্রমাণিত।

ইব্নু স্বাইয়াদ কি সেই প্রসিদ্ধ দাজ্জাল যে কিয়ামতের পূর্বক্ষণে আসবে:

ইব্নু স্বাইয়াদের ঘটনা ও রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে পরীক্ষা করার ব্যাপারটি এটাই প্রমাণ করে যে, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তার ব্যাপারে ওহীর মাধ্যমে সঠিক কিছু জানেননি। 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) তার ব্যাপারে আল্লাহ্'র কসম খেয়ে বলতেন যে, সে সত্যিই দাজ্জাল। আর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে কিছুই বলতেন না। জাবির, আব্দুল্লাহ্ বিন্ 'উমার এবং আবূ যরও এমন মন্তব্য করেন।

মুহাম্মাদ বিন্ মুন্কাদির (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আমি জাবির বিন্ আব্দুল্লাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে আল্লাহ্'র কসম খেয়ে বলতে শুনেছি যে, তিনি বলেন: ইব্নু স্বাইয়াদই সত্যিকার দাজ্জাল। আমি বললাম: আপনি আল্লাহ্'র কসম খেয়ে বলছেন? তিনি বলেন: আমি 'উমরকে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সামনে এভাবে কসম খেয়ে বলতে শুনেছি ; অথচ রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে কিছুই বলেননি। (বুখারী ৭৩৫৫; মুসলিম ২৯২৯)

নাফি' (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) বলতেন: আল্লাহ্'র কসম! আমি এ ব্যাপারে কোন সন্দেহ করছি না যে, ইব্নু স্বাইয়াদই প্রকৃত দাজ্জাল। (আবূ দাউদ ১১/৪৮৩)

যায়েদ বিন্ ওয়াহাব (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আবূ যর (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) বলেন: ইব্নু স্বাইয়াদ দাজ্জাল বলে দশ বার কসম খাওয়া আমার নিকট অধিক পছন্দনীয় সে দাজ্জাল নয় বলে এক বার কসম খাওয়ার চাইতে। (আহ্মাদ ৫/১৯৭-১৯৮)

নাফি' (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) মদীনার কোন এক গলিতে ইব্নু স্বাইয়াদকে দেখে তাকে এমন এক কথা বললেন যা শুনে সে ইব্নু 'উমরের উপর খুব রাগান্বিত হয়। সে এমনভাবে রাগে ফুলে গিয়েছে যে, যেন গলিটি তাকে দিয়ে পুরো ভর্তি হয়ে যায়। অতঃপর তিনি তাঁর বোন 'হাফ্স্বা (রাযিয়াল্লাহু আন্হা) এর নিকট গেলে তিনি তাঁকে বলেন: আল্লাহ্ তা'আলা তোমার উপর দয়া করুন! ইব্নু স্বাইয়াদের সাথে তোমার কি?! তুমি কি জানো না রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন: একদা কোন এক রাগের মাথায় ইব্নু স্বাইয়াদ দাজ্জাল রূপে আবির্ভূত হবে। (মুসলিম ২৯৩২)

নাফি' (রাহিমাহুল্লাহ্) থেকে আরো বর্ণিত তিনি বলেন: আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) বলেন: ইব্নু স্বাইয়াদের সাথে আমার দু' বার

সাক্ষাৎ হয়। একদা আমি তার সাথে সাক্ষাৎ করে জনৈক ব্যক্তিকে জিজ্ঞাসা করলাম: তুমি কি বলো: এ দাজ্জাল। সে বললো: না, আল্লাহ্'র কসম! সে দাজ্জাল নয়। আমি বললাম: তুমি মিথ্যা বলেছো। আল্লাহ্'র কসম! তোমাদের কেউ কেউ আমাকে বলেছে: সে কখনো মরবে না যতক্ষণ না সে তোমাদের সবার চাইতে বেশি সন্তান ও সম্পদশালী হয়। সে আজ তেমনই হয়েছে। তিনি বলেন: এভাবে তাদের সাথে কিছুক্ষণ আলোচনার পর আমি সে স্থান ত্যাগ করলাম। এরপর তার সাথে দ্বিতীয়বার সাক্ষাৎ হলে দেখলাম, তার চোখটি বিকৃত হয়ে গেলো। আমি বললাম: তোমার চোখটি কখন এমন হলো? সে বললো: আমি জানি না। আমি বললাম: তুমি জানো না? অথচ চোখটি তোমারই মাথায়। সে বললো: আল্লাহ্ তা'আলা চাইলে তোমার এ লাঠির মাথায় দু'টো চোখ লাগিয়ে দিতে পারেন। অতঃপর সে গাধার ন্যায় এক কঠিন চিৎকার করলো। আমার কোন কোন সাথী ধারণা করেছে, আমি তাকে মারতে মারতে আমার লাঠিটি ভেঙ্গে ফেলেছি। আল্লাহ্'র কসম! আমি এমন হবে বলে ইতিপূর্বে এতটুকুও ধারণা করতে পারিনি। অতঃপর ইব্নু 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) তাঁর বোন হাফসা (রাযিয়াল্লাহু আন্হা) এর নিকট গেলে তিনি বলেন: ইব্নু স্বাইয়াদের সাথে তোমার কি?! তুমি কি জানো না রাসূল (ﷺ) বলেছেন: একদা কোন এক রাগের মাথায় ইব্নু স্বাইয়াদ দাজ্জাল রূপে আবির্ভূত হবে।

ইব্নু স্বাইয়াদ মানুষের এ সকল মন্তব্য শুনে খুবই কষ্ট পেতো। সে বলতোঃ আমি দাজ্জাল নই। রাসূল (ﷺ) দাজ্জালের যে বর্ণনা দিয়েছেন তা আমার উপর প্রযোজ্য নয়।

আবূ সাঈদ খুদরী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: আমরা একদা হজ্জ বা 'উমরাহ্ করতে বের হয়েছিলাম। তখন ইব্নু স্বাইয়াদ আমাদের সাথে ছিলো। পথিমধ্যে আমরা এক জায়গায় মঞ্জিল করলে সবাই বিক্ষিপ্ত হয়ে যায়। শুধু আমি আর ইব্নু স্বাইয়াদই যথাস্থানে ছিলাম। কিছুক্ষণের মধ্যে আমি তার ব্যাপারে খুব অস্বস্তি বোধ করছিলাম। কারণ, তার ব্যাপারে মানুষ অনেক কিছুই বলে থাকে। ইতিমধ্যে সে তার জিনিসপত্রগুলো আমার জিনিসপত্রের সাথেই রাখলো। আমি তাকে বললাম: গরম খুবই প্রচণ্ড। তাই তুমি যদি জিনিসপত্রগুলো অমুক গাছের নিচে রাখতে। তখন সে তাই করলো। কিছুক্ষণের মধ্যে আমাদের নিকট একটি ছাগলপাল নিয়ে আসা হলে সে এক বড় পেয়ালা দুধ নিয়ে আসলো। বললো: আবূ সাঈদ! দুধ

পান করো। আমি বললাম: গরম তো খুবই বেশি। এ দিকে দুধও গরম। তাই আমি দুধ পান করবো না। মূলতঃ আমি তার হাত থেকে দুধ পান করতে চাচ্ছিলাম না। সে বললো: হে আবূ সাঈদ! আমার মনে চায় রশি টাঙ্গিয়ে কোন একটি গাছের সাথে ফাঁসি দেই। মানুষের এ সব মন্তব্য শুনতে আর একটুও ভালো লাগছে না। হে আবূ সাঈদ! অন্যদের কাছে রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর কোন হাদীস লুকিয়ে থাকলেও আনসারীদের কাছে তো আর কোন হাদীস লুকিয়ে নেই। সে বললো: আপনি তো রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর হাদীস সম্পর্কে ভালোই জানেন। রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কি বলেন নি? দাজ্জাল কাফির। আমি তো মুসলমান। রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কি বলেন নি? দাজ্জালের কোন সন্তান থাকবে না। আমি তো মদীনাতে আমার ছেলে-সন্তান রেখে এসেছি। রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কি বলেন নি? দাজ্জাল মক্কা-মদীনায় ঢুকতে পারবে না। আমি তো মদীনা থেকে বের হয়েছি মক্কার উদ্দেশ্যে। আবূ সাঈদ বলেন: আমি তাকে অত্যন্ত নিরুপায় মনে করছিলাম। অতঃপর সে বললো: আল্লাহ্'র কসম! আমি দাজ্জালকে চিনি। দাজ্জালের জন্মস্থান এবং বর্তমানের অবস্থান সবই আমি জানি। তখন আমি বললাম: তুমি ধ্বংস হও। (মুসলিম ২৯২৭)

অন্য বর্ণনায় আছে, ইব্নু স্বাইয়াদ বললো: আল্লাহ্'র কসম! আমি জানি সে (দাজ্জাল) এখন কোথায়। এমনকি আমি তার মাতা-পিতাকেও চিনি। তখন তাকে বলা হলো: তোমার কি মনে চায় দাজ্জাল হতে? সে বললো: আমাকে দাজ্জাল হতে বলা হলে আমি তা অপছন্দ করবো না।

'উলামায়ে কেরাম ইব্নু স্বাইয়াদের দ্বিমত পোষণ করেন। কেউ কেউ বলেন: সে দাজ্জাল। যা ইব্নু 'উমার ও আবূ সা'ঈদ (রাযিয়াল্লাহু আনহুম) এর হাদীসদ্বয় থেকে বুঝা যায় এবং এ ব্যাপারে ইতিপূর্বে কয়েকজন সাহাবার মতামতও উল্লিখিত হয়েছে। আবার কেউ কেউ বলেন: ইব্নু স্বাইয়াদ দাজ্জাল নয়। যা হযরত তামীম আদ-দারীর হাদীস থেকে বুঝা যায়।

ফাত্বিমা বিন্তে ক্বাইস (রাযিয়াল্লাহু আন্হা) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আমি রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর আহ্বানকারীর ডাক শুনেছি। তিনি বলছেন: নামায অনুষ্ঠিত হতে যাচ্ছে। তখন আমরা সবাই দ্রুত মসজিদের দিকে ছুটলাম। রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নামায শেষ করে মিম্বরের উপর বসে হাঁসতে শুরু করলেন এবং বললেন: কেউ নিজ স্থান ছাড়বে না। সবাই নিজ নিজ জায়গায় বসে থাকো। অতঃপর তিনি বললেন: তোমরা কি জানো, আমি কি

জন্য তোমাদেরকে ডেকেছি? সাহাবাগণ বললেন: এ ব্যাপারে আল্লাহ্ তা'আলা এবং তাঁর রাসূলই ভালো জানেন। তিনি বললেন: আল্লাহ্'র কসম! আমি আজ তোমাদেরকে কোন আশা বা ভয় দেখানোর জন্য একত্রিত করিনি। আমি তোমাদেরকে এ জন্যই একত্রিত করেছি যে, তামীম আদ-দারী নামক জনৈক ব্যক্তি (যে ইতিপূর্বে খ্রিস্টান ধর্ম ত্যাগ করে মুসলমান হয়েছে) আমার নিকট এমন এক ঘটনা বর্ণনা করেছে যার অনেকটা মিল খুঁজে পাওয়া যায় সে ঘটনার সাথে যা আমি ইতিপূর্বে তোমাদেরকে দাজ্জাল সম্পর্কে শুনিয়েছি। তামীম বলেছে: সে একদা লাখম ও জুযাম গোত্রদ্বয়ের তিরিশ জনকে নিয়ে সাগর ভ্রমনে বের হলো। পথিমধ্যে এক মাস যাবত সাগরের উত্তাল তরঙ্গ তাদেরকে কোথায় পৌঁছিয়েছে তারা কেউ তা জানে না। পরিশেষে তারা সূর্যাস্তের দিকের এক সাগর দ্বীপে পাড়ি জমালো। তারা একদা জাহাজের ছোট ছোট ডিঙ্গিতে চড়ে উক্ত দ্বীপে নেমে পড়লো। তারা দ্বীপে ঢুকতেই তাদের সাথে এমন এক প্রাণীর সাক্ষাৎ হলো যার লোমের অত্যাধিক্যের কারণে তার আগ-পাছ চেনা যাচ্ছিলো না। তারা বললো: তুমি ধ্বংস হও! তুমি কে? সে বললো: আমি জাস্সাসাহ্ তথা গোয়েন্দা তথ্য সংরক্ষণকারী। তোমরা গির্জায় বসা লোকটির নিকট যাও। সে তো তোমাদের খবর শুনতে অধীর আগ্রহী। তখন আমরা দ্রুত তার নিকট গেলাম। তাকে দেখে আমরা অত্যন্ত ভয় পেয়েছিলাম। মনে হলো সে একজন শয়তান। সে বললো: তোমরা কি আমাকে বাইসান শহরের খেজুর গাছগুলো সমর্কে কিছু জানাতে পারবে? আমরা বললাম: খেজুর গাছ সম্পর্কে তুমি কি জানতে চাচ্ছো? সে বললো: সেখানকার খেজুর গাছগুলোতে কি এখনো খেজুর ধরে? আমরা বললাম: হ্যাঁ। সে বললো: এমন এক সময় আসবে যখন সে খেজুর গাছগুলোতে আর খেজুর ধরবে না। সে বললো: তোমরা কি আমাকে ত্বাবারিয়্যাহ্ উপসাগর সম্পর্কে কিছু জানাতে পারবে? আমরা বললাম: ত্বাবারিয়্যাহ্ উপসাগর সম্পর্কে তুমি কি জানতে চাচ্ছো? সে বললো: সেখানে কি এখনো পানি পাওয়া যায়? আমরা বললাম: সেখানে এখনো প্রচুর পানি? সে বললো: এমন এক সময় আসবে যখন সে উপসাগরে আর পানি পাওয়া যাবে না। সে বললো: তোমরা কি আমাকে যুগার নামক কুয়া সমর্কে কিছু জানাতে পারবে? আমরা বললাম: যুগার নামক কুয়া সম্পর্কে তুমি কি জানতে চাচ্ছো? সে বললো: সেখানকার কুয়ায় কি পানি পাওয়া যায়? সে কুয়ার পানি দিয়ে কি সেখানকার লোকেরা

চাষাবাদ করে? আমরা বললাম: সে কুয়ায় এখনো প্রচুর পানি এবং সে কুয়ার পানি দিয়ে সেখানকার লোকেরা এখনো চাষাবাদ করে। সে বললো: তোমরা কি আমাকে অশিক্ষিতদের নবী সমর্কে কিছু জানাতে পারবে? সে এখন কি করছে? আমরা বললাম: সে এখন মক্কা ছেড়ে ইয়াসরিব তথা মদীনায় পাড়ি জমিয়েছে। সে বললো: আরবরা কি তার সাথে যুদ্ধ করেছে? আমরা বললাম: হ্যাঁ। সে বললো: যুদ্ধ কেমন চলছে? আমরা বললাম: সে তার আশপাশের আরবদের উপর জয়ী হয়েছে এবং তারা তার আনুগত্য স্বীকার করেছে। সে বললো: তাই কি? আমরা বললাম: হ্যাঁ। সে বললো: তার আনুগত্য স্বীকার করা তাদের জন্য অনেক ভালো। আমি কি তোমাদেরকে আমার সম্পর্কে কিছু বলবো? আমি হলাম মাসী'হুদ-দাজ্জাল। আমাকে অচিরেই বের হওয়ার অনুমতি দেয়া হবে। তখন আমি বের হবো এবং বিশ্বের সর্ব জায়গায় ঘুরে বেড়াবো। এমন কোন এলাকা বাকি থাকবে না যেখানে আমি চল্লিশ দিনের মধ্যেই অবতরণ করবো না। তবে মক্কা-মদীনায় প্রবেশ করা আমার জন্য হারাম। যখনই আমি এর কোনটিতে ঢুকতে যাবো তখনই জনৈক ফিরিশ্‌তা খোলা তলোয়ার নিয়ে আমাকে প্রতিরোধ করবে। সেখানকার প্রত্যেক গিরি পথে থাকবে অনেকগুলো ফিরিশ্‌তা যারা আমার প্রবেশ থেকে শহরটিকে রক্ষা করবে।

ফাত্বিমা বিন্‌তে ক্বাইস (রাযিয়াল্লাহু আন্‌হা) বলেন: রাসূল (ﷺ) নিজ হাতের লাঠি দিয়ে মিম্বরে আঘাত করে বলেন: এটিই তো তাইবাহ্, এটিই তো তাইবাহ্, এটিই তো তাইবাহ্। আরে আমি কি তোমাদেরকে ঘটনাটি বলেছি। সাহাবাগণ বললেন: হ্যাঁ। মূলতঃ আমি তামীম দারীর ঘটনা শুনে সত্যিই আশ্চর্য হয়েছি। কারণ, তার ঘটনার সাথে আমার বর্ণিত ঘটনার হুবহু মিল রয়েছে। এমনকি মক্কা-মদীনার ব্যাপারটিও। সে সিরিয়া বা ইয়েমেন সাগরে অবস্থানরত। না, বরং সে পূর্ব দিক থেকেই আবির্ভূত হবে। (মুসলিম ২৯৪২)

ইব্‌নু স্বাইয়াদ সম্পর্কে আলিমদের উক্তিসমূহ:

ইমাম ক্বুরত্বী বলেন: সত্য কথা এই যে, ইব্‌নু স্বাইয়াদই হলো দাজ্জাল। এটা কখনো অসম্ভব নয় যে, সে কখনো দ্বীপে অবস্থান করবে। আর কখনো সাহাবাদের মাঝে। (আত-তাযকিরাহ্ ৭০২)

ইমাম নববী বলেন: বিশিষ্ট আলিম সম্প্রদায় ধারণা করেন যে, ইব্‌নু স্বাইয়াদের ব্যাপারটি খুবই জটিল। সে কি প্রশিদ্ধ দাজ্জাল না কি অন্য

কেউ। তবে সে নিঃসন্দেহে দাজ্জালসমূহের একজন।

আলিম সম্প্রদায় আরো বলেন: হাদীসগুলোর বর্ণনা দেখলে মনে হয়, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট ইব্নু স্বাইয়াদের ব্যাপারে এমন কোন ওহী আসে নাই যে, সে কি দাজ্জাল না কি নয়। তবে তাঁকে ওহীর মাধ্যমে দাজ্জালের কিছু বৈশিষ্ট্য অবশ্যই জানিয়ে দেয়া হয়েছে। আর ইব্নু স্বাইয়াদের মাঝে এ জাতীয় কিছু বৈশিষ্ট্য সম্ভাবনাময়ভাবে বিদ্যমান ছিলো। তাই রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তার ব্যাপারে নিশ্চিত হতে পারেননি যে, সে দাজ্জাল না কি নয়। তাই তো রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা 'উমার (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কে বললেন: সে যদি দাজ্জাল হয়ে থাকে তা হলে তুমি তাকে কখনোই হত্যা করতে পারবে না।

আর ইব্নু স্বাইয়াদ যে বললো: সে মুসলমান। আর দাজ্জাল তো কাফির। তার সন্তান আছে ; অথচ দাজ্জাল হবে নিঃসন্তান। সে মদীনায় বসবাসরত এবং মক্কার দিকে রওয়ানা দিয়েছে। এতে কোন অসুবিধে নেই। কারণ, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) দাজ্জালের যে বেশিষ্ট্যের কথা উল্লেখ করেছেন তা সে যখন দাজ্জাল রূপে বের হবে তখনকার এবং যখন তার ফিতনা শুরু হবে।

তার ব্যাপারটি যে জটিল এবং সে যে একজন দাজ্জাল তা এ জন্য যে, সে একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে উদ্দেশ্য করে বলে: আপনি কি সাক্ষ্য দেন যে, আমি নিশ্চয়ই আল্লাহ্'র রাসূল। সে দাবি করেছে যে, তার নিকট সত্য ও মিথ্যাবাদী আসে। সে পানির উপর আর্‌শ দেখতে পায়। সে দাজ্জাল হওয়া অপছন্দ করছে না। সে দাজ্জাল ও দাজ্জালের জন্মস্থান চিনে এবং দাজ্জাল এখন কোথায় তাও সে বলতে পারে। সে রাগে ফুলে-ফেঁপে যেন পুরো গলি ভরে দেয়।

তার ইসলাম, হজ্জ ও জিহাদ এ ব্যাপারে সুস্পষ্ট নয় যে, সে দাজ্জাল নয়। (শর্'হুন-নববী লি মুসলিম ১৮/৪৬-৪৭)

ইমাম শওকানী (রাহিমাহুল্লাহ) বলেন: ইব্নু স্বাইয়াদকে নিয়ে আলিমদের খুব মতানৈক্য রয়েছে এবং তার ব্যাপারটি খুবই জটিল। তার ব্যাপারে সব ধরনের কথাই বলা হয়েছে। তার ব্যাপারে হাদীসগুলো পর্যালোচনা করলে দেখা যাবে, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তার ব্যাপারে কোন নিশ্চিত সিদ্ধান্ত নিতে পারেননি। সে কি দাজ্জাল না কি নয়। তবে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সন্দেহের দু'টি উত্তর দেয়া যেতে পারে। তার একটি হচ্ছে, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইব্নু স্বাইয়াদের ব্যাপারে ততক্ষণ পর্যন্ত সন্দেহ পোষণ করেছিলেন যতক্ষণ না

আল্লাহ্ তা'আলা তাঁকে ওহীর মাধ্যমে জানিয়ে দেন যে, সে নিশ্চয়ই দাজ্জাল। তবে তিনি যখন ওহীর মাধ্যমে জেনেছেন যে, সে দাজ্জাল তখন তিনি ইব্নু স্বাইয়াদ দাজ্জাল হওয়ার ব্যাপারে 'উমরের কসমকে অস্বীকার করেননি। আরেক উত্তর এভাবে দেয়া যায় যে, আরবরা কখনো কখনো সন্দেহজনকভাবে কথা বলে ; অথচ উক্ত কথায় কোন সন্দেহ নেই।

(নাইলুল-আওতার ৭/২৩০-২৩১)

ইমাম বায়হাক্বী তামীম দারীর হাদীসটি আলোচনা করতে গিয়ে বলেন: উক্ত হাদীস থেকে এ কথা বুঝা যায় যে, শেষ যুগের বড় দাজ্জাল কিন্তু ইব্নু স্বাইয়াদ নয়। বরং সে অনেকগুলো মিথ্যুক দাজ্জালের একজন যাদের ব্যাপারে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ভবিষ্যদ্বাণী করেছেন।

মনে হয়, যাঁরা ইব্নু স্বাইয়াদকে দাজ্জাল বলে নিশ্চিত হয়েছেন তাঁরা তামীম দারীর হাদীসটি শুনেননি। কারণ, এতদুভয়ের মাঝে সমন্বয় সাধন খুবই কঠিন। এমন তো হওয়া সত্যিই অসম্ভব যে, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর যুগে যে লোকটি ছেলে বয়সী ছিলো যার সাথে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) স্বয়ং কথা বলেছেন সে লোকটিই রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর শেষ যুগে বুড়ো হয়ে সাগরের কোন এক উপদ্বীপে লোহার শিকল দিয়ে বন্দী অবস্থায় বসবাস করবে এবং রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আবির্ভূত হয়েছেন কি না সে ব্যাপারে কাউকে জিজ্ঞাসা করবে।

'উমর (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর কসম খাওয়ার ব্যাপরটিও এমন। তিনিও প্রথমে তামীম দারীর হাদীসটি শুনেননি। যখন শুনেছেন তখন আর কসম খাননি।

তবে জাবির (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এ ব্যাপারে কঠিন সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে, ইব্নু স্বাইয়াদই দাজ্জাল। যদিও সে মুসলমান এবং যদিও সে মদীনায় প্রবেশ করেছে। এমনকি যদিও সে মৃত্যু বরণ করেছে। আর তিনি তামীম দারীর হাদীসটিরও অন্যতম বর্ণনাকারী। তা হলে তিনি হাদীসটি শুনেননি বলাও অসম্ভব। তিনি এও বলতেন: আমরা ইব্নু স্বাইয়াদকে হার্‌রার দিন খুঁজে পাইনি।

হাস্‌সান বিন্ আব্দুর রহ্মান তাঁর পিতা থেকে বর্ণনা করেন: যখন ইস্পাহান শহর বিজয় হয় তখন আমাদের সেনা ঘাঁটি ও ইয়াহুদিয়্যাহ্ এলাকার মাঝে বেশি দূরত্ব ছিলো না। তখন আমরা মাঝে মাঝে সে এলাকায় যেতাম এবং আমাদের প্রয়োজনীয় জিনিসপত্র চয়ন করে আনতাম। একদা আমি অত্র এলাকায় গেলে দেখি ইহুদিরা ঢোল-ঢক্কর বাজাচ্ছে এবং খুব নাচানাচি করছে। আমি তাদের মধ্যকার আমার এক

বন্ধুকে জিজ্ঞাসা করলে সে বললো: আজ আমাদের সেই রাষ্ট্রপতির আগমন। যাঁকে নিয়ে আমরা আরবদের উপর বিজয়ী হবো। অতঃপর আমি তারই বাড়ির ছাদে রাত্রি যাপন করি। সেখানেই আমি ফজরের নামায আদায় করলাম। যখন সূর্য উঠলো তখন আমি তাদের সৈন্যদের মাঝে খুব শোরগোল এবং সেদিক থেকে প্রচুর ধূলিকনা উড়তে দেখলাম। তাকিয়ে দেখি জনৈক ব্যক্তি রায়হানের তৈরি একটি গম্বুজের নিচে বসা। আর ইহুদিরা তার আশে-পাশে ঢোল-ঢক্কর বাজাচ্ছে এবং খুব নাচানাচি করছে। ভালো করে দেখি সেই লোকটিই তো ইব্নু স্বাইয়াদ। অতঃপর ইব্নু স্বাইয়াদ উক্ত শহরে ঢুকে পড়লো। আর কখনো সে সেখান থেকে বের হলো না। (ফাত্হুল-বারী ৩/৩২৭-৩২৮)

শাইখুল-ইসলাম 'আল্লামাহ্ ইব্নু তাইমিয়্যাহ্ (রাহিমাহুল্লাহ্) বলেন: ইব্নু স্বাইয়াদের ব্যাপারটি জটিল হওয়ার দরুন কোন কোন সাহাবী তাকে দাজ্জাল বলে ধারণা করেছেন। রাসূল (ﷺ) সর্ব প্রথম তার ব্যাপারে সন্দেহ পোষণ করলেও পরবর্তীতে তিনি জেনেছেন যে, সে দাজ্জাল নয়। বরং সে শয়তান প্রকৃতির জ্যোতিষী। এ কারণে রাসূল (ﷺ) তাকে মাঝে মাঝে পরীক্ষা করতে যেতেন। (আল-ফুরক্বান ৭৭)

ইমাম ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) বলেন: মূল কথা হচ্ছে, ইব্নু স্বাইয়াদ সেই দাজ্জাল নয় যে শেষ যুগে বের হবে। যা ফাতিমা বিন্তে ক্বাইস্ তথা তামীম দারীর হাদীস থেকে বুঝা যায়।

(আন-নিহায়াহ্/আল-ফিতানু ওয়াল-মালাহিম ১/৭০)

'আল্লামাহ্ ইব্নু 'হাজার (রাহিমাহুল্লাহ্) বলেন: দাজ্জাল তো সেই ব্যক্তি যাকে তামীম দারী বন্দী অবস্থায় দেখেছেন। আর ইব্নু স্বাইয়াদ তো একজন শয়তান যে দাজ্জাল রূপে সে যুগে আবির্ভূত হয়েছে। পরিশেষে সে ইস্পাহান গিয়ে মূল দাজ্জালের সাথে গায়েব হয়ে যায়।

(ফাত্হুল-বারী ১৩/৩২৮)

ইব্নু স্বাইয়াদ নবুওয়াতের দাবি করার পরও রাসূল (ﷺ) তখন তাকে শাস্তি দেননি এ কারণে যে, তখন মদীনার ইহুদি ও রাসূল (ﷺ) এর মাঝে একটি শান্তি চুক্তি বিদ্যমান ছিলো। আর ইব্নু স্বাইয়াদ তাদেরই একজন অথবা এ কারণে যে, তখনো ইব্নু স্বাইয়াদ সাবালক হয়নি অথবা এ জন্য যে, সে সরাসরি নবুওয়াতের দাবি করেনি। বরং সে রিসালাতের দাবির প্রতি ইঙ্গিত করেছে মাত্র যা নবুওয়াতের দাবি করা প্রমাণ করে না।

কারণ, আল্লাহ্ তা'আলা যেমন দুনিয়াতে মানব জাতির হিদায়াতের জন্য নবী-রাসূল পাঠান তেমনিভাবে কাফিরদের নিকট শয়তানও পাঠান।

(আল-ফাত্'হুর-রাব্বানি ২৪/৬৪-৬৫ ফাত্'হুল-বারী ৬/১৭২)

দাজ্জালের আবির্ভাব কোথায়:

দাজ্জাল পূর্ব দিক থেকে বের হবে। খুরাসান তথা ইস্পাহানের ইয়াহুদিয়্যাহ্ নামক এলাকা থেকে। অতঃপর সে পুরো বিশ্বে ভ্রমণ করবে। এমন কোন এলাকা বাকি থাকবে না যেখানে সে প্রবেশ করবে না। তবে মক্কা-মদীনায় সে ঢুকতে পারবে না। কারণ, ফিরিশ্তাগণ উক্ত এলাকাদ্বয় পাহারা দিবেন।

ফাতিমা বিন্তে ক্বাইস্ (রাযিয়াল্লাহু আন্হা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন: সে (দাজ্জাল) সিরিয়া বা ইয়েমেন সাগরে অবস্থানরত। না, বরং সে পূর্ব দিক থেকেই আবির্ভূত হবে। (মুসলিম ২৯৪২)

আবূ বকর সিদ্দীক্ব (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন: দাজ্জাল পূর্ব এলাকা তথা খুরাসান শহর থেকে বের হবে।

(তিরমিযী/তুহ্ফাহ্ ৬/৪৯৫)

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন: দাজ্জাল ইস্পাহান শহরের ইয়াহুদিয়্যাহ্ নামক এলাকা থেকে বের হবে। তার সাথে থাকবে সত্তর হাজার ইহুদি।

(আল-ফাত্'হুর-রাব্বানি ২৪/৭৩ ফাত্'হুল-বারী ১৩/৩২৮)

দাজ্জাল মক্কা ও মদীনায় প্রবেশ করতে পারবে না:

ফাতিমা বিন্তে ক্বাইস্ (রাযিয়াল্লাহু আন্হা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন: দাজ্জাল বললো: আমি হলাম মাসী'হুদ-দাজ্জাল। আমাকে অচিরেই বের হওয়ার অনুমতি দেয়া হবে। তখন আমি বের হবো এবং বিশ্বের সর্ব জায়গায় ঘুরে বেড়াবো। এমন কোন এলাকা বাকি থাকবে না যেখানে আমি চল্লিশ দিনের মধ্যেই অবতরণ করবো না। তবে মক্কা-মদীনায় প্রবেশ করা আমার জন্য হারাম। যখনই আমি এর কোনটিতে ঢুকতে যাবো তখনই জনৈক ফিরিশ্তা খোলা তলোয়ার নিয়ে আমাকে প্রতিরোধ করবে। সেখানকার প্রত্যেক গিরি পথে থাকবে অনেকগুলো ফিরিশ্তা যারা আমার প্রবেশ থেকে শহরটিকে রক্ষা করবে।

মূলতঃ দাজ্জাল চারটি মসজিদে প্রবেশ করতে পারবে না। সেগুলো হচ্ছে, মক্কা মসজিদ, মদীনা মসজিদ, ত্বূর মসজিদ ও আক্বস্বা মসজিদ।

জুনাদাহ্ বিন্ আবূ উমাইয়াহ্ আয্দী (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: আমি ও জনৈক আন্সারী সাহাবী জনৈক সাহাবীর নিকট গিয়ে বললাম: আপনি দাজ্জাল সম্পর্কে রাসূল (ﷺ) থেকে যা শুনেছেন আমাদেরকে বলুন। তখন তিনি বললেন:... দাজ্জাল চল্লিশ দিন দুনিয়াতে অবস্থান করবে। সে এরই মধ্যে সকল জায়গায় পৌঁছবে। তবে সে চারটি মসজিদের নিকটবর্তী হতে পারবে না: মসজিদে হারাম, মসজিদে নববী, ত্বূর মসজিদ ও আক্বস্বা মসজিদ।

(আল-ফাত্'হুর-রাব্বানি ২৪/৭৬ ফাত্'হুল-বারী ১৩/১০৫)

দাজ্জালের অনুসারী:

দাজ্জালের অনুসারী হবে ইহুদি, অনারব ও তুর্কিরা। তাতে সব শ্রেণীর লোকই থাকবে। বিশেষ করে মহিলা ও গ্রাম্য লোক।

আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

يَتْبَعُ الدَّجَّالَ مِنْ يَهُوْدِ أَصْبَهَانَ سَبْعُوْنَ أَلْفًا، عَلَيْهِمُ الطَّيَالِسَةُ.

"ইস্পাহানের সত্তর হাজার ইহুদি দাজ্জালের অনুসরণ করবে। তাদের গায়ে থাকবে চাদর"। (মুসলিম ২৯৪৪)

অন্য বর্ণনায় রয়েছে, তাদের মাথায় থাকবে তাজ।

(আল-ফাত্'হুর-রাব্বানি ২৪/৭৩ ফাত্'হুল-বারী ১৩/২৩৮)

অন্য বর্ণনায় রয়েছে, তার (দাজ্জাল) অনুসারী হবে এমন লোক যাদের চেহারা চামড়া মোড়ানো ঢালের ন্যায় তথা চওড়া ও ঝুলে পড়া গণ্ডদেশ বিশিষ্ট।

ইমাম ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) বলেন: মনে হয় এরা তুর্কি।

(আন-নিহায়াহ্/আল-ফিতানু ওয়াল-মালাহিম ১/১১৭)

কিছু কিছু অনারবও উক্ত বৈশিষ্ট্যের অধিকারী যা পূর্বে বর্ণিত হয়েছে।

দাজ্জালের অনুসারী অধিকাংশ গ্রাম্য লোক এ জন্যই হবে যে, কারণ মূর্খতা তাদের মধ্যেই অনেক বেশি।

আবূ উমামাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন: দাজ্জালের ফিতনা এটাও যে, সে জনৈক গ্রাম্য লোককে বলবে: আমি যদি তোমার মাতা-পিতাকে জীবিত করে দেখাতে পারি তা হলে কি

তুমি এ কথার সাক্ষ্য দিবে যে, আমি তোমার প্রভু। সে বলবে: হ্যাঁ। তখন দু'টি শয়তান তার মাতা-পিতার ছবি ধারণ করে বলবে: হে আমার ছেলে! এর অনুসরণ করো। এ হচ্ছে তোমার প্রভু।

(ইব্নু মাজাহ্ ২/১৩৫৯-১৩৬৩ স'হীহুল-জামি', হাদীস ৭৭৫২)

আর মেয়েলোকের ব্যাপারটি তো আরো করুণ। কারণ, তারা সহজেই অভিভূত হয় এবং তাদের মধ্যে মূর্খতাও অনেক বেশি।

আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: একদা দাজ্জাল মদীনার "মারক্বানাহ্" নামক ঢালু উপত্যকায় অবতরণ করবে। তখন মদীনার অধিকাংশ মহিলাই তার নিকট পাড়ি জমাবে। তখন পুরুষরা দাজ্জালের নিকট যাওয়ার ভয়ে তাদের স্ত্রী, মাতা, কন্যা, বোন ও ফুফুকে রশি দিয়ে ভালো করে বেঁধে রাখবে। (আহ্মাদ্, হাদীস ৫৩৫৩)

দাজ্জালের ফিতনা:

দাজ্জালের ফিতনা হলো আদম সৃষ্টির পর থেকে কিয়ামত পর্যন্ত আসা সকল ফিতনার বড়ো ফিতনা। কারণ, আল্লাহ্ তা'আলা তাকে এমন এক বিশেষ অলৌকিক ক্ষমতা দিবেন যা একজন বুদ্ধিমান মানুষকেও বোকা বানিয়ে ছাড়বে।

তার সাথে থাকবে জান্নাত ও জাহান্নাম। তার জান্নাত হবে বাস্তবে জাহান্নাম এবং তার জাহান্নাম হবে বাস্তবে জান্নাত। তার সাথে থাকবে অনেকগুলো নদ-নদী এবং রুটির পাহাড়। সে আকাশকে বৃষ্টি বর্ষণ করতে বললে আকাশ তখন বৃষ্টি বর্ষণ করবে। সে জমিনকে ফসল ফলাতে বললে জমিন তখন ফসল ফলাবে। জমিনের সকল ধন-ভাণ্ডার তার পিছে পিছে চলবে। পুরো বিশ্ব সে অতি অল্প সময়ে বিচরণ করবে। যেমন বাতাস তাড়িত বৃষ্টি অতি দ্রুত বয়ে যায়।

'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: "দাজ্জালের বাম চোখ হবে কানা। চুল হবে এলোমেলো। তার সাথে থাকবে জান্নাত ও জাহান্নাম। তার জাহান্নাম হবে বাস্তবে জান্নাত এবং তার জান্নাত হবে বাস্তবে জাহান্নাম"। (মুসলিম ২৯৩৪)

'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: "আমি নিশ্চয়ই জানি দাজ্জালের সাথে কি থাকবে। তার

সাথে থাকবে দু'টি প্রবহমান নদী। একটির দিকে তাকালে মনে হবে তাতে রয়েছে স্বচ্ছ সাদা পানি। অন্যটির দিকে তাকালে মনে হবে তাতে রয়েছে জ্বলন্ত আগুন। তোমাদের কেউ তার সাক্ষাৎ পেলে সে যেন চোখ বন্ধ করে উক্ত নদীতে নেমে পড়ে যাতে জ্বলন্ত আগুন রয়েছে বলে মনে হয়। মাথা নিচু করে সে যেন তা থেকে পানি পান করে। কারণ, সেটিই হবে তখনকার ঠাণ্ডা পানি"। (মুসলিম ২৯৩৪)

নাওয়াস্ বিন্ সাম্'আন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: সাহাবাগণ একদা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে জিজ্ঞাসা করলেন: হে আল্লাহ্'র রাসূল! দাজ্জাল দুনিয়াতে কতো দিন অবস্থান করবে? রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: "চল্লিশ দিন। তার মধ্যে এক দিন হবে এক বছরের ন্যায়। আরেক দিন হবে এক মাসের ন্যায়। আরেক দিন হবে এক সপ্তাহের ন্যায়। আর বাকী দিনগুলো হবে এখনকার দিনের ন্যায়। সাহাবাগণ জিজ্ঞাসা করলেন: হে আল্লাহ্'র রাসূল! সে কতো দ্রুত জমিনে বিচরণ করবে? রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: হাওয়া তাড়িত বৃষ্টি তথা তুফানের ন্যায়। সে কিছু লোকের কাছে গিয়ে তাদেরকে তার উপর ঈমান আনার আহ্বান করলে তারা তার উপর ঈমান আনবে। তখন সে আকাশকে আদেশ করলে আকাশ বৃষ্টি বর্ষণ করবে। জমিনকে আদেশ করলে জমিন প্রচুর ফসল ফলাবে। তাদের গৃহ পালিত পশুগুলোর স্তনসমূহ দুধে ভরে যাবে। মোটা-তাজা ও হৃষ্ট-পুষ্ট হবে। আরো কিছু লোকের কাছে গিয়ে তাদেরকে তার উপর ঈমান আনার আহ্বান করলে তারা তার উপর ঈমান আনবে না। যখন সে উক্ত এলাকা ছেড়ে যাবে তখন সে এলাকায় আর বৃষ্টি হবে না। মানুষের হাতে কোন সম্পদ থাকবে না। সে কোন মরুভূমি অতিক্রম করার সময় মরুভূমিকে আদেশ করবে তার সকল ধন-ভাণ্ডার বের করে দিতে। তখন মরুভূমির সকল গুপ্ত ধন-ভাণ্ডার মৌমাছির ন্যায় তার পিছু নিবে। অতঃপর সে জনৈক সুঠাম দেহের যুবককে ডেকে কাছে আনবে এবং তাকে তলোয়ার মেরে দু' টুকরো করে ফেলবে। অতঃপর তাকে আবারো ডাকলে সে হাঁসতে হাঁসতে তার দিকে আসবে"। (মুসলিম ২৯৩৭)

আবূ সা'ঈদ খুদ্‌রী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর বর্ণনায় রয়েছে, দাজ্জাল যাঁকে হত্যা করবে তিনি হবেন সে যুগের সর্ব শ্রেষ্ঠ ব্যক্তি অথবা সর্ব শ্রেষ্ঠ ব্যক্তিদের অন্যতম। তিনি মদীনা থেকে বের হয়ে দাজ্জালকে বলবেন: আমি সাক্ষ্য দিচ্ছি যে, তুমি সেই দাজ্জাল যার সম্পর্কে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদেরকে ইতিপূর্বে সংবাদ

দিয়েছেন। তখন দাজ্জাল উপস্থিত লোকদেরকে উদ্দেশ্য করে বলবে: আমি যদি একে হত্যা করে আবারো জীবিত করতে পারি তবুও কি তোমরা আমার প্রভু হওয়ার ব্যাপারে সন্দেহ পোষণ করবে? সবাই বলবে: না, তখন সে লোকটিকে হত্যা করে আবারো জীবিত করবে। তখন লোকটি বলবেন: আল্লাহ্'র কসম! আজ আমি তোমার ব্যাপারে পূর্বের চাইতে আরো বেশি অভিজ্ঞতা লাভ করেছি। তখন দাজ্জাল তাঁকে আবারো হত্যা করতে চাইবে। কিন্তু সে আর তাঁকে হত্যা করতে পারবে না। (বুখারী ৭১৩২; মুসলিম ২৯৩৮)

দাজ্জালকে অস্বীকারকারীগণ:

ইতপূর্বের হাদীসসমূহ থেকে আমরা বুঝতে পারলাম, দাজ্জাল সংক্রান্ত হাদীসগুলো মুতাওয়াতির। সে বাস্তব এক মানুষ। তাকে আল্লাহ্ তা'আলা অনেকগুলো অলৌকিক ক্ষমতা দিবেন। কিন্তু শায়েখ মুহাম্মাদ 'আব্দুহ্ তা অস্বীকার করেন। তিনি বলেন: দাজ্জালের ব্যাপারটি একটি ডাহা মিথ্যা ও বানোয়াট কাহিনী। শায়েখ আবূ 'উবায়্যাহ্ও উক্ত মত পোষণ করেন। তিনি বলেন: দাজ্জাল একটি বাতিল শক্তির নাম। সে মানুষ নয়।

আমরা বলবো: হাদীসগুলো এ ব্যাপারে সুস্পষ্ট যে, দাজ্জাল একজন মানুষ এবং এ সংক্রান্ত হাদীসগুলোর মাঝে বাস্তবে কোন দ্বন্দ্ব নেই।

এ ছাড়া শায়েখ আবূ 'উবায়্যাহ্ নিজেই ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) এর "আল-ফিতানু ওয়াল-মালা'হিম" কিতাবে দাজ্জালের দু' চোখের মাঝখানে কাফির শব্দটি লেখা থাকা এবং কেউ যে মৃত্যুর পূর্বে তার প্রভুকে দেখবে না এ সংক্রান্ত হাদীসটির টীকায় তিনি বলেন: উক্ত হাদীসটি এ কথাই প্রমাণ করে যে, দাজ্জালের প্রভু দাবি করাটা নিতান্তই মিথ্যা। আল্লাহ্ তা'আলা তাকে লাঞ্ছিত করুক এবং তার উপর তাঁর পূর্ণ অসন্তুষ্টি ও অভিশাপ নাযিল হোক!

উক্ত টীকায় তিনি দাজ্জাল মানুষ হওয়ার বিষয়টি অকপটে স্বীকার করলেন। আশা করি নিম্নোক্ত হাদীসটি তাঁদের উপর বর্তাবে না। কারণ, তাঁরা গবেষণাগত ভুল করেছেন। ইচ্ছাকৃত নয়।

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: "তোমাদের ইন্তিকালের পর অচিরেই এমন এক সম্প্রদায় জন্ম গ্রহণ করবে। যারা রজম তথা বিবাহিত ব্যভিচারীকে পাথর মেরে হত্যা, দাজ্জাল, পরকালের সুপারিশ, কবরের শাস্তি এবং পুড়ে যাওয়ার পর জাহান্নাম থেকে কিছু লোকের বের হওয়ার

ব্যাপারটিকে অস্বীকার করবে”। (আহ্‌মাদ, হাদীস ১৫৭)

কারো কারোর নিকট উপরোক্ত হাদীসটি দুর্বল। তবে আল্লামাহ্ আহ্‌মাদ্ শাকির হাদীসটিকে বিশুদ্ধ বলে আখ্যায়িত করেছেন।

দাজ্জালের অলৌকিক ব্যাপারগুলো সত্যিই বাস্তবঃ

ইতিপূর্বে দাজ্জালের যে অলৌকিক ক্ষমতাগুলো উল্লিখিত হয়েছে তা সত্যিই বাস্তব। তা কোন কাল্পনিক কথা নয়।

তবে ‘আল্লামাহ্ ইব্‌নু ’হায্‌ম এবং ইমাম ত্বা’হাভী (রাহিমাহুমাল্লাহ্) তা অস্বীকার করেন। আবূ ‘আলী আল-জুব্বায়ী আল-মু‘তাযিলীও বলেনঃ এগুলো বাস্তব নয়। নতুবা রাসূলের মু‘জিযাহ্ এবং যাদুকরের অলৌকিক ক্ষমতার মাঝে কোন পার্থক্যই থাকে না। এরপর ‘আল্লামাহ্ শায়েখ রশিদ রেযাও দাজ্জালের অলৌকিক ক্ষমতাকে অস্বীকার করেন। তিনি বলেনঃ এটি আল্লাহ্ তা‘আলার একান্ত নিয়ম বহির্ভূত। কারণ, তা নবীদের মু‘জিযাহ্ সমতুল্য অথবা তারও ঊর্ধ্বে ; অথচ আল্লাহ্ তা‘আলা মানুষের উপর অত্যন্ত দয়া করে তাদেরই হিদায়াতের জন্য নবীদেরকে মু‘জিযাহ্ দিয়ে পাঠিয়েছেন। কুর‘আনের ভাষায় যে নিয়মের কোন ব্যতিক্রম হবে না। সুতরাং তিনি তাদেরকে পরীক্ষা করার জন্য আরো বড়ো অলৌকিক ক্ষমতা দিয়ে দাজ্জালকে পাঠাবেন তা কখনো হতে পারে না। কারণ, কোন কোন বর্ণনায় রয়েছে, সে চল্লিশ দিনের মধ্যে মক্কা-মদীনা ছাড়া পুরো বিশ্ব ভ্রমণ করবে। অন্য দিকে দাজ্জাল সংক্রান্তবিপরীতমুখী হাদীসগুলো কুর‘আনকে বিশেষিত বা রহিত করতে পারে না। তিনি বিপরীতমুখী হাদীসগুলোর দৃষ্টান্ত দিতে গিয়ে বলেনঃ কোন কোন হাদীসে রয়েছে তার সাথে থাকবে রুটির পাহাড় এবং মধু ও পানির নদী। জান্নাত ও জাহান্নাম। আবার অন্য বর্ণনায় রয়েছে, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা মুগীরা (রাযিয়াল্লাহু তা‘আলা আনহু) কে উদ্দেশ্য করে বললেনঃ দাজ্জাল তোমার কি ক্ষতিটুকুই না করবে বলো তো? কারণ, তিনি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে দাজ্জাল সম্পর্কে সব চাইতে বেশি জিজ্ঞাসা করতেন। তখন তিনি বললেনঃ আমি লোকমুখে শুনতে পেলাম যে, তার সাথে থাকবে রুটির পাহাড় ও পানির নদী। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ বরং আল্লাহ্ তা‘আলার নিকট তার অবস্থান এতো নিম্নে যে, তিনি তাকে এ সকল ক্ষমতা দিয়ে আবার তার সত্যতাও প্রমাণ করবেন এমন কোন প্রশ্নই আসে না। বরং তার সাথে থাকবে মিথ্যা ও কুফরির সুস্পষ্ট প্রমাণ।

(বুখারী, হাদীস ৭১২২ মুসলিম ২১৫২)

শায়েখ আবূ 'উবায়্যাহ্ও দাজ্জালের অলৌকিক ক্ষমতাগুলো অস্বীকার করেন। তিনি এ সংক্রান্ত হাদীসগুলোর টিকায় বলেন: এ রকম মারাত্মক ফিতনার সম্মুখে বেশির ভাগ মানুষের পক্ষেই কোন ভাবে টিকে থাকা সম্ভবপর নয়। দাজ্জাল আবার মানব জন সম্মুখে কাউকে জীবন দিবে আবার কাউকে মৃত্যু দিবে ; অথচ আল্লাহ্ তা'আলা তাদেরকে এ জন্যই জাহান্নামে নিক্ষেপ করবেন যে, তারা উক্ত ফিতনার সম্মুখে এতটুকুও টিকে থাকতে পারেনি তা কিভাবে সম্ভব ? কারণ, এ কথা তো সবারই জানা যে, আল্লাহ্ তা'আলা নিজ বান্দাহ্'র উপর অত্যন্ত দয়ালু এবং পরম করুণাময়। সুতরাং তিনি নিজ বান্দাহ্'র সাথে এমন নির্মম কাণ্ডই বা করতে যাবেন কেন ? অন্য দিকে দাজ্জাল তো আবার আল্লাহ্ তা'আলার নিকট এতো সম্মানীও নয় যে, তিনি তাকে এতো অলৌকিক ক্ষমতা দিয়ে বেশির ভাগ মানুষের ঈমান-আক্বীদায় মারাত্মক কম্পন সৃষ্টি করবেন এবং তাদেরকে এমন কঠিন পরীক্ষার সম্মুখীন করবেন।

দাজ্জাল অস্বীকারকারীদের উত্তর:

১. দাজ্জালের অলৌকিক ক্ষমতা সংক্রান্ত হাদীসগুলো সঠিক ও বিশুদ্ধ। সুতরাং কিছু ছুতা-নাতা দেখিয়ে তা প্রত্যাখ্যান করা এবং এর অপব্যাখ্যা দেয়া কোনভাবেই ঠিক হবে না। মূলতঃ দাজ্জাল সংক্রান্ত হাদীসগুলোর মাঝে এমন কোন বৈপরীত্য নেই যে, যার কোন সহজ সমাধান বের করা সম্ভবপর নয়।

এ দিকে মুগীরা (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) কর্তৃক বর্ণিত হাদীসটির শেষাংশের অর্থ এই যে, বরং আল্লাহ্ তা'আলার নিকট তার অবস্থান এতো নিম্নে যে, তিনি তাকে এ সকল ক্ষমতা দিয়ে কোন ঈমানদারকে পথভ্রষ্ট করবেন এমন কোন প্রশ্নই আসে না। বরং এতে করে মু'মিনদের ঈমান আরো বেড়ে যাবে। সন্দেহে পড়বে শুধু ওরাই যাদের ঈমান ঠিক নেই। এ কারণেই তো দাজ্জাল যাকে হত্যা করবে সে জীবিত হয়ে বলবে: ইতিপূর্বে তোমার সম্পর্কে আমার এতো অভিজ্ঞতা ছিলো যা এখন অর্জিত হয়েছে।

২. উক্ত হাদীসটিকে যদি তার প্রকাশ্য অর্থে ধরা যায় তা হলে এমনো তো হতে পারে যে, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ওহীর মাধ্যমে দাজ্জালের অলৌকিক ক্ষমতাগুলো জানার পূর্বেই এমন কথা বলেছেন। কারণ, মুগীরা (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) নিজেই বলেছেন: আমি লোকমুখে শুনতে পেয়েছি যে, তার সাথে থাকবে রুটির

পাহাড় ও পানির নদী।

৩. দাজ্জালের অলৌকিক ক্ষমতাগুলো সত্যিই বাস্তব। তবে আল্লাহ্ তা'আলা তাকে এ সকল ক্ষমতা দিবেন মানুষের পরীক্ষার জন্য। নবীদের মু'জিযাহ্'র সাথে তা কখনো মিশে যাবে না। কারণ, এমন কোন বর্ণনা নেই যে, দাজ্জাল তখন নবুওয়াতের দাবি করবে। বরং সে তখন প্রভু বলে দাবি করবে।

৪. 'আল্লামাহ্ রশিদ রেযা যে, শুধু চল্লিশ দিনের মধ্যে দাজ্জালের মক্কা-মদীনা ছাড়া পুরো বিশ্ব ভ্রমণ করা অসম্ভব মনে করলেন তা ঠিক নয়। কারণ, তা শুধুমাত্র চল্লিশ দিন নয়। বরং এর কোন কোন দিন এক বছরের সমতুল্য। আবার কোন কোন দিন এক মাসের এবং কোন কোন দিন এক সপ্তাহের সমতুল্য হবে।

৫. দাজ্জালের অলৌকিক ক্ষমতা আল্লাহ্ তা'আলার একান্ত নিয়ম বহির্ভূত নয়। কারণ, তা হলে আপাত দৃষ্টিতে নবীদের মু'জিযাহ্গুলোও আল্লাহ্ তা'আলার একান্ত নিয়ম বহির্ভূত বলে মনে হবে। মূলতঃ যখন তা নিয়ম বহির্ভূত নয় তখন দাজ্জালের ব্যাপারটিও নিয়ম বহির্ভূত হবে কেন ?

৬. দাজ্জালের ব্যাপারটিকে যদি নিয়ম বহির্ভূতই মনে করা হয় তা হলে বলতে হবে, তখনকার সময়টিতে তো এ ছাড়া আরো অনেকগুলো নিয়ম বহির্ভূত কাজও সংঘটিত হবে। যা ইতিপূর্বে কখনো সংঘটিত হয়নি। তখনকার সময়টিই তো হবে ফিতনার সময়। তখন আল্লাহ্ তা'আলা যে, দাজ্জালকে অনেকগুলো অলৌকিক ক্ষমতা দিয়ে মানুষদেরকে পরীক্ষা করবেন তা কখনো তাঁর দয়া বিরোধী নয়। কারণ, তিনি ইতিপূর্বে তাঁর নবীর মাধ্যমে সতর্ক করেছেন। তার ফিতনা থেকে বাঁচার পথ শিখিয়েছেন।

দাজ্জালের অলৌকিক ক্ষমতাগুলো যে সত্য এবং বাস্তব এ সংক্রান্ত আলিমদের কিছু কথা:

ক্বাযী 'ইয়ায (রাহিমাহুল্লাহ্) বলেন: দাজ্জাল সংক্রান্ত হাদীসগুলো যা ইমাম মুসলিম ও অন্যান্যরা বর্ণনা করেছেন তা সত্যপন্থীদের জন্য এ ব্যাপারে এক বিরাট প্রমাণ যে, দাজ্জাল একদা অবশ্যই দুনিয়াতে পদার্পণ করবে। সে এক বাস্তব মানুষ। আল্লাহ্ তা'আলা তাকে পাঠিয়ে তাঁর বান্দাহ্দেরকে পরীক্ষা করবেন এবং তিনি নিজেই তাকে এমন কিছু ক্ষমতা দিবেন যা উক্ত

পরীক্ষার জন্য একান্ত সহায়ক। সে মানুষ মেরে তাকে আবারো জীবিত করবে। পুরো দুনিয়া তখন হবে সুজলা সুফলা। তার সাথে থাকবে জান্নাত ও জাহান্নাম। আরো থাকবে দু'টি নদী। দুনিয়ার সকল ধন-ভাণ্ডার তার পিছু নিবে। তার আদেশেই আকাশ বৃষ্টি ও জমিন ফসল দিবে। এ সব কিছু আল্লাহ্ তা'আলার একান্ত ক্ষমতা ও তাঁর ইচ্ছাধীন। তাই তো তিনি পরিশেষে তাকে অক্ষম বানিয়ে দিবেন। তখন সে আর কাউকে হত্যা করতে পারবে না। বরং তাকেই তখন হত্যা করবেন 'ঈসা (عليه السلام)।

এটিই হচ্ছে আহ্লে সুন্নাত ওয়াল-জামা'আত এবং সকল মুহাদ্দিস ও মুফতিদের একান্ত মতাদর্শ। তবে খারিজী, জাহ্মী এবং কিছু মু'তাযিলাহ্ এ ব্যাপারে ভিন্ন মত পোষণ করে। তাদের ধারণা, সে যদি সত্যই হতো তা হলে তাকে নবীদের মতো মু'জিযাহ্ দিয়ে এতো শক্তিশালী করা হতো না। তবে তাদের উক্ত মতামতের সত্য কোন ভিত্তি নেই। কারণ, সে তো আর নিজকে তখন নবী বলে দাবি করছে না। বরং সে তো তখন নিজকে ইলাহ্ বলেই দাবি করবে এবং তার এ দাবি যে অসত্য তা তার শরীরই প্রমাণ করবে। কারণ, সে কানা হবে এবং তার কপালেই লেখা থাকবে সে কাফির।

এরপরও যে তাকে দিয়ে ধোঁকা খাবে সে অবশ্যই অত্যন্ত ভীতু, দুনিয়ালোভী এবং ঈমানশূন্য। সত্যিকার মু'মিন ব্যক্তি তাকে দিয়ে কখনো ধোঁকা খাবে না। (শর'হুন-নাওয়াওয়ী ১৮/৫৮-৫৯ ফাত'হুল-বারী ১৩/১০৫)

ইমাম ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) বলেন: আল্লাহ্ তা'আলা দাজ্জালকে কিছু অলৌকিক ক্ষমতা দিয়ে তাঁর বান্দাহ্দেরকে পরীক্ষা করবেন। যা ইতিপূর্বে বর্ণিত হয়েছে। কেউ তার কথা শুনলে সে আকাশকে আদেশ করা মাত্রই আকাশ বৃষ্টি দিবে। জমিনকে আদেশ করা মাত্রই জমিন এতো বেশি ফলন দিবে যে, যা তাদের এবং তাদের চতুষ্পদ জন্তুগুলোর জন্য একেবারেই যথেষ্ট। যা খেয়ে তাদের চতুষ্পদ জন্তুগুলো দুধেল ও মোটা-তাজা হয়ে যাবে। যে তার কথা শুনবে না সে তো অনাবৃষ্টি, দুর্ভিক্ষ, চতুষ্পদ জন্তুর মৃত্যু, জান-মালের ঘাটতি ইত্যাদিতে ভুগবে। মৌমাছির দলের ন্যায় দুনিয়ার সকল ধন-ভাণ্ডার তার পিছু নিবে। জনৈক যুবককে হত্যা করে তাকে আবার পুনরুজ্জীবিত করবে। এ সব কিন্তু কোন কল্পকাহিনী নয়। বরং তা নিতান্ত সত্য। যা কর্তৃক আল্লাহ্ তা'আলা নিজ বান্দাহ্দেরকে পরীক্ষা

করবেন। তাতে সন্দেহকারীরা পথভ্রষ্ট হবে। ঈমানদারদের ঈমান আরো বেড়ে যাবে।

(নিহাইয়াহ্/আল-ফিতানু ওয়াল-মালা'হিম ১/১২১)

দাজ্জালের ফিতনা থেকে রক্ষা:

আমাদের প্রিয় নবী (ﷺ) দাজ্জালের ফিতনা থেকে নিজ উম্মতদেরকে রক্ষা করার জন্য কিছু পথ বাতলিয়েছেন যা নিম্নে উল্লিখিত হলো:

১. ইসলামকে আঁকড়ে ধরবে, ঈমানের বলে বলীয়ান হবে এবং আল্লাহ্ তা'আলার সকল নাম ও গুণাবলী সম্পর্কে ভালোভাবে জেনে নিবে। যে গুলোর মধ্যে তাঁর সাথে আর কেউ শরীক নেই। তা হলে বুঝতে পারবে যে, আরে দাজ্জাল তো মানুষ। সে তো খায় এবং পান করে। আর আল্লাহ্ তা'আলা তো খানও না এবং পানও করেন না। দাজ্জাল তো কানা। আর আল্লাহ্ তা'আলা তো কানা নন। দাজ্জালকে তো সবাই দেখতে পাচ্ছে। আর আল্লাহ্ তা'আলাকে তো মৃত্যুর পূর্বে কেউই দেখতে পাবে না।

২. দাজ্জালের ফিতনা থেকে সর্বদা আল্লাহ্ তা'আলার একান্ত আশ্রয় কামনা করবে। বিশেষ করে নামাযের শেষ বৈঠকে।

'আয়িশা (রাযিয়াল্লাহু আন্হা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) সর্বদা নামাযের মধ্যে নিম্নোক্ত দো'আটি পড়তেন:

اَللَّهُمَّ إِنِّيْ أَعُوْذُبِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ وَأَعُوْذُبِكَ مِنْ فِتْنَةِ الْمَسِيْحِ الدَّجَّالِ وَأَعُوْذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ اَللَّهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنَ الْمَأْثَمِ وَالْمَغْرَمِ.

"হে আল্লাহ্! নিশ্চয়ই আমি আপনার নিকট আশ্রয় চাচ্ছি কবরের আযাব, মাসীহ্ নামক দাজ্জালের ফিতনা এবং জীবদ্দশা ও মৃত্যুকালীন ফিতনা থেকে। হে আল্লাহ্! নিশ্চয়ই আমি আপনার নিকট আশ্রয় চাচ্ছি সর্ব প্রকার গুনাহ্ ও ঋণ থেকে"। (বুখারী ৮৩২; মুসলিম ৫৮৯)

আব্দুল্লাহ্ বিন্ 'আব্বাস্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) আমাদেরকে নিম্নোক্ত দো'আ শিক্ষা দিতেন যেমনিভাবে শিক্ষা দিতেন নামাযের কোন সূরা। তিনি বলতেন: বলো:

اَللَّهُمَّ إِنَّا نَعُوْذُ بِكَ مِنْ عَذَابِ جَهَنَّمَ، وَأَعُوْذُبِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ، وَأَعُوْذُبِكَ مِنْ فِتْنَةِ الْمَسِيْحِ الدَّجَّالِ، وَأَعُوْذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ.

"হে আল্লাহ্! নিশ্চয়ই আমরা আপনার নিকট আশ্রয় চাচ্ছি জাহান্নামের শাস্তি, কবরের আযাব, মাসীহ্ নামক দাজ্জালের ফিতনা এবং জীবদ্দশা ও মৃত্যুকালীন ফিতনা থেকে"। (মুসলিম ৫৯০)

ইমাম ত্বাউস (রাহিমাহুল্লাহ্) তাঁর ছেলেকে দ্বিতীয়বার নামায পড়তে আদেশ করতেন যদি সে নামাযে উক্ত দো'আ না পড়তো।

এ থেকে বুঝা যায়, আমাদের সাল্‌ফে সালিহীনগণ নিজ সন্তানদেরকে উক্ত দো'আ শিক্ষা দেয়ার ব্যাপারে কতোই না যত্নবান ছিলেন।

'আল্লামাহ্ সাফ্‌ফারিনী বলেন: প্রত্যেক আলিমের জন্য উচিত সর্ব স্তরের পুরুষ, মহিলা ও বাচ্চাদের মাঝে দাজ্জালের হাদীসসমূহের প্রচার-প্রসার করা। কারণ, দাজ্জাল বের হওয়ার অন্যতম আলামত হচ্ছে মানুষ তার ব্যাপার ভুলে যাওয়া এবং মসজিদের মিম্বরে তাকে নিয়ে আলোচনা না হওয়া।

তিনি আরো বলেন: বিশেষ করে আমাদের এ বিপদ সঙ্কুল ফিতনার যুগে দাজ্জাল সংক্রান্ত হাদীসসমূহের প্রচার-প্রসার অত্যাবশ্যক। যাতে সুন্নাতের কোন প্রচার-প্রসার নেই। বরং বহু সুন্নাতই এ যুগে বিদ্'আতের রূপ ধারণ করেছে এবং বিদ্'আত হয়ে গেছে এ যুগের অনুকরণীয় শরীয়ত। (লাওয়ামি' ২/১০৬-১০৭)

৩. সূরা কাহাফের প্রথম ও শেষ দশটি আয়াত মুখস্থ করে নিবে এবং দাজ্জাল বের হলে তার উপর তা পড়বে।

রাসূল (ﷺ) ইরশাদ করেন:

فَمَنْ أَدْرَكَهُ مِنْكُمْ فَلْيَقْرَأْ عَلَيْهِ فَوَاتِحَ سُوْرَةِ الْكَهْفِ.

"তোমাদের কেউ তার সাথে সাক্ষাত করলে তার উপর সূরা কাহাফের শুরুর কিছু আয়াত পাঠ করবে"। (মুসলিম ২৯৩৭)

আবূ দ্দারদা' (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

مَنْ حَفِظَ عَشْرَ آيَاتٍ مِنْ أَوَّلِ سُوْرَةِ الْكَهْفِ عُصِمَ مِنَ الدَّجَّالِ، قَالَ شُعْبَةُ: مِنْ آخِرِ الْكَهْفِ، وَقَالَ هَمَّامٌ: مِنْ أَوَّلِ الْكَهْفِ.

"যে ব্যক্তি সূরা কাহাফের প্রথম দশটি আয়াত মুখস্থ করে নিবে তাকে দাজ্জালের ফিতনা থেকে রক্ষা করা হবে। বর্ণনাকারী শু'বাহ্ বলেন: সূরা

কাহাফের শেষের দশটি আয়াত। হাম্মাম বলেন: সূরা কাহাফের শুরুর দশটি আয়াত"। (মুসলিম ৮০৯)

৪. দাজ্জাল থেকে সম্পূর্ণরূপে দূরে থাকবে। এ ব্যাপারে সর্বোৎকৃষ্ট সিদ্ধান্ত হচ্ছে এখন থেকেই মক্কা-মদীনায় স্থায়ী বসবাস শুরু করা। কারণ, উক্ত পবিত্র স্থানদ্বয়ে দাজ্জাল কখনো ঢুকতে পারবে না। দাজ্জাল থেকে দূরে থাকা আবশ্যক এ জন্য যে, দাজ্জাল হবে আল্লাহ্ তা'আলার ইচ্ছায় তখনকার এক অলৌকিক ক্ষমতার অধীকারী। যা সকল মানুষের জন্য পরীক্ষা সরূপ। দেখা যাবে তখনকার একজন স্থীর ঈমানের দাবিদার ব্যক্তিও নিজের অজান্তে তার অনুসারী হয়ে যাবে। তাই তার থেকে সর্বাত্মক দূরবর্তী মানুষই হবে তখনকার সব চাইতে নিরাপদ ব্যক্তি।

'ইমরান বিন্ 'হুস্বাইন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

مَنْ سَمِعَ بِالدَّجَّالِ فَلْيَنْأَ عَنْهُ، فَوَاللهِ إِنَّ الرَّجُلَ لَيَأْتِيْهِ وَهُوَ يَحْسِبُ أَنَّهُ مُؤْمِنٌ، فَيَتَّبِعُهُ مِمَّا يُبْعَثُ بِهِ مِنَ الشُّبُهَاتِ أَوْ لِمَا يُبْعَثُ بِهِ مِنَ الشُّبُهَاتِ.

"কেউ দাজ্জালের খবর পেলে সে যেন তার থেকে বহু দূরে অবস্থান করে। কারণ, আল্লাহ্'র কসম খেয়ে বলছি, জনৈক ব্যক্তি তার কাছে আসবে। তার বিশ্বাস সে একজন খাঁটি মু'মিন। অতঃপর সে দাজ্জালের অনুসারী হয়ে যাবে। কারণ, সে দাজ্জালের নিকট কিছু সন্দেহ মূলক কর্মকাণ্ড দেখতে পাবে"। (স'হী'হুল-জা'মি', হাদীস ৬১৭৭)

কুর'আনে দাজ্জালের উল্লেখ:

আমাদের পবিত্র কুর'আন মাজীদে দাজ্জালের ব্যাপারটি কেন উল্লিখিত হয়নি এ ব্যাপারে বিজ্ঞ আলিমগণ কয়েকটি মন্তব্য ব্যক্ত করেছেন যা নিম্নে প্রদত্ত হলো:

১. নিম্নোক্ত আয়াতে দাজ্জালের ব্যাপারটি অন্তর্ভুক্ত রয়েছে। যদিও তা প্রকাশ্যভাবে নয়।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿يَوْمَ يَأْتِيْ بَعْضُ آيَاتِ رَبِّكَ لَا يَنْفَعُ نَفْسًا إِيْمَانُهَا لَمْ تَكُنْ آمَنَتْ مِنْ قَبْلُ أَوْ كَسَبَتْ فِيْ إِيْمَانِهَا خَيْرًا﴾.

"যে দিন তোমার প্রভুর কয়েকটি নিদর্শন প্রকাশিত হবে সে দিন আর এমন কোন লোকের ঈমান তার ফায়েদায় আসবে না যে ইতিপূর্বে ঈমান আনেনি অথবা ঈমান আনার পর কোন নেক আমল করেনি।

(আন্'আম : ১৫৮)

রাসূল (ﷺ) উক্ত কয়েকটি নিদর্শনের বর্ণনায় তিনিটি বস্তু উল্লেখ করেছেন যার মধ্যে দাজ্জাল হচ্ছে একটি।

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

ثَلَاثٌ إِذَا خَرَجْنَ لَا يَنْفَعُ نَفْسًا إِيْمَانُهَا لَمْ تَكُنْ آمَنَتْ مِنْ قَبْلُ أَوْ كَسَبَتْ فِيْ إِيْمَانِهَا خَيْرًا: طُلُوْعُ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا، وَالدَّجَّالُ، وَدَابَّةُ الْأَرْضِ.

"দুনিয়াতে যখন তিনটি বস্তু প্রকাশ পাবে তখন আর এমন কোন লোকের ঈমান তার ফায়েদায় আসবে না যে ইতিপূর্বে ঈমান আনেনি অথবা ঈমান আনার পর কোন নেক আমল করেনি। উক্ত বস্তু তিনটি হচ্ছে, পশ্চিম তথা সূর্যাস্তের দিক থেকে সূর্য উঠা, দাজ্জাল ও জমিনের এক অলৌকিক প্রাণী"। (মুসলিম ১৫৮)

২. কুর'আন মাজীদে 'ঈসা (عليه السلام) এর অবতরণের কথা উল্লিখিত হয়েছে। এ দিকে 'ঈসা (عليه السلام) ই তো দাজ্জালকে হত্যা করবেন। সুতরাং হিদায়েতের মাসীহ্ তথা 'ঈসা (عليه السلام) এর ব্যাপারটি উল্লেখ করে ভ্রষ্টতার মাসীহ্ তথা দাজ্জালের প্রতি ইঙ্গিত করা হয়েছে। আরবী ভাষায় এমন প্রচলন রয়েছে যে, কোন বস্তুকে উল্লেখ করে তার বিপরীতের প্রতি ইঙ্গিত করা হয়।

৩. নিম্নোক্ত আয়াতেও দাজ্জালের ব্যাপারটি অন্তর্ভুক্ত রয়েছে। যদিও তা প্রকাশ্যভাবে নয়।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿لَخَلْقُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ أَكْبَرُ مِنْ خَلْقِ النَّاسِ، وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ﴾.

"মানব সৃষ্টি অপেক্ষা ভূমণ্ডল ও নভোমণ্ডল সৃষ্টি অবশ্যই কঠিন। কিন্তু অধিকাংশ মানুষ তা জানে না"। (গাফির/মু'মিন : ৫৭)

উক্ত আয়াতে মানুষ সৃষ্টি বলতে দাজ্জাল সৃষ্টির কথা বুঝানো হয়েছে।

আবূ ল-'আলিয়া (রাহিমাহুল্লাহ্) বলেন: মানব সৃষ্টির মধ্যে দাজ্জালের চাইতেও আরো বড়ো সৃষ্টি আর কি হতে পারে? তাই তো একদা ইহুদিরা তাকে মহান ভেবে তার পিছু নিবে। (ক্বুরতুবী ১৫/৩২৫)

'আল্লামাহ্ ইব্নু 'হাজার (রাহিমাহুল্লাহ) বলেন: যদি উক্ত কথা সঠিক হয়ে থাকে তা হলে তা হবে সত্যিই একটি সুন্দর উত্তর। যার বর্ণনার দায়িত্ব রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নিজেই গ্রহণ করেছেন। (ফাত্'হুল-বারী ১৩/৯২)

৪. কুর'আন মাজীদে দাজ্জালের ব্যাপারটি এ জন্যই উল্লিখিত হয়নি কারণ সে তো আল্লাহ্ তা'আলার নিকট এক লাঞ্ছিত ও অপদস্থ সৃষ্টি। সে প্রভুত্বের দাবি করবে ; অথচ সে একজন মানুষ।

এ দিকে ফির'আউন প্রভুত্বের দাবিদার হলেও তার কথা কুর'আন মাজীদে এ জন্যই উল্লেখ করা হয়েছে কারণ সে তো গত হয়ে গিয়েছে এবং তার ব্যাপারটি মানুষের জন্য একটি শিক্ষণীয় বিষয়। কিন্তু দাজ্জালের ব্যাপারটি তেমন নয়। কারণ, সে শেষ যুগে আসবে। সুতরাং তার ব্যাপারটি সবার জন্য পরীক্ষা সরূপ। উপরন্তু তার প্রভুত্বের দাবির ব্যাপারটিও বলার অপেক্ষা রাখে না। কারণ, তার শরীরই হবে প্রকাশ্য ত্রুটিযুক্ত। যা তার প্রভুত্বের দাবির জন্য কোনভাবেই মানানসই নয়। আর এ কথা সবারই জানা যে, কখনো কোন বস্তুর উল্লেখ এ জন্যই করা হয় না কারণ তা সবার নিকট সুস্পষ্ট। যেমনিভাবে রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) হযরত আবূ বকর (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর খিলাফতের ব্যাপারটি নিজের জীবদ্দশায় লিখে যাননি। কারণ, তা সবার নিকটই সুস্পষ্ট। তাঁর সম্মান সবার মনে সুপ্রতিষ্ঠিত। এ জন্যই রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يَأْبَى اللهُ وَالْمُؤْمِنُوْنَ إِلَّا أَبَا بَكْرٍ.

"আল্লাহ্ তা'আলা এবং ঈমানদাররা কখনো আবূ বকর ছাড়া কাউকে (প্রথম খলীফা হিসেবে) মেনে নিবে না"। (মুসলিম ২৩৮৭)

এগুলোর মধ্যে প্রথম উত্তরটিই অধিক গ্রহণযোগ্য।

দাজ্জালের ধ্বংস:

অনেকগুলো বিশুদ্ধ হাদীস দ্বারা এটাই প্রমাণিত হয় যে, 'ঈসা (عليه السلام) ই একদা দাজ্জালকে হত্যা করবেন। আর তা এভাবে যে, দাজ্জাল যখন মক্কা-মদীনা ছাড়া পুরো বিশ্ব চষে বেড়াবে, তার অনুসারীরাই সর্বাধিক হবে এবং তার ফিতনা ব্যাপক হবে, যা থেকে গুটি কয়েক ঈমানদার ছাড়া আর কেউই রক্ষা পাবে না তখনই 'ঈসা (عليه السلام) দামেস্কের পূর্ব মিনারায় অবতীর্ণ হবেন। তাঁকে তখন ঈমানদাররা চার দিক থেকে ঘিরে রাখবে। তখন তিনি তাদেরকে সঙ্গে নিয়ে দাজ্জালকে খুঁজবেন। দাজ্জাল তখন বায়তুল মাক্বদিস অভিমুখে রওয়ানা করবে। আর তখনই তার সাথে 'ঈসা (عليه السلام) এর সাক্ষাৎ হবে লুদ্দ গেইটের নিকটে। দাজ্জাল তাঁকে দেখেই গলে যাবে যেমনিভাবে গলে যায় লবণ। তখন 'ঈসা (عليه السلام) বলবেনঃ তোমার জন্য রয়েছে আমার পক্ষ থেকে এক অব্যর্থ মার। অতঃপর 'ঈসা (عليه السلام) তাকে নিজ বর্শা দিয়ে হত্যা করবেন এবং তার অনুসারীরা পরাজিত হবে। তখন মু'মিনরা তাদের পিছু নিবে এবং তাদেরকে হত্যা করবে। এমনকি যে কোন পাথর ও গাছপালা তখন মুসলমানদেরকে ডেকে বলবে: হে মুসলিম! হে আব্দুল্লাহ্! এই যে, জনৈক ইহুদি আমার পেছনে লুক্কায়িত। এসো, তাকে হত্যা করো। তবে "গারক্বাদ্" নামক গাছটি এমন কথা বলবে না। কারণ, সেটি ইহুদিদের গাছ। (আন-নিহায়াহ্/আল-ফিতানু ওয়াল-মালা'হিম ১/১২৮-১২৯)

নিম্নে এ সংক্রান্ত কয়েকটি হাদীস উল্লিখিত হলো:

১. আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يَخْرُجُ الدَّجَّالُ فِيْ أُمَّتِيْ فَيَمْكُثُ أَرْبَعِيْنَ، فَيَبْعَثُ اللهُ عِيْسَى ابْنَ مَرْيَمَ كَأَنَّهُ عُرْوَةُ بْنُ مَسْعُوْدٍ، فَيَطْلُبُهُ فَيُهْلِكُهُ.

"আমার উম্মতের মধ্যে দাজ্জাল বেরুবে। অতঃপর সে চল্লিশ (দিন, মাস অথবা বছর) অবস্থান করবে। এরপর আল্লাহ্ তা'আলা 'ঈসা বিন্ মার্ইয়াম (আলাইহিমাস-সালাম) কে পাঠাবেন। দেখতে যেন তিনি 'উরওয়াহ্ বিন্ মাস্'ঊদ্। তখন তিনি তাকে খুঁজে হত্যা করবে। (মুসলিম ২৯৪০)

২. মুজাম্মি' বিন্ জারিয়াহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يَقْتُلُ ابْنُ مَرْيَمَ الدَّجَّالَ بِبَابِ لُدٍّ.

"'ঈসা বিন্ মার্ইয়াম (আলাইহিমাস-সালাম) লুদ্দ গেইটের নিকটেই দাজ্জালকে হত্যা করবেন। (তিরমিযী, হাদীস ২২৪৪)

নাওয়াস্ বিন্ সাম্'আন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) 'ঈসা (আলাইহিস সালাম) এর অবতরণ এবং দাজ্জালকে হত্যা করার ব্যাপারটি বর্ণনা করতে গিয়ে ইরশাদ করেন:

... فَلَا يَحِلُّ لِكَافِرٍ يَجِدُ رِيْحَ نَفَسِهِ إِلَّا مَاتَ، وَنَفَسُهُ يَنْتَهِيْ حَيْثُ يَنْتَهِيْ طَرْفُهُ، فَيَطْلُبُهُ حَتَّى يُدْرِكَهُ بِبَابِ لُدٍّ فَيَقْتُلُهُ.

"('ঈসা (আলাইহিস সালাম) এর অবতরণের পর) কোন কাফিরই তাঁর ('ঈসা (আলাইহিস সালাম) এর) শ্বাস-প্রশ্বাসের গন্ধ পেয়ে বেঁচে থাকতে পারবে না। আর তাঁর শ্বাস-প্রশ্বাসের গন্ধ ততটুকু যাবে যতটুকু যাবে তাঁর দৃষ্টি। তিনি দাজ্জালকে খুঁজে বেড়াবেন এবং লুদ্দ গেইটের নিকটে পেয়ে তাকে হত্যা করবেন।

(মুসলিম ২৯৩৭)

জাবির বিন্ আব্দুল্লাহ্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

يَخْرُجُ الدَّجَّالُ فِيْ خَفَقَةٍ مِنَ الدِّيْنِ، وَإِدْبَارٍ مِنَ الْعِلْمِ... ثُمَّ يَنْزِلُ عِيْسَى بْنُ مَرْيَمَ، فَيُنَادِيْ مِنَ السَّحَرِ، فَيَقُوْلُ: أَيُّهَا النَّاسُ! مَا يَمْنَعُكُمْ أَنْ تَخْرُجُوْا إِلَى الْكَذَّابِ الْخَبِيْثِ، فَيَقُوْلُوْنَ: هَذَا رَجُلٌ جِنِّيٌّ، فَيَنْطَلِقُوْنَ، فَإِذَا هُمْ بِعِيْسَى بْنِ مَرْيَمَ (عليه السلام)، فَتُقَامُ الصَّلَاةُ، فَيُقَالُ لَهُ: تَقَدَّمْ يَا رُوْحَ الله، فَيَقُوْلُ: لِيَتَقَدَّمْ إِمَامُكُمْ، فَلْيُصَلِّ بِكُمْ، فَإِذَا صَلَّى صَلَاةَ الصُّبْحِ؛ خَرَجُوْا إِلَيْهِ، فَحِيْنَ يَرَى الْكَذَّابُ يَنْمَاثُ كَمَا يَنْمَاثُ الْمِلْحُ فِي الْمَاءِ، فَيَمْشِيْ إِلَيْهِ، فَيَقْتُلُهُ، حَتَّى إِنَّ الشَّجَرَ وَالْحَجَرَ يُنَادِيْ: يَا رُوْحَ الله! هَذَا يَهُوْدِيٌّ، فَلَا يَتْرُكُ مِمَّنْ كَانَ يَتَّبِعُهُ أَحَدًا إِلَّا قَتَلَهُ.

"ধর্ম ও ধর্মীয় জ্ঞানের কঠিন দুর্যোগাবস্থায় 'ঈসা বিন্ মার্ইয়াম (আলাইহিমাস-সালাম) দুনিয়াতে অবতরণ করবেন। তিনি সেহ্রীর সময় মানুষকে ডাক দিয়ে বলবেন: হে মানব সকল! তোমরা কেন এ খবীস মিথ্যাবাদীকে প্রতিহত করার জন্য বের হচ্ছো না? তখন সবাই বলবে: আরে

এ তো একজন জিন পুরুষ। তখন মানুষ সে দিকে রওয়ানা করবে এবং তাকে দেখে বলবে: না, আরে ইনি তো 'ঈসা বিন্ মার্ইয়াম (আলাইহিমাস-সালাম)! ইতিমধ্যে ফজরের নামাযের ইক্বামত দেওয়া হবে। তাঁকে বলা হবে: আপনিই ইমামতি করুন হে আল্লাহ্ প্রেরিত বিশেষ রূহ্! তিনি বলবেন: তোমাদের ইমামই তোমাদের ইমামতি করুক। যখন তিনি ফজরের নামায শেষ করবেন তখন সবাই তাঁর নিকট জড়ো হবে। মিথ্যুক (দাজ্জাল) যখন তাঁকে দেখবে তখন সে গলে যাবে যেমনিভাবে গলে যায় পানিতে লবণ। তখন তিনি তার দিকে অগ্রসর হয়ে তাকে হত্যা করবেন। এমনকি যে কোন পাথর ও গাছপালা তখন তাঁকে ডেকে বলবে: হে আল্লাহ্ প্রেরিত বিশেষ রূহ্! এই যে, জনৈক ইহুদি আমার পেছনে লুক্কায়িত। তখন তিনি তাঁর কথিত অনুসারী বলে দাবিদার সবাইকে হত্যা করবেন। কাউকে ছাড়বেন না"। (আহ্মাদ/আল-ফাত্'হুর-রাব্বানী ২৪/৮৫-৮৬)

৩. 'ঈসা (عليه السلام) এর অবতরণ:

'ঈসা (عليه السلام) এর অবতরণ সম্পর্কে কিছু বলার পূর্বে তাঁর গুণ-বৈশিষ্ট্য নিয়ে কিছু আলোচনা করা অবশ্যই প্রয়োজন।

'ঈসা (عليه السلام) এর কিছু গুণ-বৈশিষ্ট্য:

তিনি ছিলেন একজন মাঝারি আকৃতির পুরুষ। বেশি লম্বাও নন এবং বেশি খাটোও নন। তিনি হলেন রক্ত বর্ণের, হৃষ্টপুষ্ট, প্রশস্ত বক্ষ ও কাঁধে ঝুলানো লম্বা চুল বিশিষ্ট। যেন তিনি এখনই বাথরুম থেকে বের হয়েছেন। সব সময় তিনি চুলগুলো আঁচড়ে রাখতেন।

নিম্নে এ সংক্রান্ত কিছু হাদীস উল্লিখিত হলো:

১. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَيْلَةَ أُسْرِيَ بِيْ لَقِيْتُ عِيْسَى (فَنَعَتَهُ فَقَالَ:) رَبْعَةٌ أَحْمَرُ، كَأَنَّمَا خَرَجَ مِنْ دِيْمَاسٍ يَعْنِيْ الْحَمَّامَ.

"যখন আমার ইস্রা' (রাত্রিকালীন ভ্রমণ) হয়েছিলো তখন আমার সঙ্গে 'ঈসা (عليه السلام) এর সাক্ষাৎ হয়। তিনি রক্ত বর্ণের একজন মাঝারি আকৃতির মানুষ। যেন এখনই বাথরুম থেকে বের হয়েছেন"।

(বুখারী ৩৪৩৭)

২. 'আব্দুল্লাহ্ বিন্ 'আব্বাস্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন:

رَأَيْتُ عِيْسَى وَمُوْسَى وَإِبْرَاهِيْمَ، فَأَمَّا عِيْسَى فَأَحْمَرُ جَعْدٌ عَرِيْضُ الصَّدْرِ.

"আমি 'ঈসা, মূসা ও ইব্রাহীম (আলাইহিমুস-সালাম) কে দেখেছি। 'ঈসা (عليه السلام) হচ্ছেন রক্ত বর্ণের, হৃষ্টপুষ্ট এবং প্রশস্ত বক্ষ বিশিষ্ট"। (বুখারী ৩৪৩৮)

৩. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

لَقَدْ رَأَيْتُنِيْ فِيْ جَمَاعَةٍ مِّنَ الْأَنْبِيَاءِ... وَإِذَا عِيْسَى ابْنُ مَرْيَمَ (عليه السلام) قَائِمٌ يُصَلِّيْ، أَقْرَبُ النَّاسِ بِهِ شَبَهًا عُرْوَةُ بْنُ مَسْعُوْدٍ الثَّقَفِيْ.

"আমি একদা আমাকে নবীদের একটি দলের মাঝে দেখতে পেলাম।... হঠাৎ দেখলাম 'ঈসা বিন্ মার্ইয়াম (আলাইহিমাস-সালাম) দাঁড়িয়ে নামায আদায় করছেন। তাঁর আকৃতির সাথে 'উরওয়াহ্ বিন্ মাস্'ঊদ্ সাক্বাফীর খুব একটা মিল রয়েছে"। (মুসলিম ১৭২)

৪. আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

أُرَانِيْ اللَّيْلَةَ فِيْ الْمَنَامِ عِنْدَ الْكَعْبَةِ، فَإِذَا رَجُلٌ آدَمُ كَأَحْسَنِ مَا تَرَى مِنْ أُدْمِ الرِّجَالِ، تَضْرِبُ لِمَّتُهُ بَيْنَ مَنْكِبَيْهِ، رَجِلُ الشَّعْرِ، يَقْطُرُ رَأْسُهُ مَاءً، وَاضِعًا يَدَيْهِ عَلَى مَنْكِبَيْ رَجُلَيْنِ، وَهُوَ بَيْنَهُمَا يَطُوْفُ بِالْبَيْتِ، فَقُلْتُ: مَنْ هَذَا؟ فَقَالُوْا: الْمَسِيْحُ ابْنُ مَرْيَمَ.

"গত রাতে আমি স্বপ্নে দেখেছি, আমি কা'বা ঘরের পার্শ্বেই অবস্থিত। দেখতে পেলাম জনৈক সুদর্শন ব্যক্তিকে। যেমনটি সুদর্শন কোন পুরুষ হতে পারে। তিনি একেবারে সাদাও নন এবং কালোও নন। তাঁর লম্বা চুলগুলো নিজ কাঁধেই আছড়ে পড়ছে। তবে চুলগুলো আঁচড়ানো। তাঁর মাথা থেকে এখনো পানির ফোঁটা পড়ছে। তিনি দু' ব্যক্তির কাঁধে হাত দু'টো রেখেই কা'বা ঘর তাওয়াফ করছেন। আমি উপস্থিতদের জিজ্ঞাসা করলাম: ইনি কে ? তারা বললোঃ ইনি হচ্ছেন হযরত মাসীহ্ বিন্ মার্ইয়াম"। (বুখারী ৩৪৪০; মুসলিম ১৬৯)

'ঈসা (عليه السلام) যেভাবে অবতরণ করবেন:

দাজ্জাল বের হয়ে যখন দুনিয়াতে ফিতনা-ফ্যাসাদ শুরু করবে তখনই

আল্লাহ্ তা'আলা 'ঈসা (عليه السلام) কে দুনিয়াতে পাঠাবেন। তিনি সিরিয়ার পূর্ব দামেস্কের সাদা মিনারার নিকটেই অবতরণ করবেন। তাঁর গায়ে থাকবে লাল ও জাফরান বর্ণের দু'টি কাপড়। তখন তাঁর হাত দু'টো থাকবে দু' ফিরিশ্তার ডানার উপর। তিনি মাথা নিচু করলে তাঁর মাথা থেকে পানির ফোঁটা পড়বে। উঁচু করলে মুক্তা ঝরবে। কোন কাফিরই তাঁর শ্বাস-প্রশ্বাসের গন্ধ পেয়ে বেঁচে থাকতে পারবে না। আর তাঁর শ্বাস-প্রশ্বাসের গন্ধ ততটুকু যাবে যতটুকু যাবে তাঁর দৃষ্টি।

তিনি সে যুগের আল্লাহ্ প্রদত্ত সাহায্যপ্রাপ্ত দলের নিকটেই অবতরণ করবেন। যারা তখন সত্যকে আল্লাহ্'র জমিনে বাস্তবায়নের জন্য যুদ্ধ চালিয়ে যাবে। তারা যখন দাজ্জালের সঙ্গে যুদ্ধ করার জন্য সবাই একত্রিত হবে তখনই 'ঈসা (عليه السلام) তাদের উপর অবতীর্ণ হবেন। তখনকার সময়টি হবে নামাযের সময়। তখন তিনি উক্ত দলের ইমামের পেছনেই নামায আদায় করবেন।

'আল্লামাহ্ ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) বলেন: ৭৪১ হিজরী সনে মুসলমানরা উক্ত মিনারটি সাদা পাথর দিয়ে তৈরি করে। যা ছিলো খ্রিস্টানদের সম্পদেই তৈরি। কারণ, তারাই পূর্বের মিনারটিকে পুড়িয়ে দেয় এবং তারাই ইহার ক্ষতিপূরণ দেয়। যা সত্যিই নবুওয়াতের এক জ্বলন্ত প্রমাণ। আল্লাহ্ তা'আলা উক্ত ব্যবস্থা এ কারণেই করেছেন যে, যেন তাদের নিজস্ব টাকায় বানানো মিনারটিতেই 'ঈসা (عليه السلام) অবতরণ করতে পারেন। শূকর হত্যা ও ক্রুশ চিহ্ন ভাঙ্গতে পারেন। তিনি তখন তাদের থেকে জিযিয়া কর গ্রহণ করবেন না। ইসলাম অথবা হত্যা। সকল প্রকার কাফিরেরই তখন এমতাবস্থা হবে।

নাওয়াস্ বিন্ সাম্'আন (رضي الله عنه) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (صلى الله عليه وسلم) 'ঈসা (عليه السلام) এর অবতরণ এবং দাজ্জালকে হত্যা করার ব্যাপারটি বর্ণনা করতে গিয়ে ইরশাদ করেন:

فَبَيْنَمَا هُوَ كَذَلِكَ إِذْ بَعَثَ اللهُ الْمَسِيْحَ ابْنَ مَرْيَمَ، فَيَنْزِلُ عِنْدَ الْمَنَارَةِ الْبَيْضَاءِ شَرْقِيَّ دِمَشْقَ بَيْنَ مَهْرُوْدَتَيْنِ، وَاضِعًا كَفَّيْهِ عَلَى أَجْنِحَةِ مَلَكَيْنِ، إِذَا طَأْطَأَ رَأْسَهُ قَطَرَ، وَإِذَا رَفَعَهُ تَحَدَّرَ مِنْهُ جُمَانٌ كَاللُّؤْلُؤِ، فَلَا يَحِلُّ لِكَافِرٍ يَجِدُ رِيْحَ نَفَسِهِ إِلَّا مَاتَ، وَنَفَسُهُ يَنْتَهِيْ حَيْثُ يَنْتَهِيْ طَرْفُهُ، فَيَطْلُبُهُ حَتَّى يُدْرِكَهُ بِبَابِ لُدٍّ فَيَقْتُلُهُ، ثُمَّ يَأْتِيْ عِيْسَى ابْنَ مَرْيَمَ قَوْمٌ قَدْ

عَصَمَهُمُ اللهُ مِنْهُ، فَيَمْسَحُ عَنْ وُجُوْهِهِمْ، وَيُحَدِّثُهُمْ بِدَرَجَاتِهِمْ فِيْ الْجَنَّةِ.

"দাজ্জাল যখন এমন প্রতিকূল পরিবেশ সৃষ্টি করবে তখনই আল্লাহ্ তা'আলা 'ঈসা বিন্ মার্ইয়াম (আলাইহিমাস-সালাম) কে দুনিয়াতে পাঠাবেন। তিনি সিরিয়ার পূর্ব দামেস্কের সাদা মিনারার নিকটেই অবতরণ করবেন। তাঁর গায়ে থাকবে লাল ও জাফরান বর্ণের দু'টি কাপড়। তখন তাঁর হাত দু'টো থাকবে দু' ফিরিশ্তার ডানার উপর। তিনি মাথা নিচু করলে তাঁর মাথা থেকে পানির ফোঁটা পড়বে। উঁচু করলে মুক্তার মতো পানি ঝরবে। কোন কাফিরই তাঁর ('ঈসা (عليه السلام) এর) শ্বাস-প্রশ্বাসের গন্ধ পেয়ে বেঁচে থাকতে পারবে না। আর তাঁর শ্বাস-প্রশ্বাসের গন্ধ ততটুকু যাবে যতটুকু যাবে তাঁর দৃষ্টি। তিনি দাজ্জালকে খুঁজে বেড়াবেন এবং লুদ্দ গেইটের নিকটে পেয়ে তাকে হত্যা করবেন। অতঃপর যাদেরকে আল্লাহ্ তা'আলা দাজ্জালের ফিতনা থেকে রক্ষা করেছেন তারা সবাই 'ঈসা বিন্ মার্ইয়াম (আলাইহিমাস-সালাম) এর নিকট আসবেন। তখন তিনি তাদের চেহারার ধুলোবালি মুছে দিবেন এবং তাদেরকে তাদের জান্নাতের অবস্থানসমূহ জানিয়ে দিবেন"। (মুসলিম ২৯৩৭)

'ঈসা (عليه السلام) এর অবতরণের প্রমাণসমূহ:

'ঈসা (عليه السلام) এর অবতরণ কুর'আন ও বিশুদ্ধ মুতাওয়াতির হাদীস দ্বারা প্রমাণিত। যা কিয়ামতের বড়ো আলামতগুলোর অন্যতম।

'ঈসা (عليه السلام) এর অবতরণের ব্যাপারে কুর'আনের প্রমাণ:

১. আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَلَمَّا ضُرِبَ ابْنُ مَرْيَمَ مَثَلًا إِذَا قَوْمُكَ مِنْهُ يَصِدُّوْنَ... وَإِنَّهُ لَعِلْمٌ لِّلسَّاعَةِ فَلَا تَمْتَرُنَّ بِهَا﴾.

"যখন 'ঈসা বিন্ মার্ইয়ামের দৃষ্টান্ত উপস্থান করা হলো তখন তোমার বংশ তার থেকে মুখ ফিরিয়ে নিলো।... নিশ্চয়ই 'ঈসা'র (অবতরণ) কিয়ামতের একটি বিশেষ নিদর্শন। সুতরাং তোমরা কিয়ামতের ব্যাপারে কোন সন্দেহ পোষণ করো না"। (যুখরুফ : ৫৭-৬১)

উক্ত আয়াতটির দ্বিতীয় কিরাত ব্যাপারটিকে আরো শক্তিশালী করে। যা নিম্নরূপ:

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَإِنَّهُ لَعَلَمٌ لِّلسَّاعَةِ﴾.

"নিশ্চয়ই 'ঈসা'র (অবতরণ) কিয়ামতের একটি বিশেষ নিদর্শন"।

(কুরতুবী ১৬/১০৫)

২. আল্লাহ্ তা'আলা আরো বলেন:

﴿وَقَوْلِهِمْ إِنَّا قَتَلْنَا الْمَسِيْحَ عِيْسَى ابْنَ مَرْيَمَ رَسُوْلَ اللهِ، وَمَا قَتَلُوْهُ وَمَا صَلَبُوْهُ وَلَكِنْ شُبِّهَ لَهُمْ... بَلْ رَّفَعَهُ اللهُ إِلَيْهِ، وَكَانَ اللهُ عَزِيْزًا حَكِيْمًا، وَإِنْ مِّنْ أَهْلِ الْكِتَابِ إِلَّا لَيُؤْمِنَنَّ بِهِ قَبْلَ مَوْتِهِ، وَيَوْمَ الْقِيَامَةِ يَكُوْنُ عَلَيْهِمْ شَهِيْدًا﴾.

"উপরন্তু তাদের (ইহুদিদের) এ কথা বলার জন্য যে, আমরা আল্লাহ্'র রাসূল 'ঈসা বিন্ মার্ইয়ামকে হত্যা করেছি। মূলতঃ তারা ওকে হত্যা করেনি এবং তাকে ক্রুশবিদ্ধও করেনি। বরং হত্যাকৃত ব্যক্তিটিকে 'ঈসার আকৃতি দিয়ে তাদেরকে সংশয়ে ফেলা হয়েছে।... বরং আল্লাহ্ তা'আলা তাকে নিজের কাছে উঠিয়ে নিয়েছেন। নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা পরাক্রমশালী মহাজ্ঞানী। আহ্লে কিতাবদের প্রত্যেকেই 'ঈসা'র মৃত্যুর পূর্বে তার প্রতি ঈমান আনবে এবং কিয়ামতের দিন 'ঈসাই তাদের ব্যাপারে সাক্ষ্য দিবে"। (নিসা' : ১৫৭-১৫৯)

'হাসান বস্রী (রাহিমাহুল্লাহ্) বলেন: "আল্লাহ্'র কসম! 'ঈসা (عليه السلام) আল্লাহ্ তা'আলার নিকট এখনো জীবিত। যখন তিনি আবারো দুনিয়াতে অবতরণ করবেন তখন তাঁর প্রতি সবাই ঈমান আনবে"। (ত্বাবারী ১/১৮)

'ঈসা (عليه السلام) এর অবতরণের ব্যাপারে হাদীসের প্রমাণ:

'ঈসা (عليه السلام) এর অবতরণের ব্যাপারে হাদীসের প্রমাণগুলো অনেক বেশি ও মুতাওয়াতির। নিম্নে কয়েকটি হাদীস উল্লিখিত হলো।

১. আবূ হুরাইরাহ্ (رضي الله عنه) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (صلى الله عليه وسلم) ইরশাদ করেন:

وَالَّذِيْ نَفْسِيْ بِيَدِهِ! لَيُوْشِكَنَّ أَنْ يَنْزِلَ فِيْكُمْ ابْنُ مَرْيَمَ حَكَمًا عَدْلًا، فَيَكْسِرَ الصَّلِيْبَ، وَيَقْتُلَ الْخِنْزِيْرَ، وَيَضَعَ الْجِزْيَةَ، وَيَفِيْضَ الْمَالُ حَتَّى لَا يَقْبَلَهُ أَحَدٌ، حَتَّى تَكُوْنَ السَّجْدَةُ الْوَاحِدَةُ خَيْرًا مِنَ الدُّنْيَا وَمَا فِيْهَا.

"সে সত্তার কসম যাঁর হাতে আমার জীবন! অচিরেই তোমাদের মাঝে ন্যায়পরায়ণ প্রশাসক রূপে 'ঈসা বিন্ মার্‌ইয়াম (عليه السلام) অবতরণ করবেন। তিনি ক্রুশ চিহ্ন ভেঙ্গে ফেলবেন, শূকরকে হত্যা করবেন এবং জিযিয়া কর দুনিয়া থেকে একেবারেই উঠিয়ে দিবেন। মানুষের ধন-সম্পদ তখন এতো বেড়ে যাবে যে, তা গ্রহণ করার আর কেউ থাকবে না। তখন আল্লাহ্ তা'আলার জন্য একটি সিজদাহ্ দুনিয়া ও তার মধ্যকার সকল বস্তুর চাইতেও উত্তম বলে বিবেচিত হবে"। (বুখারী ৩৪৪৮; মুসলিম ১৫৫)

২. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

كَيْفَ أَنْتُمْ إِذَا نَزَلَ ابْنُ مَرْيَمَ فِيْكُمْ، وَإِمَامُكُمْ مِنْكُمْ؟!.

"তোমাদের তখন কেমন লাগবে যখন 'ঈসা বিন্ মার্‌ইয়াম (عليه السلام) তোমাদের মাঝে অবতরণ করবেন এবং তখন তোমাদের ইমাম হবেন তোমাদের মধ্য থেকেই?!" (বুখারী ৩৪৪৮; মুসলিম ১৫৫)

৩. জাবির (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِيْ يُقَاتِلُوْنَ عَلَى الْحَقِّ، ظَاهِرِيْنَ إِلَى يَوْمِ الْقِيَامَةِ، فَيَنْزِلُ عِيْسَى ابْنُ مَرْيَمَ (عليه السلام) فَيَقُوْلُ أَمِيْرُهُمْ: تَعَالَ صَلِّ لَنَا، فَيَقُوْلُ: لَا، إِنَّ بَعْضَكُمْ عَلَى بَعْضٍ أُمَرَاءُ، تَكْرِمَةَ اللهِ هَذِهِ الْأُمَّةَ.

"আমার উম্মতের একদল সর্বদা সত্য প্রতিষ্ঠার জন্য যুদ্ধ করে যাবে। কিয়ামত পর্যন্ত তারা বিশ্বের বুকে নিজেদের মাথা উঁচু করে সম্মানের জীবন যাপন করবে। ইতিমধ্যে 'ঈসা বিন্ মার্‌ইয়াম (عليه السلام) দুনিয়াতে অবতরণ করবেন। তখন তাদের আমীর 'ঈসা (عليه السلام) কে উদ্দেশ্য করে বলবেন: আসুন, আমাদেরকে নামায পড়িয়ে দিন। তখন তিনি বলবেন: না, আমি নামায পড়াবো না। তোমরা একে অপরের আমীর। এটি হচ্ছে আল্লাহ্ তা'আলার পক্ষ থেকে এ উম্মতের জন্য এক বিশেষ সম্মান"। (মুসলিম ১৫৬)

৪. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

الْأَنْبِيَاءُ إِخْوَةٌ لِعَلَّاتٍ، أُمَّهَاتُهُمْ شَتَّى، وَدِيْنُهُمْ وَاحِدٌ، وَإِنِّيْ أَوْلَى النَّاسِ بِعِيْسَى ابْنِ مَرْيَمَ؛ لِأَنَّهُ لَمْ يَكُنْ بَيْنِيْ وَبَيْنَهُ نَبِيٌّ، وَإِنَّهُ نَازِلٌ، فَإِذَا رَأَيْتُمُوْهُ فَاعْرِفُوْهُ.

"নবীগণ যেন একে অপরের সৎ ভাই। তাদের মা ভিন্ন। ধর্ম এক। আর আমিই 'ঈসা বিন্ মার্ইয়াম (عليه السلام) এর সব চাইতে নিকটবর্তী ব্যক্তি। কারণ, আমি ও তাঁর মাঝে আর কোন নবী নেই। তিনি নিশ্চয়ই (কিয়ামতের পূর্বে) দুনিয়াতে অবতরণ করবেন। তোমরা যখন তাঁকে দেখবে অতিসত্বর চিনে ফেলবে"। (আহ্মাদ ২/৪০৬)

'ঈসা (عليه السلام) এর অবতরণ সংক্রান্ত হাদীসগুলো সত্যিই মুতাওয়াতির:

ইতিপূর্বে 'ঈসা (عليه السلام) এর অবতরণ সংক্রান্ত কিছু হাদীস বর্ণিত হয়েছে। এ ক্ষুদ্র পুস্তিকায় এতদ্ সংক্রান্ত সকল হাদীস উল্লেখ করা সত্যিই অপ্রয়োজনীয়। কারণ, এ সংক্রান্ত হাদীসগুলো আপনি যে কোন সহীহ হাদীস গ্রন্থ, সুনান, মাসানীদ ইত্যাদিতে সহজেই পেয়ে যাবেন। এখন আমাদের যা জানার বিষয় তা হচ্ছে এ সংক্রান্ত হাদীসগুলো সত্যিই মুতাওয়াতির। যা যুগ শ্রেষ্ঠ বিশিষ্ট আলিমগণ স্বীকার করেছেন। নিম্নে তাঁদের কয়েকটি উক্তি উদ্ধৃত হলো:

'আল্লামাহ্ ইব্নু জরীর (রাহিমাহুল্লাহ) ﴿إِنِّيْ مُتَوَفِّيْكَ وَرَافِعُكَ إِلَيَّ﴾ আয়াতের ব্যাখ্যায় 'ঈসা (عليه السلام) এর মৃত্যুর ব্যাপারে আলিমদের অনৈক্য উল্লেখের পর বলেন: উক্ত আয়াতের সঠিক অর্থ হচ্ছে আমি তোমাকে দুনিয়া থেকে আমার কাছে উঠিয়ে নিয়ে আসবো। উক্ত অর্থ এ জন্যই বলতে হবে যে, কারণ শেষ যুগে 'ঈসা (عليه السلام) এর অবতরণ এবং দাজ্জালকে হত্যা করার ব্যাপারটি রাসূল (ﷺ) এর পক্ষ থেকে মুতাওয়াতির রিওয়াতে বর্ণিত। অতঃপর তিনি এ সংক্রান্ত কয়েকটি হাদীস বর্ণনা করেন। (ত্বাবারী ৩/২৯১)

'আল্লামাহ্ ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ) বলেন: রাসূল (ﷺ) এর পক্ষ থেকে মুতাওয়াতির রিওয়াতে বর্ণিত হয়েছে যে, 'ঈসা (عليه السلام) কিয়ামতের পূর্বক্ষণে ন্যায়পরায়ণ প্রশাসক রূপে দুনিয়াতে অবতীর্ণ হবেন। অতঃপর তিনি এ সংক্রান্ত আঠারোটি হাদীস বর্ণনা করেন। (ইব্নু কাসীর : ৭/২২৩)

'আল্লামাহ্ সিদ্দীক হাসান খান (রাহিমাহুল্লাহ) বলেন: 'ঈসা (عليه السلام) এর

অবতরণ সংক্রান্ত হাদীস অনেক বেশি। 'আল্লামাহ্ শওকানী (রাহিমাহুল্লাহ্) এ সংক্রান্ত উনত্রিশটি হাদীস উল্লেখ করেন। যা সহীহ, হাসান ও গ্রহণযোগ্য দুর্বল। এর কিছু দাজ্জাল সংক্রান্ত হাদীসের অধীনে উল্লিখিত হয়েছে। আর কিছু মাহ্দী সংক্রান্ত হাদীসের অধীনে। এর পাশাপাশি এ ব্যাপারে সাহাবাদেরও অনেকগুলো বর্ণনা রয়েছে। যা তাঁরা রাসূল (ﷺ) থেকে শুনেছেন বলে ধরে নেয়া হয়। অতঃপর তিনি অনেকগুলো হাদীস বর্ণনা করে বলেন: আমি ইতিপূর্বে যা বর্ণনা করেছি তা মুতাওয়াতিরের পর্যায়ে পড়ে। (আল-ইযা'আহ্ ১৬০)

'আল্লামাহ্ গুমারী বলেন: 'ঈসা (عليه السلام) এর অবতরণ সংক্রান্ত কথা সাহাবা, তাবি'য়ীন, তাবে' তাবি'য়ীন এবং সকল মাযহাবের ইমাম ও আলিমগণ যুগ যুগ ধরে বলে আসছেন।

তিনি আরো বলেন: 'ঈসা (عليه السلام) এর অবতরণের ব্যাপারটি মুতাওয়াতির হাদীস কর্তৃক প্রমাণিত। যা একমাত্র গণ্ড মূর্খ ছাড়া আর কেউই অস্বীকার করতে পারেন না। কারণ, তা প্রতি যুগে একটি বড়ো দল অন্য আরেকটি বড়ো দল থেকে বর্ণনা করেছে। এমনকি তা পরিশেষে হাদীসের কিতাবগুলোতে অবস্থান নিয়েছে। যা এক প্রজন্মের পর অন্য প্রজন্ম সঠিক বলে গ্রহণ করে নিয়েছে।

('আক্বীদাতু আহ্লিস-সুন্নাহ্ ওয়াল-জামা'আহ্ : ৫, ১২)

অতঃপর তিনি পঁচিশ জনেরও বেশি সাহাবীর নাম উল্লেখ করেন। যাঁরা উক্ত বিষয়ে রাসূল (ﷺ) এর হাদীস বর্ণনা করেন। তাঁদের থেকে বর্ণনা করেন ত্রিশ জনেরও বেশি তাবি'য়ী। এর চাইতেও আরো বেশি বর্ণনা করেন তাবে' তাবি'য়ীন।... এমনকি তা হাদীসের ইমামগণ তাঁদের কিতাবসমূহে উল্লেখ করেন। যা সহীহ হাদীস বিশারদ ইমাম বুখারী, মুসলিম, ইব্নু খুযাইমাহ্, ইব্নু হিব্বান, 'হাকিম, আবূ 'আওয়ানাহ্, ইস্মা'ঈলী, যিয়া' আল-মাক্বদিসী সহ আরো অন্যন্যরা বর্ণনা করেন। অন্য দিকে মুস্নাদ গ্রন্থকার ইমাম ত্বয়ালিসী, ইস'হাক্ব বিন্ রাহুয়া, আহ্মাদ বিন্ 'হাম্বাল, 'উস্মান বিন্ আবূ শাইবাহ্, আবূ ইয়া'লা, বায্যার, দাইলামী সহ আরো অন্যান্যরাও হাদীসটি বর্ণনা করেন। এ ছাড়া জাওয়ামি', মুস্বান্নাফাত, সুনান, তাফসীর বিল-মা'সূর, মা'আজিম, আজযা', গারা'ইব, মু'জিযাত, ত্বাবাক্বাত এবং মালা'হিম লেখকরাও উক্ত হাদীসটি বর্ণনা করেন।

'আল্লামাহ্ আনোয়ার শাহ্ কাশ্মিরী (রাহিমাহুল্লাহ্) ''আত-তাস্বরীহ্ বিমা তাওয়াতারা ফী নুযূলিল মাসীহ্" কিতাবে এ সংক্রান্ত সত্তরটিরও বেশি হাদীস উল্লেখ করেন।

'আল্লামাহ্ শামসুল হক্ব আযীম আবাদী (রাহিমাহুল্লাহ্) '''আউনুল মা'বূদ" কিতাবে লিখেন: কিয়ামতের পূর্বে স্বশরীরে আকাশ থেকে 'ঈসা বিন্ মার্ইয়াম (عليه السلام) এর অবতরণ মুতাওয়াতির হাদীস দ্বারা প্রমাণিত। যা আহ্লে সুন্নাত ওয়াল-জামা'আতের বিশেষ মতবাদ।

('আউনুল-মা'বূদ : ১১/৪৫৭)

শায়েখ আহ্মেদ শাকির (রাহিমাহুল্লাহ্) বলেন: শেষ যুগে 'ঈসা (عليه السلام) এর অবতরণের ব্যাপারে সকল মুসলমান একমত। কারণ, এ ব্যাপারে রাসূল (ﷺ) এর পক্ষ থেকে অনেকগুলো বিশুদ্ধ হাদীস বর্ণিত হয়েছে। উপরন্তু এ ব্যাপারটি ইসলামের একটি সুস্পষ্ট বিষয়। যা অস্বীকার করার কোন উপায় নেই। বরং কেউ তা অস্বীকার করলে সে কাফির হয়ে যাবে।

(কুরতুবী/টিকা ৬/৪৬০)

তিনি আরো বলেন: বর্তমান যুগের কিছু সংস্কারপন্থী আলিমের দাবিদাররা কিয়ামতের পূর্বে তথা দুনিয়ার শেষ লগ্নে 'ঈসা (عليه السلام) এর অবতরণ সংক্রান্ত সুস্পষ্ট হাদীসগুলোর কখনো অপব্যাখ্যা আবার কখনো সরাসরি অস্বীকার করেছে। মূলতঃ তারা গায়েবে বিশ্বাস করে না অথবা বিশ্বাস করতে চায় না ; অথচ এ সংক্রান্ত হাদীসগুলো আর্থিক মুতাওয়াতির। যা ইসলামের একটি সুস্পষ্ট ব্যাপারও বটে। সুতরাং এর অপব্যাখ্যা বা অস্বীকার কোন ভাবেই গ্রহণযোগ্য নয়।

(আহ্মাদ/টিকা ১২/২৫৭)

'আল্লামাহ্ শায়েখ মুহাম্মাদ না'সিরুদ্দীন আল্বানী (রাহিমাহুল্লাহ্) বলেন: এ কথা জেনে রাখো যে, দাজ্জাল ও 'ঈসা (عليه السلام) এর অবতরণ সংক্রান্ত হাদীসগুলো মুতাওয়াতির। সুতরাং এগুলোর উপর ঈমান আনা ওয়াজিব। ওদের কথায় কখনো ধোঁকা খাবে না যারা বলে: এ সংক্রান্ত হাদীসগুলো একক ব্যক্তি কর্তৃক বর্ণিত। মূলতঃ এরা হাদীস সম্পর্কে একেবারেই মূর্খ। কারণ, তারা এ হাদীসগুলোর সকল বর্ণনধারা সম্পর্কে অবগত নয়।

বিষয়টি কিন্তু সাধারণ নয়। যা অবহেলা করা যায়। বরং তা একান্ত 'আক্বীদাগত ব্যাপার। যা আহ্লে সুন্নাত ওয়াল-জামা'আতের একটি বিশেষ 'আক্বীদা বলে পরিগণিত।

ইমাম আহ্মাদ বিন্ হাম্বাল (রাহিমাহুল্লাহ্) আহ্লে সুন্নাত ওয়াল-জামা'আতের 'আক্বীদা বর্ণনা করতে গিয়ে বলেন: আরেকটি আক্বীদা হলো এ কথা বিশ্বাস করা যে, দাজ্জাল একদা বেরুবে। যার দু' চোখের মাঝখানে লেখা থাকবে "কাফির"। এ সংক্রান্ত হাদীসগুলো বিশ্বাস করবে এবং এ কথাও বিশ্বাস করবে যে, ব্যাপারটি অবশ্যই ঘটবে। ইতিমধ্যে 'ঈসা (عليه السلام) অবতীর্ণ হবেন এবং তিনি লুদ্দ নামক গেইটের নিকট তাকে হত্যা করবেন। (ত্বাবাকাতুল-'হানাবিলাহ্ ১/২৪৩)

ইমাম আবূল-'হাসান আশ্'আরী (রাহিমাহুল্লাহ্) বলেন: আহ্লে সুন্নাত ওয়াল-জামা'আতের 'আক্বীদা হলো এই যে,... তারা দাজ্জালের বের হওয়া স্বীকার করে এবং 'ঈসা (عليه السلام) যে তাকে হত্যা করবেন তাও বিশ্বাস করে।

(মাক্বালাতুল-ইসলামিয়্যিন ১/৩৪৫-৩৪৮)

ইমাম ত্বা'হাওয়ী (রাহিমাহুল্লাহ্) বলেন: আমরা কিয়ামতের সকল আলামতে বিশ্বাসী। যেমন: দাজ্জালের বের হওয়া এবং আকাশ থেকে 'ঈসা (عليه السلام) এর অবতরণ। (শর'হুল-আক্বীদাতিত-ত্বা'হাওয়িয়্যাহ্/ আলবানী ৫৬৪)

'আল্লামাহ্ ক্বাযী 'ইয়ায (রাহিমাহুল্লাহ্) বলেন: 'ঈসা (عليه السلام) এর অবতরণ এবং তাঁর দাজ্জালকে হত্যা করার বিষয়টি বাস্তব সত্য। কারণ, এ ব্যাপারে অনেকগুলো বিশুদ্ধ হাদীস বর্ণিত হয়েছে। মানুষের বিবেক-বুদ্ধি এবং শরীয়তও এর বিরোধিতা করে না। সুতরাং তা মানতেই হবে।

(শরহু সহীহি মুসলিম ১৮/৭৫)

'আল্লামাহ্ শাইখুল-ইসলাম ইব্নু তাইমিয়্যাহ্ (রাহিমাহুল্লাহ্) বলেন: 'ঈসা (عليه السلام) অবশ্যই দুনিয়াতে অবতরণ করবেন।... যা অনেকগুলো বিশুদ্ধ হাদীস কর্তৃক প্রমাণিত। আর এ কারণেই তিনি দ্বিতীয় আকাশে অবস্থান করছেন ; অথচ তিনি ইউসুফ, ইদ্রীস ও হারূন (আলাইহিস্সালাম) চেয়েও উত্তম। আদম (عليه السلام) তো দুনিয়ার আকাশে এ জন্যই আছেন। কারণ, তাঁর নিকট তাঁর সকল সন্তানের রূহ্ উপস্থাপন করা হয়। (ফাতাওয়া ৪/৩২৯)

অন্য কেউ নন শুধুমাত্র 'ঈসা (عليه السلام) ই কিয়ামতের পূর্বে দুনিয়াতে অবতরণ করবেন এমন কেন?

উপরোক্ত প্রশ্নের উত্তরে বিশিষ্ট আলিমগণ কয়েকটি গুরুত্বপূর্ণ মত ব্যক্ত করেন যা নিম্নে প্রদত্ত হলো:

১. 'ঈসা (عليه السلام) সম্পর্কে ইহুদিদের ধারণা এই যে, তারা তাঁকে হত্যা করেছে। তাই আল্লাহ্ তা'আলা তাদের কথা মিথ্যা প্রমাণিত করার জন্যই

তাঁকে দুনিয়াতে পাঠাবেন। তিনিই তাদেরকে হত্যা করবেন। যেমনিভাবে হত্যা করবেন তাদের গুরু মিথ্যুক দাজ্জালকে।

২. 'ঈসা (عليه السلام) একদা ইঞ্জিলের মধ্যে মুহাম্মাদ (صلى الله عليه وسلم) এর উম্মতের শ্রেষ্ঠত্ব অবলোকন করে তাঁর উম্মত হওয়ার আশা প্রকাশ করেন। আল্লাহ্ তা'আলার নিকট এ ব্যাপারে দু'আ করলে তিনি তা কবুল করেন। তাই তিনি শেষ যুগে দুনিয়াতে অবতরণ করে ইসলামের সকল বিধি-বিধানকে পুনর্জীবিত করবেন।

'আল্লামাহ্ ইমাম যাহাবী (রাহিমাহুল্লাহ্) তাঁর ''তাজ্‌রীদু আস্‌মা'ইস-সাহাবাহ্'' নামক কিতাবে 'ঈসা (عليه السلام) এর জীবনী উল্লেখ করতে গিয়ে বলেন: 'ঈসা বিন্ মার্‌ইয়াম একজন সাহাবী। তিনি একদা একজন গুরুত্বপূর্ণ নবীও ছিলেন। তিনি ইসরা' এর রাত্রিতে আমাদের প্রিয় নবী মুহাম্মাদ (صلى الله عليه وسلم) এর সাথে সাক্ষাৎ করেন এবং তাঁদের মধ্যে পরস্পর সালাম বিনিময় হয়। তাই তিনি রাসূল (صلى الله عليه وسلم) এর সর্বশেষ সাহাবী।

৩. 'ঈসা (عليه السلام) তাঁর মৃত্যুর পূর্বে দুনিয়াতে অবতরণ করবেন। যাতে তাঁকে জমিনেই দাফন করা সম্ভব হয়। কারণ, মাটির সৃষ্টি মাটিতেই মৃত্যু বরণ করবে। অন্য কোথাও নয়।

৪. 'ঈসা (عليه السلام) খ্রিস্টানদেরকে মিথ্যুক প্রমাণিত করতেই শেষ যুগে দুনিয়াতে অবতরণ করবেন। তিনি তাদের বাতিল দাবিগুলোর অসারতা প্রমাণ করবেন। তখন ইসলাম ছাড়া আর কোন ধর্মই থাকবে না। তিনি ক্রুশ চিহ্ন ভেঙ্গে ফেলবেন, শূকরকে হত্যা করবেন এবং জিযিয়া কর দুনিয়া থেকে একেবারেই উঠিয়ে দিবেন তথা তিনি ইসলাম ছাড়া জিযিয়া কর গ্রহণ করবেন না।

৫. 'ঈসা (عليه السلام) এর উক্ত বিশেষত্ব এ জন্যই যে, আমাদের প্রিয় নবী মুহাম্মাদ (صلى الله عليه وسلم) একদা তাঁর সম্পর্কে বলেন: আমি মানুষদের মধ্যে 'ঈসা (عليه السلام) এর সব চাইতে অধিক নিকটবর্তী ব্যক্তি। কারণ, তাঁর ও আমার মাঝে আর কোন নবী আসেননি। (বুখারী ৩৪৪২; মুসলিম ২৩৬৫)

তেমনিভাবে 'ঈসা (عليه السلام) ও আমাদের রাসূল (صلى الله عليه وسلم) এর আগমন সম্পর্কে মানুষদেরকে সুসংবাদ দিয়েছেন এবং তাঁর প্রতি ঈমান আনতে সবাইকে উদাত্ত আহ্বান জানিয়েছেন।

রাসূল (صلى الله عليه وسلم) কে একদা তাঁর নিজের সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন: হ্যাঁ, আমি তো ইব্রাহীম (عليه السلام) এর দো'আ এবং 'ঈসা (عليه السلام) এর

সুসংবাদ। (আহ্‌মাদ্ ৪/১২৭, ৫/২৬২)

'ঈসা (আলাইহিস সালাম) কোন্ শরীয়তের আলোকে বিচার কার্য পরিচালনা করবেন?

'ঈসা (আলাইহিস সালাম) মুহাম্মাদী শরীয়তের আলোকে বিচার কার্য পরিচালনা করবেন। কারণ, তিনি হবেন তখন আমাদের প্রিয় নবী মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর একান্ত অনুসারী। তিনি তখন কোন নতুন শরীয়ত নিয়ে আসবেন না। কারণ, ইসলাম ধর্মই সর্বশেষ ধর্ম। যা কিয়ামত পর্যন্ত বলবৎ থাকবে। কখনো রহিত হবে না। সুতরাং 'ঈসা (আলাইহিস সালাম) হবেন এ উম্মতের একজন যোগ্য প্রশাসক। যিনি ইসলামের সকল বিধি-বিধানকে পুনরুজ্জীবিত করবেন। কারণ, আমাদের প্রিয় নবী মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর পর আর কোন নবী আসবেন না। তিনিই হচ্ছেন সর্বশেষ নবী।

'ঈসা (আলাইহিস সালাম) দুনিয়াতে অবতরণ করার পূর্বেই আল্লাহ্ তা'আলা তাঁকে মুহাম্মাদী শরীয়তের প্রয়োজনীয় সব কিছু শিখিয়ে দিবেন। যাতে তিনি তা দিয়ে মানুষের মাঝে বিচার কার্য পরিচালনা করতে পারেন এবং নিজেও তা আমল করতে পারেন। তখন মু'মিনরা তাঁর কাছেই একত্রিত হবে এবং তাঁকেই তাদের বিচারক রূপে মেনে নিবে।

'ঈসা (আলাইহিস সালাম) যে দুনিয়া থেকে একেবারেই জিযিয়া কর উঠিয়ে দিবেন যা ইতিপূর্বে ইসলাম ধর্মে বলবৎ থাকবে তা এ কথা প্রমাণ করে না যে, তিনি নতুন শরীয়ত নিয়ে আসবেন। বরং রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নিজেই জিযিয়া করের বিধানটি যে 'ঈসা (আলাইহিস সালাম) এর অবতরণ পর্যন্ত বলবৎ থাকবে ; এর পরে যে তা আর বলবৎ থাকবে না তা নিজ হাদীসে বর্ণনা করেছেন। সুতরাং তিনিই তা রহিত হওয়ার সময় বাতলিয়ে দিয়েছেন এবং পরবর্তী করণীয় ঘোষণা করেছেন।

'ঈসা (আলাইহিস সালাম) এর যুগে সামগ্রিক নিরাপত্তা বাস্তবায়িত হবে এবং সমূহ বরকত নাযিল হবে:

'ঈসা (আলাইহিস সালাম) এর যুগটি হবে শান্তি, নিরাপত্তা ও সচ্ছলতার যুগ। আল্লাহ্ তা'আলা সে যুগে প্রচুর বৃষ্টি দিবেন। জমিন তার সকল উর্বর শক্তি বিনিয়োগ করে প্রচুর ফলন দিবে। পুরো দুনিয়া সম্পদে ভরে যাবে। সকল ধরনের শত্রুতা, হিংসা ও বিদ্বেষ তিরোহিত হবে।

নাওয়াস্ বিন্ সাম'আন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল

(ﷺ) দাজ্জাল, 'ঈসা (عليه السلام) ও ইয়াজূজ-মা'জূজের আলোচনা করতে গিয়ে বলেন: অতঃপর আল্লাহ্ তা'আলা এমন এক বৃষ্টি দিবেন যা থেকে মাটি বা পশমের কোন ঘরই কাউকে রক্ষা করতে পারবে না। তখন জমিন ধুয়ে-মুছে একেবারে আয়নার ন্যায় চকচক করতে থাকবে। অতঃপর জমিনকে বলা হবে: নিজের সকল উর্বর শক্তি বিনিয়োগ করো এবং সকল প্রকারের ফল-ফলাদি উৎপন্ন করো। তখন এক গোষ্ঠী মানুষ একটি আনার খেয়ে তার খোসার নিচে ছায়া গ্রহণ করবে। এমনকি আল্লাহ্ তা'আলা গৃহ পালিত পশুর স্তনে বরকত দিয়ে দিবেন। তখন একটি উটের দুধ এক দল মানুষের জন্য যথেষ্ট হয়ে যাবে। একটি গাভীর দুধ একটি বড়ো বংশের জন্য যথেষ্ট হয়ে যাবে। একটি ছাগলের দুধ একটি ছোট বংশের জন্য যথেষ্ট হয়ে যাবে। (মুসলিম ২৯৩৭)

আবূ হুরাইরাহ্ (رضي الله عنه) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন: নবীগণ একে অপরের বিমাতা ভাই। তাঁদের মা ভিন্ন। তবে ধর্ম এক। আমি 'ঈসা (عليه السلام) এর অতি নিকটবর্তী ব্যক্তি। কারণ, আমি ও তাঁর মাঝে আর কোন নবী আসেননি। তিনি আবারো (আকাশ থেকে) দুনিয়াতে অবতীর্ণ হবেন। তাঁর যুগেই আল্লাহ্ তা'আলা দাজ্জালকে ধ্বংস করবেন। দুনিয়ার বুকে তখন পূর্ণ নিরাপত্তা বিরাজ করবে। এমনকি তখন উট ও সিংহ, গাভী ও চিতা বাঘ, ছাগল ও নেকড়ে একই সাথে চারণ ভূমিতে বিচরণ করবে এবং বাচ্চারা সাপ নিয়ে খেলা করবে ; অথচ একে অপরের কোন ক্ষতিই করবে না। (আহ্মাদ্ ২/৪০৬)

আবূ হুরাইরাহ্ (رضي الله عنه) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন: আল্লাহ্'র কসম! নিশ্চয়ই 'ঈসা বিন্ মার্ইয়াম (عليه السلام) (তোমাদের মাঝে) এক জন ইনসাফ প্রতিষ্ঠাকারী প্রশাসক রূপে অবতীর্ণ হবেন। তিনি ক্রুশ চিহ্ন ভেঙ্গে ফেলবেন, শূকরকে হত্যা করবেন এবং জিযিয়া কর দুনিয়া থেকে একেবারেই উঠিয়ে দিবেন। সতেজ উটও তখন পরিত্যক্ত হবে। তার পিঠে তখন আর কেউ চড়বে না। সকল ধরনের হিংসা, বিদ্বেষ, শত্রুতা তখন তিরোহিত হবে। তিনি তখন মানুষদেরকে ধন-সম্পদ নিতে ডাকবেন ; অথচ কেউই তা নিতে আসবে না। (মুসলিম ২৪৩)

'ঈসা (عليه السلام) এর জীবন ও মৃত্যু:

কোন কোন বর্ণনায় রয়েছে, 'ঈসা (عليه السلام) আকাশ থেকে অবতীর্ণ হওয়ার পর সাত বছর দুনিয়াতে অবস্থান করবেন। আবার কোন কোন বর্ণনায়

রয়েছে চার বছর।

আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন: অতঃপর আল্লাহ্ তা'আলা 'ঈসা (عليه السلام) কে দুনিয়াতে পাঠাবেন। দেখতে যেন তিনি সাহাবী 'উরওয়াহ্ বিন্ মাস্'ঊদ। অতঃপর তিনি দাজ্জালকে খুঁজে বের করে তাকে হত্যা করবেন। তখন সাত বছর যাবত মানুষ দুনিয়াতে এমনভাবে অবস্থান করবে যে, পাশাপাশি অবস্থানরত দু' জনের মধ্যে কোন শত্রুতাই থাকবে না। অতঃপর আল্লাহ্ তা'আলা সিরিয়ার দিক থেকে এমন একটি ঠাণ্ডা বাতাস প্রবাহিত করবেন। যার দরুন তখন দুনিয়ার বুকে এমন কোন ব্যক্তি বেঁচে থাকবে না যার অন্তরে সামান্যটুকু ঈমান বা কল্যাণ রয়েছে।

ইমাম আহ্মাদ ও আবূ দাউদের বর্ণনায় রয়েছে, অতঃপর তিনি ('ঈসা (عليه السلام)) দুনিয়াতে চল্লিশ বছর অবস্থান করে পরিশেষে মৃত্যু বরণ করবেন। মুসলমানরাই তখন তাঁর জানাযার নামায আদায় করবে।

(আহ্মাদ্ ২/৪০৬ আবূ দাউদ, হাদীস ৪৩২৪)

উপরের দু'টো বর্ণনাই সঠিক। তবে উভয়ের মাঝে সমন্বয় সাধন এ ভাবেই সম্ভব যে, 'ঈসা (عليه السلام) আকাশ থেকে অবতীর্ণ হওয়ার পর দুনিয়াতে সাত বছরই অবস্থান করেন। আর তাঁকে আকাশে উঠিয়ে নেয়া হয় তেত্রিশ বছর বয়সে। তা হলে তাঁর সর্বমোট বয়স চল্লিশ বছর যা দ্বিতীয় বর্ণনায় বর্ণিত হয়েছে।

৪. ইয়াজূজ-মা'জূজ:

এদের মূল:

ইয়াজূজ-মা'জূজ শব্দ দু'টো আরবী নয়। আবার কেউ কেউ বলেছেন: শব্দ দু'টো আরবী। শব্দ দু'টোকে যদি আরবীই ধরা হয় তা হলে তা أَجَّتِ النَّارُ أَجِيْجًا : إِذَا الْتَهَبَتْ (আগুন খুব প্রজ্জ্বলিত তথা লেলিহান হয়েছে) অথবা أُجَاجٌ (অতি লবণাক্ত পানি) শব্দ থেকে নির্গত হয়েছে বলে ধরে নেয়া হবে। কেউ কেউ বলেছেন: তা أَجٌّ (দ্রুত ধাবমান) শব্দ থেকে গ্রহণ করা হয়েছে। আবার কেউ কেউ বলেন: মা'জূজ শব্দটি مَاجَ: إِذَا اضْطَرَبَ (অস্থির) শব্দ থেকে গ্রহণ করা হয়েছে।

অধিকাংশ ক্বারীগণ يَاجُوْجُ وَمَاجُوْجُ শব্দ দু'টো (أ) (হামযাহ্) ছাড়া পড়েছেন। তখন (ا) আলিফ দু'টোকে বাড়তি বলে গণ্য করা হবে যার মূল হবে يَجَجٌ وَمَجَجٌ । তবে 'আস্বিম (রাহিমাহুল্লাহ্) (أ) (হামযাহ্) সহ পড়েছেন। শব্দ দু'টোর মূল যাই ধরে নেয়া হোক না কেন সেগুলোর সাথে তাদের অবস্থার চমৎকার একটা মিল রয়েছে।

ইয়াজূজ-মা'জূজ মূলতঃ মানুষ। যারা আদম ও হাওয়ারই সন্তান। কেউ কেউ বলেছেন: তারা শুধু হযরত আদমেরই সন্তান। হাওয়ার নয়। তাঁরা বলেন: একদা আদম (عليه السلام) এর যখন স্বপ্নদোষ হয় তখন তাঁর বীর্য মাটির সাথে মিশে যায়। আর সেখান থেকেই এদের জন্ম। তবে এ কথার সঠিক কোনো ভিত্তি নেই। (নিহায়াহ/আল-ফিতানু ওয়াল-মালাহিম ১/১৫২-১৫৩).

উক্ত কথা একমাত্র কা'ব (رضي الله عنه) থেকেই বর্ণিত এবং তা বিশুদ্ধ হাদীস পরিপন্থীও বটে। যাতে বর্ণিত হয়েছে, ইয়াজূজ-মা'জূজ নূহ (عليه السلام) এর সন্তান। আর তিনি তো নিশ্চিত হাওয়ারই সন্তান। (ফাত'হুল-বারী ১৩/১০৭)

ইয়াজূজ-মা'জূজ মূলতঃ তুর্কীদের পিতা নূহ (عليه السلام) এর ছেলে ইয়াফিসের সন্তান।

আবূ সা'ঈদ (رضي الله عنه) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (صلى الله عليه وسلم) ইরশাদ করেন: একদা আল্লাহ্ তা'আলা আদম (عليه السلام) কে উদ্দেশ্য করে বলবেন: হে আদম! তখন আদম (عليه السلام) বলবেন: আমি উপস্থিত এবং সকল কল্যাণ আপনার হাতেই। তখন আল্লাহ্ তা'আলা বলবেন: তুমি জাহান্নামীদেরকে বের করে দাও। তিনি বলবেন: জাহান্নামী কারা? আল্লাহ্ তা'আলা বলবেন: প্রত্যেক এক হাজারের মধ্যে নয় শত নিরানব্বই জনই জাহান্নামী। এ কথা শুনে তখন ছোট বাচ্চার চুল পেকে যাবে। প্রত্যেক গর্ভবতী মহিলা নিজ পেটের সন্তান (সময়ের আগে) প্রসব করে দিবে এবং সকল মানুষকে নেশাগ্রস্তের ন্যায় মনে হবে ; অথচ তারা মূলতঃ নেশাগ্রস্ত নয়। বরং আল্লাহ্ তা'আলার শাস্তি হবে তখন অতি কঠিন। সাহাবাগণ বললেন: আমাদের মধ্যকার কেই বা সে এক জন? রাসূল (صلى الله عليه وسلم) বললেন: তোমরা এ কথা শুনে অবশ্যই খুশি হবে যে, সংখ্যায় তোমাদের একজনের বিপরীতে থাকবে ইয়াজূজ-মা'জূজ এক হাজার।

(বুখারী ৩৩৪৮, ৪৭৪১, ৬৫৩০)

আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন: ইয়াজূজ-মা'জূজ হচ্ছে আদম (عليه السلام) এরই সন্তান। তাদেরকে যদি সাধারণ মানব সমাজে ছেড়ে দেয়া হয় তা হলে তারা ওদের স্বাভাবিক জীবন যাপন বিনষ্ট করে দিবে। তাদের কেউ মরবে না যতক্ষণ না তার সন্তান-সন্ততি এক হাজার বা তার বেশিতে না পৌঁছুবে। (মিন্'হাতুল-মা'বূদ ফি তারতীবি মুস্নাদিত-ত্বায়ালিসী ২/২১৯)

তাদের গঠন প্রকৃতি:

তাদেরকে দেখতে মোঘল তুর্কীদের মতো মনে হবে। তাদের চোখ হবে ছোট। নাক হবে ছোট ও চেপটা। চুল হবে লাল-সাদা মিশ্রিত হলুদ বর্ণের। তাদের চেহারা যেন চামড়া মোড়ানো ঢালের ন্যায় তথা চওড়া ও ঝুলে পড়া গণ্ডদেশ বিশিষ্ট।

ইমাম আহ্মাদ্ (রাহিমাহুল্লাহ্) ইব্নু 'হারমালাহ্ থেকে তিনি তাঁর খালা থেকে বর্ণনা করেন: তাঁর খালা বলেন: একদা রাসূল (ﷺ) তাঁর খুতবায় বলেন: তোমরা বলছো: কোন শত্রু নেই ; অথচ তোমরা ইয়াজূজ-মা'জূজ আসা পর্যন্ত শত্রুর মুকাবিলা করেই যাবে। যাদের চেহারা হবে প্রশস্ত। চোখ হবে ছোট। চুল হবে লাল-সাদা মিশ্রিত হলুদ বর্ণের। তারা প্রত্যেক উঁচু জায়গা থেকে দ্রুত নিচে পদার্পণ করবে। তাদের চেহারা যেন চামড়া মোড়ানো ঢালের ন্যায় তথা চওড়া ও ঝুলে পড়া গণ্ডদেশ বিশিষ্ট।

(আহ্মাদ্ ৫/২৭১)

ইয়াজূজ-মা'জূজের আবির্ভাবের প্রমাণসমূহ:

কুর'আনের প্রমাণসমূহ:

১. আল্লাহ্ তা'আলা বলেন:

﴿حَتَّى إِذَا فُتِحَتْ يَأْجُوْجُ وَمَأْجُوْجُ وَهُمْ مِّنْ كُلِّ حَدَبٍ يَنْسِلُوْنَ، وَاقْتَرَبَ الْوَعْدُ الْحَقُّ، فَإِذَا هِيَ شَاخِصَةٌ أَبْصَارُ الَّذِيْنَ كَفَرُوْا، يَا وَيْلَنَا قَدْ كُنَّا فِيْ غَفْلَةٍ مِّنْ هَذَا بَلْ كُنَّا ظَالِمِيْنَ﴾.

"এমনকি যখন ইয়াজূজ-মা'জূজকে মুক্তি দেয়া হবে এবং তারা প্রত্যেক উঁচু ভূমি থেকে নিচে ছুটে আসবে। আর তখনই অমোঘ প্রতিশ্রুতি তথা কিয়ামত আসন্ন হবে। তখন অকস্মাৎ কাফিরদের চক্ষু স্থির হয়ে যাবে।

তারা বলবেঃ হায় দুর্ভোগ আমাদের! আমরা তো ছিলাম এ ব্যাপারে একেবারেই উদাসীন। বরং আমরা ছিলাম সরাসরি যালিম"।

(আম্বিয়া' : ৯৬-৯৭)

২. আল্লাহ্ তা'আলা আরো বলেন:

﴿ثُمَّ أَتْبَعَ سَبَبًا، حَتَّى إِذَا بَلَغَ بَيْنَ السَّدَّيْنِ وَجَدَ مِنْ دُوْنِهِمَا قَوْمًا لَا يَكَادُوْنَ يَفْقَهُوْنَ قَوْلًا، قَالُوْا يَا ذَا الْقَرْنَيْنِ إِنَّ يَأْجُوْجَ وَمَأْجُوْجَ مُفْسِدُوْنَ فِي الْأَرْضِ، فَهَلْ نَجْعَلُ لَكَ خَرْجًا، عَلَى أَنْ تَجْعَلَ بَيْنَنَا وَبَيْنَهُمْ سَدًّا، قَالَ مَا مَكَّنِّيْ فِيْهِ رَبِّيْ خَيْرٌ، فَأَعِيْنُوْنِيْ بِقُوَّةٍ أَجْعَلْ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ رَدْمًا، آتُوْنِيْ زُبَرَ الْحَدِيْدِ حَتَّى إِذَا سَاوَى بَيْنَ الصَّدَفَيْنِ قَالَ انْفُخُوْا، حَتَّى إِذَا جَعَلَهُ نَارًا قَالَ آتُوْنِيْ أُفْرِغْ عَلَيْهِ قِطْرًا، فَمَا اسْطَاعُوْا أَنْ يَّظْهَرُوْهُ وَمَا اسْتَطَاعُوْا لَهُ نَقْبًا، قَالَ هَذَا رَحْمَةٌ مِّنْ رَّبِّيْ، فَإِذَا جَاءَ وَعْدُ رَبِّيْ جَعَلَهُ دَكَّاءَ، وَكَانَ وَعْدُ رَبِّيْ حَقًّا، وَتَرَكْنَا بَعْضَهُمْ يَوْمَئِذٍ يَّمُوْجُ فِيْ بَعْضٍ وَّنُفِخَ فِي الصُّوْرِ فَجَمَعْنَاهُمْ جَمْعًا﴾.

"আবার সে অন্য পথ ধরলো। যখন সে দু' পর্বত প্রাচীরের মাঝখানে পৌঁছুলো তখন সে এগুলোর পেছনে এমন এক সম্প্রদায়কে দেখতে পেলো যারা তার কথা একেবারেই বুঝতে পারছিলো না। তারা বললো: হে যুল-ক্বারনাইন! নিশ্চয়ই ইয়াজূজ-মা'জূজরা দুনিয়াতে বিশৃঙ্খলা সৃষ্টি করছে। তাই আমরা আপনাকে কিছু কর দিলে আপনি কি আমাদের ও তাদের মাঝে একটি প্রাচীর বানিয়ে দেবেন? সে বললো: আমার প্রতিপালক আমাকে যে ক্ষমতা দিয়েছেন তা আমার জন্য অনেক উত্তম। সুতরাং তোমরা আমাকে শক্তি ও শ্রম দিয়ে সহযোগিতা করো যাতে আমি তোমাদের ও তাদের মাঝে একটি শক্ত প্রাচীর তৈরি করতে পারি। তোমরা আমার নিকট অনেকগুলো লৌহ টুকরো নিয়ে আসো। যখন লৌহ প্রস্তগুলো উভয় পাড়াহের সমান্তরাল হলো তখন সে বললো: তোমরা তাতে ফুঁ দিতে থাকো। যখন তা আগুনের ন্যায় উত্তপ্ত হবে তখন তোমরা আমার নিকট অনেকগুলো গলিত তামা নিয়ে আসবে যা আমি লৌহপ্রস্তগুলোর উপর ঢেলে দেবো। এরপর ইয়াজূজ-মা'জূজ তা আর অতিক্রম করতে পারলো না ; না পারলো তা ভেদ করতে। তখন যুল-ক্বারনাইন বললো: উক্ত কাজের সফলতা আমার প্রভুর নিচক অনুগ্রহ ছাড়া আর কিছুই নয়। যখন আমার প্রভুর প্রতিশ্রুতি (কিয়ামত)

ঘনিয়ে আসবে তখন তিনি তা চূর্ণ-বিচূর্ণ করে দিবেন। আর আমার প্রভুর প্রতিশ্রুতি অবশ্যই সত্য। সে দিন আমি তাদেরকে ছেড়ে দেবো। তখন তারা দলের পর দল তরঙ্গের ন্যায় মানব বসতির উপর ঝাঁপিয়ে পড়বে। আর তখনই শিঙ্গায় ফুঁ দিয়ে সবাইকে একত্রিত করা হবে। (কাহ্‌ফ : ৯২-৯৯)

হাদীসের প্রমাণসমূহ:

ইয়াজূজ-মা'জূজ সংক্রান্ত হাদীসের সংখ্যা সত্যিই অনেক বেশি। যা মুতাওয়াতিরের পর্যায় পড়ে। নিম্নে এ সংক্রান্ত কয়েকটি হাদীস উল্লেখ করা হলো।

১. যায়নাব বিন্‌তে জা'হ্‌শ (রাযিয়ালৰাহু আন্‌হা) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ভীত-সন্ত্রস্ত হয়ে আমার নিকট উপস্থিত হয়ে বললেন: একমাত্র আল্লাহ্‌ তা'আলা ছাড়া সত্যিকার কোন মা'বূদ নেই। আরবদের জন্য বড়ো আফসোস! কারণ, তাদের জন্য এক কঠিন অকল্যাণ অপেক্ষা করছে। আজ ইয়াজূজ-মা'জূজের প্রাচীর এতটুকু খুলে ফেলা হয়েছে। রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) শাহাদাত ও বৃদ্ধাঙ্গুলি দ্বয় গোলাকার করে দেখিয়েছেন। যায়নাব বিন্‌তে জা'হ্‌শ (রাযিয়ালৰাহু আন্‌হা) বলেন: আমি বললাম: হে আল্লাহ্‌'র রাসূল! আমরা সবাই কি একেবারেই ধ্বংস হয়ে যাবো ; অথচ আমাদের মাঝে নেককার লোকও রয়েছেন। রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: অবশ্যই, যখন অশ্লীলতা ও অপকর্ম সমাজের রন্ধ্রে রন্ধ্রে বিস্তৃতি লাভ করবে। (বুখারী ৩৩৪৬, ৩৫৯৮; মুসলিম ২৮৮০)

২. নাওয়াস্‌ বিন্‌ সাম্‌'আন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) 'ঈসা (আলাইহিস্‌ সালাম) এর বর্ণনা শেষে ইরশাদ করেন: অতঃপর আল্লাহ্‌ তা'আলা 'ঈসা (আলাইহিস্‌ সালাম) এর নিকট এ মর্মে অহী পাঠাবেন যে, আমি দুনিয়াতে আমার এমন কিছু বান্দাহ্‌ পাঠাচ্ছি যাদের মুকাবিলা করা কারোর পক্ষেই সম্ভবপর নয়। সুতরাং তুমি আমার মু'মিন বান্দাহ্‌দেরকে নিয়ে তূর পাহাড়ে উঠে যাও। অতঃপর আল্লাহ্‌ তা'আলা ইয়াজূজ-মা'জূজকে পাঠাবেন। তারা প্রত্যেক উঁচু জায়গা থেকে নিচের দিকে দ্রুত অবতরণ করবে। তাদের প্রথম দলটি ত্বাবারিয়া উপসাগরের সকল পানি পান করে ফেলবে। অতঃপর শেষ দলটি এসে বলবে: এ উপসাগরে তো একদা পানি ছিলো। এখন কোথায়?! এরা 'ঈসা (আলাইহিস্‌ সালাম) ও তাঁর সাথীদেরকে ঘেরাও করে ফেলবে। এখনকার এক শত দীনার চাইতেও তখনকার একটি ষাঁড়ের মাথা তাদের জন্য অনেক উত্তম বলে বিবেচিত হবে। তখন 'ঈসা (আলাইহিস্‌ সালাম) ও তাঁর সাথীরা একমাত্র

আল্লাহ্ তা'আলার দিকে ধাবিত হবেন। তখন আল্লাহ্ তা'আলা তাদের ঘাড়ে এক ধরনের পোকা সৃষ্টি করবেন। তখন তারা এক মুহূর্তে সবাই মরে যাবে। অতঃপর 'ঈসা (عليه السلام) ও তাঁর সাথীরা জমিনে অবতরণ করবেন। তাঁরা জমিনে এমন এক বিঘা জায়গাও খালি পাবেন না যেখানে তাদের গায়ের চর্বি ও দুর্গন্ধ নেই। তখন 'ঈসা (عليه السلام) ও তাঁর সাথীরা একমাত্র আল্লাহ্ তা'আলার দিকে ধাবিত হবেন। অতঃপর আল্লাহ্ তা'আলা এমন এক দল পাখী পাঠাবেন যেগুলো দেখতে বখ্তী উটের ঘাড়ের ন্যায়। পাখীগুলো এদেরকে উঠিয়ে নিয়ে যাবে এবং সেখানে নিক্ষেপ করবে যেখানে নিক্ষেপ করা আল্লাহ্ তা'আলা চান। (মুসলিম ২৯৩৭)

অন্য বর্ণনায় রয়েছে, "এ উপসাগরে তো একদা পানি ছিলো" এ কথা বলার পর তারা চলতে চলতে ঘন গাছ বিশিষ্ট একটি পাহাড়ের পাদ দেশে পৌঁছুবে। যা বাইতুল মাক্বদিসের পাহাড় বলে পরিচিত। তখন তারা বলবেঃ আমরা জমিনের সবাইকে মেরে ফেলেছি। আসো! এবার আমরা আকাশে যাঁরা আছেন তাঁদেরকে হত্যা করবো। তখন তাদের বর্শা-বল্লম আকাশের দিকে নিক্ষেপ করবে। যা আল্লাহ্ তা'আলা রক্তাক্ত করে তাদের নিকট ফিরিয়ে দিবেন। (মুসলিম ২৯৩৭)

৩. 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আমরা কিয়ামত সম্পর্কে পরস্পর আলোচনা করছিলাম। এমন সময় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদের মাঝে উপস্থিত হয়ে বললেন: তোমরা কি আলাপ-আলোচনা করছিলে? আমরা বললাম: আমরা এতক্ষণ কিয়ামত সম্পর্কেই আলাপ-আলোচনা করছিলাম। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না তোমরা দশটি বড়ো বড়ো আলামত অবলোকন করবে। অতঃপর তিনি উল্লেখ করেন: ধোঁয়া, দাজ্জাল, একটি বিশেষ পশু, পশ্চিম দিক থেকে সূর্য উঠা, ঈসা (عليه السلام) এর অবতরণ, ইয়াজূজ-মা'জূজ, তিন প্রকারের ভূমি ধস: পূর্ব দিকে ভূমি ধস, পশ্চিম দিকে ভূমি ধস, আরব উপদ্বীপে ভূমি ধস। সর্বশেষ নিদর্শনটি হচ্ছে ইয়েমেনের আগুন যা সকল মানুষকে হাশরের ময়দানের দিকে তাড়িয়ে নিবে। (মুসলিম ২৯০১)

৪. আব্দুল্লাহ্ বিন্ মাস্'উদ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: ইস্রা'র রাত্রিতে আমাদের রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইব্রাহীম, মূসা ও 'ঈসা (আলাইহিমুস্সালাম) এর সাথে সাক্ষাৎ করেন। তাঁরা সবাই তখন পরস্পর কিয়ামত সম্পর্কে

আলোচনা করছিলেন। তাঁরা উক্ত আলোচনার জন্য 'ঈসা (عليه السلام) কে আবেদন করলে তিনি দাজ্জালের হত্যার ব্যাপারটি আলোচনা করার পর বলেন: এরপর মানুষ তাদের নিজ নিজ শহরে চলে যাবে। তখন হঠাৎ তাদের সম্মুখীন হবে ইয়াজূজ-মা'জূজ। তারা প্রত্যেক উঁচু জায়গা থেকে নিচের দিকে দ্রুত অবতরণ করবে। তারা কোন পানির পাশ দিয়ে যেতে না যেতেই তা পান করে নিঃশেষ করে ফেলবে এবং কোন বস্তুর পাশ দিয়ে যেতে না যেতেই তা ধ্বংস করে ফেলবে। তখন তারা আমার নিকট আশ্রয় নিলে আমি আল্লাহ্ তা'আলার নিকট দো'আ করবো। অতঃপর আল্লাহ্ তা'আলা তাদেরকে মেরে ফেলবেন। তখন পুরো বিশ্ব তাদের দুর্গন্ধে গন্ধময় হয়ে যাবে। পুনরায় তারা আবারো আমার নিকট আশ্রয় নিবে। তখন আমি তাদের জন্য আল্লাহ্ তা'আলার নিকট দো'আ করলে আকাশ ভারী বৃষ্টি বর্ষণ করবে। অতঃপর বৃষ্টির পানি তাদের শরীরগুলোকে স্থল ভাগ থেকে ভাসিয়ে নিয়ে নদীতে নিক্ষেপ করবে।

('হাকিম ৪/৪৮৮-৪৮৯ আহ্মাদ্ ৪/১৮৯-১৯০)

৫. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: একদা ইয়াজূজ-মা'জূজ মানব সমাজে পদার্পণ করে সকল পানি পান করে ফেলবে। তাদেরকে দেখে মানুষ পালিয়ে যাবে। তখন তারা আকাশের দিকে তীর নিক্ষেপ করলে রক্তাক্ত হয়ে তীরগুলো তাদের নিকট ফিরে আসবে। তখন তারা বলবে: বিশ্ববাসীকে তো পরাজিতই করলাম। আর এখন আকাশবাসীর উপরও জয়ী হলাম। তখন আল্লাহ্ তা'আলা তাদের ঘাড়ে এক ধরনের পোকা সৃষ্টি করবেন। তখন তারা এক মুহূর্তেই সবাই ধ্বংস হয়ে যাবে। সে সত্তার কসম যাঁর হাতে আমার জীবন! বিশ্বের সকল পশু তখন এদের গোস্ত খেয়ে মোটা-তাজা হয়ে যাবে। (তিরমিযী ৮/৫৯৭-৫৯৯ ইব্নু মাজাহ্ ২/১৩৬৪-১৩৬৫ 'হাকিম ৪/৪৮৮)

ইয়াজূজ-মা'জূজের প্রাচীর:

যুল-ক্বারনাইন বাদশাহ্ উক্ত প্রাচীর নির্মাণ করেন। যাতে ইয়াজূজ-মা'জূজ ও তাদের প্রতিপক্ষদের মাঝে একটি প্রতিবন্ধকতা সৃষ্টি হয়।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿قَالُوْا يَا ذَا الْقَرْنَيْنِ إِنَّ يَأْجُوْجَ وَمَأْجُوْجَ مُفْسِدُوْنَ فِيْ الْأَرْضِ، فَهَلْ نَجْعَلُ لَكَ خَرْجًا، عَلَى أَنْ تَجْعَلَ بَيْنَنَا وَبَيْنَهُمْ سَدًّا، قَالَ مَا مَكَّنِّيْ فِيْهِ رَبِّيْ خَيْرٌ، فَأَعِيْنُوْنِيْ بِقُوَّةٍ

أَجْعَلْ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ رَدْمًا﴾.

"তারা বললো: হে যুল-ক্বারনাইন! নিশ্চয়ই ইয়াজূজ-মা'জূজরা দুনিয়াতে বিশৃঙ্খলা সৃষ্টি করছে। তাই আমরা আপনাকে কিছু কর দিলে আপনি কি আমাদের ও তাদের মাঝে একটি প্রাচীর বানিয়ে দেবেন? সে বললো: আমার প্রতিপালক আমাকে যে ক্ষমতা দিয়েছেন তা আমার জন্য অনেক উত্তম। সুতরাং তোমরা আমাকে শক্তি ও শ্রম দিয়ে সহযোগিতা করো যাতে আমি তোমাদের ও তাদের মাঝে একটি শক্ত প্রাচীর তৈরি করতে পারি। (কাহ্ফ : ৯৪-৯৫)

উক্ত প্রাচীরটি বিশ্বের পূর্ব দিকে। যা কুর'আনের নিম্নোক্ত আয়াত থেকে বুঝা যায়।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿حَتَّى إِذَا بَلَغَ مَطْلِعَ الشَّمْسِ وَجَدَهَا تَطْلُعُ عَلَى قَوْمٍ لَّمْ نَجْعَلْ لَّهُمْ مِّنْ دُوْنِهَا سِتْرًا﴾.

"চলতে চলতে যখন সে সূর্যোদয় স্থলে পৌঁছালো তখন সে দেখলো ওটা এমন এক সম্প্রদায়ের উপর উদিত হচ্ছে যাদের জন্য সূর্য তাপ থেকে আত্মরক্ষার কোন অন্তরাল আমি সৃষ্টি করিনি"। (কাহ্ফ : ৯০)

তবে উক্ত প্রাচীরের সঠিক স্থান এখনো কেউ টের করতে পারেনি। তবুও আমাদের এ কথা বিশ্বাস করতে হবে যে, প্রাচীরটি এখনো বিদ্যমান। যখন কিয়ামত ঘনিয়ে আসবে তখন ইয়াজূজ-মা'জূজ তা ভেঙ্গে চুরমার করে জনসমাজে অবতরণ করবে।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿قَالَ هَذَا رَحْمَةٌ مِّنْ رَّبِّيْ، فَإِذَا جَآءَ وَعْدُ رَبِّيْ جَعَلَهُ دَكَّآءَ، وَكَانَ وَعْدُ رَبِّيْ حَقًّا، وَتَرَكْنَا بَعْضَهُمْ يَوْمَئِذٍ يَّمُوْجُ فِيْ بَعْضٍ، وَّنُفِخَ فِيْ الصُّوْرِ فَجَمَعْنَاهُمْ جَمْعًا﴾.

"তখন যুল-ক্বারনাইন বললো: উক্ত কাজের সফলতা আমার প্রভুর নিছক অনুগ্রহ ছাড়া আর কিছুই নয়। যখন আমার প্রভুর প্রতিশ্রুতি (কিয়ামত) ঘনিয়ে আসবে তখন তিনি তা চূর্ণ-বিচূর্ণ করে দিবেন। আর আমার প্রভুর প্রতিশ্রুতি অবশ্যই সত্য। সে দিন আমি তাদেরকে ছেড়ে দেবো। তখন তারা দলের পর দল তরঙ্গের ন্যায় মানব বসতির উপর ঝাঁপিয়ে পড়বে। আর তখনই শিঙ্গায় ফুঁ দিয়ে সবাইকে একত্রিত করা

হবে"। (কাহ্‌ফ : ৯৮-৯৯)

আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: তারা (ইয়াজূজ-মা'জূজ) প্রতি দিন প্রাচীরটি খনন করবে। ছিদ্র করতে একটু বাকি থাকাবস্থায় তাদের নেতা বলবে: এখন তোমরা চলে যাও। আগামী কাল তা তোমরা ছিদ্র করে ফেলবে। ইতিমধ্যে আল্লাহ্ তা'আলা তা আগের মতো করে শক্ত দিবেন। এভাবেই তারা প্রতিদিন করতে থাকবে। যখন তারা নির্ধারিত সময়ে পৌঁছুবে এবং আল্লাহ্ তা'আলা তাদেরকে জনসমাজে পাঠাতে ইচ্ছে করবেন তখন তাদের নেতা বলবে: এখন তোমরা চলে যাও। আগামী কাল ইন্‌শাআল্লাহ্ (আল্লাহ্ চায় তো) তা তোমরা ছিদ্র করে ফেলবে। তখন তারা ফিরে যাবে এবং প্রাচীরটি খনন করা অবস্থায় থেকে যাবে। অতঃপর পরের দিন তারা প্রচীরটি ছিদ্র করে জনসমাজে বের হয়ে যাবে। তখন তারা জমিনের সকল পানি পান করে ফেলবে এবং মানুষ তাদেরকে দেখে পালিয়ে যাবে।

(তিরমিযী ৮/৫৯৭-৫৯৯ ইব্‌নু মাজাহ্ ২/১৩৬৪-১৩৬৫ 'হাকিম ৪/৪৮৮)

৫. তিনটি ভূমিধস:

কিয়ামতের পূর্বে তিনটি ভয়াবহ ভূমিধস দেখা দিবে।

'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ السَّاعَةَ لَا تَكُوْنُ حَتَّى تَكُوْنَ عَشْرُ آيَاتٍ: خَسْفٌ بِالْمَشْرِقِ، وَخَسْفٌ بِالْمَغْرِبِ، وَخَسْفٌ فِيْ جَزِيْرَةِ الْعَرَبِ، وَالدُّخَانُ وَالدَّجَّالُ، وَدَابَّةُ الْأَرْضِ، وَيَأْجُوْجُ وَمَأْجُوْجُ، وَطُلُوْعُ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا، وَنَارٌ تَخْرُجُ مِنْ قُعْرَةِ عَدَنٍ تَرْحَلُ النَّاسَ، وَفِيْ رِوَايَةٍ : وَالْعَاشِرَةُ : نُزُوْلُ عِيْسَى ابْنِ مَرْيَمَ (عليه السلام).

"কিয়ামত আসবে না যতক্ষণ না দশটি আলামত পরিলক্ষিত হয়; পূর্ব দিকে ভূমি ধস, পশ্চিম দিকে ভূমি ধস, আরব উপদ্বীপে ভূমি ধস, ধোঁয়া, দাজ্জাল, পৃথিবীর একটি বিশেষ পশু, ইয়াজূজ-মা'জূজ, পশ্চিম দিক থেকে সূর্য উঠা, 'আদানের গভীর অঞ্চল থেকে এমন এক আগুন বের হবে যা সকল মানুষকে (হাশরের মাঠের দিকে) পরিচালিত করবে। অন্য বর্ণনায় রয়েছে, দশম নিদর্শন হচ্ছে ঈসা (আলাইহিস সালাম) এর অবতরণ"। (মুসলিম ২৯০১)

উম্মু সালামাহ্ (রাযিয়াল্লাহু আন্হা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

سَيَكُوْنُ بَعْدِيْ خَسْفٌ بِالْمَشْرِقِ، وَخَسْفٌ بِالْمَغْرِبِ، وَخَسْفٌ فِيْ جَزِيْرَةِ الْعَرَبِ، قُلْتُ: يَا رَسُوْلَ اللهِ! أَيُخْسَفُ بِالْأَرْضِ وَفِيْهَا الصَّالِحُوْنَ؟ قَالَ لَهَا رَسُوْلُ اللهِ ﷺ: إِذَا أَكْثَرَ أَهْلُهَا الْخَبَثَ.

"আমার মৃত্যুর পর অচিরেই তিনটি ভূমিধস দেখা দিবে। পূর্ব দিকে ভূমি ধস, পশ্চিম দিকে ভূমি ধস, আরব উপদ্বীপে ভূমি ধস। উম্মু সালামাহ্ বললেন: হে আল্লাহ্'র রাসূল! বিশ্ব কি ধসে যাবে ; অথচ তাতে থাকবে অনেকগুলো নেককার লোক ? রাসূল (ﷺ) বললেনঃ অবশ্যই, যখন বিশ্ববাসী অশ্লীলতা বাড়িয়ে দিবে"। (মাজমা'উয-যাওয়ায়িদ ৮/১১)

উক্ত তিনটি ভূমিধস এখনো ঘটেনি।

আল্লামাহ্ ইব্নু 'হাজার (রাহিমাহুল্লাহ্) বলেন: ভূমিধস বিশ্বের অনেক জায়গায়ই সংঘটিত হয়েছে। তবে উক্ত তিনটি ভূমিধস সেগুলোর চাইতেও অনেক ভয়াবহ এবং সুবিস্তৃত। (ফাত্'হুল-বারী ১৩/৮৪)

৬. ধোঁয়া:

কিয়ামতের পূর্বে ব্যাপক আকারে ধোঁয়া বের হওয়া কিয়ামতের একটি বড়ো নিদর্শন। আল্লাহ্ তা'আলা বলেন:

﴿فَارْتَقِبْ يَوْمَ تَأْتِيْ السَّمَآءُ بِدُخَانٍ مُّبِيْنٍ، يَغْشَى النَّاسَ، هَذَا عَذَابٌ أَلِيْمٌ﴾.

"অতএব তুমি অপেক্ষা করো সে দিনের যে দিন স্পষ্ট ধোঁয়াচ্ছন্ন হবে আকাশ। যা আবৃত করে ফেলবে গোটা মানব জাতিকে। এটা হবে সত্যিই এক যন্ত্রণাদায়ক শাস্তি"। (দুখান : ১০-১১)

উক্ত ধোঁয়া বলতে কোন ধোঁয়াকে বুঝানো হয় এবং তা কি ইতিপূর্বে সংঘটিত হয়েছে? না কি তা ভবিষ্যতে সংঘটিত হবে। তা নিয়ে আলিমদের মধ্যে মতভেদ রয়েছে। যা নিম্নে প্রদত্ত হলো:

১. উক্ত ধোঁয়া রাসূল (ﷺ) এর যুগেই দেখা গিয়েছে। রাসূল (ﷺ) যখন মক্কার কাফিরদেরকে তাঁকে না মানার দরুন বদ্ দো'আ দিয়েছিলেন তখন তারা আকাশে ধোঁয়ার মতো কিছু দেখছিলো।

আব্দুল্লাহ্ বিন্ মাস্‘ঊদ্ (রাযিয়াল্লাহু তা‘আলা আনহু) বলেন: পাঁচটি ব্যাপার ইতিপূর্বে সংঘটিত হয়েছে: নিশ্চিত শাস্তি যা বদর যুদ্ধের মাধ্যমে সংঘটিত হয়েছে, রোমানদের পরাজয়, বড়ো ধরনের ধর-পাকড়, চন্দ্র দ্বিখণ্ডন ও ধোঁয়া।

যখন কিন্দাহ্ অধিবাসী জনৈক ব্যক্তি ধোঁয়া সম্পর্কে আলোচনা করার সময় বলেছিলো: কিয়ামতের দিন ধোঁয়া মুনাফিকদের কানে ও চোখে প্রবেশ করবে তখন আব্দুল্লাহ্ বিন্ মাস্‘ঊদ্ (রাযিয়াল্লাহু তা‘আলা আনহু) খুব রাগান্বিত হয়ে বললেন: যে ব্যক্তি সঠিকভাবে কিছু জানে সে যেন তাই বলে। আর যে ব্যক্তি সঠিকভাবে কিছুই জানে না সে যেন বলে: আল্লাহ্ তা‘আলা ভালো জানেন। কারণ, কোন না জানা বিষয় সম্পর্কে এ কথা বলা যে, আমি তা জানি না তাও জ্ঞানের পরিচায়ক। আল্লাহ্ তা‘আলা নিজ নবীকে বলেন:

﴿قُلْ مَآ أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ، وَّمَآ أَنَا مِنَ الْمُتَكَلِّفِيْنَ﴾.

“(হে রাসূল!) তুমি বলো: আমি এ জন্য তোমাদের নিকট কোন প্রতিদান চাই না। আর আমি কথা বানিয়ে বলা লোকদেরও অন্তর্ভুক্ত নই।

(স্বাদ্ : ৮৬)

ইব্নু মাস্‘ঊদ্ (রাযিয়াল্লাহু তা‘আলা আনহু) বলেন: কুরাইশরা ইসলাম গ্রহণ করতে খুব দেরি করছিলো বলে নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাদেরকে এ বলে বদ্ দো‘আ করলেন যে, হে আল্লাহ্ আপনি আমাকে কাফিরদের ব্যাপারে সহযোগিতা করুন সাত বছরের দুর্ভিক্ষ দিয়ে যেমনিভাবে সাত বছরের দুর্ভিক্ষ দিয়েছেন হযরত ইউসুফ (আলাইহিস্ সালাম) এর যুগে। তখন মক্কার কাফিরদেরকে দুর্ভিক্ষ পেয়ে বসে। তখন তারা ক্ষুধার জ্বালায় মৃত পশু ও হাঁড় খেতে শুরু করেছে। এমনকি তারা আকাশের দিকে তাকালে ধোঁয়ার মতো কিছু দেখতে পেতো।

‘আল্লামাহ্ ইব্নু জারীর ত্বাবারী বলেন: উক্ত মতটিই যুক্তিযুক্ত। কারণ, আল্লাহ্ তা‘আলা কুরাইশ বংশের কাফিরদের শির্কের কথা আলোচনার পরপরই তাদেরকে ধোঁয়ার হুমকি দেন। সুতরাং তাদেরকে তা দ্বারা শাস্তি দেয়াই যুক্তিযুক্ত। (ত্বাবারী ২৫/১১৪)

২. উক্ত ধোঁয়া এখনো দেখা যায়নি। কিয়ামতের পূর্বক্ষণেই তা দেখা যাবে। আব্দুল্লাহ্ বিন্ ‘আব্বাস্ এবং অন্যান্য কিছু সাহাবী ও তাবি‘য়ীন উক্ত মত পোষণ করেন।

আব্দুল্লাহ্ বিন্ আবূ মুলাইকাহ্ (রাহিমাহুল্লাহ্) বলেন: একদা ভোর বেলায় আমি আব্দুল্লাহ্ বিন্ ‘আব্বাস্ (রাযিয়াল্লাহু আন্হুমা) এর নিকট গেলাম। তখন

তিনি বললেন: আমি গত রাত্রিতে এতটুকুও ঘুমাইনি। আমি বললাম: কেন? তিনি বললেন: আমি শুনেছি, লেজ বিশিষ্ট তারকাটি উদিত হয়েছে। তখন আমি এ কথা মনে করে ভয় পেলাম যে, এখন ধোঁয়া দেখা দিবে। তাই আমি সকাল পর্যন্ত ঘুমাইনি। (ত্বাবারী ২৫/১১৩ ইব্নু কাসীর ৭/২৩৫)

'আল্লামাহ্ ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) বলেন: উপরোক্ত সনদ ইব্নু 'আব্বাস (রাযিয়াল্লাহু আন্হুমা) পর্যন্ত শুদ্ধ। কয়েকটি শুদ্ধ হাদীসও এরই সমর্থন করে। যাতে উক্ত ধোঁয়াকে কিয়ামতের বড়ো নিদর্শন হিসেবে উল্লেখ করা হয়েছে।

এ দিকে কুর'আন মাজীদে যে ধোঁয়ার কথা উল্লিখিত হয়েছে তা তো একেবারেই সুস্পষ্ট ধোঁয়া যা সবাই দেখতে পাবে। কিন্তু ইব্নু মাস্'ঊদ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর ব্যাখ্যায় যা বলা হয়েছে তা খেয়ালী ধোঁয়া। বাস্তব নয়। আবার এটাও দেখার বিষয় যে, কুর'আন মাজীদে উল্লিখিত ধোঁয়া সকল মানুষকে আবৃত করবে। শুধু মক্কাবাসীকে নয় এবং তা খেয়ালীও নয়।

এ দিকে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মদীনার ইহুদি ইব্নু স্বাইয়াদকে উক্ত আয়াতের ধোঁয়ার বিষয়ে পরীক্ষা করেছেন যা এ কথাই প্রমাণ করে যে, উক্ত ধোঁয়ার অপেক্ষা করা হচ্ছে যা ইতিপূর্বে কখনো দেখা যায়নি।

আবার কেউ কেউ বলেছেন: ধোঁয়া দু' ধরনের। যার একটি মক্কার মুশ্রিকরা দেখেছে। আর অন্যটি কিয়ামতের পূর্বক্ষণেই দেখা যাবে। যা ইমাম মুজাহিদ ও 'আল্লামাহ্ কুরত্বীর অভিমত।

ধোঁয়ার ব্যাপারে হাদীসের প্রমাণসমূহ:

১. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

بَادِرُوْا بِالْأَعْمَالِ سِتًّا : طُلُوْعَ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا، أَوِ الدُّخَانَ، أَوِ الدَّجَّالَ، أَوِ الدَّابَّةَ، أَوْ خَاصَّةَ أَحَدِكُمْ، أَوْ أَمْرَ الْعَامَّةِ.

"তোমরা তাড়াতাড়ি আমল করো ছয়টি নিদর্শন আবির্ভূত হওয়ার পূর্বেই। সেগুলো হচ্ছে ; পশ্চিম দিক থেকে সূর্য উঠা, ধোঁয়া, দাজ্জাল, একটি বিশেষ পশু, তোমাদের কারোর মৃত্যু অথবা কিয়ামত।

(মুসলিম ২৯৪৭)

২. 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: কিয়ামত আসবে না যতক্ষণ না দশটি আলামত পরিলক্ষিত হয় ; পূর্ব দিকে ভূমি ধস, পশ্চিম দিকে ভূমি ধস, আরব উপদ্বীপে ভূমি ধস, ধোঁয়া, দাজ্জাল, পৃথিবীর একটি বিশেষ পশু, ইয়াজূজ-মা'জূজ, পশ্চিম দিক থেকে সূর্য উঠা, 'আদানের গভীর অঞ্চল থেকে এমন এক আগুন বের হবে যা সকল মানুষকে (হাশরের মাঠের দিকে) পরিচালিত করবে। অন্য বর্ণনায় রয়েছে, দশম নিদর্শন হচ্ছে ঈসা (আলাইহিস সালাম) এর অবতরণ। (মুসলিম ২৯০১)

৩. আবূ মালিক আশ্'আরী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: তোমাদের প্রভু তোমাদেরকে তিনটি জিনিসের ভয় দেখিয়েছেন। যার একটি হচ্ছে ধোঁয়া। যা মু'মিনদের উপর সর্দির ন্যায় প্রভাব ফেলবে। আর কাফিরদের পেট ফুলে তা কান দিয়ে বের হবে।

(ত্বাবারী ২০/১১৪ ইব্নু কাসীর ৭/২৩৫)

৭. পশ্চিম দিক থেকে সূর্য উঠা:

পশ্চিম দিক থেকে সূর্য উঠা কিয়ামতের আরেকটি বড়ো নিদর্শন। যা কুর'আন মাজীদ ও বিশুদ্ধ হাদীস কর্তৃক প্রমাণিত।

কুর'আনের প্রমাণসমূহ:

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿يَوْمَ يَأْتِيْ بَعْضُ آيَاتِ رَبِّكَ لَا يَنْفَعُ نَفْسًا إِيْمَانُهَا لَمْ تَكُنْ آمَنَتْ مِنْ قَبْلُ أَوْ كَسَبَتْ فِيْ إِيْمَانِهَا خَيْرًا﴾.

"যে দিন তোমার প্রতিপালকের কিছু নিদর্শন প্রকাশ পাবে সে দিন কারোর ঈমান তার কোন ফায়দায় আসবে না যদি সে ইতিপূর্বে ঈমান না এনে থাকে অথবা ঈমান আনার পর কোন নেক আমল সম্পাদন করে না থাকে"। (আন্'আম : ১৫৮)

ইমাম ত্বাবারী এ ব্যাপারে তাফসীরবিদদের কয়েকটি মত উল্লেখের পর বলেন: এ মতগুলোর মধ্যে সর্বাধিক সত্য মত হচ্ছে এই যে, এ ব্যাপারটি তখনই হবে যখন সূর্য পশ্চিম দিক থেকে উদিত হবে। যা রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর অনেকগুলো হাদীস কর্তৃকও প্রমাণিত। (ত্বাবারী ৮/১০৩)

হাদীসের প্রমাণসমূহঃ

পশ্চিম দিক থেকে সূর্য উঠা সংক্রান্ত হাদীস সত্যিই অনেকগুলো। যার কয়েকটি নিম্নে উল্লিখিত হলো।

১. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ مِنْ مَغْرِبِهَا، فَإِذَا طَلَعَتْ فَرَآهَا النَّاسُ آمَنُوْا أَجْمَعُوْنَ، فَذَلِكَ حِيْنَ لَا يَنْفَعُ نَفْسًا إِيْمَانُهَا لَمْ تَكُنْ آمَنَتْ مِنْ قَبْلُ أَوْ كَسَبَتْ فِيْ إِيْمَانِهَا خَيْرًا

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না সূর্য পশ্চিম দিক থেকে উঠে। যখন সূর্য পশ্চিম দিক থেকে উঠবে এবং মানুষ তা দেখবে তখন সবাই (খাঁটি) ঈমান আনবে। তবে সে দিন কারোর ঈমান তার কোন ফায়দায় আসবে না যদি সে ইতিপূর্বে ঈমান না এনে থাকে অথবা ঈমান আনার পর কোন নেক আমল সম্পাদন করে না থাকে"। (বুখারী ৬৫০৬; মুসলিম ১৫৭)

২. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَّى تَقْتَتِلَ فِئَتَانِ عَظِيْمَتَانِ... وَحَتَّى تَطْلُعَ الشَّمْسُ مِنْ مَغْرِبِهَا، فَإِذَا طَلَعَتْ وَرَآهَا النَّاسُ آمَنُوْا أَجْمَعُوْنَ، فَذَلِكَ حِيْنَ لَا يَنْفَعُ نَفْسًا إِيْمَانُهَا لَمْ تَكُنْ آمَنَتْ مِنْ قَبْلُ أَوْ كَسَبَتْ فِيْ إِيْمَانِهَا خَيْرًا.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না দু'টি বড়ো পক্ষ যুদ্ধ করে।... এবং যতক্ষণ না সূর্য পশ্চিম দিক থেকে উঠে। যখন সূর্য পশ্চিম দিক থেকে উঠবে এবং মানুষ তা দেখবে তখন সবাই (খাঁটি) ঈমান আনবে। তবে সে দিন কারোর ঈমান তার কোন ফায়দায় আসবে না যদি সে ইতিপূর্বে ঈমান না এনে থাকে অথবা ঈমান আনার পর কোন নেক আমল সম্পাদন করে না থাকে"। (বুখারী ৭১২০)

৩. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

بَادِرُوْا بِالْأَعْمَالِ سِتًّا : طُلُوْعَ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا، أَوِ الدُّخَانَ، أَوِ الدَّجَّالَ، أَوِ الدَّابَّةَ، أَوْ خَاصَّةَ أَحَدِكُمْ، أَوْ أَمْرَ الْعَامَّةِ.

"তোমরা তাড়াতাড়ি আমল করো ছয়টি নিদর্শন আবির্ভূত হওয়ার পূর্বেই। সেগুলো হচ্ছে ; পশ্চিম দিক থেকে সূর্য উঠা, ধোঁয়া, দাজ্জাল, একটি বিশেষ পশু, তোমাদের কারোর মৃত্যু অথবা কিয়ামত"।

(মুসলিম ২৯৪৭)

৪. 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আমরা কিয়ামত সম্পর্কে পরস্পর আলোচনা করছিলাম। এমন সময় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদের মাঝে উপস্থিত হয়ে বললেন: তোমরা কি আলাপ-আলোচনা করছিলে? আমরা বললাম: আমরা এতক্ষণ কিয়ামত সম্পর্কেই আলাপ-আলোচনা করছিলাম। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন:

إِنَّهَا لَنْ تَقُوْمَ حَتَّى تَرَوْنَ قَبْلَهَا عَشْرَ آيَاتٍ، فَذَكَرَ الدُّخَانَ، وَالدَّجَّالَ، وَالدَّابَّةَ، وَطُلُوْعَ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না তোমরা দশটি বড়ো বড়ো আলামত অবলোকন করবে। অতঃপর তিনি উল্লেখ করেন: ধোঁয়া, দাজ্জাল, একটি বিশেষ পশু, পশ্চিম দিক থেকে সূর্য উঠা"। (মুসলিম ২৯০১)

৫. আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: আমি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট থেকে একটি হাদীস মুখস্থ করেছি যা আমি এখনো ভুলিনি। আমি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে বলতে শুনেছি তিনি বলেন:

إِنَّ أَوَّلَ الْآيَاتِ خُرُوْجًا طُلُوْعُ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا....

"সর্ব প্রথম (কিয়ামতের) যে নিদর্শনটি দেখা যাবে তা হচ্ছে, পশ্চিম দিক থেকে সূর্য উঠা"।... (মুসলিম ২৯৪১ আহ্মাদ্, হাদীস ৬৮৮১)

৬. আবূ যর (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা বললেন: তোমরা কি জানো এ সূর্যটি কোথায় যায়? সাহাবাগণ বললেন: আল্লাহ্ এবং তদীয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ই এ সম্পর্কে ভালো জানেন। তখন তিনি বললেন: সূর্যটি যেতে যেতে আর্শের নিচে তার নির্দিষ্ট জায়গায় গিয়ে সিজ্দায় পড়ে যায়। সে সিজ্দায় পড়ে থাকে যতক্ষণ না তাকে বলা হয়: উঠো। যে ভাবে এসেছো ওভাবেই চলে যাও। তখন সে পূর্ব দিক থেকেই পুনরায় উঠে। অতঃপর আবারো সূর্যটি যেতে যেতে আর্শের নিচে তার নির্দিষ্ট জায়গায় গিয়ে সিজ্দায় পড়ে যায়। সে সিজ্দায় পড়ে থাকে যতক্ষণ

না তাকে বলা হয়: উঠো। যে ভাবে এসেছো ওভাবেই চলে যাও। তখন সে পূর্ব দিক থেকেই পুনরায় উঠে। মানুষ তাতে কোন ব্যতিক্রম দেখতে পায় না। এ ভাবেই সে একদা আর্‌শের নিচে তার নির্দিষ্ট জায়গায় গিয়ে সিজ্‌দায় পড়ে যাবে। তখন তাকে বলা হবেঃ উঠো। পশ্চিম দিক থেকে উদিত হও। তখন সে পশ্চিম দিক থেকেই উদিত হবে। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সাহাবাগণকে বললেন: তোমরা কি জানো সে সময়টি কখন? সে সময়টি তখন যখন কারোর ঈমান তার কোন ফায়দায় আসবে না যদি সে ইতিপূর্বে ঈমান না এনে থাকে অথবা ঈমান আনার পর কোন নেক আমল সম্পাদন করে না থাকে"। (বুখারী ৩১৯৯, ৭৪২৪; মুসলিম ১৫৯)

উক্ত হাদীস সম্পর্কে আল্লামাহ্ রশীদ রেযার মন্তব্য ও উহার উত্তর:

আল্লামাহ্ রশীদ রেযা বলেন: উক্ত হাদীসটি ইমাম বুখারী ও মুসলিম ভিন্ন ভিন্ন বর্ণন ধারায় ইব্রাহীম বিন্ ইয়াযীদ বিন্ শরীক আত-তাইমী থেকে তিনি আবূ যর থেকে বর্ণনা করেন। ইমাম আহ্‌মাদ্ বলেন: বর্ণনাকারী ইব্রাহীম বিন্ ইয়াযীদ আবূ যর (রাযিয়াল্লাহু আনহু) এর সাথে কখনো সাক্ষাৎ করেননি। ইমাম দারাক্বুত্বনী বলেন: তিনি হাফ্‌স্বা ও আয়েশা (রাযিয়াল্লাহু আন্‌হুমা) থেকে কোন হাদীসই শুনেননি। এমনকি তাঁদের যুগও পাননি। 'আল্লামাহ্ ইব্‌নুল-মাদীনি বলেন: তিনি 'আলী এবং ইব্‌নু 'আব্বাস্ (রাযিয়াল্লাহু আনহুম) থেকেও কোন হাদীস শুনেননি।

এভাবে তিনি অন্যান্য হাদীসও এঁদের থেকে "'আন্" (থেকে) শব্দে বর্ণনা করেন ; অথচ তিনি এঁদের থেকে সরাসরি কোন হাদীসই শুনেননি। সুতরাং তিনি বিশ্বস্ত বর্ণনাকারী হলেও তিনি যাঁর নাম উল্লেখ না করে হাদীসটি বর্ণনা করেছেন তিনি বিশ্বস্ত বর্ণনাকারী নাও হতে পারেন।

তাঁর মন্তব্যটি খুবই ভয়ানক। কারণ, তিনি বুখারী ও মুসলিমের হাদীসের বিশুদ্ধতা নিয়ে কথা তুলেছেন ; অথচ সকল মুসলমান এগুলোর বিশুদ্ধতার উপর একমত।

এ দিকে বুখারী ও মুসলিমের বর্ণনায় রয়েছে, ইব্রাহীম বিন্ ইয়াযীদ বিন্ শরীক আত-তাইমী তাঁর পিতা থেকে তাঁর পিতা আবূ যর থেকে হাদীসটি বর্ণনা করেন। আর তাঁর পিতা তো 'উমর, 'আলী, আবূ যর, ইব্‌নু মাস্'ঊদ্ এবং অন্যান্য সাহাবা থেকে হাদীস বর্ণনা করেন। আল্লামাহ্ ইব্‌নু মা'য়ীন, ইব্‌নু হিব্বান, ইব্‌নু সা'দ্ এবং ইব্‌নু 'হাজার তাঁকে বিশ্বস্ত বলে আখ্যায়িত করেন।

এ ছাড়াও মুসলিম শরীফের বর্ণনায় বর্ণনাকারী ইব্রাহীমের তাঁর পিতা থেকে হাদীসটি সরাসরি শুনার ব্যাপারটি উল্লিখিত হয়েছে। আর কোন বিশ্বস্ত বর্ণনাকারী কোন হাদীস তাঁর উপরের বর্ণনাকারী থেকে সরাসরি শুনার ব্যাপারটি সুস্পষ্ট উল্লেখ করলে তা মেনে নিতে হয়।

পশ্চিম দিক থেকে সূর্য উঠার পর আর কারোর কোন ঈমান বা তাওবা গ্রহণ যোগ্য হবে নাঃ

যখন পশ্চিম দিক থেকে সূর্য উঠবে তখন আর নতুন করে কোন কাফিরের ঈমান গ্রহণযোগ্য হবে না। না কোন পাপীর তাওবা গ্রহণ করা হবে। কারণ, সূর্য পশ্চিম দিক থেকে উঠা আল্লাহ্ তা'আলার একটি বড়ো নিদর্শন। যা সে যুগের প্রত্যেক ব্যক্তিই সুস্পষ্টভাবে অবলোকন করবে। তখন সকল সত্যই উদ্ভাসিত হবে। সকল মানুষই আল্লাহ্ তা'আলা ও তদীয় আয়াতসমূহ স্বীকার ও বিশ্বাস করতে বাধ্য হবে। অতএব যেমন আল্লাহ্ তা'আলার মানব বিধ্বংসী আযাব দেখলে নতুন করে আর কারোর ঈমান গ্রহণযোগ্য হয় না এটাও তেমন।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿فَلَمَّا رَأَوْا بَأْسَنَا قَالُوْا آمَنَّا بِاللهِ وَحْدَهُ وَكَفَرْنَا بِمَا كُنَّا بِهِ مُشْرِكِيْنَ، فَلَمْ يَكُ يَنْفَعُهُمْ إِيْمَانُهُمْ لَمَّا رَأَوْا بَأْسَنَا، سُنَّةَ اللهِ الَّتِيْ قَدْ خَلَتْ فِيْ عِبَادِهِ وَخَسِرَ هُنَالِكَ الْكَافِرُوْنَ﴾

"অতঃপর যখন তারা আমার শাস্তি প্রতক্ষ্য করলো তখন বললো: আমরা এক আল্লাহ্'র উপর ঈমান আনলাম এবং আমরা তাঁর সাথে যাদেরকে শরীক করতাম তাদেরকে প্রত্যাখ্যান করলাম। তারা যখন আমার শাস্তি প্রতক্ষ্য করলো তখন তাদের ঈমান আর তাদের কোন উপকারে আসলো না। আল্লাহ্ তা'আলার এ নিয়ম পূর্ব থেকেই তাঁর বান্দাহ্দের মাঝে চালু আছে। আর তখনই তো কাফিররা সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হয়"। (গাফির/মু'মিন : ৮৪-৮৫)

'আল্লামাহ্ কুরতুবী (রাহিমাহুল্লাহ্) বলেন: সূর্য পশ্চিম দিক থেকে উঠার পর নতুন করে কারোর ঈমান তার কোন ফায়েদায় আসবে না এ জন্য যে, উক্ত নিদর্শন দেখার পর তার ভেতর এমন ভয়-ভীতি সঞ্চারিত হবে যে, যার ফলে তখন তার ভেতরকার সকল কুপ্রবৃত্তি মরে যাবে এবং তার শরীরের সকল শক্তি নেতিয়ে পড়বে। তখন মানুষের অবস্থা এমন হবে যে, যেন তাদের মৃত্যু এসে গেছে। কারণ, তখন তারা নিশ্চিত যে, কিয়ামত অতি

সন্নিকটে। তখন সবার মধ্যেই গুনাহ্'র সকল ইচ্ছা নিভে যাবে। সুতরাং মুমূর্ষু ব্যক্তির তাওবা যেমন গ্রহণযোগ্য হয় না তেমন এদের ঈমান এবং তাওবাও তখন গ্রহণযোগ্য হবে না।

'আল্লামাহ্ ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) বলেন: এমন সময় কোন কাফির ঈমান আনলে তার ঈমান গ্রহণযোগ্য হবে না। তবে কোন ঈমানদার ইতিপূর্বে নেক আমল করে থাকলে সে অবশ্যই ভাগ্যবান। আর গুনাহ্গার হয়ে থাকলে তার তাওবাহ্ এখন আর তার কোন লাভে আসবে না।

(ইব্নু কাসীর ৩/৩৭১)

কুর'আন ও হাদীস এ ব্যাপারে অতি সুস্পষ্ট। আল্লাহ্ তা'আলা বলেন:

﴿يَوْمَ يَأْتِيْ بَعْضُ آيَاتِ رَبِّكَ لَا يَنْفَعُ نَفْسًا إِيْمَانُهَا لَمْ تَكُنْ آمَنَتْ مِنْ قَبْلُ أَوْ كَسَبَتْ فِيْ إِيْمَانِهَا خَيْرًا﴾.

"যে দিন তোমার প্রতিপালকের কিছু নিদর্শন প্রকাশ পাবে সে দিন কারোর ঈমান তার কোন ফায়দায় আসবে না যদি সে ইতিপূর্বে ঈমান না এনে থাকে অথবা ঈমান আনার পর কোন নেক আমল সম্পাদন করে না থাকে"। (আন্'আম : ১৫৮)

রাসূল (ﷺ) ইরশাদ করেন:

لَا تَنْقَطِعُ الْهِجْرَةُ مَا تُقُبِّلَتِ التَّوْبَةُ، وَلَا تَزَالُ التَّوْبَةُ مَقْبُوْلَةً حَتَّى تَطْلُعَ الشَّمْسُ مِنْ الْمَغْرِبِ، فَإِذَا طَلَعَتْ طُبِعَ عَلَى كُلِّ قَلْبٍ بِمَا فِيْهِ، وَكَفَى النَّاسَ الْعَمَلُ.

"হিজরত (কাফির এলাকা ছেড়ে যাওয়া) বন্ধ হবে না যতক্ষণ পর্যন্ত তাওবা কবুল করা হবে। আর তাওবা কবুল করা হবে যতক্ষণ না সূর্য পশ্চিম দিক থেকে উঠে। যখন সূর্য পশ্চিম দিক থেকে উঠবে তখন প্রত্যেকের অন্তরে যা আছে তার উপরই মোহর মেরে দেয়া হবে। তখন মানুষকে আর তার আমল নিয়ে ভাবতে হবে না। তথা পূর্বের আমলই তার জন্য যথেষ্ট হবে"। (আহ্মাদ্, হাদীস ১৬৭১ মাজ্মা'উয-যাওয়ায়িদ ৫/২৫১)

রাসূল (ﷺ) আরো বলেন:

إِنَّ اللهَ جَعَلَ بِالْمَغْرِبِ بَابًا عَرْضُهُ مَسِيْرَةُ سَبْعِيْنَ عَامًا لِلتَّوْبَةِ، لَا يُغْلَقُ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ مِنْ قِبَلِهِ، وَذَلِكَ قَوْلُهُ تَعَالَى: ﴿يَوْمَ يَأْتِيْ بَعْضُ آيَاتِ رَبِّكَ لَا يَنْفَعُ نَفْسًا إِيْمَانُهَا لَمْ تَكُنْ آمَنَتْ مِنْ قَبْلُ أَوْ كَسَبَتْ فِيْ إِيْمَانِهَا خَيْرًا﴾.

"আল্লাহ্ তা'আলা তাওবার জন্য পশ্চিম দিকে একটি গেইট খুলে রেখেছেন যার প্রস্থ সত্তর বছরের পথ। তা বন্ধ করা হবে না যতক্ষণ না সূর্য সে দিক থেকে উঠে। এ দিকেই আল্লাহ্ তা'আলা ইঙ্গিত করে বলেন: যে দিন তোমার প্রতিপালকের কিছু নিদর্শন প্রকাশ পাবে সে দিন কারোর ঈমান তার কোন ফায়দায় আসবে না যদি সে ইতিপূর্বে ঈমান না এনে থাকে অথবা ঈমান আনার পর কোন নেক আমল সম্পাদন করে না থাকে।

(তিরমিযী/তুহ্ফাহ্ ৯/৫১৭-৫১৮)

কারো কারোর ধারণা, যাদের ঈমান গ্রহণ করা হবে না তারা এমন কাফির যারা সরাসরি সূর্য পশ্চিম দিক থেকে উঠতে দেখেছে। তবে এরপর সময় দীর্ঘায়িত হলে এবং মানুষ তা ভুলে গেলে কাফিরদের ঈমানও গ্রহণ করা হবে এবং গুনাহ্গারের তাওবাও গ্রহণ করা হবে।

আল্লামাহ্ কুরত্বী (রাহিমাহুল্লাহ্) বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন: আল্লাহ্ তা'আলা বান্দাহ্'র তাওবা কবুল করেন যতক্ষণ না তার রূহ্ গলা পর্যন্ত পৌঁছে যায়। যখন রূহ্ তার গলা পর্যন্ত পৌঁছে যাবে তখন আর তার কোন তাওবা গ্রহণযোগ্য হবে না। তখন বান্দাহ্ জান্নাত বা জাহান্নামে তার অবস্থান দেখতে পাবে। তেমনিভাবে যে ব্যক্তি সূর্য পশ্চিম দিক থেকে উঠতে দেখে অথবা নিকট অতীতে সে যুগের সবাই তা দেখেছে এমন সংবাদ নিশ্চিতভাবে তার কাছে পৌঁছে সেও এমন। সুতরাং তার তাওবাও গ্রহণযোগ্য হবে না। কারণ, তখন আল্লাহ্, রাসূল এবং তাঁদের ওয়াদা সম্পর্কে তার জ্ঞান নিশ্চিত অবশ্যম্ভাবী। তবে এরপর যদি দীর্ঘ সময় পেরিয়ে যায় এবং মানুষ তা ভুলতে বসে তথা তা নিয়ে তেমন আর আলোচনা হয় না এমনকি বিশেষ বিশেষ মানুষ ছাড়া তা আর কেউ জানে না তখন যে ব্যক্তি ঈমান আনবে অথবা তাওবা করবে তা তাদের পক্ষ থেকে গ্রহণ করা হবে।

(কুরত্বী ৭/১৪৬-১৪৭ তাযকিরাহ্ ৭০৬)

আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন: সূর্য পশ্চিম দিক থেকে উঠার পর মানুষ আরো এক শ' বিশ বছর বেঁচে থাকবে।

'ইমরান বিন্ 'হুস্বাইন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: সূর্য পশ্চিম দিক থেকে উঠার পর তাওবা কবুল করা হবে না যতক্ষণ না এক বিকট চিৎকার শুনা যায়। যখন এক বিকট চিৎকার শুনা যাবে তখন অনেক লোকই মারা যাবে। সুতরাং যারা ইতিমধ্যে ইসলাম গ্রহণ করেছে অথবা তাওবা করেছে অতঃপর চিৎকার ধ্বনিতে মারা গেছে তাদের তাওবা গ্রহণ করা হবে না।

তবে যারা তারপর তাওবা করবে তা গ্রহণযোগ্য হবে। (তাযকিরাহ্ ৭০৫-৭০৬)

সূর্য পশ্চিম দিক থেকে উঠার দীর্ঘ সময় পর তাওবা গ্রহণযোগ্য হওয়ার মতটি মূলতঃ সঠিক নয়। কারণ, এ সংক্রান্ত সকল কুর'আন ও হাদীস এটাই প্রমাণ করে যে, সূর্য পশ্চিম দিক থেকে উঠার পর নতুন করে আর কারোর কোন তাওবা বা ইসলাম গ্রহণযোগ্য হবে না। চাই সে উক্ত নিদর্শন দেখুক অথবা নাই দেখুক।

'আয়িশা (রাযিয়াল্লাহু আন্হা) থেকে বর্ণিত তিনি বলেন: যখন প্রথম নিদর্শন পরিলক্ষিত হবে তখন (আমলনামা লেখার) কলম রেখে দেয়া হবে এবং লেখক ফিরিশ্তাদেরকে তাঁদের দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হবে। তখন মানুষের শরীরই তার আমলের সাক্ষ্য দিবে।

(ত্বাবারী ৮/১০৩ ফাত্হুল-বারী ১১/৩৫৫)

আব্দুল্লাহ্ বিন্ মাস্'ঊদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: তাওবার সুযোগ উন্মুক্ত থাকবে যতক্ষণ না পশ্চিম দিক থেকে সূর্য উঠে।

(ত্বাবারী ৮/১০১)

আবূ মূসা আশ্'আরী (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

إِنَّ اللهَ عَزَّ وَجَلَّ يَبْسُطُ يَدَهُ بِاللَّيْلِ لِيَتُوْبَ مُسِيْءُ النَّهَارِ، وَيَبْسُطُ يَدَهُ بِالنَّهَارِ لِيَتُوْبَ مُسِيْءُ اللَّيْلِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ مِنْ مَغْرِبِهَا.

"নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা রাত্রি বেলায় নিজ হাত সম্প্রসারিত করেন যেন দিনের পাপীরা তাঁর কাছে তাওবা করতে পারে। তেমনিভাবে তিনি দিনের বেলায়ও নিজ হাত সম্প্রসারিত করেন যেন রাত্রের পাপীরা তাঁর কাছে তাওবা করতে পারে যতক্ষণ না সূর্য পশ্চিম দিক থেকে উঠে"।

(মুসলিম ২৭৫৯)

উক্ত হাদীসে তাওবা কবুল করার শেষ সময় সূর্য পশ্চিম দিক থেকে উঠার সময়টিকেই ধরে নেয়া হয়েছে। সুতরাং এরপর আর তাওবা গ্রহণযোগ্য হবে না।

এ দিকে 'আল্লামাহ্ কুরত্বী কর্তৃক উপরোল্লিখিত আব্দুল্লাহ্ বিন্ 'আমরের হাদীসটি 'হাফিজ ইব্নু 'হাজারের মতে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে প্রমাণিত নয়। অন্য দিকে 'ইমরান বিন্ 'হুস্বাইন (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) এর হাদীসটিরও সঠিক কোন ভিত্তি নেই। (ফাত্হুল-বারী ১১/৩৫৫)

৮. একটি অলৌকিক পশু:

শেষ যুগে পৃথিবীতে একটি অলৌকিক পশুর আবির্ভাবও কিয়ামতের আরেকটি বড়ো আলামত। যা কুর'আন ও হাদীস কর্তৃক প্রমাণিত।

পশুটির আবির্ভাবের প্রমাণসমূহ:

ক. কুর'আনের প্রমাণ:

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَإِذَا وَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ أَخْرَجْنَا لَهُمْ دَابَّةً مِّنَ الْأَرْضِ تُكَلِّمُهُمْ أَنَّ النَّاسَ كَانُوْا بِآيَاتِنَا لَا يُوْقِنُوْنَ﴾

"যখন তাদের উপর ঘোষিত শাস্তি এসে যাবে তথা কিয়ামত ঘনিয়ে আসবে তখন আমি (আলামত স্বরূপ) তাদের জন্য জমিন থেকে একটি পশু বের করবো। যা তাদের সাথে এ কথা বলবে যে, মানুষ আমার (আল্লাহ্'র) নিদর্শনে অবিশ্বাসী"। (নাম্‌ল : ৮২)

উক্ত আয়াতে সরাসরি পশুটির কথা উল্লিখিত হয়েছে। আর তা তখনই বের হবে যখন মানুষ আল্লাহ্ তা'আলার সকল বিধি-বিধান ছেড়ে বসবে এবং সত্য ধর্মকে বিকৃত করে ফেলবে।

আলিমগণ ﴿وَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ﴾ "যখন তাদের উপর ঘোষিত শাস্তি এসে যাবে" এর ব্যাখ্যায় বলেন: যখন মানুষ গুনাহ্ ও হঠকারিতার সীমা ছাড়িয়ে যাবে, কুর'আন মাজীদ থেকে মুখ ফিরিয়ে নিবে তথা তা নিয়ে কোন চিন্তা-ফিকির করবে না এবং তার বিধি-বিধানও কোনভাবেই মেনে নিবে না, গুনাহ্'র মাঝে এমনভাবে নিমজ্জিত হয়ে যাবে যে, কোন উপদেশ বা নসীহত তাদেরকে তা থেকে ফিরিয়ে আনতে পারবে না তখন আল্লাহ্ তা'আলা তাদের জন্য জমিন থেকে একটি পশু বের করবেন যা তাদের সাথে কথা বলবে। (তায্‌কিরাহ্ : ৬৯৭)

আব্দুল্লাহ্ বিন্ মাস্'উদ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: ঘোষিত শাস্তি এসে যাওয়া মানে আলিমগণের মৃত্যু, জ্ঞানের বিলোপ এবং কুর'আন উঠে যাওয়া। অতএব তোমরা কুর'আন মাজীদ বেশি বেশি তিলাওয়াত করো তা উঠিয়ে নেয়ার আগেভাগেই। শ্রোতাগণ বললেন: এ কুর'আনগুলো উঠিয়ে নেয়া তো স্বাভাবিক। কিন্তু মানুষের অন্তরে যা রক্ষিত আছে তা কিভাবে উঠিয়ে নেয়া হবে? তিনি বললেন: একদা একটি রাত্রি অতিবাহিত করার পর

যখন তারা সকালে উপনীত হবে তখন তাদের অন্তর কুর'আনশূন্য হয়ে যাবে। এমনকি তারা "লা ইলাহা ইল্লাল্লাহ্" পড়াও ভুলে যাবে। তখন তারা জাহিলী যুগের কবিতা নিয়ে ব্যস্ত থাকবে। আর তখনই তাদের উপর ঘোষিত শাস্তি এসে যাবে। (কুরতুবী ১৩/২৩৪)

খ. হাদীসের প্রমাণঃ

১. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেনঃ রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেনঃ

ثَلَاثٌ إِذَا خَرَجْنَ لَا يَنْفَعُ نَفْسًا إِيْمَانُهَا لَمْ تَكُنْ آمَنَتْ مِنْ قَبْلُ أَوْ كَسَبَتْ فِيْ إِيْمَانِهَا خَيْرًا: طُلُوْعُ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا، وَالدَّجَّالُ، وَدَابَّةُ الْأَرْضِ.

"তিনটি বস্তু যে দিন বের হয়ে আসবে সে দিন কারোর ঈমান তার কোন ফায়দায় আসবে না যদি সে ইতিপূর্বে ঈমান না এনে থাকে অথবা ঈমান আনার পর কোন নেক আমল সম্পাদন করে না থাকেঃ পশ্চিম দিক থেকে সূর্য উঠা, দাজ্জাল ও জমিন থেকে বের হওয়া একটি বিশেষ পশু।

(মুসলিম ১৫৮)

২. আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেনঃ আমি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে একটি হাদীস মুখস্থ করেছি যা এখনো ভুলিনি। আমি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে বলতে শুনেছি। তিনি বলেনঃ

إِنَّ أَوَّلَ الْآيَاتِ خُرُوْجًا طُلُوْعُ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا، وَخُرُوْجُ الدَّابَّةِ عَلَى النَّاسِ ضُحًى، وَأَيُّهُمَا مَا كَانَتْ قَبْلَ صَاحِبَتِهَا، فَالْأُخْرَى عَلَى إِثْرِهَا قَرِيْبًا.

"কিয়ামতের সর্ব প্রথম নিদর্শন হচ্ছে পশ্চিম দিক থেকে সূর্য উঠা এবং এক উত্তপ্ত সকালে মানব জনপদে একটি বিশেষ পশুর বের হওয়া। দু'টোর যেটিই আগে বের হোক না কেন অপরটি তার পিছে পিছেই বের হবে"।

(মুসলিম ২৯৪১)

৩. 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেনঃ একদা আমরা কিয়ামত সম্পর্কে পরস্পর আলোচনা করছিলাম। এমন সময় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদের মাঝে উপস্থিত হয়ে বললেনঃ তোমরা কি আলাপ-আলোচনা করছিলে? আমরা বললামঃ আমরা এতক্ষণ কিয়ামত সম্পর্কেই আলাপ-আলোচনা করছিলাম। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ

إِنَّهَا لَنْ تَقُوْمَ حَتَّى تَرَوْنَ قَبْلَهَا عَشْرَ آيَاتٍ، فَذَكَرَ الدُّخَانَ، وَالدَّجَّالَ، وَالدَّابَّةَ، وَطُلُوْعَ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا.

"কিয়ামত কায়িম হবে না যতক্ষণ না তোমরা দশটি বড়ো বড়ো আলামত অবলোকন করবে। অতঃপর তিনি উল্লেখ করেন: ধোঁয়া, দাজ্জাল, একটি বিশেষ পশু, পশ্চিম দিক থেকে সূর্য উঠা" । (মুসলিম ২৯০১)

৪. আবূ উমামাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: (কিয়ামতের পূর্বক্ষণে) একটি বিশেষ পশু বের হয়ে মানুষের নাকের ডগায় দাগ দিবে। ধীরে ধীরে এ দাগ দেয়া লোকের সংখ্যা বেড়ে যাবে। এমনকি কেউ একটি উট কিনলে যখন তাকে বলা হবে: উটটি কার থেকে কিনেছো ? তখন সে বলবেঃ একজন দাগ দেয়া লোক থেকে। (আহ্মাদ ৫/২৬৮)

৫. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

بَادِرُوْا بِالْأَعْمَالِ سِتًّا: طُلُوْعَ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا، أَوِ الدُّخَانَ، أَوِ الدَّجَّالَ، أَوِ الدَّابَّةَ، أَوْ خَاصَّةَ أَحَدِكُمْ، أَوْ أَمْرَ الْعَامَّةِ.

"তোমরা তাড়াতাড়ি আমল করো ছয়টি নিদর্শন আবির্ভূত হওয়ার পূর্বেই। সেগুলো হচ্ছে ; পশ্চিম দিক থেকে সূর্য উঠা, ধোঁয়া, দাজ্জাল, একটি বিশেষ পশু, তোমাদের কারোর মৃত্যু অথবা কিয়ামত" ।

(মুসলিম ২৯৪৭)

৬. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: যখন পশুটি বের হবে তখন তার সাথে থাকবে মূসা (আলাইহিস সালাম) এর লাঠি এবং সুলাইমান (আলাইহিস সালাম) এর আংটি। তখন সে কাফিরের নাকে আংটি দিয়ে দাগ দিবে এবং মু'মিনের চেহারা লাঠি দিয়ে (কপালের দিক থেকে) সাদা করে দিবে। অতঃপর সবাই একত্রে খানা খেতে বসলে একে অপরকে হে মু'মিন! অথবা হে কাফির! বলে ডাকবে। (আহ্মাদ ১৫/৭৯-৮২)

কারো কারোর মতে উক্ত হাদীসটি খুবই দুর্বল। তবে 'আল্লামাহ্ আহ্মাদ্ শাকির হাদীসটিকে বিশুদ্ধ বলে আখ্যায়িত করেছেন।

পশুটির ধরন:

পশুটির ধরন নিয়ে আলিমদের মাঝে মতভেদ রয়েছে। যা নিম্নে

উল্লিখিত হলো:

১. আল্লামাহ্ ক্বুরত্বুবী বলেন: এ সম্পর্কে আলিমদের সর্ব প্রথম কথা হলো: পশুটি সালিহ্ (عليه السلام) এর উটের বংশধর এবং এটিই সঠিক মন্তব্য।

২. উক্ত পশুটি হচ্ছে তামীমে দারীর হাদীসে উল্লিখিত সংবাদবাহী পশুটি। উক্ত মতটি আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত বলে মনে করা হয়।

তবে তামীমে দারীর হাদীসে উল্লিখিত সংবাদবাহী পশুটি যে কিয়ামতের পূর্বে আবারো বেরুবে উক্ত হাদীসে এর কোন উল্লেখ নেই।

অন্য দিকে উক্ত পশুটি কাফিরদেরকে কুফরির জন্য ধমকাবে যা সংবাদবাহী পশুটির চরিত্র নয়।

৩. উক্ত পশুটি সেই বিষধর সাপ যা কা'বা শরীফের দেয়ালে একদা অবস্থান করছিলো। কুরাইশদের কা'বা নির্মাণের সময় যাকে একটি শকুন এসে উড়িয়ে নিয়ে যায়। উক্ত মতটি আব্দুল্লাহ্ বিন্ আব্বাস্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত বলে মনে করা হয়।

৪. উক্ত পশুটি এমন একজন মানুষ যিনি একদা কাফির ও বিদ্'আতপন্থীদের সাথে বাহাসে লিপ্ত হবেন।

উক্ত পশুটি যদি মানুষই হয়ে থাকে তা হলে তাতে কিয়ামতের বড়ো আলামত রূপে অলৌকিক আর কিছুই থাকে না। আর যদি তিনি মানুষই হয়ে থাকেন তা হলে তাঁকে ইমাম বা আলিম না বলে পশুই বা বলা হবে কেন?

৫. উক্ত পশুটি কোন পশু বিশেষের নাম নয়। বরং তা জমিনে বিচরণশীল যে কোন পশুই হতে পারে। আবার হয়তো বা পশু বলতে সে বিষাক্ত জীবাণুসমূহকেই বুঝানো হচ্ছে যা মানুষের জীবন, শরীর ও স্বাস্থ্যকে ক্ষত-বিক্ষত করে একেবারেই ধ্বংস করে দিবে। সেই ক্ষত-বিক্ষত স্থান গুলোই মানুষের জন্য নিরবে-নিঃশব্দে অনেক উপদেশ বাণী বহন করবে। যা প্রকাশ্য উপদেশের চাইতেও অধিক গুরুত্বপূর্ণ। উক্ত মতটি আল্লামাহ্ ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) লিখিত "নিহায়াহ্" কিতাবের টীকাকার আবূ 'উবাইয়ার মত।

উক্ত মতটি একেবারেই অগ্রহণযোগ্য। যা নিম্নে বর্ণিত হলো:

ক. আরে এ জাতীয় জীবাণু তো অনেক পূর্ব থেকেই রয়েছে। আর উক্ত পশুটি তো এখনো বের হয়নি।

খ. জীবাণু তো অনেক সময় খালী চোখে দেখা যায় না। আর উক্ত পশুটিকে তো সবাই দেখতে পাবে। কারো কারোর মতে তার সাথে থাকবে মূসা (আলাইহিস সালাম) এর লাঠি এবং সুলাইমান (আলাইহিস সালাম) এর আংটি।

গ. উক্ত পশুটি তো কাফিরের নাকে আংটি দিয়ে দাগ দিবে এবং মু'মিনের চেহারা লাঠি দিয়ে (কপালের দিক থেকে) সাদা করে দিবে। আর জীবাণুগুলো তো তা করতে পারবে না।

ঘ. আমার মনে হয়, জনাব আবূ 'উবাইয়াহ্ উক্ত ব্যাখ্যাটি এ জন্যই দিয়েছেন যে, কারণ উক্ত পশুটির বর্ণনায় অনেক অলৌকিক কথাই পাওয়া যায়। তবে আমাদের অবশ্যই এ কথা বিশ্বাস করতে হবে যে, আল্লাহ্ তা'আলা তো সবই পারেন। আর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে বর্ণিত শুদ্ধ হাদীসগুলো তো অবশ্যই মেনে নিতে হবে।

এ দিকে আরবী ভাষার যে কোন শব্দকে তার স্বাভাবিক মূল অর্থেই মেনে নেয়া উচিৎ। যতক্ষণ না তা মেনে নেয়া অসম্ভবপর হয়। আর এখানে উক্ত শব্দটিকে তার মূল অর্থে মেনে নেয়া কখনোই অসম্ভবপর নয়।

উক্ত পশুটি যে সত্যিই অলৌকিক এবং মানুষের সাথেও কথা বলবে তা সম্ভব এ জন্যও যে, কারণ উক্ত পশুটির কথা সূরা নাম্‌লে বর্ণিত হয়েছে। আর উক্ত সূরাটিতে পিপীলিকাদের পরস্পর কথাবার্তা, সুলাইমান (আলাইহিস সালাম) এর সাথে হুদ্‌হুদ্ ও জ্বিনের অলৌকিক কথোপকথনের বিষয়টিও উল্লিখিত হয়েছে। যা একই ধরনের অলৌকিকতায় ভরা। সুতরাং এ প্রেক্ষাপটে মানুষের সাথে পশুটির কথাবার্তা বলা মেনে নেয়া অসম্ভব কিছু নয়।

পশুটির বের হওয়ার স্থানঃ

পশুটির বের হওয়ার স্থান নিয়ে আলিমদের মাঝে কিছু মতোভেদ রয়েছে যা নিম্নে প্রদত্ত হলোঃ

১. পশুটি মক্কার সর্ব বৃহৎ মসজিদ থেকে বের হবে।

'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেনঃ পশুটি বের হবে সর্ব বৃহৎ মসজিদ থেকে। তা হঠাৎ মাটি ফেটে বের হবে।

(মাজ্‌মা'উয-যাওয়ায়িদ ৮/৭-৮)

২. পশুটি তিনবার বের হবে। একবার কোন এক মরু এলাকায় বের হয়ে আবার লুকিয়ে যাবে। অতঃপর কোন এক জন বসতিতে বের হবে। সর্ব শেষে মসজিদে হারামে বের হবে।

পশুটি যা করবে:

পশুটি বের হয়ে মু'মিন ও কাফিরদেরকে দাগ লাগিয়ে দিবে। মু'মিনের চেহারা মূসা (আলাইহিস সালাম) এর লাঠি দিয়ে (কপালের দিক থেকে) সাদা করে দিবে। অতঃপর তা চকমক করতে থাকবে। আর এটিই হচ্ছে তার ঈমানের পরিচায়ক। অন্য দিকে কাফিরের নাকে সুলাইমান (আলাইহিস সালাম) এর আংটি দিয়ে দাগ দিবে যা হবে তার কুফরির আলামত।

সে মানুষের সাথে কথা বলবে। যা নিম্নোক্ত আয়াতে উবাই বিন্ কা'ব এর কিরাত প্রমাণ করে।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَإِذَا وَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ أَخْرَجْنَا لَهُمْ دَابَّةً مِّنَ الْأَرْضِ تُكَلِّمُهُمْ أَنَّ النَّاسَ كَانُوْا بِآيَاتِنَا لَا يُوْقِنُوْنَ﴾.

"যখন তাদের উপর ঘোষিত শাস্তি এসে যাবে তথা কিয়ামত ঘনিয়ে আসবে তখন আমি (আলামত স্বরূপ) তাদের জন্য জমিন থেকে একটি পশু বের করবো। যা তাদের সাথে এ কথা বলবে যে, মানুষ আমার (আল্লাহ্'র) নিদর্শনে অবিশ্বাসী"। (নাম্‌ল : ৮২)

সে কাফিরদেরকে জখম করে দাগ দিবে। যা উপরোক্ত আয়াতে আব্দুল্লাহ্ বিন্ 'আব্বাসের কিরাত প্রমাণ করে। তিনি পড়েন: تَكْلِمُهُمْ ।

৯. যে আগুন মানুষকে হাশরের মাঠে একত্রিত করবে:

এটি হচ্ছে কিয়ামতের সর্ব শেষ আলামত।

সে আগুন বের হওয়ার স্থান:

এ ব্যাপারে ভিন্ন ভিন্ন বর্ণনা পাওয়া যায়। কোন বর্ণনায় রয়েছে, সে আগুন বের হবে ইয়েমেন থেকে। আবার কোন বর্ণনায় রয়েছে, আদান এলাকার গভীর অঞ্চল থেকে। আবার কোন বর্ণনায় রয়েছে, হায্‌রামাউত সাগর থেকে।

নিম্নে উক্ত বর্ণনাগুলো উপস্থাপিত হলো:

১. 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

... وَآخِرُ ذَلِكَ نَارٌ تَخْرُجُ مِنَ الْيَمَنِ، تَطْرُدُ النَّاسَ إِلَى مَحْشَرِهِمْ.

"সর্বশেষে ইয়েমেন থেকে এক ধরনের আগুন বের হবে যা মানুষকে হাশরের ময়দানের দিকে হাঁকিয়ে নিবে"। (মুসলিম ২৯০১)

২. 'হুযাইফার অন্য বর্ণনায় রয়েছে,

... وَنَارٌ تَخْرُجُ مِنْ قَعْرَةِ عَدْنٍ تَرْحَلُ النَّاسَ.

"সর্বশেষে আদানের গভীর অঞ্চল থেকে এক ধরনের আগুন বের হবে যা মানুষকে (হাশরের ময়দানের দিকে) তাড়িয়ে নিবে"। (মুসলিম ২৯০১)

৩. আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

سَتَخْرُجُ نَارٌ مِنْ حَضْرَمَوْتَ أَوْ مِنْ بَحْرِ حَضْرَمَوْتَ قَبْلَ يَوْمِ الْقِيَامَةِ تَحْشُرُ النَّاسَ.

"অচিরেই হায্রামাউত অথবা হায্রামাউত সাগর থেকে কিয়ামতের পূর্বে এক ধরনের আগুন বের হবে যা মানুষকে (হাশরের মাঠে) একত্রিত করবে"। (আহ্মাদ ৭/১৩৩ তিরমিযী/তুহ্ফাহ্ ৬/৪৬৩-৪৬৪)

৪. আনাস্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: যখন আব্দুল্লাহ্ বিন্ সালাম (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) ইসলাম গ্রহণ করেন তখন তিনি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে অনেকগুলো মাস্আলা জিজ্ঞাসা করেন যেগুলোর মধ্যে একটি হচ্ছে, তিনি জিজ্ঞাসা করেন: কিয়ামতের সর্ব প্রথম আলামত কোনটি? রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন:

أَمَّا أَوَّلُ أَشْرَاطِ السَّاعَةِ فَنَارٌ تَحْشُرُ النَّاسَ مِنَ الْمَشْرِقِ إِلَى الْمَغْرِبِ.

"সর্ব প্রথম কিয়ামতের আলামত হচ্ছে এক ধরনের আগুন যা মানুষকে পূর্ব দিক থেকে পশ্চিম দিকে হাঁকিয়ে নিবে"। (বুখারী ৪৪৮০)

উক্ত হাদীসে আগুনকে কিয়ামতের সর্ব প্রথম আলামত এ অর্থে বলা হয়েছে যে, কারণ তার পর আর দুনিয়ার কিছুই থাকবে না। বরং এর পরপরই শিঙ্গায় ফুঁ দেয়া হবে। আর 'হুযাইফার হাদীসে সর্বশেষ আলামত এ জন্যই বলা হয়েছে যে, কারণ এর পূর্বে আরো নয়টি বড়ো আলামত রয়েছে। তবে এরপর আর কোন বড়ো আলামত নেই।

কোন বর্ণনায় রয়েছে, উক্ত আগুন ইয়েমেন থেকে বের হবে। আবার কোন বর্ণনায় রয়েছে, উক্ত আগুন মানুষকে পূর্ব দিক থেকে পশ্চিম দিকে

হাঁকিয়ে নিবে। এতে প্রকাশ্য বৈপরীত্য মনে হলেও মূলতঃ কোন বৈপরীত্য নেই। কারণ, তা সর্ব প্রথম ইয়েমেন থেকে বের হলেও পরিশেষে তা পুরো দুনিয়া ছড়িয়ে যাবে। আর উক্ত আগুন মানুষকে পূর্ব দিক থেকে পশ্চিম দিকে হাঁকিয়ে নেয়া মানে শুধু পূর্ব দিক থেকে পশ্চিম দিকে নয়। বরং সর্ব দিক থেকে হাঁকিয়ে সকল মানুষকে এক জায়গায় একত্রিত করা হবে।

অথবা উক্ত আগুন সর্ব প্রথম পূর্বের মানুষগুলোকেই হাঁকিয়ে নিবে। কারণ, পূর্ব দিকটা সকল ফিতনারই কেন্দ্রস্থল। সে হিসেবে শাম তথা ফিলিস্তীন, সিরিয়া ও তার আশপাশের এলাকা পশ্চিম দিকে।

অথবা আনাসের হাদীসে বর্ণিত আগুন বলতে ফিতনার আগুনকেই বুঝানো হয়েছে। যা পূর্বের অধিকাংশ এলাকাকে ধ্বংস করে দিয়েছে। অতঃপর মানুষগুলো শাম ও মিশরের দিকেই ধাবিত হয়েছে। যা পরিলক্ষিত হয়েছে চেঙ্গিজ খান ও তার পরবর্তী যুগে। এ দিকে 'হুযাইফাহ্ ও আব্দুল্লাহ্ বিন্ 'উমরের হাদীসদ্বয়ে আগুন বলতে বাস্তব আগুনকেই বুঝানো হয়েছে।

উক্ত আগুন কর্তৃক মানুষকে হাঁকিয়ে নেয়ার ধরন-প্রকৃতি:

উক্ত আগুন সর্ব প্রথম ইয়েমেন থেকে বের হয়ে খুব দ্রুত পুরো বিশ্বে ছড়িয়ে পড়বে এবং মানুষগুলোকে হাশরের মাঠের দিকে হাঁকিয়ে নিবে। যাদেরকে হাঁকিয়ে নেয়া হবে তারা আবার তিন দলে বিভক্ত। যা নিম্নরূপ:

ক. যারা পূর্ব থেকেই যাওয়ার জন্য খাওয়া-দাওয়া সেরে পোশাক পরে আরোহণ নিয়ে প্রস্তুত।

খ. যারা কখনো হাঁটবে আবার কখনো আরোহণ করবে। তারা একই উটের পিঠে পালাক্রমে দু' তিন চার এমনকি দশ জন পর্যন্ত আরোহণ করবে।

গ. যাদেরকে আগুন হাঁকিয়ে নিবে। আগুন তাদেরকে পেছন দিক থেকে ঘিরে ফেলবে এবং তাদেরকে সর্ব দিক থেকে হাঁকিয়ে হাশরের মাঠে একত্রিত করবে। যে ব্যক্তি হাঁকানোর সময় পেছনে পড়বে তথা আসতে চাবে না আগুন তাকে গিলে ফেলবে। এ সংক্রান্ত কয়েকটি হাদীস নিম্নে উদ্ধৃত হলো:

১. আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: তিনভাবে মানুষকে হাশরের মাঠে একত্রিত করা হবে: তার মধ্যে এক জাতীয় মানুষ হবে যারা হাশরের মাঠে একত্রিত হতে খুব আগ্রহী। আরেক জাতীয় মানুষ হবে যারা ভীত-সন্ত্রস্ত হয়ে হাশরের মাঠে

একত্রিত হওয়ার জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করবে। তারা পালাক্রমে দু' তিন চার এমনকি দশজন করে এক উঠের পিঠে চড়ে হাশরের মাঠে একত্রিত হবে। আর বাকিদেরকে আগুন হাঁকিয়ে নিবে। উক্ত আগুন তাদের সাথেই দুপুর বেলায় বিশ্রাম নিবে এবং তাদের সাথেই রাত্রি যাপন করবে। এমনকি তাদের সাথেই সকাল ও সন্ধ্যা বেলায় উপনীত হবে।

(বুখারী ৬৫২২; মুসলিম ২৮৬১)

২. আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন: একদা পূর্ব দিকের লোকদের উপর এক ধরনের আগুন পাঠানো হবে যা তাদেরকে পশ্চিম দিকে হাঁকিয়ে নিবে এবং যা তাদের সাথেই রাত্রি যাপন করবে ও দুপুর বেলায় বিশ্রাম নিবে। তাদের কেউ পেছনে পড়ে গেলে আগুন তাকে জ্বালিয়ে ফেলবে। আগুন তাদেরকে এমনভাবে হাঁকিয়ে নিবে যেমনিভাবে হাঁকিয়ে নেয়া হয় পা ভাঙ্গা উটকে।

('হাকিম ৪/৫৪৮ মাজ্মা'উয-যাওয়ায়িদ্ ৮/১২)

৩. 'হুযাইফাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আন্হু) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আবূ যর (রাযিয়াল্লাহু তা'আলা আন্হু) বনী গিফারকে উদ্দেশ্য করে বললেন: হে বনী গিফার! তোমরা সঠিক বলো, পরস্পর দ্বন্দ্ব করো না। কারণ, সত্যায়িত সত্যবাদী ব্যক্তি তথা রাসূল (ﷺ) বলেছেন: মানুষকে তিনভাবে হাশরের মাঠে একত্রিত করা হবে। এক দলকে একত্রিত করা হবে খাওয়া-দাওয়া সেরে প্রস্তুত পোশাক পরিহিত আরোহী অবস্থায়। আরেক দলকে একত্রিত করা হবে হাঁটা ও দৌড় অবস্থায়। আরেক দলকে ফিরিশ্তাগণ মুখের উপর টেনে-হেঁচড়ে জাহান্নামের দিকে নিয়ে যাবে। তখন শ্রোতাদের কেউ বললেন: দু' দলের ব্যাপারটি তো আমরা সহজেই বুঝেছি। তবে ওদের ব্যাপারটিই বা কেমন যাদেরকে হাঁটা ও দৌড় অবস্থায় একত্রিত করা হবে। তখন তিনি বলেন: মহান আল্লাহ্ তা'আলা আরোহণসমূহের উপর এক ধরনের রোগ ছড়িয়ে দিবেন। যার দরুন অধিকাংশ আরোহণই মরে যাবে। তখন পরিস্থিতি এমন হবে যে, যার কাছে একটি আকর্ষণীয় বাগান-বাড়ি রয়েছে সে তার বিনিময়ে একটি কর্মশ্রান্ত দুর্বল বয়স্ক উট খুঁজে বেড়াবে কিন্তু সে তা খুঁজে পাবে না।

(আহ্মাদ্ ৫/১৬৪-১৬৫ নাসায়ী ৪/১১৬-১১৭ 'হাকিম ৪/৫৬৪)

হাশরের মাঠ:

শেষ যুগে একদা শামের দিকে মানুষগুলোকে একত্রিত করা হবে। যা হবে তখনকার হাশরের মাঠ এবং যা অনেকগুলো বিশুদ্ধ হাদীস কর্তৃক

প্রমাণিত। যা নিম্নরূপ:

১. আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন:

سَتَخْرُجُ نَارٌ مِنْ حَضْرَمَوْتَ أَوْ مِنْ بَحْرِ حَضْرَمَوْتَ قَبْلَ يَوْمِ الْقِيَامَةِ تَحْشُرُ النَّاسَ، قَالُوْا: يَا رَسُوْلَ اللهِ! فَمَا تَأْمُرُنَا؟ قَالَ: عَلَيْكُمْ بِالشَّامِ.

"অচিরেই হায্রামাউত অথবা হায্রামাউত সাগর থেকে কিয়ামতের পূর্বে এক ধরনের আগুন বের হবে যা মানুষকে (হাশরের মাঠে) একত্রিত করবে। সাহাবাগণ বললেন: হে আল্লাহ্'র রাসূল! আপনি তখন আমাদেরকে কি করতে আদেশ করেন? তিনি বললেন: তোমরা তখন শামে চলে যাবে। (আহ্মাদ্ ৭/১৩৩ তিরমিযী/তুহ্ফাহ্ ৬/৪৬৩-৪৬৪)

২. 'হাকীম বিন্ মু'আবিয়া তাঁর পিতা থেকে বর্ণনা করেন: তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন: এখানেই তোমাদেরকে একত্রিত করা হবে। এখানেই তোমাদেরকে একত্রিত করা হবে। এখানেই তোমাদেরকে একত্রিত করা হবে। আরোহণ করে, হেঁটে এবং চেহারার উপর টেনে-হেঁচড়ে। বর্ণনাকারী ইব্নু আবী বুকাইর বলেন: রাসূল (ﷺ) শামের দিকে ইশারা করেই এ কথা বলেন। (আহ্মাদ্ ৪/৪৪৬-৪৪৭)

৩. বাহ্য বিন্ 'হাকীম তাঁর পিতা থেকে তাঁর পিতা তাঁর দাদা থেকে বর্ণনা করেন: তিনি বলেন: আমি বললাম: হে আল্লাহ্'র রাসূল! আপনি তখন আমাকে কোথায় যেতে আদেশ করছেন? তিনি বললেন: এ দিকে এবং নিজের হাত দিয়ে শামের দিকে ইশারা করলেন।

(তিরমিযী/তুহ্ফাহ্ ৬/৪৩৪-৪৩৫)

৪. আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: আমি রাসূল (ﷺ) কে বলতে শুনেছি তিনি বলেন: অচিরেই হিজরতের পর হিজরত সংঘটিত হবে। মানুষ যেতে থাকবে ইব্রাহীম (عليه السلام) এর হিজরতের জায়গায়। তখন দুনিয়ার বুকে শুধু নিকৃষ্ট মানুষই বেঁচে থাকবে। জমিন তাদেরকে দূরে নিক্ষেপ করবে। আগুন তাদেরকে হাঁকিয়ে নিবে শূকর ও বানরের সাথে। উক্ত আগুন তাদের সাথেই রাত্রি যাপন করবে এবং দুপুর

বেলায় বিশ্রাম করবে। পেছনে পড়া সকলকে গিলে ফেলবে।

(আহ্মাদ্ ১১/৯৯ আবূ দাউদ/'আউন ৭/১৫৮)

ইব্নু 'হাজার (রাহিমাহুল্লাহ্) বলেন: ইব্নু 'উয়াইনাহ্ থেকে আব্দুল্লাহ্ বিন্ 'আব্বাসের তাফসীরে রয়েছে, যে ব্যক্তি শাম দেশে হাশর হবে বলে সন্দেহ করে সে যেন সূরা হাশরের প্রথমাংশ পড়ে নেয়। সেই দিন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সাহাবাদেরকে বললেনঃ তোমরা বের হয়ে যাও। সাহাবাগণ বললেন: কোথায় বের হয়ে যাবো? রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: হাশরের মাঠের দিকে। (ফাত্হুল-বারী ১১/৩৮০ ইব্নু কাসীর ৮/৮৪-৮৫)

শাম দেশ 'হাশরের মাঠ এ জন্যই হবে যে, কারণ শেষ যুগে যখন পুরো বিশ্বে ফিতনা ছড়িয়ে পড়বে তখন শাম দেশে ঈমান ও নিরাপত্তা টিকে থাকবে। এ ছাড়াও শাম দেশের ফযীলত সম্পর্কে অনেকগুলো শুদ্ধ হাদীস বর্ণিত হয়েছে। যা নিম্নরূপ:

১. আবূদ্দারদা' (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: একদা আমি ঘুমন্ত অবস্থায় দেখতে পেয়েছি যে, কিতাবের খুঁটিটি আমার মাথার নিচ থেকে উঠিয়ে নেয়া হয়েছে। আমি ভাবলাম, তা একেবারেই উঠিয়ে নেয়া হয়েছে। এরপরও আমি উহার দিকে দৃষ্টি নিবদ্ধ রাখলাম। দেখলাম, তা শাম দেশে গাড়িয়ে দেয়া হয়েছে। সুতরাং তোমরা জেনে রাখো, ফিতনা যখন সর্বদা ছড়িয়ে পড়বে তখন ঈমান থাকবে শাম দেশে। (আহ্মাদ্ ৫/১৯৮-১৯৯ ফাত্হুল-বারী ১২/৪০২-৪০৩)

২. আব্দুল্লাহ্ বিন্ 'হাওয়ালাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: আমি ইস্রা'র (মক্কা থেকে বাইতুল-মাক্বদিস অভিমুখী রাত্রি কালীন ভ্রমণ) রাত্রিতে একটি সাদা খুঁটি দেখতে পেলাম। যেন তা একটি ঝাণ্ডা যা ফিরিশ্তাগণ বহন করে আছেন। আমি বললাম: আপনারা কি বহন করছেন? তাঁরা বললেন: আমরা কিতাবের খুঁটি বহন করছি। আমাদেরকে আদেশ করা হয়েছে তা শাম দেশে রাখার জন্য।

(ফাত্হুল-বারী ১২/৪০৩)

৩. আব্দুল্লাহ্ বিন্ 'হাওয়ালাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন: অচিরেই তোমরা শৃঙ্খলাবদ্ধ কয়েকটি সেনা দলে বিভক্ত হবে। একটি দল শামে। আরেকটি দল ইয়েমেনে। আরেকটি দল ইরাকে। ইব্নু 'হাওয়ালাহ্ বলেন: হে রাসূল! আপনি আমার জন্য

এদের মধ্য থেকে একটি দল চয়ন করুন যাতে আমি তাদের সঙ্গী হতে পারি। তিনি বললেন: তুমি শামের দলে যোগ দিবে। কারণ, তা আল্লাহ্ তা'আলার নিকট তখনকার সর্বশ্রেষ্ঠ ভূমি। তিনি তখন তাঁর সকল প্রিয় বান্দাহ্দেরকে সেখানে একত্রিত করবেন। তোমরা যদি সেখানে না যেতে চাও তা হলে ইয়েমেনে যাবে। সেখানের পুকুরগুলো থেকে পানি পান করবে। কারণ, আল্লাহ্ তা'আলা আমার জন্য শাম ও তার অধিবাসীদের দায়িত্ব নিয়েছেন। (আবূ দাউদ/'আউন ৭/১৬০-১৬১)

কারো কারোর মতে উক্ত হাদীসটি দুর্বল। তবে আল্লামাহ্ আল্বানী (রাহিমাহুল্লাহ্) হাদীসটিকে বিশুদ্ধ বলে আখ্যায়িত করেছেন।

এ ছাড়াও রাসূল (ﷺ) শামের জন্য বরকতের দো'আ করেছেন।

আব্দুল্লাহ্ বিন্ 'উমার (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (ﷺ) ইরশাদ করেন: হে আল্লাহ্! আপনি শাম দেশে বরকত দিন। হে আল্লাহ্! আপনি ইয়েমেনে বরকত দিন। (বুখারী ৭০৯৪)

এমনকি 'ঈসা (عليه السلام) ও কিয়ামতের পূর্বে শাম দেশেই অবতীর্ণ হবেন এবং তাঁকে নিয়েই সকল মু'মিন দাজ্জালের সাথে যুদ্ধের প্রস্তুতি নিবে।

উক্ত 'হাশর দুনিয়াতেই হবে:

উক্ত 'হাশর দুনিয়াতেই সংঘটিত হবে। আখিরাতে নয়। কারণ, 'হাশর মানে একত্রিত করা। উক্ত অর্থে 'হাশর চার প্রকার। দু' প্রকার দুনিয়াতে। আর দু' প্রকার আখিরাতে। দুনিয়ার দু' প্রকার 'হাশর নিম্নে উল্লিখিত হলো:

১. ইহুদি গোত্র বনুন-নযীরকে মদীনা থেকে তাড়িয়ে শাম দেশে একত্রিত করা।

২. কিয়ামতের পূর্বে সকল মানুষকে শাম দেশে একত্রিত করা। যা ইতঃপূর্বে উল্লিখিত হয়েছে।

উক্ত 'হাশর যে দুনিয়াতে হবে এ ব্যাপারে আলিমদের ঐকমত্য রয়েছে। যা 'আল্লামাহ্ ইমাম ক্বুরত্বুবী, ইব্নু কাসীর ও ইব্নু 'হাজার (রাহিমাহুমুল্লাহ্) নিজ নিজ কিতাবে উল্লেখ করেছেন।

আবার কোন কোন আলিম যেমনঃ গাযালী ও 'হুলাইমী তাঁরা বলেন: উক্ত 'হাশর দুনিয়াতে হবে না। বরং তা হবে আখিরাতেই। তাঁরা আরো বলেন:

১. শরীয়তের পরিভাষায় 'হাশর বলতে কবর থেকে উঠিয়ে কিয়ামতের মাঠে একত্রিত করানোকেই বুঝানো হয়।

২. এ সংক্রান্ত হাদীসে যাদেরকে একত্রিত করা হবে তাদেরকে তিনভাগে বিভক্ত করা হয়েছে। যা শাম দেশে একত্রিত করা লোকদের ব্যাপারে কোন মতেই খাটে না। কারণ, যারা হিজরত করবে তারা হিজরত করতে উৎসাহী হবে অথবা উৎসাহী হবে না অথবা এতদুভয়ের মাঝামাঝি হবে। আর এটাই তো স্বাভাবিক। এমন তো হবে না যে, তাদেরকে আগুন দিয়ে হাঁকিয়ে নিতে হবে। কেউ পেছনে পড়লে আগুন তাকে খেয়ে ফেলবে।

৩. তৃতীয় দলটিকে যে আগুন হাঁকিয়ে নিবে। 'হাশরের মাঠে পৌঁছানোর আগে আগুন তাদেরকে কিছুতেই ছাড়বে না। এ ব্যাপারটি বিশুদ্ধ হাদীসে বর্ণিত নেই। সুতরাং দুনিয়াতেই গুনাহ্গারদেরকে আগুন দিয়ে শাস্তি দেয়ার ব্যাপারটি কোন ভাবেই মেনে নেয়া যাচ্ছে না।

৪. একটি হাদীস আরেকটি হাদীসের ব্যাখ্যার কাজ করে। অতএব আবূ হুরাইরাহ্ (রাযিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত একটি বর্ণনায় রয়েছে, মানুষ তিনভাগে বিভক্ত হবে। কেউ আরোহণ করবে। কেউ পায়ে হেঁটে যাবে। আবার কাউকে টেনে-হেঁচড়ে উপস্থিত করা হবে। আর উক্ত বর্ণনার সাথে সূরা ওয়াক্বি'আর সাত নম্বর আয়াতের সাথে খুব একটা মিল রয়েছে। যা পরকালের 'হাশর সংক্রান্ত। সুতরাং উক্ত হাদীসকেও পরকালের 'হাশর সংক্রান্ত বলে ধরে নিতে হবে। আল্লাহ্ তা'আলা বলেন:

﴿وَكُنْتُمْ أَزْوَاجًا ثَلَاثَةً﴾.

"তখন তোমরা তিনটি শ্রেণীতে বিভক্ত হয়ে পড়বে"। (ওয়াক্বি'আহ্ : ৭)

তাঁদের প্রমাণগুলোর উত্তর:

১. বিশুদ্ধ হাদীসগুলো তো এটাই প্রমাণ করে যে, উক্ত 'হাশর দুনিয়াতেই হবে। আখিরাতে নয়।

২. সূরা ওয়াক্বি'আয় বর্ণিত প্রকারগুলো এবং হাদীসে বর্ণিত প্রকারগুলো এক হওয়া বাধ্যতামূলক নয়। কারণ, হাদীসে বর্ণিত প্রকারগুলো ফিতনা থেকে বাঁচার জন্যই বলা হয়েছে। সুতরাং যে ব্যক্তি খাদ্য ও আরোহণ পর্যাপ্ত

থাকা অবস্থায় সফর করবে সেই হচ্ছে প্রথম শ্রেণীর। আর যে ব্যক্তি অলসতা করে প্রথমেই সফর করেনি বরং যখন আরোহণের সঙ্কট দেখা দিয়েছে তখন সে সফর করেছে সেই হচ্ছে দ্বিতীয় শ্রেণীর। আর যে ব্যক্তি তাও করেনি তাকেই আগুন হাঁকিয়ে নিবে এবং ফিরিশ্‌তাগণ তাকে টেনে-হেঁচড়ে উপস্থিত করবে।

৩. হাদীস কর্তৃক এ কথা সুস্পষ্ট যে, উক্ত আগুন আখিরাতের আগুন নয়। বরং তা দুনিয়ার আগুন। রাসূল (ﷺ) এ ব্যাপারে নিজ উম্মতকে সতর্ক করে দিয়েছেন এবং এর কর্মকাণ্ড সম্পর্কেও অভিহিত করেছেন।

৪. 'আলী বিন্ যায়েদ থেকে বর্ণিত হাদীসটি দুনিয়ার 'হাশর সংক্রান্ত হাদীসগুলোর সাথে সাংঘর্ষিক নয়। কারণ, হযরত 'আলী বিন্ যায়েদের হাদীসে বর্ণিত রয়েছে, টেনে-হেঁচড়ে নেয়ার সময় মানুষ তার চেহারা দিয়ে টিলা ও কাঁটা থেকে রক্ষা পাওয়ার চেষ্টা করবে। আর কিয়ামতের মাঠ হবে সমতল মসৃণ। তাতে কোন উঁচু-নিচু, টিলা-টঙ্কর বা কাঁটা নেই।

'আল্লামাহ্ ইব্নু কাসীর (রাহিমাহুল্লাহ্) দুনিয়ার 'হাশর সংক্রান্ত হাদীসগুলোর ব্যাখ্যায় বলেন: উক্ত হাদীসগুলোর বর্ণনশৈলী এটাই প্রমাণ করে যে, বর্ণিত 'হাশরটি দুনিয়ার 'হাশর। দুনিয়ার শেষ যুগের মানুষগুলোকেই শাম দেশে একত্রিত করা হবে। যখন খাদ্য-পানীয় সবই থাকবে। থাকবে নিজের কেনা আরোহণ। এমনকি পিছে পড়া লোকদেরকে আগুন খেয়ে ফেলবে। অথচ মূল কিয়ামতের সময় খাদ্য-পানীয়, পোশাক, আরোহণ, মৃত্যু কিছুই থাকবে না।

(নিহায়াহ্/আল-ফিতানু ওয়াল-মালাহিম ১/৩২০-৩২১)

ইব্নু 'হাজার (রাহিমাহুল্লাহ) বলেন: যাদেরকে কিয়ামতের দিন জুতোহীন বিবস্ত্র উঠানো হবে তারা আবার বাগান পাবে কোথায় যা দিয়ে তারা উট কিনবে। (ফাত'হুল-বারী ১১/৩৮২)

পরিশিষ্ট:

কিয়ামতের ছোট-বড় আলামতগুলোর দীর্ঘ আলোচনা থেকে আমরা যা সংক্ষেপে জানতে পারলাম তা নিম্নরূপ:

১. কিয়ামতের আলামতগুলোতে বিশ্বাস গায়েবে বিশ্বাসের শামিল। সুতরাং কোন মুসলমান কিয়ামতের আলামতগুলোতে বিশ্বাস না করে সত্যিকার মু'মিন হতে পারবে না।

২. কিয়ামতের আলামতগুলোতে বিশ্বাস পরকালে বিশ্বাসের শামিল।

৩. রাসূল (ﷺ) থেকে বিশুদ্ধ বর্ণনায় যা প্রমাণিত চাই তা মুতাওয়াতির হোক অথবা ব্যক্তি বিশেষের বর্ণনা তা বিশ্বাস করতে ও মানতে হবে। তা কখনো কোনোভাবেই প্রত্যাখ্যান করা যাবে না। কারণ, আক্বীদা-বিশ্বাস যেমন মুতাওয়াতির হাদীস দ্বারা প্রমাণিত তেমনিভাবে ব্যক্তি বিশেষের বর্ণনা দ্বারাও প্রমাণিত।

৪. রাসূল (ﷺ) নিজ উম্মতকে যা ঘটে গেছে অথবা যা ঘটবে সব কিছুই বর্ণনা করেছেন। আর এ ব্যাপারে কিয়ামতের আলামত সংক্রান্ত বর্ণনাই বেশি।

৫. কিয়ামতের জ্ঞান একমাত্র আল্লাহ্ তা'আলাই রাখেন। আর কেউ নন। চাই তিনি নবী-রাসূল হোন অথবা নিকটতম ফিরিশ্তা।

৬. দুনিয়ার বয়স সংক্রান্ত কোন শুদ্ধ হাদীস বর্ণিত হয়নি।

৭. কিয়ামতের ছোট আলামতগুলোর অধিকাংশই ইতিমধ্যে পাওয়া গিয়েছে। বাকি আছে শুধু সামান্য।

৮. কিয়ামতের ছোট আলামতগুলো পাওয়া যাওয়া মানে সেগুলো এমনভাবে পাওয়া যাওয়া যে, এর বিপরীত বস্তুটি একেবারেই পাওয়া যাবে না অথবা খুব কমই পাওয়া যাবে।

৯. কোন বস্তু কিয়ামতের আলামত হওয়া মানে তা শরীয়তে একেবারেই নিষিদ্ধ এমন নয়। বরং তা হারামও হতে পারে। এমনকি তা ওয়াজিব, হালাল, ভালো-মন্দ সবই হতে পারে।

১০. এখন পর্যন্ত কিয়ামতের কোন বড়ো আলামত প্রকাশ পায়নি।

১১. যখন কিয়ামতের একটি বড়ো আলামত পাওয়া যাবে তখন পরপর

সবই পাওয়া যাবে। যেমনিভাবে মুক্তার হার ছিঁড়ে ফেললে দানাগুলো দ্রুত পড়তে থাকে।

১২. কিয়ামতের যে আলামতগুলো ইতিমধ্যে পাওয়া গিয়েছে তা অবশ্যই রাসূল (ﷺ) এর একান্ত মু'জিযাহ্ তথা নবুওয়াতের বিশেষ প্রমাণ। কারণ, রাসূল (ﷺ) যেভাবেই বলেছেন হুবহু সেভাবেই পাওয়া গিয়েছে।

১৩. অধিকাংশ আলামত পাওয়া যাওয়া এটাই প্রমাণ করে যে, এ দুনিয়া অচিরেই ধ্বংস হয়ে যাবে। যেমনটি কোন মানুষের মৃত্যুর পূর্বে তার কিছু আলামত দেখলেই বুঝা যায় যে, তার মৃত্যু অতি সন্নিকটে।

১৪. তাওবার দরোজা এখনো খোলা আছে যতক্ষণ না পশ্চিম দিক থেকে সূর্য উঠবে। তবে পশ্চিম দিক থেকে সূর্য উঠলে তা একেবারেই বন্ধ হয়ে যাবে।

১৫. পশ্চিম দিক থেকে সূর্য উঠা মানেই কিয়ামত কায়িম হওয়া নয়। বরং এরপরও দুনিয়া আরো কিছু দিন টিকে থাকবে। বেচা-কেনা চলতে থাকবে।

১৬. কিয়ামতের সর্ব শেষ বড়ো আলামত হচ্ছে এক বিশেষ আগুন বের হওয়া যা মানুষগুলোকে শাম দেশে একত্রিত করবে। আর এটি হবে দুনিয়ার 'হাশর। কিয়ামতের 'হাশর নয়।

১৭. কিয়ামত ক্বায়িম হবে একেবারেই সর্ব নিকৃষ্ট মানুষদের উপর। নেককারদের উপর নয়।

وَصَلَّى اللهُ عَلَى نَبِيِّنَا مُحَمَّدٍ وَّعَلَى آلِهِ وَصَحْبِهِ أَجْمَعِيْنَ.

সমাপ্ত

লেখকের অন্যান্য বই

১. তাওহীদের সরল ব্যাখ্যা
২. বড় শির্ক ও ছোট শির্ক
৩. হারাম ও কবীরা গুনাহ্
৪. ব্যভিচার ও সমকাম
৫. নবী (ﷺ) যেভাবে পবিত্রতা অর্জন করতেন
৬. কিয়ামতের ছোট-বড় নিদর্শনসমূহ
৭. সকাল-সন্ধ্যার যিকির ও প্রত্যেক ফরজ নামায শেষে যা বলতে হয়
৮. গুনাহ্'র অপকারিতা ও চিকিৎসা
৯. ইস্তিগ্ফার
১০. সাদাকা-খায়রাত
১১. ধুমপান ও মদপান
১২. আত্মীয়তার বন্ধন ছিন্ন করা
১৩. নিষিদ্ধ কর্মকাণ্ড
১৪. সলাত ত্যাগ ও জামাতে সলাত আদায়ের বিধান এবং সলাত আদায়কারীদের প্রচলিত কিছু ভুল-ভ্রান্তি
১৫. জামাতে সালাত আদায় করা
১৬. ধর্ম পালনে একজন মোসলমানের জন্য যা জানা অবশ্যই প্রয়োজনীয়
১৭. ভালো সাথী বনাম খারাপ সাথী
১৮. একজন ইসলাম গ্রহণেচ্ছুর করণীয়।

সুখবর সুখবর সুখবর সুখবর

প্রিয় পাঠক! ইতিমধ্যে আমাদের প্রিয় জন্মভূমি বাংলাদেশের আনাচে-কানাচে এ জাতীয় বিশুদ্ধ বই-পুস্তকগুলো ফ্রি বিতরণের জন্য "দারুল-'ইরফান" নামক একটি স্বনামধন্য প্রকাশনী প্রতিষ্ঠা করা হয়েছে। যা গত দু'বছর থেকে হাটি হাটি পা পা করে সামনে এগুচ্ছে। যে কোন দ্বীনি ভাই এ খাঁটি আক্বীদা-বিশ্বাসের প্রচার ও প্রসারের লক্ষ্যে এমনকি নিজ মাতা-পিতার পরকালের মুক্তির আশায় এ গুরুত্বপূর্ণ প্রকল্পে সাদাকা-খায়রাত করে একে আরো শক্তিশালী ও দীর্ঘস্থায়ী করার কাজে যথাসাধ্য সহযোগিতা করবেন বলে আমরা দৃঢ় আশা পোষণ করছি। জ্ঞানের প্রচার এমন একটি বিষয় যার সাওয়াব মৃত্যুর পরও পাওয়া যায়। এমনকি তা সাদাকায়ে জারিয়ারও অন্তর্গত। যা বিশুদ্ধ হাদীস দ্বারা প্রমাণিত। আমরা আপনার দ্রুত যোগাযোগের অপেক্ষায় থাকলাম। আশা করছি, এ ব্যাপারে আমরা এতটুকুও নিরাশ হবোনা ইন্শাআল্লাহ্।